বঙ্গ-দেশীয়

श्निपू-तूमलगान।



মোহমাদ গোলাম হোসেন ট

কলিকাত।।

১৮ নং হলওয়েল্ লেন "হামেদিয়া" প্রেস হইতে মুক্তিত।

मन २०२१ माल ।

মূল্য ১১ এক টাকা মাজ।

PREFACE.



N. B.—[Before attempting to write a preface, the author has to effer an apology to the Public. First of all he is to explain, why to a Bengali-work, he is going to prefix an English-preface. This the humble writer has done in the concluding chapter of the present work. The kind reader is simply referred to that chapter.

To enter into its discussion here, to whatever extent, be it however short or lengthy, would be a needless repetition,—— a repetition of what has already been said somewhere else in course of the work. The writer, therefore, refrains here from

making any such attempt.]

Now to begin the preface: -

purport is given below --

"The attempt to add a new work, whatever it might be, to the already existing-stock, is an attempt to add a heap to heaps, stack to stacks for which there is no demand. The Bartala Presses of Calcutta alone, can make a display of works which, when gathered and piled up at the foot of the Himalayan-range, would reach even beyond its highest summit, —— Kanchanjangha or the Everest."

In the observation above, what there was, was only the simple truth. There is no evaggeration. The present age is

remarkably an age of an unprecedented scientific improvement.

The various scientific inventions and discoveries are its prominent feature, —— a feature which did not mark the other ages preceding.

But so it is not less remarkable for its book-commodities, of which there is plenty. The plenty again is to an excess or

superfluity.

There are indeed in the Metropolis, book-stalls, libraries and

depots, to the number of which there can be set no limit.

So numerous are they that even their computation would require the highest degree of arithmetical knowledge, involving a process of addition which is in itself of a complex nature. The Madras University Mathematical papers of the most stiff type, cannot supply a proper specimen of the sort.

Each library again is quite a match for ever-renowned Boadlian collection and the glistening rows, in which works are arrayed in gilded show, we mean, books of every description and of every size, some of Liliputian and others of Brobdingnagian

race, catch the eye of every passer-by.

Who is there then the fool who would write new works?

The idea itself is inconceivable. It cannot be entertained in one's normal state of the mind. At least so it is to a Mahammedan writer.

To speak of Bengal alone, there are hundreds and hundreds of Hindu writers and these writers are, by no means, writers of a mean order.

Many of them belong to the 'Summum genus' or the highest species.

Their name is legion and their number is ever on the in-

crease.

With such writers and authors, the literary stage of Bengal is still over crowded and there is scarcely any room for new actors to appear and display their genius.

Of these writers some are leaving the stage, their part being

played over and some are at the step of it.

In short, these writers are such as "whose latchet of shoes we do not pretend to be worthy to un-loose" if we can quote the very language of the Revd. Dc.

The present writer has to notice here some of his own draw-backs.

The draw-backs are, no doubt, in the literary sense and that is true, so far at least as Bengali literature is concerned.

He belongs to the Mahammedan community of Bengal.

The majority of this community, we can say, if we are not guilty of an exaggeration, ninety-nine per cent of its members or above, never care much to cultivate the Bengali language.

Though it is true, it is their mother-tongue and they learn to lisp in that language while in their cradles. When very young and infant, they utter half-broken sweet words of the tongue with their nectar mouth, which please the mother's ears and dip them in almost Elysian joys!

But lo! What does that signify? ———— they would not

attach any value to its cultivation!

They look upon it something as Greek or Latin, so far as any production in that language is concerned.

How then can the present writer, being a member of the above community, guarantee, that his work will be worth-reading? Will the reader find any entertainment in it? Who can say, the work is to repay the trouble of its perusal?

Many Hindus may wonder, for there are many such Hindus "what can a Mahammedan writer, write in Bengali? What is it to be?

Will not it be something heterogeneous? —— An anomaly, a Babelonian confusion, a hodge-podge of all the existing languages of the world, —— Greek, Latin, Hebrew, Tamil, Telegu, Arabic, Persian, Hindi and Urdu, of which, as Hindus, we cannot, understand even a syllable? Something odd in ('(কডাবী-বাকাবা') well-kneaded and mixtured and offered as a sweet patent confectionery!"

If any one should think so, he is not quite wrong. In some

degrees he is right.

True it is, there are some Mahammedan writers of note, such as Syed Meer Mosharraf Hassain, Quazi Emdadul Haque, 'Shirazi' and others. There are some Mahammedan Editors of Newspaper, who can claim the honour to belong to the

number. But again the number of such Newspapers is very small. The reader may ask, there are how many al-together? The writer is, no doubt, put to any trouble or vexation as to the computation of their number. There are some six or seven and the list is then nearly complete!

The case is, no doubt, very deplorable.

However, some reason can be assigned for it. The reason is, we think, and we are right in our guess, the want of encouragement given to the Mahammedan writers. If ever any one of the community should think of turning an auther, he falls back and retraces his steps, finding no prospects before him. Such and nearly such is the fate of many of the unfortunate Mahammedan adventurers!

Whatever glow, whatever fire there is in him of genius, is nipped in the bud never to bloom! It is quenched forever and never to blaze till the last moment of his life!

He drags a miserable existence and sinks at last into the

grave, unnoticed, un-honoured and un-knelled!

Truly has Gray observed of the 'rude forefathers of the hamlet' 'laid in their narrow cell' and celebrated in his famous poem 'The Elegy written in the country Church-yard' :—

"Chill penury repressed their noble rage, And froze the genial current of their soul."

Again :--

"Full many a gem of purest ray serene" etc.,

There is no patron of literature in the community. The idea of ever there being such a philanthropic race among the Mohammedans of this country, is the remotest one. The age of Mahammedan literary glory is gone and perhaps it is gone for ever and never to dawn again!

There is not even the prospect of a faint glimmering before

and there is no faded glimpse in the horizon!

There was a time in India and that time is long past, when the Mahammedans as a nation, could boast of such distinguished men among them as Faizi, Abul Fazl, Ghulam Nabi and Meer Khusru, other minors being excluded from the list.

Of these again Faizi was a great Arabic scholar, Abul

Fazl a consummate statesman and at the same time the author of a work, which will ever shed a lustre over his name. The work is a lasting monument of his glory. It is sufficient to immortalize him for ever. Ghulam Nabi, the sweet Ghulam Nabi, was a lyrical verse maker. His sonnets are known as Shorimia's toppas and as such, constitute the best part of the amorous songs of Hindustan. His lyre was the lyre of Aeolia and his lute was something like the lute of Apollo!

Meer Khusru was a Court-poet and he is known as Indian 'bulbul.' As a Persian bard he has no equal, no match. He is unrivalled. If he had any rival, that rival was not of India. Omar Khayyam of Persia, the mother of the persian language, can alone withstand him and if he can.

There were other scholars of renown. We mean the scholars of Royal-blood, - --- Babar, Aurangzeb, Nasir Uddin and others.

Babar, the founder of the Mogul-dynasty in India, wrote memoirs of his own life and so also Aurangzeb.

The memoirs of Babar are still extant. They have been highly extolled by the European historians, who have dealt with the Indian History.

Nasir Uddin Shah was as great for his piety as for his sound scholarship. As a monarch, he was a royal saint. He led the life of an anchorite, though he wielded the royal sceptre for a long time. The palace of Delhi was his retreat of meditation and in the midst of regal pomp and pleasure, he kept a pious tenour of life.

Aurangzeb, the unhappy Aurangzeb, was a great scholar. No other scholar like him ever graced the throne of Delhi. His name is held in exeration by the Hindus of this country. As a monarch, it is true, he had many failings. It is he who undermined and shook the foundation of the throne of Delhi, which might otherwise be as firm as the foundation of a mountain. But it is also true that he possessed qualities which seldom, if ever, characterize a monarch of this age. He was a devout Mahammedan and the true defender of the faith. He was ever remarkable for temperance and right observance of the religious dogmas. The only fault at his heart was, that he could believe no body but himself. To this weakness of his heart, is due the

rapid decline and downfall of the Moslem power in India. He could do well, if he would but trust his colleagues, the Rajputs and other princes of India.

He was a true general but not a sound and wise statesman.

His soul is long gone to an "undiscovered region from whose bourne no traveller returns" but still there is ever being poured invectives after invectives over his grave, nay over his lifeless cold dust! We know not for certain, if he deserves all such scandals.

Zaib-un-nessa, his daughter, was a true poetess. Some of her verses, that can be seen to this day, breathe a high poetic soul. They are the sincere out-bursts and effusions of the tenderest heart,—the heart of a royal lady, burning ever with the tenderest emotion of the human soul. The emotion is an emotion of love, without which a man degrades to the level of the brutes.

But such prodigies are no more on the scene. Their race

is as extinct as 'Do-Do' in Madagascar!

One unvaried dullness marks the whole nation and there is

no sign of life in it.

It is the Moslems, who carried the light of knowledge with them to Europe during her dark ages, when one uniform darkness reigned over the whole continent.

To the Moorish Arabs of Spain, can be traced the modern civilization of Europe. The Hindu readers are requested to read through Bivekananda's '2151 '8 '1553' and another English work, the History of the Saracens, by Rt. Hon'ble Syed Ameer Ali, in this connection. We doubt not but the truth of the statement wouldbe ob vious to them.

Even in Bengal there were some Mahammedan poets, who wooed the 'Muse' in Bengali. Their names will be found in a valuable work "বঙ্গাৰা ও সাহিত্য" by Babu Dinesh Chandra Ray. The work is worth its weight in gold. It is the systematic history of the origin, growth and development of the Bengali language brought up to date.

The work is written on the model of an English Philo logical

production.

Sufficient notice has been taken of some of those poets,

especially of Syed Alawal. The reader will find that this last mentioned Mahammedan poet can be placed side by side with the foremost of the Vaishnab-Bards of the age. There was something in him of ভারে গাচল and something of জাদেব' the Sanskrit sweetest warbler of the grove.

A few words as to the origin of the work.

Every reader can remember the uncommon brawls and unusual commotion which once for a time disturbed the Eastern and Northern Bengal. The time was out of joints. The political sky of India wa; rather cloudy than screne. The whole aspect of weather was threatening. It forebode a violent storm. attended with flashes of thunder and lightening and heavy showers of rain, expected to burst out every moment!

It was then that many innocent Mahammedan peasants were taken from the plough and placed on trial under a false Many of them were hauled before the Magistrate's Court for nothing. Almost all of them were thrown into the dungeon, where they had a very hard time of it till the moment of their release. There they dragged a miserable course of life. the like of which they never experienced before, from the moment they had seen the light of the world. At the bottom of all this, were the intrigues of the Hindu Vakils and Muktears.

The present writer, though living in a far out-of-the way place, kept himself informed of all this, through the loop-holes

of News-papers, either English or vernacular.

The storm is long blown past, but its horrors and fury will ever be remembered by our posterity. The event is quite unique for the country and as such, it will ever blot the pages of history, written hereafter.

The present writer could no longer turn a deaf ear to Duty's

call and took up the matter for an immediate treatment.

Now well can the reader understand, what the work is. It is

the outcome of the above event.

The only recommendation, if the book can be said to have any recommendation at all, is the subject-matter it has embraced. No writer, whether Hindu or Mahammedan, has treated of the subject in a spirit the present writer has done. He is not sure if the subject has at all been treated of by any. So long as till now, the matter has not engaged the attention of any writer.

The work on the whole may be a failure. But it is hoped, it will be a harbinger to some other works of the same type that may follow in its course and appear hereafter. It matters not, be it through the penmanship of a Hindu or Mahammedan writer or writers.

Now a few words more as to the general treatment of the subject matter. In the book there is a chapter on the Hindu and Mahammedan religion. The treatment in this respect is not calculated, as far as the author is aware, to offend the Hindu community in the least.

What may appear, at first sight, to be repugnent to Hindu

ideas, will not seem so, if the end is reached with patience.

As for politics, the writer has avoided it carefully. The writer is one of those that have nothing to do with it. These are simple children of the soil, moving and having their existence in a far lower grade of society. Such a subject is too sublime a theme for such men to deal with. They are like the 'rude peasants' of "The Elegy": -

"Far from madding crowd's ignoble strife, Their sober wishes never learned to stray; Along the cool sequestered vale of life, They kept the noiseless tenour of their way."

True it is the writer has rather somewhat at length dwelt on the Mahammedan Rule in India. But his object is quite different. He has tried to prove that the Mahammedan Rule in India was not one long continued course of tyranny and oppression, exercised on the Hindu subjects. There were kings and monarchs, who had respect for the rights of their subjects. They administered justice alike to all. Their administration was tempered with justice, equity and elemency. Few, few were the monarchs, who ruled with an iron-hand and trampled under toot the rights of the subjects under them. Such tyrants were, one Alauddin Khilji and another Sultan Mahammed Tughlel. There may be others and their number is very small.

In one or two cases the English historians have been attaged and if that he attack at all. But the English Government has in no case been criticized. If any line or passage in the work would be interpreted as seditious, such line or passage, the writer shall be bound to withdraw, on notice being given to hand

The manuscript of the work was first sent to the press some eighteen or nineteen months ago. A long time before the Deportation Act came into force. The Act was not even then

in contemplation.

The writer, in the present edition of the work, lets it go to the world in a very uncouth form. The author living in a far mofussil village, could not superintend in person, the printing of the work in its progress through the press.

Through the oversight of the Pressmen, there have ctept into the work many mistakes. The mistakes are of a variety of nature, -Spelling, omission of comma, semicolon, dash etc.,

which far go to mar the beauty of a work.

If ever it will be the fortune of the author to bring out a new edition of the work, the writer will try to make it appear in more attractive a garb, no such defects being allowed to disfigure it.

In the present edition of the work, the kind reader will make every allowance for its defects, which, it is hoped, he will

never grudge.

The writer here, in conclusion, takes the opportunity of thanking Shaikh Abdur Rahim Shaheb, formerly the Editor of ANTAI The news-paper of that name had a flourishing time of it long so as it was under his conduct. The gentleman has done me a great service, which I shall never be able to repay.

He was kindly revised the proof-sheets.


Without this help of him the work would have met with a worse fate indeed.

I hope he will gladly accept these my lip-thanks and thereby much oblige me. The debt which the author owes to him is incalculable. The writer can never expect to repay it in his life.

THE AUTHOR.



वक्रातिशा हिन्तु यूमलयात।



ফল-শস্ত-বহুল, রত্নপ্রবিনা, অতুল সমৃদ্ধি-শালিনা বিপুল ভারত ভূমিতে বঙ্গদেশ অবস্থিত। বর্ত্তনান তসময়ে বঙ্গদেশের অধিধাসিগণ, বিদ্যা, বৃদ্ধি, শিক্ষা, দীক্ষা, জ্ঞান, বিজ্ঞান বিষয়ে এরপ উরত যে, বঙ্গ-ভূমির বিশেষ পরিচয়ের কোন আবস্থাক হয় না। স্থান্তর ইউরোপ ভূজাগেও বঙ্গভূমি অপরিচিত নয়। ইহার গৌরব-সৌরভে হিমাজির পাদমূল হইতে কজ্ঞা-অন্তরীপ অবধি সমগ্র ভারতবর্ষ আমোদিত। পাশ্চাত্য-শিক্ষার প্রভাবে বঙ্গবাসী হিন্দুগণ ভারত জননীর মুখোজ্ঞলকারী সন্তান। এই দেশে হিন্দু মুসলমান এই হুই সম্প্রদায়েরই প্রাধানা। তন্মধ্যে মুসলমান অপেক্ষা হিন্দুদিগেরই শ্রেষ্ঠত্ব অধিক। হিন্দুগণ সংখ্যায় যেরপ মুসলমান অপেক্ষা অধিক, শিক্ষাদাক্ষা বিদ্যা বৃদ্ধিতেও তাঁহাদের সেইরূপ প্রতিপত্তি। স্মুজলা, শস্য-স্থামলা বঙ্গভূমি এই হুই জাতির চিরম্মধ্য-নিক্তেন এবং লীলা-বিনোদ-স্থলী। পদ-প্রতিপত্তি, মান-মর্য্যাদা, ধনেশ্বর্যা, বিদ্যাবৃদ্ধি প্রভৃতি বিষয়ে বঙ্গদেশীয় মুসলমানগণ হিন্দুদিগের অপেক্ষা অনেক হান। হিন্দুগণ, উরতির প্রধান মূল শিক্ষাক্ষেত্রে মুসল-

মান অপেক্ষা অনেক পরিমাণে জ্ঞাসর। এ বিবরে তাহারা হিন্দু অপেক্ষা বছ পশ্চাংপদ।

কিন্তু ভয়ানক পরিতাপের বিষয়, এরপ শিক্ষা-কেন্দ্র-স্থলী, জ্ঞান ডাণ্ডার-স্বরূপা বঙ্গভূমিতে হিন্দু মুসলমান পরস্পরের মধ্যে বিবাদ বিসম্বাদ মনোমালিনার হ্রাস দেখিতে পাওয়া যায় না। চিরকালই এই তুই সম্প্রদায় পরস্পরের প্রতি ভয়ানক বিজ্ঞাতীয় বিদ্বেষভাব পোষণ করিয়া আদিতেছেন। কাহারও উয়তি বা শ্রীর্হ্বিতে অপরের বেষ হিংসা উল্লিক্ত হইয়া উঠে। এইরূপ আচরণ, এইরূপ গর্হিত ব্যবহার উভয় সম্প্রদায়ের পক্ষেই ভয়ানক কলঙ্কলক। ভারতবর্ষের অস্তান্ত ভাগে, ভিয় ভিয় প্রদেশ বা অঞ্চলে মুসলমান কি হিন্দুর মধ্যে মনোমালিনাের প্রভাব কার্যক্ষেত্রে তেমন লাফিত হয় না; বেষ হিংসার প্ররোচনা অতি ক্ষীণ।

এই বঙ্গভূমিতে বহুকাল অবধি হিন্দু মুসলমানের বাস। ইহা আজি কালিকার কথা নয়। মুসলমানগণ অন্যন সাত আট শতাকাকাল এ বৈদেশের অধিবাসী; হিন্দুগণের ইহারও বহুকাল পূর্ক হইতে এখানে অবস্থিতি। স্থভরাং বিবেচনা করিলে একপক্ষে বহু যুগ্যুগান্তর ব্যাপিরা হিন্দু মুসলমান এই ছই সম্প্রদায় এদেশে পরস্পারের প্রতিবেশী। প্রতিবেশিত অতি মধুর সমন্ধ ও অতি পবিত্র। এ সম্বন্ধের অপেক্ষা পবিত্র সম্বন্ধ দিতীয় নাই। কিন্তু ইহা সন্তেও সাম্প্রদায়িক দ্বা মনোমালিনাভাব দ্বীভূত না হওয়াই যথেই আশ্চর্বোর বিষয়।

এই সাম্যবাদের পবিত্র প্রভাব যুগে;—এই উনবিংশ, বিংশ শতাব্দীতে ত্ই সম্প্রদারের অপোগণ্ড অবিবেচক ভণ্ডদলের দ্বারা সেই মধুর পবিত্র সম্বন্ধ দুবিত হওয়া অপেকা আক্ষেপের বিষয় আর কি হইতে পারে ?

এ বিষয় ভাবিতে বা মনে ধারণা করিতে গেলেও যে, সহালয় ব্যক্তি মাত্র নিতান্ত মন্মাহত, হঃথিত না হইবেন, এমন কোন কথাই নাই। विलयकः हिन्तु मुननमानिमित्रात्र मत्या हित्रविवान मत्नामानित्नात् कत्न त्य কত কি মহা অনর্থপাত, প্রবল অনিষ্ট-সংঘটন হইয়াছে, সে কথা ভাবিতেও আতত্তে সর্ব্ব শরীর রোমাঞ্চিত হইয়া উঠে। "অপরং বা কিং ভবিষাতি" এ চিস্কায়ও নিতাস্ত অবসম হইয়া পড়িতে হয়। অধিক কি সেরপ আন্দোলনে নিরতিশয় মর্মপীড়ার সঞ্চার হইয়া, ভয়, বিশ্বয়, লজা কোভ মনস্তাপ বগপৎ অনিবার্য্য হইরা পড়ে। অধিকতর আশ্চ-ব্যের বিষয়, হিন্দু মুদলমানদিগের মধ্যে থাঁহারা শিক্ষিত বলিয়া পরিচিত, विकादिक कान जीतरव नमारकत नीर्वज्ञानीय, अमन नम्नाय क्रविका মহামুদ্ধবিদ্ণের পক্ষ হইতেও আবহমানকাল বন্ধমূল সেই বৈরভাবের ममन फेरलाउन शाक कान किंदूरे ८५ हो इरेटाइ ना। देशाकर বোধ হয়, ভারতের ভাগ্য বড়ই টলটলায়মান ; ছই সম্প্রদায়ের ভবিষাং ' বভট অন্ধকারময়, কোন পক্ষেরই ভবিষ্য মঙ্গলের আশা ভর্মা নাই।। সময় থাকিতে ভবিষ্য অনিষ্টপাত ও অনর্থ নিবারণ পক্ষে. প্রতীকার-कता. छेशयुक्क छेशाय. त्यांगा विधि-गावशांत व्यवर्त्तन ना इहेता. अमभारा कान करनामग्र रग्न ना। व्यक्तित रम शक्क छेशयुक्त विधि विधारनत প্রতিষ্ঠা হওয়া একান্ত কর্ত্তব্যবোধে এই সম্বন্ধে আমরা কিঞ্চিৎ বলিবার हेका कतियाछि।

কিঞিৎ অমুধাবন করিয়া দেখিলেই এই প্রতীতি সহজে জন্মে যে, হিন্দু মুসলমান ছই সম্প্রদায়ই পরস্পরের হিতকারী। কেইই কাহারও মুখাপেকা না করিয়া সংসারেযাত্রা নির্কাহ করিতে পারেন না। কোনও না কোন প্রকারে, কি পরোকে, কি প্রত্যক্ষেই ইউক, এক সম্প্রদায় অন্ত সম্প্রনায়ের সহায়তা, সহায়ভূতি সাপেক। এ কথা ঠিক, বঙ্গ-দেশীয় মুসলমান গণ শিক্ষা, দ্বাক্ষা, জ্ঞান বিদ্যাবৃদ্ধিতে হিন্দুদিগেয় অপেক্ষা হান :-তাহারা নিরক্ষর, অধিকাংশই অশিক্ষিত, অতি নিঃম, দীন-দরিদ্র, অন্নের কান্সাল, অর্থের ভিথারী। কিন্তু তাই বলিয়া কি সমাজে তাহাদের কোন কার্যাকাণিতা শক্তি নাই ৫ তাহারা কি নিতান্ত অকর্মণ্য ৮ ক্ষি-বল, সমাজের মেরুদও। সমাজের শক্তি, বল বিক্রম, তাহাদেরই কারিক মঙ্গলময় পরিশ্রমের উপর মম্পূর্ণরূপে নির্ভর করে। অধিকাংশ বঙ্গার মুসলমানদিগের প্রধান উপজাবিকা, ক্রবিকার্যা। ক্রবিকার্যা দারা তাহারা অবশাই স্বদেশ-দেবায় ব্রতী আছে। এ কথায় কোন প্রতিবাদ হইতে পাবে না। স্বদেশের সেবাত্রত অনেক প্রকার। তনান্যে কৃষিকার্য্যের দ্বারা সনেগ-প্রাণ জ্ঞানী কর্ম্মবীরদিগের পুষ্টিসাধন একপ্রকার প্রধানতম। অন্য দিকে মুসলমানেরা হিন্দুদিগের নিকট অশেষ বিশেষ বাধ্যবাধকতার স্থান্ত নিগড়ে আবদ্ধ। মুসলমানের পীড়ায় হিন্দু বৈলাের চিকিংনা, আদালতে হিন্দু উকিল কর্ত্তক পক সমর্থন, তভিক্ষে, অর্থাভাবে হিন্দু কুসীদজীবীর নিকট ঋণ গ্রহণ প্রভৃতি কোন বিষয়ে মুসলমান চিন্দর সাহায্য ভিথারী, মুথাপেক্ষী না হট্যা পারেন গ

যথন, যেরপেই হউক, হিন্দু ও মুসলমান কেইই কাহারও সাহায্য বাতাত চলিতে পারেন না, তথন বিবাদ বিসন্থাদের কেশন্ কথা ? ভারতবর্ধের গুভাগা বলিয়াই এই ছই জাতির মধ্যে মনোমালিন্তের প্রভাব এখনও যেমন ভেমন! তাহা না হইলে, এই ছই সম্প্রদায়ের সম্প্রীতিতে ভারতমাতার ভাগা এতদিনে স্থপ্রসার ইইয়া উঠিত। বুথা কলহ, বিবাদ বিসন্থানে ছই জাতি তাহা হইলে আর উৎসার যাইতে বসিত না! এমন কি ভারতে তাহা হইলে প্রতি বংসর ছর্ভিক্ষ ঘটনায় শ্মশান বিভাবিকার সঞ্চার হইতে পারিত না,—ভারত এখনও স্থললা স্থফলা শস্য-শ্রামলা, কমলার ভাণ্ডার! (হিন্দুর ভাষার)। সামান্ত বিবাদ বিস-ঘাদের স্চনাও উপেক্ষনায় নয়। কেননা অগ্যুৎপাদক উপাদানের সঞ্চয় থাকিলে, কোন্ সময়ে, কোথা হইতে, কোন ছল ক্ষাস্ত্র ভর করিয়া, সামান্ত বিফ্লিক সংযোগে ভীষণ প্রেয়াগ্রিকাণ্ডের অভিনয় হয়, তাহা মনুষ্যুক্দিতে পুক্ষে অববারণ করিবার সাধ্য নাই।

কাল-বৈশাখীর গগনের একান্তে একপ্রান্তে সামান্ত একথণ্ড বিতক্তিপ্রমাণ মেবের সঞ্চার হইণেও তাহা আশস্কারই বিষয়। কি জানি,
কালদেবে কোন বা প্রশন্ত বিশ্ব-সংহারী তাষণ ঝঞ্চাভিঘাত উপপ্রিত হইয়া প্রকাণ্ড বিশ্বব্রহ্মাণ্ডকে লণ্ডভণ্ড বিধ্বস্ত বিপর্যন্ত করিয়া
দিতে পারে! এইরূপ নৈববিল্লব উপন্তিত হইতে বড় কাল বিলম্ব
হর না। হইলেও ক্ষুদ্র, মহৎ, উচ্চ, নীচ, ধনা, নির্ধন, রাজা প্রজা
কাহারও তাহাতে নিস্তার থাকে না। বরং সেইরূপ নৈব হর্ঘটনায়
মহৎ দিগেরই অনিই, বিপদ বিড়ম্বনার সমূহ সন্তাবনা। দরিদ্রের পর্ণকুটীবকে বঞ্চাভিঘাতের উপদ্রব অতি অল্পই সহ্থ করিতে হয় বটে!

যাথা হউক, আমরা প্রকাবিত গ্রন্থে হিন্দু মুসলমানের বিবাদের যথাদাধা আলোচনা করিব। গ্রন্থের ক্ষুদ্রগণ্ডী মধ্যে যতদ্র আলোচনা সঙ্কুলন হয়, তাহার ক্রা,ট করিব না। উভয় সপ্রদায়ের মধ্যে মনো-মালিন্সের মূল বা কারণ অসুসন্ধানে প্রবৃত্ত হওয়াই আমাদের মুখ্য উদ্দেশ্য।

সেরূপ বিবাদ বিসম্বাদের আনে কোন ভিত্তি আছে কিনা, ইহা অনুস্থান করাও আমাদের অভতম শক্ষা। কিঞ্চিৎ চিন্তা করিলেই নিম্নলিথিত কারণসমূহ মনোমধ্যে স্বতঃই উদিত হয়;—(১) মুসলমান রাজত্বকালীন হিন্দু মুসলমানের ক্রেতৃ-বিজ্ঞিত-সম্বন্ধ (২) ধর্ম বৈষম্য (৩) আচার ব্যবহার রীতিনীতির বৈশক্ষণ্য ইত্যাদি।

পরবর্ত্তী কতিপয় অধ্যায়ে উল্লিখিত কারণগুলির যথায়থ বিবৃতি করিব। বলা বাহুলা, আমরা ইহাও বৃঝিতে পারিয়াছি, তুই সম্মান্ত পরস্পার পরস্পারের নিকট স্বরূপে পরিচিত না থাকায়ই এই সমস্ত বিবাদ, বিস্থাদ, ছেষ হিংসার স্টুনা। আমরা সাধাপকে তুই ছাতির স্বরূপ পরিচয় প্রকটনে চেষ্টার কোনই ক্রটি করিব না। ভবে আমাদের বিদ্যাবদ্ধি শক্তি-সামর্থ্যের অভাবে যাহা কিছু ক্রটি সংঘটন ঘটিতে পারে। আমাদের জ্ঞান সামান্ত, অভিজ্ঞতা সন্তীর্ণ। কেবলমাত্র কর্ত্তব্যের অমুরোধে উপস্থিত উদ্যম্মাত। সঁজ্ঞানর পাঠকবর্গ আমা-**एनत्र क्रां** मार्क्कना क्रिंडिंग क्रुंश त्वाथ क्रिंडिंग ना. आयारम्ब একমাত্র ইহাই ভরসা। গুণিগণ-শিরোমণি, বিজ্ঞ ক্ষাশীল পাঠক-গণের সহদয়তার উপর নির্ভর করিয়াই আমাদের লেখনী চালনার অভিলাষ। সে যাহা হউক, আমাদের ভরসা আছে, চুই জাতির স্বরূপ পরিচর বোধে তাঁছাদের মধ্যে মনোমালিক্তের প্রভাব দিন দিন কীণ হইরা পড়িবে। এইরূপে যে ভারতের প্রধান এই গুই সম্প্রদায়ের মধ্যে কালক্রমে পরিণামে মধুর দৌহার্দ্ধ, প্রাতৃভাবের প্রতিষ্ঠা হইতে পারে, এ বিষয়ে আমরা ভরসাহীন নহি। একমাত এই ভরসাতেই সংপ্রবৃত্তির উত্তেজনায় আমরা বেখনী চালনে অগ্রসর হইলাম। এক-মাত্র দীনের বন্ধু, ভব-সিন্ধু-সহায় পরমেশ্বরের রূপায় নির্ভর করিয়া এই কার্যো প্রবৃত্ত ২ইলাম। গুলিয়াছি, তিনি সংকার্যোর সহায়, সম্পু-

ষ্ঠানের প্ররোচন-কর্তা, অগতির গতি, হর্কলের বন্ধু, সর্কশক্তিদাতা। তিনিই আমাদের সহায় হউন।

প্রথম পরিচ্ছেদ।

ভারতে মুসলমান আগমন,—মুসলমান রাজত্ব

ভারতীয় ইতিহাস পাঠে অবগত হওয়া যায়, এদেশে সার্দ্ধ পঞ্চলত বর্ষেরও অধিককাল মুসলমান-শাসনদণ্ড পরিচালিত ছিল। এই বছ শতাকী-ব্যাপী মুসলমান-রাজত্বগৃহক দীর্ঘ বলিয়া গণনা করা অন্তার নয়। ইতিহাস পাঠে ইহাও জানা যার, মুসলমান-শাসন-প্রতিষ্ঠার পূর্বে ভারতে আর তেমন কোন স্থায়ী সার্বভৌম একাধিপত্য অন্ত কোন জাতির ছিল না। রাজকৃষ্ণ বাবু (স্বাণীর মহান্মা রাজকৃষ্ণ মুপো-পাধ্যায়) ১২৮৫ সালের 'বঙ্গদর্শন' পত্রিকার প্রাবণ সংখ্যায় বহু গবেরণা-পূর্ণ যে 'প্রাচীন ভারতবর্ষ' শীর্ষক প্রবন্ধ প্রচারিত করেন, ভাহার এক স্থানে শিখিত আছে ;---

"মেগান্থিনিস্ ভারতবর্ষকে অনেক কুদ্র কুদ্র রাজ্যে বিভক্ত দেখেন। এইরূপ চিরকানই দেখা যায় এবং ইহাতেই ক্মিনকালে সমগ্র ভারত-বর্ষের একতাবন্ধন হয় নাই। যদি কোন ভূপতি কথনও প্রবল হইতেন,

ভিনি মহ বাজানিরাজ রাজচক্রবর্তী বলিয়া গণ্য হইতেন। কিন্তু তিনি বিশ্ব বাজানিকে বানকট কর পাইয়াই সন্তুষ্ট থাকিতেন, আভ্যন্তরিক ক্রেন্ডিনের নিকট কর পাইয়াই সন্তুষ্ট থাকিতেন, আভ্যন্তরিক ক্রেন্ডিনের কেন্ডিনের রাখিয়া না যাইতে পারিতেন, তাঁহার প্রলোকান্তে সাম্রাজা ছিল্ল বিভিন্ন হইয়া পড়িত। মেগান্থিনিসের সময়ে চক্রপ্তথা আর্যাবর্ত্তের স্থাট ছিলেন; তংপৌল্ল অশোক বন্ধন তদপেক্ষা বৃহৎ সাম্রাজ্য উপভোগ করিয়াছিলেন। কিন্তু মুসলমান্দিগের ভারতাক্রমণের পূর্কে এ দেশীয় কোন রাজবংশেই বিস্তৃত-স্ম্রাজ্য ব্রুকাক স্থায়া হয় নাই।"

দে যাহাই হউক, মুদ্ৰমান রাজত্বের ইতিবৃত্ত যাহা আমরা দেখিতে পাই তাহা অনেক স্থলেই নিতাম্ত কলম্ক-কালিমাময়। এতৎ সংক্রাম্ভ কি নেশায় কি বিদেশীয় পুরাবৃত্তকারগণের গ্রন্থে ভাহার সভা স্মৃচিত্র দেখিতে পাইবার আশা এতি কম। এ দেশীয় ইতিবৃত্তকারদিগের মধ্যে এমনও সহদয় ব্যক্তি অনেকে আছেন, যাঁহারা কোনরূপ বিদ্বেদ-বিদ্ধ-চালিত হুইয়া লেখনী চালনা করেন নাই। তবে গাহারা নিভাস্ত ইংরেঞ জাতির স্থাবক, ইংরেজের লিখিত শাহা কিছু বেদবাক্যস্বরূপ গ্রহণ করেন, তাঁচারাই যে, সেরপ করিয়াছেন, একথা আমরা মুক্তকণ্ঠে বলিব। সেইরূপ পাশ্চাতা-শিক্ষায়-শিক্ষিত খেতাক্সস্তুতি-পরায়ণ এ দেশীয় ঐতিহাসিকগণের লেখনী মাহায়ো মুসলমান রাজতের অতি বিভীষিকাময় চিত্রপট অঙ্কিত ইইয়াছে। এবং আমরা এ কথাও বলিব যে, তাহা তাঁহাদেরট স্বক্পোল-কল্পনা নয়, তবে ইংরেজ ঐতিহাসিকগণের ছায়া ও সবিক্ল প্রতিকৃতি। ইংরেজ ঐতিহাসিকগণের কল্যাণে যে মুস্লমান রাজত্বগের ইতিবৃত্ত নিতান্ত বিকৃত হইয়াছে, একণা এদেশীয় বঙ্গভাষার ইতিব্যক্তার মহায়া রজনীকান্ত গুপু মহাশ্যুই জাঁহার রচিত

ভারতবর্ষের ইতিহাসে প্রকাশ করিয়াছেন !

তিনি বলিয়াছেন ;---

"আজ পর্য্যস্ত ভারতের প্রকৃত ইতিহাস লিখিত হয় নাই। কোন কোন সংকীর্ণ-হাদয় বিদেশার হস্তে পড়িয়া, ভারতের ইতিহাস অনেকস্থলে কলঙ্কিত ও অনেকস্থলে অভিরঞ্জিত বা অরঞ্জিত হইয়া উঠিয়াছে।" (ভারতবর্ষের ইতিহাস,—ইংরেজ-রাজ্জ।)

মৃত মহাকুভব ভূদেব মুখোপাধ্যায় মহাশয়ও প্রায় এই ভাবে বিথিয়াছেন ;---

শ্বনেক ইংরাজ গ্রন্থকার কথন স্পষ্টাক্ষরে, কথন হলিত ক্রমে বিলিয়া পাকেন বে, মুসলমানেরা যথন দেশের রাজা ছিল, তথন হিন্দুদিগের প্রতি অকথা অত্যাচাব করিয়াছিল। ইংরাজ গ্রন্থকারেরা এইরূপে হিন্দুদিগের মনোমধ্যে মুসলমানদিগের প্রতি একটি গৃঢ় বিদ্বেষ্বীজ বপন করিয়া দিতেছেন। আধুনিক ইংরাজী-শিক্ষিত যুবকদিগের হাদয়ে, মুসলমান জাতি এবং মুসলমানধর্মের প্রতি যতটা বিদ্বেষ দেখা দিয়াছে, পূর্ককালের পারভাষায় স্থাশিক্ষত, সদাচারসম্পন্ন সদ্বাহ্মণ-দিগের মনে তাহার অর্জাংশও দেখা বাইত না।"

('দামাজিক প্রবন্ধ' জাতীয়ভাব—ভারতবর্ষে মুদলমান।)

শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয়ের "সেরাজ-উদ্দৌলা" গ্রন্থের পরিচয় অনেক পাঠকই রাখেন। নবাব সেরাজ-উদ্দৌলার চরিত্রে, ইংরাজঐতিহাসিকগণ কর্ত্বক কিরূপ বীভং-কলস্কারোপ হইয়াছে, তাহাও
অনেক পাঠক অবগত আছেন। অক্ষয়কুমার মৈত্রেয় মহাশয়, অশেষ
গবেষণাবলে সেরাজ-চরিত্রের কল্প কথা, অনেকটাই মিথা। বলিয়া

উড়াইয়া দিয়াছেন। তিনি এই পুস্তক-এাণয়নে ষে সকল যুক্তি ও প্রমাণ প্রয়োগ করিয়াছেন, সেগুলি অকাট্য। সে সমস্ত কেহ আজিও অপ্রমাণ-সিদ্ধ, কলস্ক-স্থালনের রুণা উলম বলিয়। উপেক্ষা করিতে পারেন নাই।

শ্রীযুক্ত গৌলভী দীন মোহাম্মদ সাহেব, তাঁহার রচিত একথানি গ্রন্থের ভূমিকায় প্রকাশ করিয়াছেন,—

"ছভাগ্য বশত: ভারতের সিংহাসন হইতে অপসারিত হওয়ার **সঙ্গে** সঙ্গেই মুসলমানদিগের সর্ববিধ গৌরব বিনষ্ট হইয়াছে। কূট-নীতি-বিশারদ খ্রীষ্ট-শিষ্ট্রেরা, মাত্র যে তাঁহাদের রাজিশিংহাসন অপহরণ করি-রাই তপ্তি লাভ করিয়াছেন, ভাহা নহে। যাহাতে ভবিষ্য-বংশীয়েরা মুম্লনান্দিগ্রেক ঘুণার চক্ষে দুর্শন করেন, ভাষারও বিস্তর উপায় স্থাপন করিয়াছেন। তাঁহারা মিগ্যা কাহিনী দারা মুসলমান চরিত্রে কলক-কালিমা নিক্ষিপ্ত করিয়া, ইতিহাসের পূঠা পূণ করিতে বিলুমাত্রও কুপণতা করেন নাই। গ্রীষ্টানদিগের একটি মহৎ গুণ এই যে, দান ও অবদান পরম্পরায় তাঁহারা যতই না ক্বপণ হউন না কেন, কিন্তু অন্ত ধর্মাবলম্বীর অষ্থা অপ্রাদ ঘোষণা করিতে দানশৌওতার প্রাকার্চা দেখাইয়া থাকেন। বিশেষতঃ মুদলমানদিগের প্রতি তাহারা এই অনুগ্রহটুকু চিব্রকালই করিয়া আসিতেছেন। * * *। অপর দিকে ঐতিহাসিকদিগের লেখনী, মুশ্লেম বীর-পুরুষ ও সুমাট্ গণের অযথা কলস্কোদগারে অবাধিত। ভারতীয় হিন্দুরা গ্রীষ্টানকে চিনিতেন না। ইংরেজের ভারতাধিকারের পূর্ব্বে গ্রীষ্টানের সহিত হিলুদিগের কোন ঘনিষ্ঠতা ছিল না। হিলুদিগের নিকট তাঁহারা

একরূপ অপরিচিতই ছিলেন। কিন্তু মুদলমানদিগের সহিত তাঁহাদের অতি পুরাতন পরিচয়।"

উক্ত ভূমিকার অন্তত্র ;—

"বঙ্গদেশের মুসলমানের। ইংরেজী ভাষার ঘণা ও বাঙ্গালা ভাষার প্রতি অনাদর করিয়া যে দকল ক্ষতিগ্রস্ত হইয়াছেন, তন্মধ্যে একটি প্রধান ক্ষতি এই বে, তাহাদিগের চিরশক্ত খৃষ্টানেরা মুস্লেম ইতিহাস বিক্রত করিয়া ইংরেজী ও বাঙ্গালা ভাষার প্রকাশ করিতে প্রযোগ পাইয়াছিল।

খৃষ্টান ঐতিহাসিকেরা, মুসলমানের মিথ্যাপবাদ ও অযথা কলফ রটাইতে যে মুক্তকণ্ঠ, তাহার প্রমাণ সংগ্রহ করিতে অন্সত্র যাইতে হইবে না। বঙ্গদেশের প্রকৃত ইতিহাস পাঠ করিলেই প্রমাণিত হইবে ।

* * * * * ইংরেজেরা মুসলমানদিগকে যে ছাচে ঢালিয়া, গাড়িয়া, পিটিয়া, হিল্দিগকে দেখাইয়াছেন, তাঁহারয়া তদমুরূপই দর্শন করিয়াছেন। * * * * * * আবার হিল্রা সেই চর্কিত চর্কণ করিয়া, নৃতন ইংরেজ প্রভুর মনো-রঞ্জনার্থে তাহাতে আরও রং চডাইয়া ইতিহাস নাটক নভেলে দেশ পরিপূর্ণ করিয়া ফেলিয়াছেন।"

পাশ্চাত্য পণ্ডিত, ইউরোপীয় ঐতিহাসিকেরা, অন্তথর্মাবলম্বিগণের গোরব থর্ক করিতে যেন অধিক ভালবাসেন। তাঁহাদিগের নিকট অপর জাতীয়, ভিন্নদেশারদিগের গোরব যেন নিতান্তই অসহ। তাঁহারা যে শুদ্ধ মুসলমানদিগের গোরব থর্ক করিতে নিযুক্ত, এরূপ কেই মনে করিবেন না। মুসলমান ভিন্ন অল জাতীগের শুণ গোরব লইয়াও অনেকে ছিনিমিনি থেলিয়াছেন।

বৃদ্ধিম বাবুর 'কৃষ্ণ-চরিত্র' পাঠকেরা কি তাহা জানেন না ?

তিনি, 'ক্লফ্ল-চরিত্র' গ্রন্থের প্রথম ভাগে নিতান্ত আক্ষেপের সহিতই প্রকাশ করিয়াছেন ;—

"ইউরোপ ও আমেরিকার কতকগুলি পণ্ডিত সংস্কৃত শিক্ষা করিয়া-ছেন। তাঁথারা প্রাচীন সংস্কৃত গ্রন্থ হইতে ঐতিহাসিক-তত্ব উদ্ভূত করিতে নিযুক্ত। কিন্তু উ,হাদের একথা অস্থ যে, পরাধীন ছুর্মল হিন্দুজাতি কোন কালে সভা ছিল করং সেই সভাতা অতি প্রাচীন। অত্থব ছুই চারিজন ভিন্ন উাহারা সচরাচব পাচীন ভারতবর্ষের গৌরব থর্ম করিতে নিযুক্ত।

"কপ্ত সন্ সাহেব প্রাচীন অট্যালিকার ভগাবশেষে কতকপ্তলি বিবস্থা স্ত্রীমূর্ত্তি দেখিয়া সিদ্ধান্ত কবিরাছেন, প্রাচীন ভারতে স্ত্রীলোকেরা কাপড় পড়িতেন না। এদিকে মথুবা প্রভৃতি স্থানের অপূর্ব্ব ভাস্কর্যা দেখিয়া বিলাতী পণ্ডিতেরা ভির করিরাছেন, শিল্প, গ্রীক্ মিল্রীর। বেবর সাহেব (Weber) কোন মতে হিন্দুদিগের জ্যোতিব শাস্ত্রের প্রাচীনতা উড়াইয়া দিতে না পারিয়া ভির করিলেন, হিন্দুরা চাল্র-নক্ষত্রমণ্ডল, বাবিলনীয়দিগের নিকট হইতে পাইয়াছে। বাবিলনীয়দিগের যে চাল্রনক্ষত্রমণ্ডল আদে ভিল না, ভাহা চাপিয়া গেলেন। প্রমাণের অভাবেও হুইট্নী সাহেব (Whitney) বলিলেন, ভাহা হইতে পারে। কেননা, হিন্দুদিগের মানসিক স্বভাব তেমন তেজস্বী নয় য়ে, ভাহারা নিজ বুদ্ধিতে এত করে।"

ি কৃষ্ণ চরিত্র' ১ম খণ্ড, ২য় পরিচ্ছেদ, দ্রষ্টবা)

বস্থিম বাবু, অন্থ একজন ইউরোপীয় পণ্ডিতের পাণ্ডিতা ব্যাথ্যা স্বান্ধপ দৌপদীঘটিত এক রহস্ত কথার উল্লেখ ক'রয়াছেন। এই পণ্ডিত নাকি, দৌপদীর পঞ্চ-স্থামিয় হইতে শ্বির করিয়াছেন, পুরাকালে হিন্দু স্থালোকনিগের মধ্যে বহুবিবাহ প্রচলিত ছিল।

ইউরোগীর পভিতদিগের এরপ উদ্ভট কল্পনা-বিলাসিতার পরিচয় অনেক হুলেই পাওয়া যায়। সকলেই জানেন, বৃদ্ধিম বাবু কিরূপ এক-জন রহস্ত-রুসিক লেগক। তাহার রসময়ী লেখনার রহস্ত-রুসিকতার পরিচয়, আমরা আরু কি দিব ? তাহার "কোন স্পোশয়ালের পত্র," 'ইংরেজ-স্থোত্র,' 'ন্নানা প্রবাণা,' কদলাকুঞ্জে বৃহল্লাঙ্গল শ্রীমৎ বাাছাচাগের বায়ুসেবন, লাজুল চট্চটা, 'ক্মলাকাস্থের দপ্তর' এ সমস্তেই সেই রসের চেউ ব্যহমা গিয়াছে!

কিন্তু এই সমস্ত রসিকতা, গুদ্ধ বুথা বওয়াটেপনা কি বালকস্কাববাচালতা মাত্র নয়। সেগুলি অত্যন্ত শিক্ষাপ্রদ, এবং বিপক্ষদিরের
পক্ষে থড়া বিশেষ। তাঁহার অমৃত-নিশুন্দিনী লেখনী, যেমন একপক্ষে
নানা রসের ভাণ্ডার উপল্যাস গড়িয়াছে, সেইরূপ তাহারই প্রভাবে
অনেক বিপ্যগামা, অপ্য ছাড়িয়া স্থপপের পথিক হইয়াছে। তিনি
রহন্ত রসিকতা প্রসঙ্গে হংলণ্ডের প্রাসদ্ধ লেখক দিতীয় এডিসন্ তুলা।
তাঁহার রহন্ত উদ্দেশ্য সিদ্ধ হয়, কন্ত ব্যক্তি বিশেষের মনে ক্ষতসঞ্চার
করে না। সে যাহাই হউক, তিনি এদেশীয় পাশ্চাত্য-শিক্ষায়-শিক্ষিত
লোকদিগের প্রতি কর্কট করিয়া আর সে একটা কথা বলিয়াছেন,
তাহা উদ্ধার না করিয়া পাশ্বভেছি না।

তাহা এইরপ;--

"(পদেশীয় শিক্ষিত সম্প্রনাবের মধ্যে) অনেকেই নিজে কিছু বিচার আচার না করিয়া কেবলই ইউরোপীয় পণ্ডিতদিগেরই মতের অক্রার্ত্তী। আমার ছরাকাজ্জা যে, শিক্ষিত সম্প্রনাবের মধ্যেও কেই কেই এই গ্রন্থ পাঠ করেন। তাই আমি ইউরোপীয় মতোও প্রতিবাদে প্রায়ত্ত্ব। বাহাদের কাছে বিলেতী সকলই ভাল,—বাঁছারা ইস্তক বিলাতী পণ্ডিত লাগায়েং বিলাতী কুকুব সকলেরই বেবা করেন, দেশী গ্রন্থ পড়া দূরে থাক, দেশী ভিখারীকেও ভিক্ষা দেন না, ভাঁছাদের আমি কিছু বলিতে পারিব না।"

এই সমস্ত হইতে অনুমান হস, এ দেশবাসী পাশ্চাত্য-বিদ্যা-পারদশী ব্যক্তিবর্গ, ইউরোপীয় পণ্ডিভদিগের বিদ্বেষ-বৃদ্ধি-চালিভ-লেখনী-প্রস্থত অনেক কণাই বিশ্বাস করেন। গেই বিশ্বাস তাঁহাদের অটল। এবং ইহাও বিবেচনা হয়, সেইরূপ বিশ্বাস-পোষণের পদ্যে, ভাঁহারা কোমরূপ বিচার আচারের ধার ধারেন নাই।

উপরে যে সমস্ত বিজ্ঞ বাক্ষির মতেব বিষয় উল্লেখ হইয়াছে, তাহাতেও এরূপ উপলব্ধি সহজ যে, বিদেশীয় পণ্ডিতেরা, কি ঐতিহাসিকেরা, এ দেশীয় সমাটদিগের চরিত্রাক্ষনে সেরূপ সহদয়তার কোন-পরিচয় দেন নাই। এরূপও অভ্যান হয়, তাঁথারা মুস্লেম সম্রাটদিগের চরিত্রে কোন কোন স্থলে কলম্বারোপ করিতেও ইতস্ততঃ করেন নাই। এ দেশীয় হিন্দু শিক্ষিতেরা, মুস্লমান সম্রাটদিগের চরিত্র কুৎসারটনা করিতে গিয়া পাশ্চাতাগণেরই অনুবর্তী হইয়াছেন। অনেক স্থলে কণ্য প্রশ্বার প্রিচ্য দিছে গিয়া হিন্দু ক্রিয়াছেন।

বপ্রকেইব্যাক, ব্যাক্তে বপ্ররূপে বর্ণনা করিছেও ক্রেটি বরেন নাই।
আনেক স্থলে ছুঁচুন্দরী বিষ্ঠার পর্বত গড়িয়া তুলিয়াছেন। এই সমস্ত
কাংণে ভারতীয় মুসলমান-শাসন-যুগ আনেকটা বিক্লভভাবে চিত্রিত
ইইয়াছে। এরপ আমরা সিদ্ধান্ত করিতে পারি কি প

পাঠকদিগের একথাও স্মরণ করা উচিত, বিদেশীয়ের হাতে পড়িয়া এ দেশীয়দিগের গৌবব থক না হইয়া পারে না। পাশ্চাতাদেশবাসিরা সমন্ত বিধয়েই জয়পতাকা লাভের বড়ই ইচ্চ্ক। এ দেশীয়েরা বর্কর, অসভা, রুফকার; পাশ্চাভাদেশবামিধা স্থুসভা, দরাধর্মনীল, খেতকার, আচার-পূত, এরপ হাতে কলমে, বক্তার একটা দৃঢ় বিশ্বাস, এ দেশ-বাসিদিগের অন্তঃকরণে অন্ধিত করিতে তদ্দেশবামিদিগের চিরকালই প্রবল ইচ্ছা। এ বাসনা তাঁহাদের অনেকটাই পূর্ণ হইয়াছে। পাঠকগণ একথাও মনে রাখিবেন, যেখানে আমরা এদেশীয় শিক্ষিত দিগকে 'ইংরেজ-স্তাবক' বলিয়াছি, তাহার অর্থ এইরূপ ব্রাঝতে হইবে, তাঁহারা পাশ্চাতা পণ্ডিত, ইংরেজ লেথকদিগের মতের অমুবর্তী এবং ভাঁহাদের লিখিত বিবরণ,—সে যাহাই হউক,—এদেশের ইতিহাস, কি লোক চরিতা, কি অত্যান্ত ধন্মগক্রোস্ত ব্যাপার,—অক্সরে অক্ষরে সভা বলিয়া বিশ্বাস করেন। এ দেশার ইতিহাস-সম্লোচক

যে এই একজন বিজ্ঞ ব্যক্তির মতামতের বিষয় আমরা উল্লেখ করিয়াছি, ভাহাতে কিরূপ সিদ্ধান্ত হওয়া উচিত ?

এরপ কি অনুমান হয় না যে, ইংরেজ ঐতিহাসিকেরা, এদেশের ইতিহাস আলোচনায় পূর্ণ-অধিকার পাইয়া, যাহা ইচ্ছা তাহা করিয়াছেন; এদেশে আইন ছিল না, কালুন ছিল না,—সমাটের মুথের কথাই আইন,—তিনি যেরূপ ইচ্ছা শাসন-দণ্ড পরিচালন করিয়াছেন, এরূপ একটা বিশ্বাস, মুসলমান সমাটদিগের বিক্লে, হিন্দুর মনে জন্মাইয়া দেওয়াই, তাঁহাদের প্রবল ইচ্ছা বলিয়া বোধ হয় নাকি ?

এই সমস্ত আলোচনা হইতে একটা সিদ্ধান্ত শ্বতঃসিদ্ধ যে, ইংরেজঐতিহাসিকেরা ইচ্ছা করিয়াই সেরূপ করিয়াছেন। কালক্রমে ইংরেজজাতি এদেশের রাজ-শক্তি লাভ করেন। রাজ-শক্তি লাভ করিয়া
পূর্ববিত্তী সমাটদিগের কুংসা না গাহিতে পারিলে, শাসিতদিগের অন্তঃকরণে ভক্তির স্থান লাভ করা কিছু কষ্টকর হইয়া পড়ে। সেই জন্ম
তাঁহারা এদেশীয়দের ইতিহাস, লোক চরিত্র ও ধর্মসংক্রান্ত ব্যাপারাদি
ঐক্বপ বিভিন্ন প্রকারে চিত্রিত করিয়াছেন।

অতএব উক্ত ইতিহাসসমূহ গাঢ় ম নোগোগপূর্কক পাঠ করিয়া দেখিলে ইহাই প্রতায়মান হয় যে, এদেশীয় ইংরেজকুত ইতিহাসে মুদলমান

রাজত্বের অপবাদ কলঙ্ক কুৎসা রটনার সহিত ইংরেজদিগের জাতীয় স্বার্থ-সিদ্ধি সম্পূর্ণরূপে জড়িত। তঃথের মধ্যে তঃখ, আক্ষেপের অধিক আকেপ, এ দেশীয় শিক্ষিতেরা অনেকেই তেমন অমুদন্ধান না করিয়া. বিচার আচারের ধার না ধারিয়া ইংরেজ লিখিত 'খেউড় পাচাল' যাহা किছ बाश्चवाकावर विश्वाम करतन। जैहारामत बान्ना, जीहारमत निर्हा এমনই প্রবল,যে, তাহা কিছুতেই বিচলিত হইবার নয়। আমরা সেই সমস্ত ইংরেজ-স্তাবক দলের কিছু করিতে পারিব, এমন ভর্মা অতি কম। তথাপি, কর্ত্তব্যের অনুরোধে যাহা হউক, যতদূর সাধ্য মুসলমান রাজ্ত্ব-যগের মৌলিক ইতিহাসতত্ত্ব-ঘটিত কণার আলোচনা করিব। আমরা ইংরেজের কোন নিন্দাবাদ করিতে চাহি না। ইংরেজ আমাদিগের শক্র নন। তবে তাঁহারা যে কেহ কেহ আমাদের জাতীয় কুৎসায় ঢাকী হইয়া তাহা তিলে তাল করিয়া জগতে রটনা করিয়াছেন, ইহাই আকে-পের বিষয়! সেরপ ঢোল সংগতে জগতে মুসলমান জাতীয় কুৎসা রটনায় তাঁহাদের স্বার্থ কি ?

সাধারণত: এ দেশে যে সমস্ত স্কুলপাঠ্য ইতিহাস প্রচলিত, সে সমুদয় ইংরেজ ঐতিহাসিকগণেরই অবিকল অত্বকরণ, পদাস্কাত্মসরণ মাত্র। তাহাতে অমুসন্ধিৎসার কোন পরিচয় তেমন প্রাপ্ত হওয়া যায় না। তবে সম্প্রতি কতিপর সহদর কত-বিগ্ন অনুসন্ধিংস্থ হিন্দু মহামুভবের আবির্ভাবে মুসলমান রাজত্বের কলক্ক-কালিমা-কালনের পথ কতক পরিমাণে উন্মুক্ত হইয়াছে। সেই সমস্ত উদার-চরিত মহামুভবগণের নিকট মুসক্র মান-সমাজ ক্বতজ্ঞতার স্থুদুপাণে আবদ্ধ,—সে খণ এক প্রকার অপরি-শোধা। পুণ্য-শ্লোক রাজক্ষ মুগোপাধার, নিথিলনাণ রায়, অক্ষরকুমার মৈত্রই তন্মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য। অপরাপর চুই একজন

মহাত্মারও আবির্ভাব হইতে আরম্ভ হইয়াছে। ঐতিহাসিক রক্ত-মঞ্চে তাঁহাদের অভিনয় অল্প দিন মাত্র দেখা দিয়াছে। পরমেশ্বর তাঁহাদিগকে দীর্ঘায় করুন, স্বর্গীয় শান্তিস্থাধারা নিরম্ভর তাঁহাদের মন্তকোপরি বর্ষিত হউক। ইহাই আমাদের ঐকান্তিকী প্রার্থনা।

মুদলমান রাজত্বের কথা আলোচনা করিতে হইলে প্রথমেই পাঠানযুগের অবতারণা করা আবশুক। এই পাঠান-যুগের সংক্ষিপ্ত সারগর্ভ
আলোচনা, ঐতিহাসিক গবেষণা, একজন হিন্দু মহানুভব 'ভারতী'তে
প্রকাশ করিয়াছেন। সন ১৩০৭ সালের 'ভারতী'র চৈত্র সংখ্যায় তাহা
দেষ্টব্য। প্রবন্ধকর্তার নাম মহাত্মা রমাপ্রসাদ চন্দ। ঐতিহাসিক-আকাশে
তিনি দ্বিতীয়ার চক্রকলার ন্যায় অল্ল দিন সমুদিত। কিন্তু সে যাহাই
হউক, তিনি তাহাতে বহু গবেষণার পরিচয় দিয়াছেন।

প্রবন্ধে তিনি অনেক মৌলিক সমসাময়িক ঐতিহাসিক গ্রন্থের উল্লেখ করিয়াছেন, যথা,—(১) মনহাজ প্রণীত 'তাবাকাত্-ই-নাসিরি' (২) জৈন্থ-উদ্দীন কর্ণি প্রণীত 'তারিথ্-ই-ফিরোজ সাহী' (৪) সম্রাট ফিরোজসাহ রচিত 'ফতো-হাড' (৫) ইবন বাতৃতার ভ্রমণ বৃত্তান্ত (৬) আহম্মন প্রণীত 'মাসালিক'।

প্রবন্ধকর্ত্তার প্রবন্ধের নাম 'পাঠান-সাথাজ্যে প্রজা'। বলা বাছলা তিনি এই প্রবন্ধে উক্ত মৌলিক পারস্থ ঐতিহাসিক গ্রন্থসমূহের ইংরেজ লেখকগণের অনুবাদ আশ্রয় করিয়াছেন। এ কণা বলিবার তাৎপর্যা কি, বিজ্ঞ পাঠকমাত্রেই বৃঝিতে পারিকেন। ব্যাখ্যা অনাবশুক। প্রবন্ধ-কর্ত্তা অন্তিদীর্ঘ পাঁচটী প্রকরণে সমগ্র পাঠান রাজ্যের ইতিবৃত্ত বিনিবদ্ধ করিয়াছেন। সেই প্রকরণগুলি এই;—(১) 'শাসন যন্ত্রের গঠন' (২) ,বিচার বিভাগ ও শান্তি' (৩) 'ভূ-সম্পত্তি ও ভূমির রাজস্ব' (৪) 'আহা-

রীয় দ্রব্যের মূল্য ও ছর্ভিক্ষ' (৫) 'হিন্দুর অবস্থা'। এই সমস্ত প্রকরণের অংশ বিশেষের বিবৃতি, প্রয়োজন মতে আমরা ক্রমায়য়ে করিব। সেই সমস্ত প্রকরণের সম্যক্ বিস্তৃতালোচনার স্থান আমাদের গ্রন্থের গণ্ডী মধ্যে সন্ধূলান হইবে না। তাই, সেইরূপ উন্থম হইতে আমরা ক্রাপ্ত হইলাম। প্রবন্ধকন্তা প্রবন্ধের মুখবন্ধে লিখিয়াছেন;—

"মুসলমান জাতির ধর্ম মহা সাম্রাজ্যের অধীধর থলিফার সেনানী কর্ত্তক খৃষ্টীয় অষ্টম শতাব্দীর প্রাক্কালে সিন্ধু এবং মুলতানে মুসলমান প্রভাব প্রথম প্রতিষ্ঠিত হয়। তদ্যদি সার্দ্ধ শতাব্দীকাল উভয় প্রদেশ থলিফা দান্রাজ্যের অস্কৃত ছিল। থলিফা-সান্রাজ্যের অধংপতন আরস্ত হইলে মন্ত্রা এবং মুলতানের আমীরগণ আরও দার্দ্ধ শতাব্দীকাল মুসলমান প্রভাব অক্ষ্ণ রাখিয়া ছিলেন ৷ তৎপরে উভয় প্রাদেশের অধি-কাংশ ভাগই রাজপুতগণের হস্তগত হয়। সিন্ধু বিজয়ের কিঞ্চিয়ান তিন শতাব্দী পরে ভারত-ক্ষেত্রে গজনীপতি মামুদের আবির্ভাব। শতান্দীর চতুর্থাংশব্যাপী সময় আর্য্যাবর্ত্তের নানা স্থানে পুন: পুন: আপতিত হইয়া, প্রত্যক্ষদ্রষ্ঠা আবু রিহান এলবেরুণীর ভাষায়, "দেশের সমৃদ্ধি একেবারে বিনষ্ট করেন এবং এরপ সকল বিশ্বয়কর ঘটনার সংঘটন করেন, যন্ধারা হিন্দুগণ ইতস্ততঃ বিক্ষিপ্ত ধূলিকণার দশায় এবং প্রাচীন ব্যক্তি কথিত গল্প-কথায় পরিণত হন।" মামুদ পঞ্জাব প্রদেশ গজনী রাজ্যের অন্তর্নিবদ্ধ করিয়া যান। আধ্যাবর্ত্ত বিজেতা মইজউদ্দীন মহশ্মদ বোরীর আবিভাব পর্যান্ত লাহোর ও তৎপার্যবর্তী ভূতাগ নামুদ বংশধর-গণের পদানত ছিল খুষ্টীয় অইম শতাকী হইতে দাদশ শতাকা নবতি বৰ্ষ পৰ্যান্ত ভারতের অপেক্ষাকত অন্ন পরিসর ভূভাগেই মুসলমান প্রভাব বিস্তৃত ছিল এবং অপেক্ষাক্কত অৱসংখ্যক ভারতসম্ভানই মুসলমানের শাসনাধীন ছিল। মহম্মদ,ঘোরীর আর্যাবর্ত্ত-বিজয় এবং পাঠান-সাম্রাজ্য-প্রতিষ্ঠাই ভারত-ইতিহাসে মুসলমান যুগের প্রবর্ত্তন।"

বাস্তবিক পক্ষে, স্থলতান মামুদের ভারত আক্রমণের উদ্দেশ্য দেশাধিকার কি রাজা-বিজ্ঞর ছিল না, আকাশসঞ্চারী লঘুগতি শ্বেন-বং
মুগপৎ ভারতের এথানে দেখানে আপতিত হইরা বহু যুগ মুগাস্তর-সঞ্চিত
ভারতীর ধনৈশ্বর্যভাগুরের অপরিসীম মণিমুক্তা-রত্ত-রাজি আত্ম-সাৎ
করাই তাঁহার পুনঃ পুনঃ অভিবান-ব্যাপারের প্রধান উদ্দেশ্য বলিয়া
বোধ হয়। একজন আধুনিক বঙ্গীয় কবির লিখনভঙ্গিতেও এই কথা
ধ্বনিত হয়;—

"নিগ্রহিয়া বিগ্রহেন্দে নিধি নিল হরে, হইল অলকা-ভ্রান্তি গঙ্গনী-নগরে।"

ষদি সেরপ না করিয়া রাজ্য প্রতিষ্ঠায় তিনি মনোনিবেশ করিতেন, তাহা হইলে তাহা ভারতের পক্ষে বরং মঙ্গলেরই হইত। ফলকথা, তিনি ভারতবর্ষকে রক্ত-পাথারে, মহামাশানে পরিণত করিয়া, ভারত-বিলুপ্তিত মণিমুক্তা-রক্তদামে পার্কত্যান্ধকারময়ী গজনী নগরীর সৌষ্ঠব, সমৃদ্ধি, শ্রীবৃদ্ধিসাধনে মনোযোগী হইয়াছিলেন। তাঁহারই পুনঃ পুনঃ আক্রমণের ফলে ভারত নিংশেষিত-ধন-ভাণ্ডার, প্রেত-বিভীষিকাময়ী হত-শ্রী হইয়া পড়ে! বিজেতা পরদেশবাসী হইলেই এরপ ঘটনা ঘটে, বিশেষতঃ বিজিত দেশের প্রতি মমতা-সঞ্চার নিজ জন্মভূমি-সম্বন্ধ না জন্মিলে তাহা ঘটিবেই ঘটিবে। বিশেষতঃ স্থলতান মহম্মদ এরপ করিতে গিয়া, স্বীয় ভূবন-বিশ্রুত বীরত্ব-গৌরবের উপর নীচ দক্ষ্যতা-কলঙ্ক-কালিমা রোগের এক প্রকার মথেই স্থায়া দিয়াছেন। এখানে এরপ আলোচনার

তেমন স্থান নাই, স্মৃতরাং আমাদের পক্ষে নিরস্ত হওরাই যুক্তি-সঙ্গত।

সে যাহা হউক, উক্ত ঐতিহাসিক প্রবন্ধকর্ত্তা নিজ প্রবন্ধে পাঠান রাজ্যের বিস্তৃতি সম্বন্ধে লিখিয়াছেন ;—

"महत्र्वन रचाती नारहारतथत अनक मानिक, निल्लीयत পृथीतास, कान्छ-কুজেশ্বর জয়চক্রকে পরাভূত করিয়া পাঠান-সাম্রাজ্য স্থাপন করেন। তাছার জীবদ্দশাতেই (খৃঃ ১২০৩) সেনাপতি মহম্মদ-ই বধু তিরার বঙ্গেম্বর লক্ষণসেনকে বিভাড়িত করিয়া লক্ষ্মণাবতী (গৌড়বারেক্স ভূমি) সামাজ্য-ভক্ত করেন। তৎপরে নানা সময়ে সাম্রাজ্যের পরিসরের অনেক হ্রাস বুদ্ধি হয়। লক্ষ্যণাবতীর শাসন-কর্তারা ক্রমে সপ্তগ্রামে ও স্থবর্ণগ্রামে আধিপতা বিস্তার করেন। আলাউদীন খিলিজী (খু: অ: ১২৯৫—১৩১৬) গুর্জ্বর এবং মালব প্রদেশ সাম্রাজ্যভুক্ত করেন এবং তদীয় সেনাপতি मिक्किनां भरथत व्यथान व्यथान त्राब्कात त्राक्कथानी श्री नूर्धन करतन। কুতুবুদ্দীন থিলিজী (খুঃ অঃ ১৩১৭—১৩২১) দক্ষিণাপথের মহারাষ্ট্র প্রদেশে এবং ঘিয়াস উদ্দীন তোগলক সাহ (১৩২১--১৩২৫) তৈলঞ্চ দেশে মুসলমানের শাসন-বিস্তার করেন। এইরূপে সামাজ্যের ক্রম বিস্তারের পর অধ:পতন আরম্ভ হয়। মহম্মদ তোগলকের সময়ে দক্ষিণাপথ দিল্লী-শ্বরের হস্ত-চ্যুত হয়, বঙ্গদেশ স্বাহস্ত্র্য অবলম্বন করে। নামতঃ সাম্রাজ্য-ভুক্ত হইলেও দিল্লা হইতে দূরতা এবং ছুর্গমতা নিবন্ধন সামাজ্যের স্থাই অব্ধিই বাঙ্গালার মুসলমান শাসনের ইতিহাস অনেকটা স্বতন্ত্র থাতে প্ৰবাহিত।"

উল্লিখিত অংশ হইতে উপলদ্ধি হয়, বঙ্গদেশীয় হিন্দুগণ পাঠান-রাজত্ব যুগে অনেক পরিমাণেই স্বাতন্ত্রা-স্থ-ভোগের অধিকারী ছিলেন। ইহার পরেও হিন্দু জমিদারগণের অবস্থা বর্ণনা প্রসঙ্গে এই কথাই সিদ্ধ হয়। জমিদারগণ স্বায় অধিকার মধ্যে সর্বাময় কর্তা ছিলেন, এমন কি, রাজস্বা-দারের ভার তাঁহাদেরই উপর গ্রস্ত থাকিত। ইহা ভিন্ন আভ্যন্তরিক শাসন কার্য্যে দিল্লীর সমাটের কোন সাক্ষাৎ সম্বন্ধই ছিল না।

প্রবন্ধকর্ত্ত। পাঠান রাজ্যের অন্তবিপ্লব বিদ্রোহ প্রভৃতি বিষয়ের আলোচনা প্রদক্ষে নিথিয়াছেন ;—"১১৯০ খৃষ্টাব্দে জয়চন্দ্রকে পরাভৃত এবং বারাণদী লুঠন করিয়া ঘোরে প্রত্যাবর্ত্তন সময়ে মহম্মদ ঘোরী, ক্রীত-দাস কুতৃবৃদ্ধীন আইবাককে স্বায় প্রতিনিধি এবং আর্য্যাবর্ত্তের শাসনকর্ত্তা-ক্লপে দিল্লা নগরীতে প্রতিষ্ঠিত করিয়া যান। এই সময় হইতেই সাম্রা-জ্যের ইতিরত্তের আরম্ভ। মহম্মদ ঘোরীর কোন পুত্র সম্ভান ছিল না। স্থৃতরাং দিল্লীর সিংহাসন লাভের অধিকার কোন বংশামুক্রমিক নিয়মের বশবন্ত্রী ছিল না। সম্রাটের মৃত্যু অন্তে রাজ-বিপ্লব একরূপ অবশুম্ভাবী ছিল। 'অন্তরে বিপ্লৰ অপেক্ষাও বাহিরে ঘোরতর শত্রু সামাজ্যের স্থিতি-কাল ব্যাপিয়া সাম্রান্তা-ধ্বংদের জন্ত সতত উন্মুথ ছিল। আর্যাবিজ্ঞোর মৃত্যুর অনতিকাল পরেই চিঙ্গিজ খাঁয়ের নেতৃত্বাধীনে মধ্য এসিয়ার মরুময় উপত্যকাবাদী মোগলগণের বিশ্বিজয় লীলা আরম্ভ হয়। ত্রয়োদশ এবং চতুর্দশ শতাব্দাতে মোগলেরা অসংখ্য বার আর্য্যাবর্ত্ত আক্রমণ করেন। অন্তরে বাহিরে এরপ প্রবল শক্র বিভয়ানেও সাত্রাজ্যের শাসন-দণ্ড পরিচালন জন্ম ক্রমান্বয়ে কয়েকজন শক্তিমান পুরুষের আবির্ভাব হইরাছিল। সেই কারণেই সামাজ্য এত দীর্ঘকাল স্থায়ী হইতে পারিয়া-ছিল। কুতুবউদ্দীন আইবাক, আলতামাস, বালবান্, আলাউদ্দীন থিলিজী, যিয়াসউদ্দীন তোগলক এবং ফিরোজসাহ তোগলকের শক্তি-মভাই সামাজা স্থিতির মূল।"

উল্লিখিত অংশ হইতে ইহাই সিদ্ধ হয় যে, পাঠান সামাজো অস্তঃ ও বহি: শক্রর প্রবল পরাক্রম ছিল। পাঠান সমুাট্দিগকে **অস্তরে ও** বাহিরে শত্রুর আক্রমণ ভয়ে সদা সর্ব্বদা শঙ্কিত, চকিত, বিপদ-**জড়ীভূত** ও বিত্রস্ত থাকিতে হইত। কোন্ সময়ে ভাগ্য-লক্ষ্যার কুপা-ক**টাক্ষের** অভাৰ হয়, এই চিন্তায়ই নিতান্ত অবসন্ন থাকিয়া তাঁহারা অনেক সমন্ত্রে রাজ্যের আভ্যস্তরিক শ্রীবৃদ্ধি সাধন প্রজাপালনে তৎপর হইতে পারিতেন না। সকল স্মাট্ই কিছু সমান তেজস্বী, সমান বল-বিক্রম-শালী, সমান শাসন কার্য্য-পটু ছিলেন না। গাঁহারা দেরপ কার্য্যদক্ষ, দতর্ক ছিলেন, তাঁথারা সব দিক বজায় রাথিতে পারিতেন। তাঁহারাই সাধ্যপকে রা**জ্য মধ্যে** শাসনপারিপাট্য, শান্তিস্থাপন, সৌষ্ঠব সাধনের প্রতি মনোযোগী হইরা স্থাসকের স্থ্যাতিলাভ করিতে সমগ্ন হইতেন। এরপ অবস্থায় বে কোন কোন দুৰ্ব্বল অব্যবস্থিতচিত্ত অপটু বিলাস-বাসনাসক্ত স্মুট্ নিজ অকর্মণ্যতার ফলে রাজ্যকে নিতাস্ত অরাজকতা, অশান্তি বিদ্রোহ বিপ্লবের নিতা বিভীষিকাময় রঙ্গভূমিতে পরিণত করিবেন, ইহা কোন ক্রমেই আশ্চর্য্যের বিষয় নয়। কিন্তু স্থথের বিষয়, উক্ত প্রবন্ধের এক স্থানে সমাটিদিগের শাসন-নিপুণতার যে প্রসঙ্গ আছে, তাহা হইতে এরূপ অনুমান হয় যে, রাজ্যে দেরূপ ঘটনা বড় বিশেষ ঘটিতে পারে নাই। অধিকাংশ সমাটই শাসনক। র্যাপটু ছিলেন। তবে কেহ কেহ নানাদিকে নানারপ আপদ, বিপদ, ভন্ন, শঙ্কায় পরিবেষ্টিত ও স্বীয় বিলাস বাসনা চরিতার্থতা-মদে কর্ত্তব্যজ্ঞান-শৃন্ত হইয়া, কোন কোন সময় রাজ্যের প্রকৃতিপুঞ্জের প্রতি উদাসীন্ত দোষে কলঙ্কিত হইতেন। অনেক সময়ে রাজার পর রাজার পরিবর্ত্তন, রাজবংশের পর রাজবংশের আবির্ভাব প্রভৃতি ঘটনায় কোন কোন সমাট "হেদে গেলে নাও রে যাহ, কে কৰে ষাবে শিক্ষে ফুঁকে" এরূপ মনের ভাবে প্রজাপুঞ্জের প্রতি মমতাশৃষ্ঠ ছইয়া
হরত নিজেকে অহোরহঃ বিলাসবাসন প্রবৃত্তিতেই নিযুক্ত রাধিতেন।
কিন্তু এরূপ সমাটের সংখ্যাও তত বেশী নয়। কচিং ছই একজন
সেইরূপ অবিবেচক, অধার্মিক, পার্থিব-মুখ-সম্পদ-সর্বাস্থ কাকজ্ঞপরিবেদনা'-মন্ত্রদীক্ষিত, শাসন-দণ্ড পরিচালক ছিলেন। উদ্ভ অংশে
এব্রূপও দেখা বায় যে, পাঠান-সামাজ্যে সিংহাসন লাভের কোন বংশামুক্রমিক বিধি ছিল না। এ কারণেও রাজ-বিপ্লবের বাহুলা ঘটনা স্বতঃসিদ্ধ।

একণে উক্ত প্রবন্ধকর্তার প্রবন্ধের করেকটা প্রকরণের সংক্ষিপ্ত আলোচনা করা আবশ্যক। প্রথম প্রকরণে উল্লেখ যোগা, মুসলমান শাসননীতি। তৎসম্পর্কে প্রবন্ধকর্তা লিখিয়াছেন ,—

"সাম্রাক্ষ্য শাসন্যন্ত্রের যন্ত্রী শ্বরং স্থলতান বা স্মাট্। ভূতলে তিনি 'সর্কশিব্দিমান পরমেশ্বের ছায়া,' 'মুসলমানগণের নেতা' এবং 'ধর্ম্মের রক্ষাকর্তা'। কিন্তু তাঁহার শক্তি মুসলমান ধর্মশাস্ত্রের গণ্ডি মধ্যে সীমা-বদ্ধ। কথা ছিল, তিনি প্রতি পদে ধর্মশাস্ত্র ব্যাখ্যাতাগণের অভিমত গ্রহণ এবং তদমুসরণ করিবেন। ত্রেরোদশ শতাব্দীর দিল্লীশ্বরগণ এ কথা কন্তটা মানিয়া চলিতেন, বলা যায় না।"

মুসলমান-রাজ্য প্রতিষ্ঠার প্রারম্ভ হইতেই শাসন-কর্ত্তাগণ থলিকা অভিথার আথাত ছিলেন। তাঁহাদের শাসননীতি অতি উদার ছিল। সেই শাসননীতি ধর্মনীতির সহিত অভেদে সংশ্লিষ্ট। এতৎসম্বজ্ব "কোহিনুর পত্রিকা" হইতে কিঞ্চিৎ আভাস দেওয়া যাইতেছে। তাহাতে লিখিত আছে;—

"মানব আহতিকে যুগপৎ পাথিব ও আধ্যাত্মিক উন্নতির অফুক্ল পছা প্রদর্শন করাই প্রেলিপীয় স্বিদননীতির মূল উদ্দেশ্য ছিল। আধ্যাত্মিক জ্ঞানই তাহার মূল। জগতে ধর্মনীতি ও শাসননীতির এই সম্মিলন সাধন, একমাত্র এদলামের প্রদাদেই ঘটিয়াছিল। বিপুলকীর্ত্তি থলিপাগণ সমধন্মী প্রজাসমহকে সভর্কতার সহিত এই শাস্ত্রসন্মত শাসননীতির অনুসরণ করাইতেন। প্রকৃতিপুঞ্জ ও তাঁহাদিগকে হজরতের প্রতিনিধি (প্ররিত মহাপুরুষের স্থানীয়) ও রাজাধিরাজ জ্ঞানে ভাক্ত করিত। উপা-সনা (নমাজ) কালে ধর্মাচার্য্যের অনুবন্তী হওয়াকে বেমন সকলে প্রম কর্ত্তব্যজ্ঞান করিত, সর্ব্বান্তঃকরণে থলিপার প্রতি আমুগত্য প্রদর্শন করাকেও তেমন অবশ্য কর্ত্তব্য কর্ম্ম বলিয়াবৃথিত। ইত্যাদি * * |" খলিফা পদে অধিষ্ঠিত হইবার লক্ষ্ণ প্রদক্ষে লিখিত আছে :---"থেলাপতের চারিটী দর্ত। থলিপা মাত্রেরই তাহার অধিকারী হওয়া শাস্ত্রের আদেশ। থলিপা পদপ্রার্থী, সহিচ্যা, সহিচার, সচ্চরিত্র ও সদ-জ্ঞান বিভূষিত না হুইলে কথনই থালিপীয় আসনের যোগ্য বলিয়া বিবেচিত হইতেন না।" (১৩১৫ সাল, বৈশাথ সংখ্যা)। মোটকণা, পরবর্ত্তী মুসলমান স্মাটগণ প্রথম যুগেরই খলিপা স্থানীয়। তাঁহাদের শাসননীতি ধর্ম্মের সহিত খনিষ্টগদ্ধমে সম্বদ্ধ। কিন্তু কালসহকারে তাহাতে ব্যক্তি-চার প্রবেশ করা অসম্ভব নয়। ক্রমেই ধর্মের প্রভাব সর্ববতালে শিথিল হইয়া পড়ে। পাঠান দাত্রাজ্যের কোন কোন মুদলমান সম্রাট্ যে উক্ত পবিত্র শাদননীতির ব্যক্তিচার দোষে দৃষিত হইবেন, ইহা আশ্চর্য্যের বিষয় নয়। যাঁহারা বহুকষ্টে, আয়াস-স্বীকারে, কোন উচ্চ-পদের অধিকারী হন, তাঁহারা সেই পদের মর্যাদা রক্ষায় যত্নবান হইরা থাকেন। কিন্তু বাঁহারা উত্তরাধিকাব ক্রমে সেরপ উচ্চ পদবীতে ভাগ্যবলে অধিষ্ঠিত হন, তাঁধারা সে বিষয়ে প্রায়ই উদাদীন থাকেন। এরপ ঘটনা

প্রায় সর্কাদেশের রাজবংশধরগণের মধ্যেই ঘটে, ইতিহাসে এক্পপ পরিচয় পাওয়া যার:

শে বাহা হউক উক্ত প্রবন্ধ কতা, পাঠা ন্দ্রাসট্ গণের মধ্যে আলাউদ্দীন খিনিজী, মহন্দদ তোগদক প্রভৃতি ছই একজন অবিবেচক ধর্মাধিকার-অধিনায়কের শাস্ত্রসন্মত শাসননীতির অনুস্বর্ভিতার উল্লেখ করিয়াছেন। বহু-শতাব্দী-ব্যাপী রাজত্বযুগের সন্মাট্ পরম্পরার মধ্যে, ছই একজনের দেরপ কলক্ক-ঘটনায়, তেমন বিশ্বরকর কিছুই নয়। বিশেষতঃ রাজ্য শাস্তা, বিধর্মপ্রধান রাজ্যে যেমনই উদারনীতির অমুবর্ত্তন করুন না কেন, শাসন-প্রতিষ্ঠালাভ অনেকের পক্ষেই চল্লভ ইইয়া পড়ে। নিতান্ত শাসননাতির-অমুসরণ প্রবৃত্তিতেও অনেকের পক্ষে বশোমাল্যে ভূষিত হওয়া হুদ্ধর হইয়া উঠে। প্রবন্ধকর্ত্তী ফিরোজ তোগলকের শাসননীতি প্রসঙ্গে যাহা লিখিয়াছেন, তাহা ইইতেও এ কথার সম্পূর্ণ উপলব্ধি জন্মে। তিনি নিধিয়াছেন,—

"ফিরোজসাহ স্বরচতি 'ফতোহাতের' মুখবদ্ধে, তিনি যে "শাস্ত্রবিধির পরিপালনে অধর্দ্মের নিম্পেষণে, পাপের নিবারণে, এবং নিষিদ্ধবিধির নিষেধনে স্থমতি" লাভ করিরাছেন, তজ্জন্ত ঈশ্বরসকাশে অশেষ ক্বতপ্রতা প্রকাশ করিরাছেন। শাস্ত্র মানিতে গিয়া তাঁহাকে অনেকটা ত্যাগও করিতে হইয়াছিল। তিনি শাস্ত্র বিরুদ্ধ কতকগুলি কর তুলিয়া দিয়াছিলেন। ফিরোজ সাহের শাস্ত্র-নিষ্ঠা, সন্থদরতা, প্রজা-হিতৈষণা প্রভৃতি রাজোচিত গুণের সহিত মিলিত হইয়া তাঁহাকে মানব-স্পাতির নিরস্তা সমাজে অতি উচ্চাসনে আরক্ষ করিরাছে। কিন্তু যে সামাজ্যের প্রজাপ্ত্র ভির্বধ্যী, সেথানে একাক্ত এস্লাম-শাস্ত্রনিষ্ঠা

অনেক সময় প্রজাপীড়ন ও নৃশংসভার আকার ধারণ করে।" প্রবন্ধ, কর্ত্তা ফিরোজ সাহের ধর্ম্মের গোড়ামির নিন্দা করিয়াছেন। যে কোন ধর্ম্মের গোড়ামি জিনিষ্টা, অপর ধর্মাবলম্বীর পক্ষে কোন-কালেই অপ্রীতিকর ভিন্ন প্রীতিকর হইতে পারে না। গোড়ামি দোষটা ভরানক দোষ, বিশেষতঃ রাজ্যশাসকের পক্ষে। কিন্তু গোডামির ফলে মুসলমান সমাটগণ যে হিন্দুদিগকে ধরাপাকড়া করিয়া ইসামধর্মে দীক্ষিত করিয়াছেন, এ কথা অরই ধনিতে পাওয়া যায়। এ বিষয়ের আলোচনা পরে করা যাইবে। ছই একজন হিন্দুর মুসলমান ধর্ম্মে দীক্ষিত হইবার যে বিবরণ পাওয়া যায়, তাহার কারণ অস্তরূপ। সে কারণের উল্লেখ প্রদক্ষকে যথাস্থানে করা যাইবে। দাস বংশ হইতে আরম্ভ করিয়া দৈয়দ বংশের আবির্ভাব পর্যান্ত পাঠান-রাজ্যকাল। পাঠান-রাজত্ব অন্যুন ৩৭২ বৎসরকাশ ব্যাপী। এই সময়ের মধ্যে নানাধিক পঞ্চাশজন সমাটের উল্লেখ দেখা যায়। ই হাদের মধ্যে ছই একজন সমাটেরই সমধিক কলঙ্কের কথা গুনা যায়। ইতিহাসে থিলিজী বংশের কুলাঙ্গার আলাউদ্দীন থিলিজী, তোগলক বংশের কুলপাংশুল মহম্মদ ভোগলকই নৃশংসভা, অক্সায়, অবিচার কলঙ্কে বিশেষ কলঙ্কিত। কিন্ত তাহা যে অতিরঞ্জিত নয়, এ কথার প্রমাণ কি ? মুসলমান ঐতিহাদিক-গণকে বঙ্কিম বাবু কতকগুলি অগ্রীতিকর বিশেষণে বিশেষিত করিয়া-ছেন। তাঁহার ভাষ বিজ্ঞ জ্ঞানী লোকের পক্ষে অবখ্য সেরপ শিষ্টাচারের দীমা লব্যন, বড়ই হঃথের বিষয়। তিনি তাঁহার প্রসিদ্ধ ভারত কলঙ্ক' শীর্ষক প্রবন্ধের এক স্থানে মুসলমান ঐতিহাসিকগণকে "আত্ম-গরিমা-পরবর্গ, পরধর্ম-ছেষী সভ্যভাত" ইভ্যাকারের কুৎসিত গালি-

গালাজ নিয়াছেন। 'যদি তাহাই হয় তবে যে, মুসলমান ইতিবৃত্তকারগণের ইতিহাসে মুসলমান স্বজাতীয় সমাটগণের কলঙ্ক কুৎসা
প্রসঙ্গের অভাব, এই কথাই স্পষ্ট অমুমান হয়। হিন্দু লেখক-রুত
মুসলমান রাজত্বের কোন ইতিহাস কোথাও নাই। ইংরেলগণ
তথন এ দেশে পদাপণ করেন নাই। তবে কোথা হইতে মুসলমান
সমাটদিগের এ কলঙ্ক কুংসা রটনা! অবশুই তাহা হইলে এ সিলান্তের
হস্ত হইতে নিজ্তি নাই যে, আধুনিক ইতিহাস-উল্লিখিত মুসলমান সম্রাটদিগের কলঙ্ক কথা, অতির্ঞ্জিত, কুকবি কল্পনা।

যাহা হউক, পাঠান রাজত্ব বুগের ইতিহাদে অনেক সম্রাটের স্থলাসনস্থাতি আছে। দাস বংশার সম্রাটদিগের মধ্যে নিঠুর-প্রকৃতি, ছরাচার
প্রজাপীড়ক কেহ ছিলেন না। ইতিহাসে দেরপ উল্লেখ অতি কম
দৃষ্ট হয়। খিলিজী বংশে এক জন মাত্র তেমন দেখা যায়,—আলাউদ্দান। তাহার প্রসঙ্গ পূর্কেই কিছু করা হইয়াছে। তোগলক
বংশে গিয়াসউদ্দীন, ফিরোজ, বুলবান প্রভৃতি অতি স্থায়-নিঠ,
ধর্মজীক্ষ নরপতি ছিলেন। গিয়াসউদ্দীনের স্থায়-নিঠা অতি চমৎকার
ছিল। ফিরোজসাহের কথা পূর্কেই উল্লিখিত হইয়াছে। পাঠান
সাম্রাজ্যের সম্রাটগণের মধ্যে যেমন ছই একজন নিঠুর নৃশংস নরপত্রির কথা শুনা যায়, অপরদিকে আবার তাহাদের মধ্যে তেমন
সদাচার, ধর্মপরায়ণ, দয়াশীল রাজার্ষরও অভাব ছিল না। নাসিক্দ্দীন,
আলভমাস, কৃত্বদ্দীন, গিয়াস তোগলক, ফিরোজসাহ প্রভৃতি নৃপধুরদ্ধরগণ
স্থাম-নিক্ষার জন্স সম্যাদক প্রসিদ্ধ উল্লিখিত প্রস্তাবিত প্রবৃদ্ধে পাঠান-

সম্রাটাদেগের শাসন-নৈপুণা সম্বন্ধ প্রবন্ধকর্তা লিখিতেছেন ;—('বিচার ভাগ ও শাস্তি')

"দশুবিধির বিধান স্বয়ং সমাটের তত্ত্বাবধানে ছিল। বিপ্লব এবং বিদ্রোহ যে সময়ের নিতা ঘটনা, তথন হৃদ্ধার্যের জন্ম দশু প্রধান এবং চ্চ্ তকালাগণের দমন প্রজা-প্রতিপালক রাজার প্রধান কর্ত্ত্বা। আমরা ফটা জানিতে পারি তাহাতে ধারণা হয়, এই কর্ত্ত্ব্য-সাধনে সমাটগণ বেশ তৎপর ছিলেন। কুত্ত্ব্দিন আইবাক সম্বন্ধে 'তাজল মাস্কর' প্রণেতা বিথয়াছেন,—"তিনি পক্ষপাতশ্ম হইয়া স্থায় বিধান করিতেন। পূর্দে চোরের এবং চ্রির কথা প্রত্যেকের মূথেই শুনা যাইত, এখন তার বিন্দ্বিদ্র্গপ্ত টের পাওয়া যায় না।" তাজুল মাসিরে'র উজিবে অতিরক্জিত, তাহাতে আর সন্দেহ নাই। তথাপি শত শত হিল্ রাজ্যের ভ্রাবশেষ লইয়া পাঠান-সামাজ্য সংগঠনের সেই অরাজকতাসময়ে চৌর্যদমনের উল্লেখ মাত্রেরও মূল্য আছে।"

প্রথমের এই অংশেরু অন্তত্ত :—

"সামাজ্যের প্রতি নগরে এক একজন কাজি প্রতিষ্ঠিত হইয়াছিল। মুসলমানের মধ্যে কোন বিবাদ উপস্থিত হইলে কাজি তাহা মুসলমান শাস্ত্রামুসারে নিষ্পত্তি করিতেন। কাজির বার্ষিকর্ত্তি নির্দ্ধারিত ছিল।

হিন্দুর মধ্যে সম্পত্তি লইয়া বিবাদ উপস্থিত হইলে হিন্দু ব্যবহার শাস্ত্রায়-সারেই উহার নিষ্পত্তি হইত। জমিদারগণ প্রজার সর্ব্বপ্রকারের বিবাদই নিষ্পত্তি করিতেন। দোষী গুরুতর দণ্ডে দণ্ডনীয় হইলেই কেবল রাজ-পুরুষগণের গোচরীক্ত করা হইত। গ্রামবাদীর মধ্যে বিবাদ উপস্থিত

হইলে, উহা ভঞ্জন করিতেন--গ্রাম্য পঞ্চায়ৎগণ। গ্রামের প্রধানিয়া এই পঞ্চায়তের সভাপতি ছিলেন। প্রধানিয়ার উপর গ্রামের কর আদায়ের ভারার্পিত হওয়াতে তদীয় নেতৃত্বাধীন পঞ্চায়তের মর্যাদা অনেকটা বাড়িয়াছিল।" এই অংশ হইতে দিদ্ধ হয় যে, পল্লীর শাসনকার্যোক্ সহিত সাধারণত: রাজপুরুষণণ কি সমাটের সম্বন্ধ অতি অৱ চিল। প্রধানীয়া ও তদধীন পঞ্চায়তই গ্রামের সর্ব্যায় কর্তা ছিলেন। তাঁহাদের হত্তেই কর আদায়ের ভার, তাঁহারাই বিচারক। এই সমস্ত প্রধানীয়া **७ भक्षावर्गन जनकन्तामी इ अवाहे यूद मख्य । এ অবস্থাৰ ভাষাদের** निक्ठ विठात वावचात्र भल्ली-अनभवामिशानत अनक्का खुविधा क्रिन. এমন মনে করিবার যথেষ্ট কারণ আছে। একে ভাঁহারা স্থানীয় লোক. ভাহাতে অনেক প্রধানীয়া পঞ্চায়ৎই সমধ্মী। কেননা, তথন মুসলমান সাধারণ, পল্লীগ্রামসমূহ এখনকার মত ছাইয়া কেলে নাই। পল্লীতে তথন তাহাদের সংখ্যা থাকিলেও অতি অলই ছিল। প্রকাগণ রাজকীয় শাসন কঠোরতা অভি অরই অনুভব করিতে পারিতেন। অভি অর সংখ্যক পল্লাঘটত বিচার মামাংদার বিষয়ই রাজপুরুষগণের গোচরীভৃত হইত। তবে দেও তেমন গুরুতর ব্যাপার না হইলে আর নয়। বিচার ব্যবস্থা, স্তারপ্রাপ্তি এখনকার তার নিতাত কটিল ও ব্যর্গাধ্য ছিল না। এখন বিচার আদালতের শুঁটিনাটি বায় বাহুল্যে বিচারঅথী প্রতার্থিগণকে সর্বসাস্ত হইয়া পড়িতে হয়। আইন আগালতের বর্তমান বিচারপদ্ধতি নিতান্ত সর্বাস্থানী। ইহা ভিন্ন স্থানীয় লোকের বিচারাধীনে অনেক বিষয়েরই বে আপোষ-নিষ্পত্তি হইয়া ব্যাপার গুরুতর হইতে পারিত না, **এরপ ধারণাও সহজে জন্মে। এখন কার মত লোকের মোকর্দ্দমা-প্রিরভাও**

এরপ প্রবল ছিল না। এই বিংশ শতাব্দীতে,—এই স্থানভাগ, স্থানধর্মনিষ্ঠাযুগেও যথন পূর্বজন পঞ্চারৎ পদ্ধতির অমুক্ল মত তানিতে
পাওয়া যায়, তাহাতে বোধ হয়, এ পদ্ধতি লোকসাধারণের মঙ্গলময়ই
ছিল। ইহা ভিন্ন নিম্ন অধিকারের মধ্যে জনিদার সক্ষেম্বর্মা, হর্ত্তাকর্তা
ছিলেন। বলিতে গেলে জনিদারেরাই প্রজাগণের সাক্ষাৎ দওবিধির
অধিনায়ক ছিলেন। পাঠান সমাটগণ রাজস্ব লইয়াই সম্বন্ত থাকিতেন।
নিরূপিত রাজস্ব আদারের ক্রটি না ঘটিলেই জামদারের ত্রিসামায় রাজপুরুষেরা ঘেষিতেন কি না সন্দেহ। সেই রাজস্ব-ব্যাপারেও জনিদারগণ
অনেক সময়ে রাজপুরুষগণকে উত্তাক্তা, ঝঞ্চাট বিভূমস্বনায় পাতিত
করিতেন। ইহার আলোচনা পরে আসিবে। উক্ত প্রবন্ধের অস্তর্ত্ত সমাট বুলবান-প্রসঙ্গে লিথিত আছে;—;

"সাম্রাজ্যের অভ্যন্তর নিরুপদ্রব করিবার জস্ম সম্রাট্ বালবানই প্রথম আর্য্যাবর্ত্তের লুগোনোপজীবী জাতি নিচরের নির্মালনে মনোনিবেশ করেন। ত্রয়োদশ শতান্দীর প্রথমার্কে খেওরাত অধিবাসী দম্যাদিগের ভরে দিল্লীবাসীরাও ভটস্থ থাকিতেন। হিন্দুস্থানের প্রধান প্রধান বর্মা গুলির ছই পার্শ অনেক স্থলেই অরণ্য-পরিবৃত ছিল। * • । সিংহাসনে আরোহণ করিরাই:বালবান থেওরাতীদিগের উপদ্রব নিবারণ করেন। এই উদ্দেশ্যে তিনি অনেক খেওরাতীর প্রাণনাশ করেন। দম্যাগণের অরণ্যাভ্যন্তরম্থ আশ্রম স্থানগুলি ধ্বংশ করিয়া তথার রাজবৃদ্ধা পরিরক্ষণার্থ বহু সংখ্যক ছর্গ নির্মাণ করেন। প্রভাকে ছর্গে উপমুক্ত সংখ্যক সেনা প্রেবিত হয়। *

বার্ণি লিথিয়াছেন,—'এই সকল ঘটনার পর আজ ষাট বৎসর হইয়াছে, কিন্তু তদবধি পথসমূহে আর দস্মার উপদ্রব নাই।"

প্রথম্বকর্তা, বালবানের স্থায়-নিষ্ঠা সম্বন্ধে বার্ণির বর্ণনা হইতে নিম্ন-লিখিত অমুবাদ প্রকাশ করিয়াছেন;—

"তিনি অবিচলিতচিত্তে স্থায় বিধান করিছেন; ভ্রাতা, পুত্র সহচর অথবা অমুচর কাহারও সম্পর্কে কোন পক্ষপাতিতা দেখাইতেন না

এই অংশের উল্লেখ করিয়া প্রবন্ধকন্তা বলিতেছেন ;—

"বস্ততঃ সমাট্ বালবানের অপক্ষপাতিতা আমাদের ব্রিটিশ ধর্মাবতার-গণের দৃষ্টান্তত্বল হওয়া উপযোগী।"

বলা বাহুলা, এই প্রবন্ধের অক্সন্থানে সমাট আলতমাসের উদারতা ও ক্সায়-নিষ্ঠার উল্লেখ আছে। গ্রন্থ-কুলেবর-গৌরব ভয়ে আমরা তত্নলেখে নির্ভ হইলাম। গিয়াসউদ্দীন তোগলক ও নাসিক্দান সম্বন্ধে অনেক ইংরেজী গ্রন্থের নানা সদাচার, ক্সায়-নিষ্টা-ঘটিত প্রসঙ্গ কাহিনী আছে। ক্ষালোচনা বাহুলা মাত্র।

প্রবন্ধের তৃতীয় প্রকরণ, "ভূমস্পত্তি ও ভূমির রাজস্ব"।

এই অংশ হইতে আমরা প্রয়োজন।ছুরূপ কোন কোনস্থল উদ্ধৃত করিবার বাসনা করি। এই প্রকরণের প্রথমেই প্রবন্ধকর্তা এরূপ আরম্ভ করিয়াছেন ;—

"যে দেশের প্রায় সমস্ত অধিবাসী ক্ষেজীবী, সে দেশের জনসাধারণের অবতা ঠিক ব্ঝিতে হতনে, ভূসম্পত্তির শ্রেণী বিভাগ এবং ভূমির রাজত্বেব হার অবতা আলোচ্য।"

প্রবন্ধকর্ত্তা প্রধানতঃ তিন প্র হার ভূমাধিকারের উল্লেখ করিয়াছেন ;—

প্রথম রাইয়তী স্বত্ব, দিতীয় জমিদারী স্বত্ব, তৃতীয় জাইগিরী স্বত্ব।

জাইগিরি স্বস্ব, রাজকর্মাচারিগণের বেতনের পরিবর্ত্তে ভোগা।
জামিদারী স্বস্ব বা জমিদার সম্বন্ধে লিখিতে গিয়া প্রবন্ধকর্ত্তা, পাঠান-সাম্রাক্যের জমিদারগণের সহিত বর্ত্তমান ব্রিটীশ শাসনাধান করদ রাজগণের
সাদৃশু-সম্বন্ধ নির্দেশ করিয়াছেন। তিনি লিখিয়াছেন;—"জমিদারীর
অভ্যন্তরে জমিদার হর্তাকর্তা বিধাতা, বাহিরে করদ ও স্মাটের আজ্ঞাবহু।"

'ভূমির রাজস্ব' প্রদক্ষে এইরূপ শিখিত আছে ;—

"বর্ত্তমান সময়ে, এই ইংরেজ রাজ্যের ভূমির রাজন্বের হার লইয়া ভূমুল আন্দোলনের সময় পাঠান সাথ্রাজ্যের রাজন্বের ইতিহাস অত্যন্ত শিক্ষাপ্রদ। ত্রোদশ শতাব্দাতে কিরুপ হার প্রচলিত ছিল, জানিবার উপায় নাই। তবে রাজার থাজানা দিয়া উৎপন্ন শস্ত হইতে অশন বসন এবং কতকটা আরামপ্রদ দ্রব্য ক্রয়োপ্যোগী অবশেষ যে ক্রয়কের হত্তে থাকিয়া যাইত, তাহা নিঃসংশ্যে বলা যাইতে পারে।"

আলাউদ্দান থিলিজীর অসমাচীন রাজস্ববিধির উল্লেখ করিয়া প্রবন্ধ-কর্ত্তা বলিতেছেন ;—

"এই অবধি দোছ্ল্যমান দোলার স্থায় ভূমির রাজস্বের হার একবার হ্রাস আবার বৃদ্ধি হইতে দেখা যায়। আলাউদ্দীনের পূত্র কুতৃবউদ্দান রাজস্বের হার কতকটা হ্রাস করেন। কিন্তু রাজস্বের ইতির্ত্তে মহাত্মা গিয়াসউদ্দান তোগলকের স্থান সর্কোচ্চ। ইংরেজরাজও সে উচ্চতা অতিক্রম করিতে পারেন নাই।

গিয়াসউদ্দীন তোগলকের প্রজানীতির মূলমন্ত্র ছিল, চাষ আবাদের বিস্তার এবং ক্বধকগণের সমৃদ্ধিবর্দ্ধন। তিনি সচিবগণকে আদেশ করেন যে, "কোন ক্রমেই যেন কোন প্রদেশ বা বিভাগ ইইতে দশমাংশের অধিক কর লেওয়া না হয়।" ভারতবর্ষে তৎপূর্কে ভূমির রাজস্ব এরপ অলহারে কথনও নির্দিষ্ট হয় নাই।

ফলতঃ মুসলমান সমাটদিগের সময়ে রাজত্বের হার যেরূপেই যথন নির্দিষ্ট বা নির্দারিত হউক, রাজ্য মধ্যে অনেক নিম্বর উপস্বত্ব, দেবান্তর ব্রহ্মোন্তর, পীরোন্তর প্রভৃতির বাহুল্য ছিল। অধিকাংশ স্থলে দিল্লীর মুসলমান নৃপতিগণ উচ্চমনা ছিলেন। তাঁহাদের মধ্যে তেমন নীচাশর, অর্থগৃধু অমুদারমতির সংখ্যা অতি অল্লই ছিল। এখনও এ দেশে পাতসাহী', 'নবাবী'-নজরের অনেক গলকাহিনী প্রচলিত আছে।

উক্ত প্রবন্ধের 'আহারীর দ্রব্য ও ছর্ভিক্ষ' প্রকরণ হইতেও কোন কোন অংশ উদ্ধৃত করা আমরা বিবেচনাদঙ্গত মনে করি। ইহাতে প্রজাসাধারণের তাৎকালিক অবস্থার প্রক্ট্ আভাদ প্রাপ্ত হওয়া যায়। প্রবন্ধকর্ত্তা এতৎপ্রসঙ্গে লিখিতেছেন,—

"ত্রমোদশ শতান্দীর প্রথমার্দ্ধে কোনও ছর্ভিক্ষ হয় না, এরূপ সিদ্ধান্ত অসঙ্গত হইবে না। কারণ মুসলমান ইতিহাস লেথকেরা প্রায়ই ছর্ভিক্ষের কথা বলিতে ভ্লেন না। পাঠান সাম্রাজ্যে প্রথম ছর্ভিক্ষ জালালুদ্দীন থিলিজীর রাজত্বকালে (১২৮৮—১২৯৫ খৃঃ অঃ), ব্যাপ্তি দিল্লানগরী ও তৎপার্স্ববর্ত্তী ভূভাগে।"

এই হর্ভিক্ষ সময়ে, আহারীয় দ্রব্যের ছম্মাপ্তি, ও অগ্নিমূল্যকালে ভক্ষ্য দ্রব্যের মূল্য কিরূপ ছিল, তাহা জানিবার পক্ষে পাঠকগণের কৌভূহল জুনিতে পারে। উক্ত প্রবন্ধে তৎসম্পর্কে বার্ণির বিবরণের যে অনুবাদ আছে, তাহা আমরা উল্লেখযোগ্য মনে করি। বার্ণির বিবরণ এইরূপ—

"নেই বৎসর বৃষ্টি হইল না, দিল্লাতে তুর্ভিক্ষ উপস্থিত হইল, গম সের-প্রতি ১০ পাই দরে বিক্রের হইতে লাগিল। শিবালিক প্রদেশে তুর্ভিক্ষ নিতান্ত প্রবল হইয়া উঠিল। সে দেশের হিন্দুরা সপরিবারে বিশ ত্রিশজনে দলবদ্ধ হইয়া দিল্লী আগমন করিতে লাগিল এবং ক্ষ্ধার জালা সহ্য
করিতে না পারিয়া যমুনাজলে প্রাণ-বিসর্জ্জন দিতে লাগিল। স্থলতান
এবং অভিজাতগণ ইহাদিগকে যথাসাধ্য সাহাষ্য করিয়াছিলেন।"

দেশে যথন ছর্ভিক্ষ নাই, খাছাশস্ত প্রচুর, তথনকার বাজারদর কিরূপ ইহাও উল্লেখ করা উচিত। যথন অনশন-পীড়ায় সহস্র সহস্র লোক। অকালে কালের গ্রাদে পতিত হইতেছে, তথনই গমের দর দের প্রতি ২১ পাই। হায়! হায়! ভারতভূমিকে কি সাধে কবিগণ. 'স্থজনা. মুফলা, শস্ত্রামলা' বলিয়া আখ্যা দিয়াছেন ? ধন্ত ভারতভূমি ৷ ধন্ত তাঁহার অক্ষয় শশুভাগুার!! আর একটা কথা এখানে বলা আবশুক। দে যুগ এখনকার স্থায় বৈজ্ঞানিক যুগ ছিল না। তখন ভারতবর্ষময় এরূপ রেল বত্মের বিস্তার হয় নাই। মুহুর্ত্তের মধ্যে, পলক প্রমাণ সময়ে অনিল-ক্রত-গামী বাষ্পীয়-শকট-মালা ভারতের এক প্রান্ত হইতে অন্ত প্রান্ত অবধি গতিবিধি করিতে আরম্ভ করে নাই। বিশ্বস্তম্ভিতকারী. বৈজ্ঞানিক শোক্হিতকর এ আবিষ্কার, ইংরাজ রাজত্বেরই কীর্ত্তিস্তম্ভ— তথন বিজ্ঞান মহিমা ভারতে অপরিজ্ঞাত,—ভারত কেন, বিজ্ঞান-প্রস্থৃতি ইউরোপ ভূমিতেও তাহার কল্পনা মাত্র কাহারও হৃদয়ে চকিতে চমাক্ত হইয়াছে কিনা সন্দেহ ৷ তাহা হইলে, তথনকার মত ভারতে হর্ভিক্ষে লোকের প্রাণ-হানি ঘটা অসম্ভব ছিল। সে যাহা হউক, ছর্ভিক্ষ ভিন্ন অন্ত সময়ের বাজার দরের বর্ণনা এইরূপ;—

('মাসালিক' গ্ৰন্থ হইতে গৃহীত)

"গম ৮/ • মণ, মোটা চাউল ॥/ • মণ। প • আনায় দেড় সের চিনি পাওয়া ঘাইত। ফিরোজ সাহের দীর্ঘ রাজত্বকালে কথনও ছডিক উপস্থিত হয় নাই। ভাল বংসরে গম। ১০ মণ পর্যাস্থ নামিত, অনার্ষ্টি হইলেও ৩০/০ আনার বেশী কথনও মণের দর চড়ে নাই। ২০ মণ গমের দর হওয়াতেই জালালউদ্দীন থিলিজীর আমলে ছর্ভিক্ষ হয়, আর ফিরোজ সাহের আমলে ৩০/০ দর উঠিতেও প্রজার কোন কন্ট হয় নাই। ইহাতে বোধ হয়, ফিরোজসাহের স্থব্যবস্থাগুণে প্রজাপ্ত্রের অবজ্বার অনেকটা উন্নতি হইয়াছিল। টমাদ্ একথানি হস্তলিখিত আফিক প্রণীত 'তাওয়ারিখে'র এক কোণে টিপ্রনীতে দেখিয়াছেন, "তথন মতের দর ছিল ১০ পাই সের দরে এবং চিনির দর ছিল ১০ পাই সের দরে এবং চিনির দর ছিল ১০ পাই সের দে

পাঠকগণ স্মরণ রাখিবেন, এই বাজার দর দিল্লা ও তৎপার্শ্ববর্ত্তী স্থানের। তাৎকালিক অমরাবতী সদৃশ দিল্লী নগরীতে বাজারদর অক্ত স্থানের অপেক্ষা খুবই উচ্চ ছিল, এরপ মনে করিতে হইবে। বর্ত্তমানের লগুন নগরী অপেক্ষা তথন দিল্লীতে কোন অংশেই অল্ল ঐশ্বর্যাশালী ভোগবিলাসী অভিজ্ঞাত, রাজপুরুষগণের অবস্থান ছিল না। এথন ভাবিয়া দেখুন, যে দিল্লীতে লোকসংখ্যা সহস্র সহস্র, অজ্ঞ বিলাস্তরক্ষের বিপুল উচ্ছ্বাস, সেই দিল্লীর বাজার দর যথন এইরূপ, তথন দ্র মকঃস্থলের কথা কিরূপ ছিল।!

পাঠান-সমাটগণ ছর্ভিক্ষ সময়ে প্রজার কিরূপ আনুকূল্য করিতেন; উক্ত প্রবন্ধে তাহারও স্থানর আভাস আছে। রাজর্ষি গিয়াসস্থানীন তোগলকের গুণধর বংশধর, মহম্মদ তোগলকের শাসন-কঠোরতা, নৃশংস-বাবহারের উল্লেখ ইতিহাসে দেখিতে পাওয়া যায়। পূর্ব্বে উল্লিখিত হইরাছে মহামনা গিয়াস্থানীন রাজস্বের হার 'দশমাংশ' নির্দ্ধারিত করেন। কিন্তু উপস্কুত্ব পিতার উপযুক্ত পূল্ল, জগতে অতি সৌভাগ্যের ফলেই ঘটে। কিন্তু স্থালান গিয়াসস্থানীন এ বিষয়ে ভাগাহানই ছিলেন।

সে যাহা হউক, এই মহম্মদ তোগলকেরও ছ্ত্রিক্ষ কালীন উদারতার কিরূপ পরিচয় পাওয়া যায়, প্রস্তাবিত প্রবন্ধের এই প্রদঙ্গ হইতে তাহা নির্দেশ করা যাইতেছে। তাহাতে লিখিত আছে:—

(মহম্মদ ভোগলকের সময়ে যে ছভিক্ষ উপস্থিত হয়) "সেই ঘোর ছদিনে সাদ্রাজ্যের নিয়ন্তা নিল্চেষ্ট ছিলেন না । মহম্মদ ভোগলকের ক্ষিপ্রতা, নিষ্টুরতা এবং সর্বগ্রাসিনী রাজম্বনীতির যতই কেন নিন্দা করি না, তাঁহার ছভিক্ষ নিবারণেছাগ সর্বাথা প্রশংসনীয় । মহম্মদ ভোগলক দিল্লীর ছভিক্ষ নিবারণের জন্ম রাজকীয় ভাগুরের শ্বার উন্মুক্ত করিয়া দিলেন । নগর ভরিয়া ছয় মাসের আহারায় বিতরিত হইল । উচ্চপদ্ম রাজপুরুষগণ এই বিতরণ কার্য্য পরিদর্শন করিলেন । ক্র্যিকার্য্যের প্রনক্ষ্যাবনের জন্ম রাজকোষ হইতে ঋণ দিতে লাগিলেন, কৃপ খনন করাইয়া দিলেন * * * * * * * । এ সম্বন্ধে বার্ণি লিখিয়াছেন—"ছই বৎসরের পতিত ভূমির আবাদ কার্য্য পরিদর্শনকারীদিগকে রাজকোষ হইতে সত্তর লক্ষ টাকা বাহির করিয়া দেওয়া হয়, কিন্তু ইহার শতাংশের অথবা সহস্রাংশের একাংশও ক্র্যিকার্য্যের উৎকর্ষ সাধনে নিয়োজিত হয় নাই।"

এক্লপ চিরকালই দেখা যায়, অন্তান্থ রাজপুরুষ ও কর্মচারিগণের দোষেই রাজ্য-নি না সমাট্গণের সহদেশ্য অনেকস্থলে সফল হয় না। ফলে, পরিণামে আবার যত অপকীর্ত্তির ভাগী স্বয়ং সমাট্। ফুদ্র কুদ্র উপ-রাজ, উপ-প্রভৃদিগের অত্যাচার উৎপীড়নের কল্যাণে অনেক রাজ্যাধিরাজ রাজচক্রবর্তীর পবিত্র নামে ছর্ম্মোচনীয় কলঙ্ক-কালিমার মুদ্রণ। নায়েব, কারকুন, সেহা-নবীশ, তহশীলদার, পাইক পেয়াদাগণের দোষে ছমিদারের ছুণাম। ইহা আজকাল বলিয়া নয়, সমাজের স্থাষ্ট অবধি

চিরকালই একরপ। হায় ! এইরপেই কত কত প্রাচীন নরপাল, নৃপতি-গণের অপকীর্ত্তি, অপবাদ কুষশ জগৎ-পৃষ্ঠে চির-ঘোষিত।

পাঠান-সমাট্ দিগের সাধারণ হিত-কর অমুষ্ঠান-নিকর প্রসঙ্গে উক্ত প্রবন্ধে লিখিত আছে:—

"অপ্রাদিক হইলেও সেকালের পথ-চলাচল সম্বন্ধ আমরা এখানেই ছই একটা কথা বলিব। পথের ধারে কিছু ব্যবধানের অন্তরে অন্তরেই আডা ছিল। প্রত্যেক আডায় একটা মদ্জিদ, পথিকগণের আবাদের জন্ত সরাই বা পান্থ নিবাস, জলাধার এবং আবশ্রকীয় দ্রব্যপূর্ণ বিপণি ছিল। আবহল কাদের বেদেয়নি লিখিয়াছেন, "সেরসাহের সময়ে প্রতি আভায় মুসলমানদিগকে জল দিবার জন্ত মুসলমান এবং হিলু পথিক-দিগকে জল দিবার জন্ত দিবার জন্ত হিল্।"

রাজরুঞ্ বাবু তাঁহার ক্লত 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থে মুসলমান-যুগের রাস্তা ঘাট ইত্যাদির এইরূপ বর্ণনা দিয়াছেন ;—

"যদিও অনেক নদ নদী থাকায় এদেশের বাণিজ্ঞা প্রধানতঃ জলপথে চলে, তথাপি বাণিজ্য কার্য্য ও গমনাগমনের স্থবিধার জন্ত মুসলমানদিগের সময়ে বড় বড় রাজবর্ম ছিল। ১৬৫০ খৃষ্টাব্দের একথানি মানচিত্রে (Vanden Broucke's Map) এই কয়েকটা প্রধান রাস্তা লক্ষিত হয়। (১) যে হুলে ভাগীরথী ও পদ্মা পৃথক্ হইয়াছে, পাটনা, মুঙ্গের ও রাজ্যহল দিয়া সেই হুল পর্যান্ত একটা রাস্তা আসিয়া ছইটা শাথায় বিভক্ত ইয়াছে; একটা মুক্সদাবাদ, পলালী, অগ্রছীপ, বর্দ্ধমান ও মেদিনীপুর দিয়া কটকাভিমুথে গিয়াছে। অপরটা পদ্মার দক্ষিণ ধার দিয়া ফাতাবাদ (ফরিদপুর) পর্যান্ত যাইয়া ঢাকার অভিমুথে গিয়াছে। (২) আর একটা রাস্তা বর্দ্ধমান হইতে বীরভূতমের মধ্য দিয়া কাশিমবাজার ইইয়া পদ্মার তার

পর্যান্ত গিয়াছে এবং নদী পার হইয়া রামপুর বোয়ালিয়ার অনতি-দূরবর্ত্তী হাজরাহাটী দিয়া করতোয়া-কূলস্ব ঘোড়াঘাট হইয়া ব্রহ্মপুত্রের অভিমুখে ধাবিত হইয়াছে। (৩) অপর একটী রাস্তা বর্দ্ধমান হইতে হুগলি, য়শোহর ভূষণা, ও ফাতাবাদ দিয়া পদ্মাপার হইয়া ধলেশ্বরী ও লথিয়ার সঙ্গম স্থল পর্যান্ত গিয়াছে। (৪) আর একটী রাস্তা ঢাকা হইতে বাহির হইয়া ধলেশ্বরী পার হইয়া পীরপুর দিয়া পাবনা-জেলার অন্তর্কাতী সাহাজ্ঞাদপুরের অভিমুখে গিয়াছে।"

এই গেল শুদ্ধ বাঙ্গালার রাস্তাসমূহের বর্ণনা। ভারতের অক্যান্ত ভাগেও বিস্তর রাজবন্ধ ছিল, দে সমুদারের বর্ণনা ইতিহাদে প্রকটিত থাকিলেও আমাদের হুর্ভাগ্যবশত: দেরপ কোন ইতিবৃত্ত-গ্রন্থ হস্তগত হয় নাই। উপরে রাস্তার বিবরণ দেওমা গেল, তাংগদের এক একটীর বিস্তৃতি-বিবেচনা করিলেও নিতান্ত আশ্চর্য্যান্থিত হইতে হয়।

এই উনবিংশ, বিংশ শতাকাতেও সেরসাহের প্রসিদ্ধ-রাজামুষ্ঠান
"গ্রেট ট্রাঙ্ক রোড," মুসলমান রাজত্বের অক্ষমকীর্তিস্তম্ভ স্বরূপ বিভ্যান।
সর্ব্যাবধ্বং দিকাল এখনও তাহার বিলয় সম্পাদন করিতে পারে নাই।
এই ইংরেজ রাজত্বগুণেও তাহার অমুরূপ বিস্তৃত সর্বালস্থানর রাজব্ব্যুপ্রস্ত হয় নাই।

আমরা 'ভারতী'র যে প্রবন্ধ আশ্রয় করিয়া পাঠান-সামাজ্যের অনেক বিষয় লিপিবদ্ধ করিয়াছি, তাহারই একস্থানে লিখিত আছে ;—

"সম্রাট্ ফিরোজসাই গিয়াস উদ্দিন তোগলকের বিধি পুনকজীবন করেন। তিনি দশমাংশ "থিরাজের" হার নির্দিষ্ট করেন। কিন্তু ক্র্যি বিভাগে ফিরোজসাহের অক্ষয়-কার্ত্তি, যমুনা এবং শতক্র হইতে থনিত-পয়ঃপ্রণাণীষয়। তিনি নবপ্রতিষ্ঠিত হিগার ফিরোজা সহরে এইটা নদী ইইতে হুইটী পথঃ প্রণালী খনন করিয়া জল আনগন করেন, একটী যমুনা ইইতে, অপরটী শতক্র ইইতে। উভয় পয়ঃপ্রণালীই খনিত ইইয়া কর্ণালের নিকট দিয়া আদে এবং অনীতি ক্রোশ দৈর্ঘ্য ব্যাপিয়া প্রবাহিত ইইয়া নগরে এক খাতে জ্লধারা ঢালিয়া দেয়। এ সহদ্ধে চ্মান্ লিথিয়াছেন;—

্প্রথমোক্ত (ষমুনা) শাখা কিয়দংশে পরিবর্ত্তিত আকারে, আজ এই উনবিংশ শতাব্দীতেও প্রাচীন তারমেশের ছই শত মাইল ব্যাপিয়া ব্রিটিশ প্রজাগণকে জল দান করিতেছে। আজও রুপার অবধি সিরহিন্দ পর্যান্ত শতক্র শাখার চিহ্ন পরিলক্ষিত হয়।"

উক্ত প্রবন্ধ হইতে আমাদের আর একটা মাত্র বিষয় আলোচা। সে বিষয়, 'জিজিয়া' কর। এই জিজিয়া কর মুসলমান রাজত্বের একটা ঘোর কলঙ্করপে পরিগণিত।

"পাঠান-সাম্রাজ্যের পুরার্ত্তকারগণের মধ্যে আফিক জিজিয়া কর সম্বন্ধে করেকটা কথা বলিয়াছেন। তিনি বলিয়াছেন দিল্লীতে তিন প্রকার জিজিয়ার হার প্রচলিত ছিল। "প্রথম শ্রেণী ৪০১, দ্বিতীয় ২০১ এবং তৃতীয় শ্রেণী ১০১।" অবস্থাভেদে এই হারে প্রত্যেক ব্যক্তির জন্ম জিজিয়া প্রদান করিতে হইত। পল্লীগ্রামে কিরূপ হার প্রচলিত ছিল সে সম্বন্ধে আফিক কোন কথাই বলেন নাই। জিজিয়া করের ইতিনৃত্তে দ্বিতীয় যুগ, মোগল সমাট আকবর কর্তৃক জিজিয়া রহিত করণ। এই সম্পর্কে আবুলফজল 'আইন-ই-আকবারি' গ্রন্থে লিখিয়াছেন, দ্বিতীয় থালিফা ওমার "অবস্থাপন্ন লোকের জন্ম ৪৮ দিরহাম (অর্থাৎ ৬১) হারে, মধাবিত্তের জন্ম ২৪ দিরহাম (অর্থাৎ ০১) হারে, এবং নিম্নশ্রেণীর জন্ম ১২ দিরহাম (অর্থাৎ ১৪০) হারে জিজিয়া কর নির্দিষ্ট করেন। এতদ্বারা অনুমান হয়,

আক্রবর যথন জিজিয়া কর তুলিয়া দেন, তথন ওমার-নিক্পিত হারই হিন্দুসানে প্রচলিত ছিল। জিলার ইতিবৃদ্ধে ততার স্থা, আ ওর**গজে**ব যথন উহা পুনঃ স্থাপন করেন। আ ওরঞ্চরের দক্ষেত্রে প্রকারের জিজিয় করেন, ১০॥০ হারে এবং সর্বনিয়, ৩।০ হারে। এখন প্রাণ্ন এই, হার যেরপেই হউক, জিজিয়া কি প্রত্যেক হিন্দু প্রিবারের আবলে বৃদ্ধ বনিতা প্রত্যেক ব্যক্তির জন্ম প্রদান করিতে হইত সুইহা কি ব্রথায়ই মাথা-প্রতি করণু যদি তাই হয়, তাহা হইলে দৃষ্টাস্তম্বরূপ একটা দারস কুষকের পরিবারে ক্লয়ক স্বয়ং, স্ত্রী এবং হুটা শিশু সন্তান শইয়া চারিটা লোক ধরিয়া লইলে, এই সামাত্র পশিবারের জত্য ওমারের হারেও বেচারীকে বার্ষিক ৬, দিতে হইত। দেকাগে ৬, টাকায় বার মণ চাউল পাওয়া যাইত। আমার বিশ্বাস, এক্স হারে জ্বিজিয়া প্রদান করিতে গেলে হিন্ জাতিউচ্ছন যাইত। "প্রতি ব্যক্তি" অর্থে প্রতি পরিবারের প্রবান ব্যক্তি ধরিয়া লওয়া যায় না কি ? স্মামি এ প্রশ্নের মামাংসার ভার পাঠক-গণের উপর অর্পণ করিলাম।"

প্রবন্ধকর্ত্তা ইহার কিছু পরেই উল্লেখ করিয়াছেন যে, চতুদ্ধশ শতান্দীর মধ্যভাগ প্রযান্ত ব্রাহ্মণগণ জিজিয়া-মুক্ত ছিলেন।

আমরাও এইস্থানে জিজিয়া স্থন্ধে সামান্ত কিছু বলিতে ইচ্ছা করি। উপরে 'আইন-ই-আকবাার গ্রন্তে থালিফা ওমার নিদ্ধারিত জিজিয়াব যে হার দৃষ্ট হয়, তাহাতেও স্পষ্ট এরূপ কিছু বুঝা যায় না যে, প্রত্যেক ব্যক্তিকেই সেই কর দিতে ২ইত।

ইহা ভিন্ন পল্লাগ্রামের জিজিয়া সম্বন্ধে আফিক কিছু লিখেন নাই। ইহাতেও পল্লী সম্পর্কে স্পষ্ট কিছু বুঝা গেল না। দিল্লী নগরী তথন কিবাপ স্থান ছিল, সকলেই জানেন। উহা মর্ভোব অমরাপরী, ইহা বলিলেও অত্যক্তি স্কবেনা। একপ অবলায় দিলীর হার উক তইবারই কথা। মকঃবলে জিজিয়ার প্রভাব পাকিলেও হাহা আও সানাস্য ছিল, এবং হাবিও অতি নিয়। এরপ অমনান কোন ক্রমেও অসমত নয়। মুসলমান-রাজহকালে রাজস্ব-সম্বন্ধে অনেক সময়েই আদায়েব বেলা কিজিবি গরু কেতাবে আছে, গোহালে নাই" এইরপেই ঘটিত। দিলীব স্নাটগণ, অনেক সময়ে জমিদার তালুকদার প্রভৃতিব ব্রেম্ব-প্রদান-বৈশিপলো তাজ্ক বিরক্ত হইয়া, বৎসরকে বৎস্বেব র্জেম্ব মাপ করিয়া দিতেন। এরপ গল্প অনেকই শুনা যায়। সে বব গল্প একেবারে ভিত্তিনি তইলে তাহা কথনই প্রচলিত পাকিত না। জনক্তিই বঙ্গ-দেশে প্রচান যুগেব ইতিহাস স্থানীয়।

পরনেশ্বরের আশাবাদে এইয়ুগে বঙ্গলাবার এই একখানি বাঙ্গালার ইতিহাস রচিত হইণাছে। তন্মগো প্রাণান উল্লেখনোর, মৃত মহাত্মার রাজরুক্ষ মুখেপোধায়ের "প্রথমশিক্ষা বাহ্যানার ইতিহাস।" সাহিত্য মহারণা, বরেণা বাজাধিরাজ বাজচক্রবর্ত্তী ব্যাহ্ম বারু, এই ইতিহাস সম্বন্ধে যে মতামত প্রকাশ করিয়াজেন, তাহার উদ্ধার অপ্রায়াজিক হইলেও করে করেলে নে প্রায়াজ বার্তিন বিশ্ব করিয়াজেন বার্তিন বিশ্ব করিছেন বার্তিন বিশ্ব করিছেন বার্তিন করিছেন। যে দাতা মনে করিলে আদ্ধেক রাজ্য, এক রাজ্যক্তা দান করিতে পারে, সে মৃষ্টিভিক্ষা দিয়া ভিক্তক্তে বিদাধ করিয়াছে। মৃষ্টিভিক্ষা হউক কিন্তু স্থাবান্মুটি! ক

কেবল বালক নহে, অনেক বৃদ্ধ ইহাতে শিক্ষাপ্রাপ্ত ইইতে পারেন।
যাঁহারা বালা-পাঠ্য পুস্তক বলিয়া লগা করিয়া ইহা পড়িবেন না, তাঁহাদিগের জন্ম. এই ক্ষুদ্র গ্রন্থগানিকে উপলক্ষ্য করিয়া আমরা বাঙ্গালার
ইরিহাস সন্ধন্ধ শুটীকত কথা বলিব। সকলই অধ্যয়নীয়-তত্ত্ব ইহাতে
পাপ্তয়া যায় বলিয়া আমবা এ ক্ষুদ্র গ্রন্থে বিস্তারিত সমালোচনায় প্রস্তুত্ব,
নচেৎ বাল-পাঠ্য পুস্তক আমরা সমালোচনা করি না।" আমরা পূর্বের
যাহা যাহা আলোচনা করিয়াছি, তাহা সমগ্র ভারতবর্ষ-সহন্দে। তাহাতে
বাঙ্গালা দেশের ইভিত্তপংক্রাপ্ত অতি অল কথারই আলোচনার অবসর
ঘটিয়াছে। এইক্ষণে এই ক্ষুদ্র ইতিহাস খানি অবলম্বন করিয়া আমরা
তৎপ্রসঙ্গে কিঞ্ছিৎ বক্তব্য প্রকাশ কবিতে ইন্ডা করি।

এই ক্ষ্প এতে ৰাঙ্গালার ষাট্জনের ও অধিক স্থবাদারের উল্লেখ দেখা যায়। সকলেই জ্ঞাত আছেন, একাল সেকাল চিরকালই বঞ্চলেশ, সাক্ষাৎ সম্বন্ধে দিলার সমাটগণ-নিয়োজিত স্থবেদারকতৃকই শাসিত হইত। স্বেদারেরা সমাটের প্রতিনিধি। তাহাদের উপাধি ছিল, নবাব। বাঙ্গালা দেশের শাসনকার্যোর সাহত সমাটদিগের সম্বন্ধ অতি অলই ছিল। তাহারা মাত্র রাজস্ব-ভোগী ছিলেন। এই নবাবেরা স্বায় অধিকার মধ্যে সর্ব্বিয়-কর্ত্তা ছিলেন। এমনকি, অনেকে মুথে দিল্লীর প্রভূত্ব স্বাকার করিলেও কার্যো স্বাধীন বথেচ্ছাচরণ করিতেন। অনেক সময়ে রাজস্ব পর্যান্ত বন্ধ করিয়া দিতেন। সমাগণেরপক্ষেও স্থবেদারগণের এন্ধ যথেচ্ছেচারিতা, অবাধ্যতা অল অন্থবিধা, সামান্ত বিভ্যান, তুল্ভ অশান্তির বিষয় ছিল না। যাহা হউক মুশিদ কুলিগার সময় হইতে শেষ পর্যান্ত মুশিদাবাদই বাঞ্চালাৰ রাজধানী থাকিয়া যায়। এই প্রস্থাবিত ক্ষুদ্র ক্রিয়ান্ব সহত্ব ক্রিই সমত ন্যান্ধিগের শাসন কালীন স্থাত সুশ ক্রিয়া

ণিপিবদ্ধ আছে। কিন্তু পাঠকগণ এই ইতিহাসে দেখিবেন, স্থবেদারগণের মধ্যে অতি অল্পসংগ্যকেরট অত্যাচার-প্রাণতার উল্লেখ আছে। সত্য বটে. সায়েস্তার্থা কি সেরাজ-উদ্দোলা প্রমুথ ছাই একজন নবাবের প্রজাপীড়ন অত্যাচারের কথা এদেশে প্রচলিত আছে। কিন্তু এই ইতিহাসে কোথাও সেরপ বীভংস নুশংস্তার হৃণাক্ষর আভাস দেখা যায় না। আমাদের বিশ্বাস, তাঁহাদের চরিত্রে তারোপিত কলম্ব-কথা, গল্ল-মাত্র। তাহার ভিত্তি যদি কিছু থাকে, তবে তাহা অলস জন্ধনা-প্রিয় ব্যক্তিগণের কল্পিত। সতোর স্হিত সহয় ভাগার অতি অল। মহাম্তি ইংরেজেরা সেরাজ-উদ্দৌলার চরিত্রে যে সমস্ত অমামুষিক মুশংসতা, পৈশাচিক ছম্প্রাক্তর কলম্ব আরোপিত করিরাছেন, তাহা যে অতিরঞ্জিত সে বিষয়ে আর সন্দেহ থাকিতে পারেনা। মোসেম-সমাজ-স্থলদ পুণাাত্মা, খ্যাতনামা অক্রকুমার মৈত্র মহাশর, তাঁহার প্রাণিদ্ধ "সেরাজ-উদ্দৌলা" গ্রন্থে হত-ভাগ্য নবাবের কলল্প-দ্যিত চ্রিত্রকে চির্কল্ম্ব-রাছ-গ্রাস হইতে অনেক পরিসাণেট মুক্ত করিয়াছেন। পরমেশ্বর তাঁহাকে দীর্ঘায়ু করুন। স্বর্গীয় শাস্তিচ্ছায়া তাঁহার সংসার-যন্ত্রণা-দগ্ধ মস্তকোপরি নিরস্তর পতিত হউক। তাহার গ্রন্থপ্রক্ত যুক্তি অতি অকাট্য, প্রমাণ অতি মৌলিক অথণ্ডনীয়।

উক্ত গ্রন্থ থানি অক্ষর বাবুর অক্ষর কাতি। পৃথিবার ক্ষণ-প্রবাসী তাঁহার মরদেহান্তেও তাঁহাকে একমাত্র সেই কীত্তিই জগতে চির্ম্মরণাণ করিরা রাথিবে;—"কীতির্যন্ত সজীবতি"। পুত্রক থানি তাঁহার বহু পুণা-মর গবে ার ফল। সেরাজ-উদ্দৌলার চরিত্রে যে কলস্ক-কালিমা তেতকাল পামাণ-রেথার ন্তায় অহিতে ছিল, যাহা সহজে মুছিয়া ঘাইবে, এমন ধরিণাও বহু কাহারও ছিল না, সেই তুদ্ধোহনীয় কলস্ক-মন্তর এক প্রকাব ক্ষাক্ত হুইয়ণ্ডে। বহু স্কায় ব্যব্য বহু কাহার প্রকাশ

তিনি সত্য সতাই ইতভাগ্য মুসলমান সমাজের অক্ষয় স্থলদ,—প্রিয় প্রণয়-ভাজন,—প্রাণের সগা! তিনি, গ্রহ-বৈপ্তণ্যে অধঃপতিত মুসলমান সমাজকে বে ঋণ-জালে জড়িত কবিয়াছেন, তাহার ইইকালিক কোন প্রতিদান নাই,—বে ঋণের পরিশোধ ২ওয়া এ জগতে সম্ভাবিত নয়!

ইহা স্বাকার্য্য, অস্তান্ত নবাবদিগের অপেকা সেরাজ-উদ্দোলা কিঞ্চিৎ যথেজাচারিতার লক্ষণ দেখাইয়াছিলেন। তিনি যে অনেকটা সাধীন-প্রবৃত্তি, মণেজ্ঞাচারী হইবেন, হহারও মধেষ্ট কারণ ছিল। অনেকই জানেন, তিনি বঙ্গেব প্রাসিদ্ধ লোক-প্রিয় নবাব আলিবলীখাঁর দৌহিতা। আলিবদার্থা পুত্রাধিক স্নেহে আবৈশব তাঁহাকে প্রতিপালন করেন। বুদ্ধ নবাব অপুত্রক ছিলেন। সেরাজ উদ্দৌলাই তাঁধার একমাত্র দৌহিত্র, প্রিয়ত্মা কন্তার সন্তান। আলিবদাখা সেরাজ-উদ্দোলাকে পুত্র-সম্ভাবনা-হীন বার্দ্ধকোর মোহে যথেষ্ট প্রশ্রম দিতেন। এই বার্দ্ধকোর মোহ, এই সর্বনাশক প্রশ্রাই ২তভাগ্য সেরাজ-উদ্দৌলার কাল। প্রায়ই দেখা যায়, এরূপ প্রশ্রের বড ঘরের সন্তান মাত্রই বিগড়িয়া যায়। সেরাজ-উদ্দৌলার পক্ষে সেরূপ হওয়া কোন ক্রমেই আশ্চর্য্যের বিষয় নয়। যে আলিবদ্দীণা অতি স্বাদ্দা, বিবেচক, বিচক্ষণ ব্যক্তি ছিলেন, তিনিও তাঁহার এ মোহের বিষময় ফল ভাবিয়াও ভাবেন নাই। এই আলিবদ্ধী-খার আমলেই বঙ্গদেশে মহামাবী সদৃশ বর্গীর উপদ্রব ঘটে। তিনি যেরূপ দূরদর্শিতা, সত্কতা স্থাক্ষতার সহিত সেই উপদূব-শান্তি করেন, ইতিহাস পাঠকমাত্রই তাহা অবগত আছেন। কিন্তু মাতুৰ যতই বৃদ্ধিমান, জ্ঞানী, বিচক্ষণ হউক না কেন, মানুষ চিরকালই মানুষবই আর কিছু নয়। মান্তবের মত্ট বিজ্ঞা-বন্ধির গৌৰৰ থাকুক, মত্ট না কেন জ্ঞান বিবোনাৰ প্ৰাতি : উক, সাল্লয় ভবিষ্য অন্ধ, সাল্লয়, প্ৰদেশদে **ভ্ৰমের দাস**া

এ সন্তব্ধে আলিবর্দীখাঁকে শতমুখে নিন্দাবাদ না করিয়া পারা যায় না। সেরাজ-উদ্দৌলার যত না দোষ, তাঁহার শৈশবের শিক্ষার দোষ ততোধিক। সত্য বটে, সেরাজ আলিবদ্দীখার আলালের তুলাল, অদ্ধের ষষ্টি, হৃদয়ের মণি, নয়নের পুত্রলী, প্রাণের অধিক প্রাণ, প্রিয়ভাজন ছিলেন: কিন্তু তাই বলিয়া তিনি যে বার্দ্ধক্যের বাৎস্ল্যাবেশে, স্লেহের আবেশে, মোহের প্রাবল্যে, সেরাজের ভবিষ্যজীবন এমন কলঙ্ক-ময় সঙ্কট-সঙ্কুল করিবেন, ইহা কোন ক্রমেই বুদ্ধিম তার কার্য্য বলিয়া স্বীকার কবা যাইতে পারে না। তা ষ্তুই কেন তাঁহার অন্তকুলে যুক্তির অবতারণা করা যায় না কেন। তবে মানুষের ত্র্বলতা নিতান্ত স্বাভাবিক। মানুষমাত্রই স্লেহের দাস, ज्ञापत व्यथीन, त्मारहत विषकार,--मायूर्य ভविषाए-क्षान, त्मवे ता पृत-দর্শিতা কোন ক্রমেই সম্ভবে না। অপূর্ণতা, মনুষ্য-চরিত্রের চির-কলম্ব। এ কলম্ব হইতে মাতুষ নাম-ধারী জীবের কিছুতেই নিস্তার নাই। আলিবদ্ধী খাঁও তাই তাঁহার মোহ-জনিত ভবিষ্যৎ অমঙ্গল পরিণাম বিষময় ফল, মামুষের উচিত ভ্রমবশতঃ হৃদয়ে কখনও ধারণা করিতে পারিয়াছেন বলিয়া বোধ হয় না। তাহা হইলে সেরাজের পরিণাম কখনই সেরপ হইতে পারিত না। আবার তাই বা বলি কেন ? দৈব-লজ্মনে.— তুর্নিবার নিয়তি খণ্ডনে, মান্তবের কি অবিকার আছে ? মান্তব দৈবাধীন.— নিয়তির দাস। ভবিতবা অবশুই ঘটিবে। তাহা এডাইবার সাধা মানুষের নাই। বিধি-লিপির ভবিতব্যতা সর্কাময়-জগৎ-নিয়স্তার সম্পূর্ণ ইচ্ছাধীন। সে বিষয়ে তিনি মানুষকে কোন অধিকার দেন নাই। তাহা হইলে স্বল্লমতা, ভুচ্চজ্ঞান-বুদ্ধি-গর্মিত মনুষা, এত দিনে তাঁংাকে জৈলোকোর একাধিপত্যাধিকার হুইতে বিচাত করিয়া দিত। সে লালা-12/78 de 11 5 1 1

্দ যাহা হউক, দেরাজ-উদ্দৌলা যথন মুশিদাবাদের মসনদে আরোহণ করেন, তথন তাঁহার বয়দ বিংশতি বংগরও পূর্ণ হয় নাই। তথন উভার নধান যৌবন সময়। দৌবন বড় বিষময় কাল। এই কালে মান্তবের অন্তত্তল-নিহিত পাশ্বরতির প্রবল-উত্তেজনা। এ সময়ে সেইরূপ প্রাক্তান, সংশিক্ষার সংযমভ্যাস না থাকিলে, যুবক্মাত্রই বিপথ গামী হয়। মানুহ আর পশুতে পার্যকারড়ই কম। মানুষ পশুর এক ধাপ মার উপরে। অপ্রিত্র প্রত্তত, পৈশাচিক-প্রবৃত্তিতে, মান্তবের পদখলন ১০তে বছ কাল-বিলম্ব হয় না। তাহাতে আবার পাপের ্মাহিনী শক্তি অতিব প্রবলা। পাপের প্রলোভন সংবরণ করা, উদ্দাম ट्योबन-मन-मञ्ज अत्मक यनत्कत्र शक्क्षेट कःमोधा। তाই द्योवत्न मास्नुय মাত্রেরই কিছু না কিছু কলঙ্ক সঞ্জর না হইয়াই যার না। এমনও অনেক আছেন.—দেরপ লোকের সংখ্যা যে সমাজে বড় কম, তাও নয়, খাঁহারা বৌবনাতীতে.—চল্লিশ পারে, 'বকোধার্ম্মিক' পরম সাধু সন্ন্যাসীব মোহন বেশ ধারণ করেন। ধর্মের বহির্ঘটা, লোক-দেখানো ভাগ चाज्यत, इन-ठा उत्ती ३ उँ। हात्मत्र मत्या गत्यष्टे थात्क। चात्मत्व इत्स्टे জপমালা, গাত্তে নামাবলী, কটিতটে কৌপীন, ললাট-ফলকে চন্দন তিলক ফোঁটারও বিষম ঘটা। ছুই একটী জটাও মন্তকে শোভা পায়। কিন্তু তাই বলিয়া কি এরপ মনে করিতে হইবে, তাঁহাবা আজন্ম সংধু, চির জ্ব-চারী ? তাতা কথনই নয়। করঙ্গকমগুল-দণ্ডধারী যোগী ঋষি ছদ্মবেশী লোকের অভাব কলিতে বড় বেশী নাই। কভ কত সাধু সন্নাসী নিত্য নিত্য আমাদের নয়ন-গোচরে পতিত হন ;—এথানে সেগানে তাঁহাবা তকতল আশ্রম করিয়া থাকেন ;—বোধ হয় না ্ব, তাঁথানের ভোগবাসনা, বিষয় স্প্রা কিছু আছে। সাক্ষাং সম্প্রে

তাঁহারা নিভান্ত সাধু; পরম-বোগী। ভোগ-বাসনা, বিষয়-লালসা ত্যাগ ক্রিয়া, সংসার হইতে সম্বন্ধ বিচ্ছিন্ন ক্রিয়া, তাঁধারা নিশ্চয়ই যেন একমাত্র ধর্ম-সাধনে ব্রতী হইয়াছেন। কিন্তু বলিতে কি, যদি ভালরূপ সন্ধান করা যায়, তবে দেখা ঘাইবে, তাঁখারা অনেকেই বঙ্কিন বাবর 'কনলাকান্ত দপ্তরের' 'দামুঘোষ'। অনেকে আবার কি: শতকরা নব নবতিজনট সেরপ দাধু সন্নাদীর ভেক লইয়াছেন। হরত এখনও অনেকেরট ফণাচক্র আছে, কিন্তু তাহা বড় টের পাওয়া যায় না। ফোঁন্ও চের আছে. কিন্তু তাহা জানিবার বড় সাধ্য নাই। তাঁহাদের আয়-গোপনের যে সব বহির্বিরণ আছে, তাহা ভেদ কবিলা অন্তরের মানুব্টিকে স্থরূপে চিনিতে পারিবার ক্ষমতা কয় জনের আছে ? মোটের উপর, প্রেটির দশায় অনেকেরই যৌবনের গুর্মান, তৃষ্যা পিপাসার শান্তি হইয়া তাঁহারা **জীবনের পরিবর্ত্তনের পথে অগ্রদর হন।** কিন্তু বলিতে কি, যদি তাহাদের मर्सा नकरनहें कीवरनत कठीं जीवनकाहिनी क्रांगाबंध कृत्य शान করেন, তাহা হইলে নিশ্চরই অন্তরে অন্তরে বিষম লজ্জিত ও অধােমুখ ब्हेरवन, मर्ल्ड नाहे।

যৌবনের কথা অনেকেরই এইরপ। তবে তাহা বড়ই গোপনের বধর,—শতকরা নিরনকাই জন সদ্ধান্ধ তাহাদের ফোবন কাহিনী অপরের বড় কিছু জানা থাকে না। তবে নিজ নিজ অতাত-স্মৃতি-দর্পণে অস্পষ্ট আতাদের স্থায় সে সব প্রাত্তকলিত থাকে। সময়ে সময়ে তাহা চকিতে ফুটিয়া ওঠে, কিন্তু আবার ক্ষণিক চপণাচমকের স্থায় মিলাইয়া যায়। কিন্তু স্বন্ধরাজ্যের কথা অনেকস্থলেই বড় গোপনের। ক্রতিৎ ছুই একজন হতভাগ্যের কলস্ক-দূবিত যৌবনকাহিনী জগতে প্রচারিত হর। বড় ঘ্রের কথা প্রায়ই লুকান থাকে। তবে যেটা আবার প্রকাশ পায়,

াহা বড়ই সাংঘাতিক মূর্ত্তিধারণ করে,—প্রায়শঃ তিলে তাল হইয়া সেই এক প্রকার হয়! কাহিনী-কর্ত্তাদিগের উর্বার মন্তিক্ষের কল্পনায়, শিল্প গাড়ুর্যোর টানা বোনায় তাহা বীভৎস বিভাষিকাময় হয়।

সেরাজ-উদ্দোলা সম্বন্ধ সেইরূপ ছই একটা কলক-কাহিনী এদেশে প্রচলিত আছে। কিন্তু তাহা কত্দুর সতা, ইতিহাসের জটিলতা ভেদ করিয়া জানিবার সাধা নাই। তবে মন্তবোর স্বভাবে, প্রবৃত্তির তাড়নায়, :যাবনের উত্তেজনায়, পাপের কুহকে মানব-চরিত্রে কলক্ক-পঙ্কিলতার পর্শ হওয়া কোনক্রমেই অসম্ভব নয়। তাহাতে আবার সেরাজ-উদ্দৌলা াড় ঘরের সস্তান.—তৎকালীন বাঙ্গালার নবাবের প্রাণপ্রিয়তম দৌহিত্র। বাঙ্গালার নবাবদিগের ঐশ্বর্য্য সম্পদের তুলনা এথনও সহজে বড় মিলে না। তবে ইহা বিচিত্র নয় যে, সেই সেরাজ উদ্দৌলা অহোরহ: আশৈশব বিলাসবিনোদলহরীতে উৎক্ষিপ্ত নিক্ষিপ্ত হইয়া অনেকটা উচ্চ্ছুখাল হইয়া পড়িবেন। এদিকে আবার মাতামহের নিতান্ত আদরে তিনি কোনরূপ দংশিক্ষাশাভ করিতে পারেন নাই। ইহাও **তাঁহার এক পর্ম তর্ভাগ্যের** বিষয়। অক্তদিকে বড় ঘরের সস্তানদিগের কাল, তোষামোদ-প্রিয়, নীচাশয় মোসাহেবের দল। ইহারা প্রচ্ছনাম্বর্তনকেই জীবনের প্রমার্থ জ্ঞান করেন। প্রভুর অসক্ষত মতে মত দেওয়া, হয় কেনা, না কে হয় করা. জলকে নীচু বলাই ইহাদের সভ্যাদ। যেখানে প্রভুর নিরন্ধুশ প্রবৃত্তির প্রধূমিত বহ্নিতে ফূৎকার প্রয়োগে নিজ স্বার্থ-সিদ্ধির সন্তাবনা, সেথানে কেন তাঁহারা সেরপে না করিবেন ? নবোদ্দীপিত-উদাম-প্রবৃত্তি-ছর্দ্ধর নবীন প্রভুকে, ইঞ্চিতে ভঙ্গীতে প্রবৃত্তির পথে চালনা করাই তাঁহাদের निजाबुज। এ कथा निम्हिन य, मित्राक छिलीना स्वीवतनत्र चात्रस्थ অবশ্বই দেই প্রকার লক্ষীয় বর্ষাত্র, পরান্তপুষ্টগতি তোধামোদকীবিগণের

ছারা অষ্টপ্রহর পরিবেষ্টিত থাকিতেন। তাঁহাবা 'একে চায় জা.র পায়,'— তাহাদের পোয়াবার বই আর কি ?

কিন্তু যতই যাহা হউক, সেরাজ-উদ্দোলা যে যৌবন চাঞ্চল্যের প্রথম সময়ে মুর্শিনাবদের প্রভূষ লাভ করেন, একগা কে না বলিবেন? বথন তিনি সবেমাত্র বিশ বংসরের একজন সংসারানভিজ্ঞ বৃত্তক, তথনই তিনি মুর্শিনাবাদের নবানীপনে অধিষ্ঠিত হন। তিনি মাতামহের আদরে এতই কিছু আম্পর্কিত, উচ্চুজ্ঞাল হইয়া পড়িয়াছিলেন বে, এক সময়ে তিনি আলিবলা খাঁর বিরুদ্ধেও অস্ত্রধারণ করিয়াছিলেন। (রাজক্রফ বারুর বাঙ্গালার ইতিহাস)

যাহা হউক, তিনি নবাবীপদ প্রাপ্ত হইলেন। কিন্তু বত্ন-প্রসবিনী বঙ্গভূমির অতুল ধনৈশ্বর্যা, শ্রেষ্ঠ, পদগৌরব, বিপুল ভোগিলেনে তাহার ভাগো অধিক দিনের জন্ত ঘটে নাই। সেরপ তাঁহার নিয়তি ছিল না। অকমাৎ তাঁহার জীবনের লীলাক্ষেত্রে যবনিকাপাত হইল,—ঝটিতি তাঁহার জীবন রক্তমঞ্চের অভিনয় প্রসঙ্গের সাঙ্গ!! তিনি অল্প দিনমাত্র মানবের পরিবর্ত্তনশীল জীবনের পরিচর দিতে অবসর পাইয়াছিলেন। কে বলিতে পারে, তাঁহার জীবন-প্রোত পরিবর্ত্তনের পথে প্রধাবিত হইত না পর্যাব্যর সঙ্গের সঙ্গেই যৌবনের চাঞ্চল্য দূর হইতে দেখা যায়। মাত্র্য চিরকাল প্রবৃত্তির দাস থাকিতে পারে না। পরিবর্ত্তন-শীলতাই প্রকৃতির নিয়ম। এ জগতের কিনা পরিবর্ত্তন-প্রবণ প্রশিবর পর কৈশোর, কশোরের পর গৌবন, যৌবনের পর পরে প্রিট্রা দাস্থিত তারে কা তাইলাক, প্রেট্রালাক পরিবর্ত্তন নিয়ম। মাত্র্যর কিনা পরিবর্ত্তন প্রত্তির দাস্থাকিতে করে কিনা পরিবর্ত্তন প্রত্তির করি কো পরিবর্ত্তন লাই পর মাত্র্যর কিরকালই কি একই ভাবে কাটিয়া যায় প্রেণ্ডায় এরপ দেখিবার সন্ত্র্যবনা প্রেণ্ডানে বাহারা নির্দ্ধণ

প্রবৃত্তির উদ্দাম প্ররোচনায় স্থপথ ছাড়িয়া কুপথের পথিক হন, তাঁহারাই আবার প্রোচপ্রবীণ কালে পরম সাধু সন্ন্যামীর মতিগতি প্রাপ্ত হইর থাকেন। এরপ পরিবর্ত্তন জীবনের খরস্রোতে নিত্য ঘটনা। কাহারও সমভাবে জীবন কাটিয়া যায় না। বসস্তের পর দারুণ গ্রীম-জালা, বর্ষার নিরস্তর বর্ষণ, হেমন্তের কুত্মাটিকা, শীতের প্রবল শৈত্য, এ সবই পর্যায়ে একের পর এক ঘটতে থাকে। জীবনের গতিও এইরূপ। যৌবনের মলয়ানিল মধুর বহিয়া শেষ হয়,—বিবেকের অন্তর্টিপ্রনা কাহারও কাহারও হৃদয়ে দারুণ নিদাঘ আলার সঞ্চার করে। তারপর জীবনের নদীতে উৎসাহ উভাম, যৌবন প্রফল্লতা, ফল্ল-নিলনীদল-শোভা, সমস্ত বিষয়েই ভাটা পড়িতে আরম্ভ করে। প্রবৃত্তির নিরম্ভর সেবায় ও পিপাদা. দারুণ ত্যার নিবৃত্তি হয় না। বরং অগ্নি-নিক্ষিপ্ত ঘতাত্তির ভায় দিন দিন প্রবল হইয়া পড়ে। ভোগ-নিবাত্তর কোনই আশা থাকে না। জীবনের এমন এক সময় উপস্থিত হয়, যখন মাতুষ প্রবৃত্তির পথে হাটিতে হাটিতে খ্রুথের আর শেষ কোন আশ্রয় স্থান দেখিতে পায় না। বরং নিরস্তর কেবলই নৈরাঞ্জের বিভাষিকা, ভীষণ-মর্গ্র-মরীচিকা ভিন্ন অশু কিছুই আর দ্ষ্টিগোচর হয় না। যে স্থপ্ত, মায়াপটের ভাষে হঠাৎ সন্মুখে প্রতিভাত হয়, তাহার জন্ম প্রবন লালসা জন্মে, কিন্তু সে লালসাই মাত্র। মোহ-জাল-সমাচ্ছের হতভাগ্য মাতুষ তাহার জন্ম ছুটাছুটি করে, কিন্তু কেবল ছুটাছুটিই সার। অমুসন্ধানে কোনই কিছু মিলিবার নয়.— কোথায় সে মায়াপট, কোথায় বা কি,—কুহকার মোহবাজীর স্থায় যে স্ব স্থিয়া পড়ে। ফ্লমাত্র, হানয়ে দারুণ অন্তদাহ, ১। চতাশের মর্মা-জালা বাডে. দেহ অবসাদাক্রান্ত, নিতান্ত শ্রান্ত, মনও দেইরূপ মানিভারে বিষয়া যায়,— সে উৎসাহ, সে ক্ষৃতি, সে প্রাকুষ্ণতা কিছুই আর থাকে না।

এই প্রকারে হত-ভাগা প্রবৃত্তির পুত্রলী মানুষ জীব, আপনা হইতেই তাহা হইতে নিবৃত্ত হয়। প্রবৃত্তির ভোগ মাত্রেই কোন না কোন একটা সীমা আছে। সে সীমা-রেখার বাহিরে তাহার বড় একটা গতি বিধি হইতে দেখা যায় না। যে যৌবন উদ্ধাম প্রবৃত্তি-দাম, এককালে ঝঞ্চাবিক্ষুদ্ধ উচ্চ্ছিদিত সমুদ্ৰের স্থায় উত্তাশ উচ্ছালয়া উঠে, তাহাতে আবার ক্রমে মরা কোটাল, পরে সারাণি ভাটা পড়িতে দেখা যায়। মান্তবের জীবনে এরূপ পরিবর্ত্তন নিত্য-ঘটনা। ভোগ মাত্রেরই তৃষ্ণা-মান্দা আছে,—তাহা চিরকাণ নমভাবে প্রবল থাকা অসম্ভব। প্রবৃত্তির নিবত্তি, প্রকৃতির ছলজ্মনায় নিয়মের অধীন। প্রবৃত্তির সেবা করিয়া মানুষ কিছুতেই চির স্থা ২ইতে পারে না,—আত্ম হউক, কাল হউক, যে সময়েই হউক না কেন, তাং।তে বিভ্যা জিমাবেই জমিবে। প্রমেশ্বর ভোগমাত্রেরই পরিণামে বিষ মাথাইয়া দিয়াছেন :-তাহা আপাত মধুর. পরিণাম বিরস; —বিধেরই কম্ভ, মুথেমাত্র ক্ষার ।। আবার বিধির এমনই কিছ বিধান, পাপ করিয়া কাহারও প্রায়শ্চিত্তের হাতে নিস্তার নাই। অন্ত ঞ্চি না হউক, কোন না কোন সময়ে চিত্তদাহ উপস্থিত হইবেই হইবে। বিবেক প্রথম প্রথম মানুষের হন্ত্রে স্বপ্ত থাকুক, কোন কারণে না কোনও कांत्रत এक সময়ে জাগরিত হইবে,—অন্তর টিপ্পনী দিতে কথনই ভূলিবে না। ইহা ভিন্ন মাতুষ্যের শরীর অশেষ ব্যাধিমন্দির। পাপের প্রায়েশ্চিত ফলে. সে দেহ, নানা পীডার লীলা নিকেতন হইয়া পড়ে। তাহাতে প্রথম জীবনের উৎসাহ থাকে না.—অবসাদ গ্লানিভারে তাহা নিভাম্ভ বিরূপ চট্ট্রা যায়। জরাব্যাধির উপযুগপরি আক্রমণে শরীর ধৃদিয়া যায়, মন বসিয়া পড়ে। প্রকৃতির এ নিয়মের ব্যাভিচার নাই,—মানুষের দশা চিষকাল এক থাকিতে পারে না।

মানুব চিরকালই একই ভাবের ভাবী হইয়া স্থবী হইতে পারে না।
তাই পাপের অশ্রম ত্যাগ করিয়া মানুষ জীবনের কোন না কোন সময়ে
ধর্মের শাস্তি-স্থনীতল-ছোয়ায় আশ্রম গ্রহণ করিবার জন্ম ব্যাকৃশ হইয়া
পড়ে। এই প্রেকারেই জীবনের পরিবর্ত্তন ঘটে। সেরাজ-উদ্দোলা
প্রথম জাবনে উচ্চ্ছেখল হইতে পারেন, কিন্তু তাই বলিয়া কি চিরকালই
তাহার সেরপভাবে কাটিয়া যাওয়া সম্ভব ছিল ? মানুষের জীবনের ইতিহাসে এরূপ ঘটনা দেখা যায় না তাহার ভিন্ন ভিন্ন পরিছেদে ভিন্ন ভিন্নরূপ।
তবে পাঠক স্মরণ রাখিবেন, তাহার সম্বন্ধে যতটা শুনা যায়, ততটা নয়।
তিনি মন্দ লোক ছিলেন না। তবে তাঁহার ভাগ্যলিপি বড় মন্দ, তাহাতে
কলকের লাঞ্না লইয়াই তিনি পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছিলেন।

বাঙ্গালার অবস্থা সম্বন্ধে আমরা রাজ্কক বাবুর ইতিহাসালম্বন করিয়া এখানে সামান্ত কিছুমাত্র আলোচনা করিব। বিস্তৃত আলোচনার পণ এক প্রকার নিজেরাই বন্ধ করিয়াছি,—সেরাজ-উদ্দৌলা সম্বন্ধে অনেক কথাই অবাস্তর পড়িতে বাধ্য হইয়াছি। বলা বাহুল্য, উক্ত ইতিহাসের একোন চন্তারিংশ সংস্করণই আমাদের অবশ্বন।

এই সংস্করণের ৩০ পৃষ্ঠায় দেশের অবস্থার যেরূপ বর্ণনা আছে, তাহা বাহুলাভয়ে আমরা উদ্ধৃত কারতে পারিলাম না। দেখিবেন, সে সময়ে ধনিগণের অবস্থা কিরূপ ছিল। ধনিগণ উৎসব ভোজে স্থর্ণপাত্র ব্যবহার করিতেন। যিনি যত বহুমূল্য তৈজস বেলা দেখাইতে পারিতেন, তাহার তত গৌরব বৃদ্ধি হইত। এই প্রসঙ্গে তৎকালান বাঙ্গালার নানা স্থানের শিল্পবাণিজ্যের চরম-উৎকর্ষেণ ও বিশিষ্ট পরিচয় পাওয়া যায়। বাঙ্গালার জমিদার-দিগের বর্ণনা যেরূপ দেখিতে পাওয়া যায়, তাহাতে তাহাদিগকে রাজা বলিয়াই বোধ হয়। তাথাদের শৈহা ছিল, গড় ছিল, সবই ছিল। তাহারা যেন

এক এক জন শ্বতন্ত্র শ্বাধীন রাজার ঐশ্বর্য-ভোগে, নিজ অধিকারে সর্ক্ষময় কর্ত্তা ছিলেন। এই ইতিহাসের ইংরেজ রাজত্বের বিবরণ শেষে আধুনিক ক্ষমিদার ও মুসলমান যুগের জমিদারদিগের অবস্থার তুলনা আছে। তাহাও স্থানররূপে অনুধাবন করিবার যোগ্য। এই প্রস্তের ৫৯ পৃষ্ঠায় রাইয়ত দিগের যে অবস্থা প্রসঙ্গ আছে, তাহা আমরা উদ্ভ না করিয়া থাকিতে পারিলাম না। লিখিত আছে;—"মুসলমান শাসনকালে এ দেশের সাধারণ লোকদিগের মধ্যে ক্রমে মুসলমান এবং বৈষ্ণব ধর্মের বিস্তার হইয়াছিল।"

ইহার অতিরিক্ত তাহাদিগের অবস্থা সম্বন্ধে কোন কথাই স্থির করিয়া বলা যায় না। কিন্তু অনুমান হয় যে, তাহাদিগের অনাহার কট ছিল না। নবাব সায়েন্তাখাঁ এবং নরাব স্থজাউদ্দীনের সময়ে টাকায় আট দশ মণ করিয়া চাউল বিক্রয় হইয়াছিল। মুর্শিদ কুলিখাঁর আমলে টাকায় ৪ মণ চাউল ছিল এবং সাধারণতঃ বলিতে গেলে, তৎকালে খাছা দ্রবা মাত্রেই এখন অপেক্ষা অনেক পরিমাণে সন্তা ছিল। "আইন আকবরি" পাঠ করিয়া বোধ হয় যে, এতদ্দেশীয় প্রজাদিগের সঙ্গতিও কম ছিল না। উক্ত প্রস্থে লিখিত আছে, "বাঙ্গালার রাইয়তেবা অবাধ্য বা কর দিতে পরাশ্ব্য নহে। বৎসরের আট মাস দেয় অর্থ তাহারা কিন্তি বকিন্তী দিয়া থাকে। তাহারা আপনারাই নিন্দিই স্থানে রোপ্য এবং স্বর্ণমূদ্যা লইয়া আসে, শস্তা প্রদান রীতি নাই। শস্ত সর্ব্বদাই শস্তা।"

এই গ্রন্থের ৬০ পৃষ্ঠায় তৎকালীন বাণিজ্য-প্রসঙ্গ আছে। পাঠক দেখিবেন, তথন বাঙ্গালা দেশ হইতে কত কত দ্রব্য বিদেশে রপ্তানি হইত। বাঙ্গালার বাণিজ্যের অবস্থা এখন আর সেরপ নাই। এই প্রসঙ্গের এক স্থানে উক্ত পৃস্তকে শিখিত আছে;—"সম্রাট বা স্থবেদার নিজে ব্যবসায় করিতেন না। স্থলতান আজিমসশান (বাঙ্গালার স্মবেদারী আমলে) একবার কয়েকটা দ্রব্য একচেটিয়া করিতে গিয়া বাদ্দাহ আ ওরঙ্গজেব কর্ত্তক তিরস্কৃত হন।"

যে আওরঙ্গজেবের কলম্বকথা শুনিয়া শুনিয়া আমাদের কাল ঝালা পালা হইয়াছে, তিনি কি এই আরগঞেব ? বৃদ্ধিম বাবুর 'আওরঙ্গঞ্জেব' কি অন্ত আর এক ব্যক্তি গ

পাঠান রাজ্য যুগে বঙ্গেদশ্বাদিগণের মান্দিক উন্নতি, জ্ঞান-চচ্চা প্রসঙ্গে রাজক্লফ বাব লিখিয়াছেন,—"স্বাধান পাঠান ভূপতিদিগের সময়ে বাঙ্গালার সাহিত্যদর্শন ও ধর্মশাস্ত্রের যেরূপ উন্নতি হইয়াছিল. ভাহাতে বোধ হয় যে, তৎকালে হিন্দুগণ স্বথে স্বচ্ছন্দে থাকিয়া চিন্তা করিবার অবদর পাইয়াছিলেন। এই সময়েই বাঙ্গালার আদি কবি চণ্ডীদাস ও বিভাপতির আবিভাব। এই সময়েই ৰূপ সনাতন, অনেক সংস্ত গ্রন্থ রচনা করেন, এই সময়েই স্মার্ক্ত রঘুনন্দন, বঙ্গের আচার ব্যবহার বিধান করেন। এই সময়েই চৈতন্ত জাতি-ভেদ-বিলোপী ভক্তি-প্রধান বৈষ্ণব-ধর্ম প্রচার করেন এবং এই সময়েই রঘুনাথ শিরোমণি অলৌকিক বিচারশক্তির পরিচয় দিয়া স্থায়শান্ত্রে ভারতবর্ষ মধ্যে নবদ্বীপের প্রাধান্ত স্থাপন করেন।"

উল্লিখিত অংশে বঙ্গীয় মনাধি-কুল-তিলকগণের নামোলেথ করিয়া বক্কিম বাবু লিখিয়াছেন ;— "পঞ্চদশ ও ষোড়শ খ্রীষ্ট শতাকীর মধ্যেই ইঁহাদের সকলেরই আবির্ভাব। এই ছই শতাব্দীতে বাঙ্গালীর মানসিক জ্যোতিতে বাঙ্গালার যেরূপ মুগোচ্ছল হইয়াছিল, সেরূপ তংপুর্বের বা তৎপরে আর কথনও হয় নাই।"

এতং প্রদক্ষে বাবু তাঁহার প্রদিদ্ধ "বাঙ্গালার ইতিহাস" শীর্ষক প্রবন্ধে আরও লিথিয়াছেন ;—

"পরাধীন রাজ্যের যে ছ'দ্দশা ঘটে, স্বাধীন পাঠানদিগের রাজ্যে সে ছ'দ্দশা ঘটে নাই। রাজা ভিন্ন জাতায় হইলেই রাজ্যকে পরাধীন বলিতে পারা যায় না। সে সময়ের জমিদারদিগের থেরপ বর্ণনা দেখিতে পাওয়া যায়, তাহাতে তাঁহাদিগকেই রাজা বলিয়া বোধ হয়; তাঁহারা করদ ছিলেন মাত্র। পরাধীনতার একটা প্রধান ফল ইতিহাসে এই শুনা যায় যে, পরাধীন জাতির মানসিক ক্ষৃত্তি নিবিয়া যায়। পাঠান-শাসনকালে বাঙ্গালার মানসিক দীপ্তি অধিকতর উজ্জ্বল হইয়াছিল।'

ফলকথা, প্রাচীন রোমরাজ্যে রোমীয় নরপতি অগাষ্টের রাজ্ত্বকালে ষেরূপ ইটালীয়দিগের মানসিক প্রতিভার বিক্ষুরণ হইয়াছিল, বঙ্গদেশেও পাঠান-শাসনকালে সেইরূপই ঘটিয়াছিল। পাঠান-শাসনকাল, বাজাল দেশের পক্ষে সত্য সত্যই "অগষ্টান্ যুগ"।

আমাদের পূর্বালোচিত 'ভারতী'র প্রবন্ধে "হিন্দ্দিগের অবস্থা" প্রকরণের প্রথমভাগে লিখিত আছে,—"এ পর্যান্ত দেখিয়াছি, রাজপদে নিরোগ ব্যতীত অন্ত কোন বিষয়ে শাসন-কর্তারা হিন্দু মুসলমানে কোন প্রভেদ করিতেন না।"

এই গেল, পাঠান-শাসন যুগের কথা। কিন্তু মোগল-রাজস্বযুগে হিন্দুর রাজ-পদ প্রাপ্তির আর সেরপ কোন বাধা বিভাষান ছিল না। এই প্রসঙ্গে রাজক্ষ বাবুর 'বাঙ্গালার ইতিহাসে'র ৫৭ পৃষ্ঠার লিখিত আছে;—('হিন্দুদিগের রাজ-কর্ম প্রাপ্তি')

"মোগলদিগের শাসনকালে ছই জন হিন্দু বাঙ্গালার স্থবাদার হইয়া ছিলেন; রাজা তোড়লমল ও রাজা মানসিংহ। অস্তান্ত বড় কর্ম্মেও হিন্দ্রা নিযুক্ত হইতেন। যশোবস্ত রায় ঢাকার দে ওয়ান ছিলেন। আলমচাঁদ বালালার সহকারী দেওয়ান এবং মন্ত্রি-সভার সভা ভিলেন। জলং
শেঠ মন্ত্রি-সভার সভা ছিলেন। যখন সেরাজ-উদ্দোলা সিংহাসন চ্যুত্ত
হন, তখন রাজা মোহনলাল সেনাপতি, পূর্ণিয়ার শাসন-কর্ত্তা রাজা
রাম হল্ল ভ কোবাধ্যক্ষ, রাজা রামনারায়ণ পাটনার শাসন-কর্তা এবং
রাজারাম-রামসিংহ মেদিনীপুরের শাসন-কর্ত্তা।"

পাঠান-শাসন কালে যে হিন্দুগণ বড় বড় রাজকর্মে নিযুক্ত ২ইতে পারিতেন না, তাহার বিশেষ কারণ ছিল। তথন পাঠান-রাজ্পক্তি ভারতে তেমন বন্ধুশ হয় নাই। গৃহ-বিবাদ ও অস্তান্ত অন্তবিপ্লব ও বছিবিপ্লবের ভীষণ আতিশয়া ছিল। এমন কি ছিন্দু জমিদারগণকেও লাসনকর্ত্তারা বিশ্বাস করিতে পারিতেন না। অমিদারেরা অনেক সময়েই অবাধ্যতা প্রদর্শন করিতেন, এমনকি কোন কোন সময়ে প্রকাশ্তে বিদ্রোহী হইরা উঠিতেন। এরূপ অবস্থার, হিন্দুগণকে দায়িত্বপূর্ণ উচ্চ রাজকর্মে নিয়োগ করিতে সাহস কি ভর্মা পাওয়া, শাসনকর্জাদিগের পক্ষে অসম্ভব ছিল। শাসিতদিগের প্রতি বিশ্বাস না জন্মিলে, সেরূপ নিয়োগ কোন ক্রমেই শাসন-কর্ত্তপক্ষে নি:শঙ্ক নর। তাহাতে বিপদের আশঙ্কা পদে পদে,—নিযোক্তার সোয়ান্তি থাকিতে পারা কি সম্ভব 🕈 এমনকি, মোগল সমাটকুল-ভিলক মহামতি আকবরের স্থলাসনকালে वाकाना (नर्म य अंतिक 'वात्रज्र हेना' नामक कमिनात मुख्यनारात्र नाम শুনা যায়, তাঁহারাও অনেক সময়ে বিদ্যোহাচরণ কবিতেন। এই প্রসঞ্চে রাজক্ষ বাবু বলিয়াছেন, ('বাঙ্গালার ইতিহান' ৫৫-৫৬ পুঠা, "জমিদার-দিগের দেওয়ানী ফৌজদারী ছই প্রকার ক্ষমতাই ছিল। তাঁহাদিগের रेनक हिन, गए हिन, विठातानम हिन। छात्रामा अकानिराम निकछ

থাজানা আদার করিতেন; এবং স্থবাদার পরাক্রান্ত হইলে তাঁহার সমীপে দের রাজস্ব প্রেরণ করিতেন। অনেক সময়ে বল প্রয়োগ না করিলে তাঁহাদিগের কাছে রাজস্ব সংগ্রহ হইত না। কখন কথন তাঁহারা এরূপ বিস্তোহ ভাব প্রদর্শন করিতেন যে, স্থবাদার তাঁহাদিগকে রণে পরাভূত ও পদচ্যুত করিছে বাধ্য হইতেন। কিন্তু সাধারণতঃ তাঁহাদিগের বিষয়ের উত্তরাধিকার সম্বন্ধে কোন মুসলমান শাসন-কর্তা কোন প্রকার বাধা দিতেন না।"

পাঠক দেখিলেন, আকবরের রাজত্বকালেও হিন্দু জমিদারগণের আচরণ এইরূপ ছিল। এই সমধে মুদলমান-রাজকীয়-শক্তি স্তর্প্রতিষ্ঠিত, মোগল সমাটগণ দোদিও প্রতাপশালী। তাঁহাদের হাঁক ডাক জাঁক পাঠান-সম্রাটদিগের অপেক্ষা অনেক বেশী। ইহাতে অনুমান হয়, হিন্দু জমিদার কি অন্ত ধনী-সম্প্রাণায় পাঠান-শাসন কালে অনেকটা চর্দ্ধর্য, অবাধ্য ছিল, নিশ্চিত। সেরপ অবস্থায় মুসলমান শাসন-কর্ত্তাগণ, হিন্দু-দিগকে রাজকর্মে নিয়োগ সম্বন্ধে কঠোরতা করিবেন, ইহা কোন ক্রমেই আশ্চর্ব্যের বিষয় নয়। সেরপ হওয়াই থুব সম্ভাবিত। না হইলেও শাসনকর্ত্তাগণের কোনরপ শুভ থাকিতে পারিত না। মোগলেরা পাঠানদিগের শোণিত-অর্জিত ভারতীয় সাম্রাজ্যের ভোগী মাত্র। সে অধিকার এক প্রকার তাহাদিগের পক্ষে অনায়াস-লব্ধ। তথন সাম্রাজ্য অনেকটাই নিরুপদ্রব। সাম্রাজ্য স্থাপনে যাহা কিছু বল-বিক্রম, আগ্নাস-গৌৰৰ তাহা পাঠানদিগেরই স্থায়ত: প্রাপা। পাঠানেরাই এদেশীয় মুসনমান সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। বোগলেরাও এক প্রকার ভোগের र्गामाहे, है:बाक्यमिरात कथाहे छाहे! त्यारित छेलत लाठानिमारकहे গাবের শোণিত শোষণ করাইরা ভারতীর বিশাল সাম্রান্ধ্য স্থাপন করিতে

হইরাছিল,—কত সৈম্ভক্ষ, কত বলক্ষয়ের পরিণামে দে রাজ্য-লাভ, তাহা ইতিহাস-পাঠক মাত্রই জ্ঞাত আছেন।

আমরা এযাবং পাঠান-সম্রাটদিগের কথাই প্রধানতঃ আলোচনা করিয়াছি। মোগল-স্মাটগণের আলোচনা প্রসঙ্গ তেমন কিছুই করি নাই। আমরা সেরপ প্রয়োজনও দেখিতে পাই না। মোগল-রাজত বৃগ আনেক পরিমাণেই শান্তিময়। হিন্দুদিগের প্রাতিও সে যুগে কোন উৎপীড়ন হয় নাই। তবে একমাত্র আওরঙ্গজেবের সময়েই 'জিজিয়া' করের পুনঃ-প্রতিষ্ঠায় যাহা কিছু পীড়ন ইইয়াছিল। আওরঙ্গজেব সময়ে হিন্দু মুসলমানের মতভেদ বড়ই ভয়ানক। মুসলমানদিগের চক্ষে আওরঙ্গজেব রাজর্বি তুলা, হিন্দুর পক্ষে জরাসদ্ধ কি রক্ষোরাজ রাবণ। বাত্তবিক পক্ষে, আওরঙ্গজেবের রাজত্বের প্রকৃত ইতিহাস হিন্দুগণ জানিতে পারেন নাই। বঙ্কিম বাবু তাঁহার 'রাজসিংহ' উপস্তাসে আওরঙ্গজেবের যে ঔপস্তাসিক চিত্র আঁকিয়াছেন, হিন্দুগণের পক্ষে আওরঙ্গজেবের হে ঔপস্তাসিক চিত্র আঁকিয়াছেন, হিন্দুগণের পক্ষে আওরঙ্গজেবের তাহাই চরিত্র-আদর্শ। আওরঙ্গজেবের দোবের মধ্যে দোষ, তিনি কাহাকেও বিশ্বাস করিতে জানিতেন না। অপরের কথা কি, তিনি নিজের পুশ্র-গণকেও অবিশ্বাস করিতেন। ইহার পরিচয়স্থল, ইতিহাস।

এ দোষ ভিন্ন তাঁহার চরিত্রে দোষ রড় একটা কিছু দেখা যান্ন না।
তাঁহার চরিত্রের ঘোরতর একটা কলঙ্ক-কথা প্রচলিত, তিনি রন্ধ পিতাকে
কারাক্রন্ধ করিয়াছিলেন। প্রকৃতপক্ষে সে কারা-রোধ নর। পিতাকে
রাজকার্যা হইতে অবসর দিয়া নিজে সম্রাটপদে অধিষ্ঠিত হইবার অভি-সন্ধিতেই তিনি সেরূপ করিয়াছিলেন। পিতার প্রতি বন্দী-অবস্থায় তিনি
যথেষ্ট ভক্তি প্রদেশন করিতেন। তাঁহার উপযুক্ত সেবা পরিচর্য্যা, স্থেদ
রাজ্ব-ভোগের মণেষ্ট বন্দোবস্ত আংবক্ষকের কর্ত্বক অনুষ্ঠিত হইবাছিল। এইরপই মুসলমান সম্প্রানারে তাঁহার এ প্রসঙ্গের পরিচয়। তবে হিন্দুগণ অন্তর্মপ ভাবেন। অবশু আওরক্সজেবের পক্ষে এ কার্য্য সমীচীন হয় নাই, একথা আমরাও স্বীকার করি। তবে বিশাল রাজ্যের লোভ বড় ভয়ানক জিনিষ। সে লোভ সংবরণ করা অনেকের পক্ষেই হংসাধ্য। তাহাতে আওরক্সজেবের জ্যেষ্ঠ আরও হই সহোদর বর্ত্তমান ছিলেন। আওরক্ষতেবের রাজ্য-লাভের বা উত্তরাধিকারের কোনই সম্ভাবনা ছিল না। এই লোভের বশীভূত হইয়াই মানব চরিত্রের হর্কলতা বশতঃ তিনি প্রথম গার্হতাচরণ, পিতার কারা-নিক্ষেপ, ছিতায়, লাতৃগণের বিনাশ সাধন করেন। যথার্থই কবি লিখিয়াছেন,

"লোভের ছয়ারে যদি ফাদ পাত। যায়, পশু শক্ষা কাট মংখ্য কেইনা এডায়।"

বিশাল-দাআজ্য লোভে ভারতে এক্লপ আচরণ প্রাচীন যুগেও অমুষ্ঠিত হুইয়াছিল। কুক-নন্দন দুর্যোধন, পাগুবদিগকে স্চাগ্র-পরিমিত স্থানও বিনা যুদ্ধে দিতে প্রস্তুত হন নাই। এই কারণে কুক্ন পাগুবে ভ্রমানক যুদ্ধ হয়। সে যুদ্ধে কত কত দেনা-ক্ষয়, কজ-স্রাব ঘটিয়াছিল, ভাহার ইয়ন্তা নাই। কৌরবগণ পাগুবদিগের প্রতি কতই অত্যাচার, লোমহর্ষণ পাযুত্তা, নৃশংসতা করিয়াছিলেন! পাগুবদিগের অজ্ঞাতবাসই না কত ছলনা চাতুরীর উচ্চ পরাকাষ্ঠা!! জতু-গৃহ দাহই ব্যুক্তি ভাষণ কাগু! ব্রহ্মাণ্ডে কেবল হিন্দু মুসলমানের এ কলম্ব কেন, সমস্ত জাতিরই রাজ-বংশে এক্লপ কলক্ষের ঘোষণা পৃথিবীতে দেনীপামান আছে!!

ইংলণ্ডের ইতিহাসের অধ্যারে অধ্যারে সেরূপ তীবণ কাণ্ডের অভিনয়। শাহারা ইংল্ডীর ইভিহাস ভালরূপ পাঠ করিয়াছেন, তাঁহারাই সে বিষয় অসপত। মুস্প্যান সম্প্রণারে আ ওরঙ্গজেবের সেরূপ চাঁরত্র-পবিচর আছে, তাহাতে একান্ত ইসাম-নিষ্ঠা সম্পর্কে, ডিনিই মোগল সম্রাটদিগের মধ্যে সর্ব্বাগ্রণী: তবে হুই একটা দোষ মুস্পমানেরাও তাঁহার চরিত্তের ভয়ানক কলঙ্ক বলিয়া মনে করেন। সে দোষ, তাঁহার ভ্রাত-ত্রয়ের বৰ সাধন। এই পাপময় সংসারে মামুধের চরিত্র, সম্পূর্ণরূপে নিফলক হওয়া এক প্রকার অদন্তব। পৃথিবীতে এমন কোন গোলাপ ফুল নাই, যাহা নিক্টক। দোষ ছাড়া মাত্রুষ নাই। সম্পূর্ণ পবিত্র, এমন কিছু পৃথিবীতে দেখিবার সাধও বিভ্রম। অপুর্ণতা, মানব চরিত্রের চিগ্র-কলক। ধর্মজগতে মুসলমানদিগের বিবেচনার আওরক্সজেবের স্থান অতি উচ্চ। তাহারই সময়ে, একমাত্র তাঁহারই উল্মোগে, বহু রাজকোৰ-অর্থব্যয় ও তৎকালান মহামহোপাধ্যায় পণ্ডিত-মণ্ডলার পরিশ্রম ফলে. আ ওরঙ্গজেবের ধর্মজাগতিক সর্বপ্রেধান কীর্তিস্তম্ভ, ইসাম-ব্যবস্থা-প্রধান গ্রন্থের সৃষ্টি হয়। তবে ঐকান্তিক ইনাম-ধর্ম-নিষ্ঠার জন্ম তিনি হিন্দ-দিগের নিকট নিন্দিত। সে নিন্দার ভাগী তিনি অবশ্রষ্ট, একথা আম্ব্যাপ্ত স্বাকার করি। কেননা, রাজ্য-শাসকের পক্ষে ধর্ম্মের গোডামি, রাজ-নীতি কেত্রে দুষণীয়। যে জিজিয়া-কর, মহামতি আকবর হিন্দু মুদলমান সম্প্রদায়ের সম্প্রীতি উদ্দেশ্যে রহিত করেন, এবং যাহা জাহাঙ্গীর, সাহা-জানের সময়ে রহিত থাকে, তিনিই তাহা পুনরায় অবিবেচকের ভাষ প্রবর্ত্তিত করেন 👪 রাজনীতি কেত্রে তাঁহাকে এ কলঙ্কের কবল হইতে মুক্ত করিবার চেষ্টাও বিড়ম্বনা। তিনি সেরূপ করিতে গিয়া, রাজ্য মধ্যে প্রধৃমিত নির্বাপিতপ্রায় বিজ্ঞোহ-বহ্নি পুনঃ প্রজ্ঞলিত করেন.— সে ভীষণ লেলিহান-জালাময়-অগ্নি, তাঁহার বিশাল রাজ্যকে আছড়ি, চারখার না করিয়া আর নির্বাণপ্রাপ্ত হয় নাই !! তাহারই হ্রক্সিডা দোনে, তাহারই অবিবেচনার ফলে, অদূরদশিত ও অবিমুষ্কারিতার পরিণামে, তৎকাল-শ্রেষ্ঠ পৃথিবীর মধ্যে বিশাল-সাম্রাক্ষ্য নি-চিত্র হইয়া গেল। আজি তাহার নাম গন্ধও দেখিতে নাই,—মোগল সাম্রাক্ষ্য ধ্লিকণার আয় অদৃশ্র, মোগল-বংশ *'ডোডো' পক্ষীর আয় পৃথিবীর পৃষ্ঠে বিলুপ্ত!!

আওরঙ্গজেবে অবশ্রই রাজনীতিক ক্ষেত্রে হিন্দুর নিক্ট কোন কোন বিষয়ে নিন্দনীয়, একথা আমরা মুক্ত-কণ্ঠে থীকার করিতে বাধ্য। কিন্ত তাই বলিয়া বন্ধিম বাবু তাঁহার 'রাম্বসিংহ' উপক্রাসে উক্ত সম্রাটেব পবিত্র গার্ছস-জীবনের যে কলঙ্ক-ঘোষণা করিয়াছেন, তাহাতে কোন ক্রমেই আমরা এক-মত হইতে পারি না। তিনি সতা সতাই সে প্রকৃতির লোক ছিলেন না। তাঁহার জীবন-চরিত গ্রন্থ এখনও বিস্তর বর্ত্তমান। সমস্ত গ্রন্থে সেরূপ ধরণের কোন কিছুর ঘুণাক্ষর আভাসত্ত নাই। তিনি মুসলমান সমাজের নিকট অতি ওদ্ধাচারী, সাত্তিক, চরিত্র-বান, ৰ্ষি-তুল্য-ধর্ম-নিষ্ঠ নরপতি বলিয়া একাল সেকাল পরিচিত। তাঁহার চরিত্রে ৰঙ্কিম বাবুর নৃশংস-তুলিকাবিভাসের সামাভ পৈশাচিক অপবিত্রতার স্পর্নমাত্রেও আমাদের হৃদয়ে মর্ম্ম-জালার সঞ্চার করে.— অস্তঃকরণ বিষাদ ভারে নিতান্ত বিকলিত হইয়া পডে। কাহারও গার্হস্তা-জীবনের অলীক কল্পনাপ্রস্থত কলঙ্ক-ঘোষণার ক্রায় নৃশংসতা, পৃথিবীতে অন্ত কিছু আছে বলিয়া আমাদের বিবেচনা হয় না। একজন সম্রাট, তিনি স্বজাতি হউন না কেন, রাজ্য-শাদন-সংক্রাস্ত শত সহজ্র কলিকে কলকিত হইলেও তাহা তত বজাতীয়ের পক্ষে মর্ম্মদাহকর যন্ত্রণাদারক চইতে পারে না। সেরূপ অপরাধ, রাজ্যনিয়ন্তার পক্ষে এক প্রকার অখণ্ডনীয় বিধি-লিপি বলিয়াই অনেকস্থলে প্রমাণিত। কিন্তু অন্ত পক্ষে বাহা মামুষের একমাত্র মতুষাজীবনের গৌরব, এমন গার্হস্তাজীবনের পবিত্রতায় অ্যথা * 'Do-do'.

কলস্কারোপ দেখিলে, প্রত্যেক স্বন্ধাতীয়েরই তাহাতে মর্ম্মদাহ গাত্রজ্ঞালার উদ্রেক হইবার বিশেষ সন্তাবনা। বঙ্কিম বাবু, 'রাজ্মিংহ' গ্রন্থের দ্বিতীয় শশু, পঞ্চম পরিচ্ছেদে লিখিয়াছেন ;—"এই দকল অসাধারণ গুণ থাকি-তেও সেই জ্গৎপ্রথিত-নামা রাজ্যধিরাজ, আপনার জ্গৎপ্রথিত সাম্রাজ্য এক প্রকার ধ্বংস করিয়া মানবলীলা সংবরণ করেন। ইহার একমাত্র কারণ, আওরঙ্গজ্ঞেৰ মহা পাপিষ্ঠ ছিলেন। * * *

তাঁহার মহিবীও অসংখ্য,—আর সরার বিধানের সঙ্গে সম্বন্ধ-শৃষ্ণা বেতন-ভোগিণী বিলাসিনীও অসংখ্য।"

বিষম বাবুর প্তকের উদ্ভাংশে আমরা অনেকটা 'গ্যাপ্' ফেলিরা দিলাম। সে স্থানগুলির বর্ণনা এমনই কর্ণ-বিন্দোটক বে, ভাহা শুনিভেও পাপ আছে। আমরা আওরঙ্গজেব সম্বন্ধ তেমন কথা, পূর্ব্বে কোথাও পড়িরাছি বা শুনিয়াছি, এমন মনে হর না। সে সমস্ত নৃতন কথা। এমনকি পড়িতে গেলে, লোমহর্ষণ উপস্থিত হয়,—নরকের করিতি রিরেন অন্তঃকরণে অলক্ষিতে কৃটিয়া কৃটিয়া করনার বিভীষিকার আত্ম-হারা করিয়া কেলে! 'তওবা' 'তওবা' করিয়া কর্ণ-রন্ধে, অজ্ঞাতসারে হস্ত-ম্পর্ল, অঙ্গাত-বিস্থাস না করিয়া পারা যার না। এমনও কি বর্ণনা মাসুবের লেখনীতে অন্থ মান্থবের সম্পর্কে সম্ভব ? এ ধারণা আমাদের ছিল না,— এ বোধ এত দিনও জয়ে নাই, এই ভাহার প্রথম স্চনা। আওরঙ্গজেব কি সত্যা সভাই এরূপ নর-পিশাচ, রাক্ষ্য-স্থভাব মান্থব ছিলেন ? হায়! মৃত ব্যক্তির কুৎসা কি এমন জীবৎস ভাবেই পৃথিবীতে রটিত হয়? এইরূপই নাকি জীবিতদিগের পক্ষে মৃত ব্যক্তিগলের স্মরণে (tribute) দানের ব্যবহা ? কবি সেক্ষপীর, বথার্থই লিখিয়াছেন,—মান্থবের সং-ক্রেরা

তাঁহাদের অস্থি পঞ্জরের সহিত একত্র সমাহিত হয়,—থাকে কেবল তাহাদের কৃত ছক্ষিয়ার রটনা !! এমন করিয়া ঢোল সহরতে মৃত ব্যক্তির কুৎসা রটনা, জীবিতের পক্ষে সম্পূর্ণ অনুচিত। বন্ধিম বাবুর এরূপ মতি-গতি হইবে, ইহা স্বপ্লেরও অগোচর।

সভা বটে; বরিম বাবু 'রাজিসিংহে'র উপসংহারে আওরঙ্গজেবের কতকটা গুণপনা প্রকাশ করিয়া 'মধুরেণ সমাপ্রেং' নিয়মের অনুসরণ করিয়াছেন। কিন্তু নিয়ম রক্ষাই মাত্র। সে এক প্রকার গোড়ায় কাটিয়া মাথায় জলের ধারানি। তাহাতে উন্মূলিতের পুনরুজীবনের ভরসা অতি কম। বঙ্কিম বাবু নিশ্চয়ই 'আরঙ্গজেব'কে আফ্রিকার কন-विहाती धावन-कृष्मन-शहे, विकर्छ-मूर्खि आतन-गाउँहोन (Ouranggoutang) সাজাইয়াছেন! তবে অঙ্গের গঠনার বর্ণনা, একেবারে সেরূপ कर्त्वन नाहे। हेश ना कराहे अञ्चात इहेग्राष्ट्र। रमज्ञभ करिएनहे ভাল হইত। মানুষের লিষ্ট হইতে তাহাকে 'এবলিষ্ট' করিয়া স্বভাবে. আকারে, ভাবভঙ্গিতে মৃত্তিমান আউরাং-গাউটাং সাজাইণেই মুসলমান সমাজের পক্ষে আরও গৌরবের বিষয় হইত। মামুষের ঠাটে রাখিয়া क्षांक्रण त्मथनी-क्यांचाट्ड मातिष्रा कार्ठ कार्ठ कतिया एकमा ভान इस नाहे। মতের উপর প্রহার,—তাহাতে আর মৃতের ক্ষতি কি ? বরং প্রহার্তার হস্তবাথা জন্মে। মৃত, তাহার জন্ত জক্ষেপও করে না। আত্মা এমনই ব্রাক্ষাের চিরন্তায়ী বাসী হয়, যেথানে পৃথিবীর কোনও শক্তিরই তর্জন, গর্জন, হন্ধার, জ্রকুটি, সিংহনাদ, লক্ষ্, ঝম্প, বীরদাপ, তাহাকে স্পর্শ कतिएक পाরে না.--कामान्तित खक्रशञ्चीत ध्वनि, अमनित वर्षत निर्धाव, কড় কড় নিনাদ, সপ্রতান আকাশের এক তাল ভালিয়া উঠিতে না উঠিতেই শুক্তে মিলাইয়া যায় !! তাহাতে আর মৃত-ব্যক্তির কি আগে

যায় ৮ তবে লেখনী-কবাঘাত প্রহারকের মাত্র, ভালতে নিজ চরিত্র. মাহাত্ম প্রকাশ পায়। ব্যক্ষিম বাবুর ভাগে একজন ক্লত-বিভা, পর্ত্ম-প্রবীণ জ্ঞানী লোকের লেখনীমুথে কথনই অমিরা 'রাজসিংহের' প্রথম পরিচ্ছেদে ("চিত্রে-চরণ") শ্রীমতী অঞ্চনা দেবীব (চঞ্চলকুমারীর) চরণ-প্রহার-চিত্র অস্ক্রিত দেখিতে স্বথ্নেও আশা করি নাই। বৃদ্ধিম বাব, চঞ্চলকুমারীর কৌমার্যার অতি আশ্চর্যা চিত্ত-চঞ্চলতারই পরিচয় দিয়াছেন,—যাগ আমরা কথনই দেখিবার মাশা ক্রিতে পারি নাই ৷ বিশেষতঃ আমাদের একজন উপ্যক্ত প্রতিবেশী হিন্দুর লেখনী হইতে তাহা আশা করিবারও ্তমন উপযুক্ত কারণ নাই।

স্তথের বিয়য়, এক বৃদ্ধিম বাবু ভিন্ন অন্ত হিন্দু লেথক মহাত্মাগণ. মুদ্লমান-জাতীয়-চিত্রাঙ্কনে দেশপ কীর্ত্তিমতা, সহুদয়তার পরিচয় দেন নাই। সামান্ত তুই একজন থাকিলেও তাহা গণনার বিষয় নয়।

মোটের উপর, আওরক্ষজেবের স্বরূপ পরিচয় স্থান—ইতিহাস নয় এবং উপন্তাসও নয়। যদি কাহারও সে সন্ধান করিতে ইচ্ছা হয়, ভবে অন্তত্ত তাহা খুজিবেন। মৌলিক তাৎকালিক প্রামাণিক গ্রন্থ অনুসন্ধান করিলে, দে উদ্দেশ্য সফল হইতে পারে। কিন্তু সেরূপ প্রবৃত্তি কয় জনার হইবে

হ এখনও তেমন লোকের সংখ্যা সমাজে অতি কম। ভারতের সে দিন কবে আসিবে, এখনও তাহা কল্পনায় স্থান পায় না। যদি আসে তবে তাহা ভবিষাতের কথা, এবং দে ভবিষাতও স্কুদুর। আমরা ভারতীয় ষ্ক্রসলমান-শাসনের আর একটা কথা বলিতে ভলিয়া গিয়াছি। সে কথা— মুসলমান ধর্মের বিস্তার। মুসলমান শাসন যুগে ইসাম প্রচারের জন্ম অবশ্য গভর্ণমেন্টের পক্ষ হইতে কোন বেতন-ভোগা প্রচারক নিযুক্ত হয় নাই। ইতিহাদে দেরপ কোন প্রমাণ নাই। তবে কিরূপে ভারতের

সর্কান্ত ইসামের এরপ প্রচার হুইল । এ প্রশ্ন অনেকেই করিতে পারেন এবং করাও অসন্থব বা অসন্ধত নব। রাজরক্ষ বাব তাহার ক্ষদ ইতিহাসের ৫৮—৫৯ পৃষ্ঠায় এ বিবয়ের প্রাণালিক আলোচনা করিয়াছেন। তিনি অনুমান করেন, এবং অস্থাস্ত অনেকেরই সেইরূপ অনুমান সে. যে সমস্ত অনার্য্য জাতিগণ, পশ্চিম হুইতে তাড়িত হুইয়াছিল, তাহারাই হীনাবস্থা পরিত্যাগ করিয়া মুশলমানদিগের সময়ে দেশের রাজার সহিত্য সমধ্যা হুইতে গৌরবের বিষয় মনে করিয়াছিল। তাহার পুস্তক হুইতে সে অংশের কিঞ্জিৎ উদ্ধৃত করিয়া দেওয়াই আমরা সঙ্গত মনে করি।

"মুসলমান ধন্ম কিরুপে এদেশে এত বহু দূরব্যাপী হইয়াছে জানা যায় না। মুসলমান জমিদার ও জায়গীবদারদিগের প্রভাবে যে তাহাদিগের দর্মের অনেক দূর বিস্তার হইয়াছে, তাহাব সন্দেহ নাই। কিন্তু গোড়, মুরশিদাবাদ প্রভৃতি মুসলমান রাজধানী দরিহিত প্রদেশ অপেক্ষারাজসাহী, বগুড়া, চটুগ্রাম প্রভৃতি স্থানে অধিবাসীদিগের মধ্যে অধিক সংখ্যক মুসলমান। ইহাতে বুঝাইতেছে যে, বাহুবল অপেক্ষা অন্ত কারণে মুসলমান ধর্মের সহায়তা করিয়াছে।" ইহার পরই উপরোক্ত অনুমান। এই অনুমান অতি বৃক্তি-সঙ্গত। কেননা, সমাজের মধ্যে ঘ্রণিত সম্প্রদায়, রাজার সহিত সম-পশ্মা হওয়া যে গৌরবের বিষয় এবঃ স্থিধাজনক মনে করিবে, ইহা আশ্চর্যোর বিষয় নয়।

আমরা ইংরেজের আমলেও দেখিতে পাই, নিম্নশ্রেণীর হিন্দ্, চঞাল, বাগ্দী প্রভৃতি খুষ্টার-ধর্ম গ্রহণ করিতে অনেক সময়েই উৎসাহ প্রকাশ করে। এ দেশীয়দিগের মধ্যে শিক্ষিতের অপেক্ষা অশিক্ষিতদিগের মধ্যে খুষ্টিধর্মে দীক্ষিত লোকের সংখ্যা অধিক। ইহাতে রাজকার্য্যে, রাজ্বারে, অস্ত ব্যাপারে অনুগ্রহ প্রত্যাশাও যথেষ্ট আছে। মুসলমান

যুগেও এইরূপ হইয়া থাকিবে। ভদবংশার হিন্দুর বিধর্ম গ্রহণের কথা মেরপ শুনা যায় না। এদিকে মুদলমান সম্রাটু কি অভাত রাজপুরুষগণ সে বিষয়ে যে বল প্রয়োগ না করিবেন, তাহারই যথেষ্ট সম্ভাবনা। ्कनना, ध्या-भारत्व दल व्यक्तार्थ ध्या-विखात-भरक म्लाहे निरंघध बाख्य विध्यारह। मुभनमारनव 'क्वाबान' धार एमक्रम विधि नाहे। भरत যুণাস্থানে এ বিধয়ের আলে।চনা হইবে। আমরা ইতিহাসে যে চুই একটা নাম করিবার মত হিন্দুর ইসামন্ত্র গ্রহণের কথা ভনিতে পাই, তাহার কারণ অন্তর্রপ। অনেকেই হয়, কোন কামিনার প্রণয় বা রূপ-ফাঁদে পড়িয়া জাতি ধর্ম হারাইরাছেন: না হয়, উচ্চ রাজপদ-প্রাপ্তি, রাজছারে অনুগ্রহ প্রত্যাশায় সেরণে করিয়াছেন। ভারতের প্রাদদ্ধ সঙ্গাত গুরু ভানদেন, কালাপাহাড় প্রভৃতির ইদাম গ্রহণের কথা এইরূপ। এদেশে অনেক স্থানে পিরেলা বান্ধণের দল আছে; ইহাদিগেরও জাতিখাতের কথা ভনা যায়। কিন্ত বাহুবল প্রয়োগ তাহার কারণ নয়। মুসলমান নবাবগণের মধ্যে অনেকে হাস্ত-পরিহাস-রাধক ছিলেন। হিন্দুগণ স্পশদোষ বড মারাত্মক মনে করেন। ভাহারা বাহ্য-মাচারের বড়ই পক্ষপাতা। হয়ত, কথায় কথায় নবাবের সহিত কোন এাশ্ধণ পণ্ডিত বলিয়া ফেলিলেন, "ঘাণেন অর্দ্ধ ভোজনং"। নবাবও মনে করিলেন, 'আচ্ছা তাহাই দেখা यहित्यं। একদিন পুৰ সমাধোচের সহিত কোন উৎসবে নবাববাটীতে হিন্দুর অথাত এমন কিছুরও আনোজন হইল। মসলাযুক্ত রন্ধনের সৌরভে হয়ত নবাব-মহল ভোরপুর আমোদিত। অনেক হিন্দু, কায়ন্ত. ব্রাহ্মণেরও নিমন্ত্রণ ইইয়াছে,—বার্টাতে অধ্যান্ত পাণ তামাক নেবার নিমন্ত্রণ, অন্ত কিছু নয়। হয়ত নবাব, হিন্দু রাহ্মণ কায়ত্ত দলবল, মোসাহেব লইয়া प्रकृष्टे भाष्ठादि कविता चार्वाच्यु कवितानन । क्रांस क्रांस क्षा नावुत्रहा

পানার ফুল বাগানে উপস্তিত। বন্ধন-শালা হুইতে পকা নাণ্য পলারের গলের কুলের বাগান ভ্রভ্র। তথন নবাব সাহে ব বলিলেন, "মহাশয়গণ, এই যে গল্প, এ আপ্নাদের অথাজের, আর সেদিন ত ভট্টাচার্য্য মহাশয় বাতলাইয়াচেন, "আণেন অল ভোজনং"——আণ করিলেই অন্ধেক খাওয়া। তবেই ত কেমন হুইল। আর আপ্নাদের জাত নাই"। রাজ্যণ পণ্ডিভগণ হয় ত দেখিলেন, ভাইত, যাহা বলিয়াছেন, সেকথা আর উল্টান যায় না। 'আর কি নিজের ফাদে নিজে পড়িনাই জাতটা মারা গেল! হায় কি সন্দাশ!' এই বলিয়া জাতি দিলেন। রাজ্যণ-ব্যবস্থাপক দলও তেমনই কঠোব বিধি-প্রচলনে চিরকাল প্রসিদ্ধ। এই প্রকারে ছয়ত জাতিপাত হুইয়া গেল।

ইহা ভিন্ন জ্বোর জ্বাম করিয়া ইসামের বিস্তার হইয়াছে, এমন মনে করিবার কিছুই দেখা গান লা। আমরা এই ইংবেজ রাজত্বেও অনেক শিক্ষিত হিন্দুর ইংরেজ-জাতীয় আচার রাতিনাতির পক্ষণাতিতা প্রতাক্ষ করিয়া পাকি। এ দেশায় আনেক পান্চাত্য-শিক্ষায-শিক্ষিত লোকই ইংরেজ-জাতায় রীতিনাতির নিতাস্ত স্তাবক। এরপ লোকের সংখ্যা পূর্বের বেশী ছিল, এখন জন্ম জন্ম অল্ল হইয়া পড়িতেছে। অনেকেই হাটে কোট, জামা জোড়া, চশমা পরিয়া ইংরেজেন ভারভঙ্গী অনুকরণ করিছে নিতাস্ত ইচ্ছুক। কিন্তু ইংরেজেরা গুদ্ধ গোষাকে ভূলিয়া বাঙ্গালীকে দলে নিশান না। তাহারা, বতই কেন পোষাক পরিছেদের অন্তবন হউক, রংটা ফর্মা চংটি সম্পূর্ণ বিলেতী না হইলে আর কাহাকেও দলে মিশাইতে চান না। মুসলমানের এটুকু ছিল না। একবার কেলেমা' পড়িলেই সম্পূর্ণ আগনাব করিয়া লইতেন। কিন্তু এখন এত চেষ্টামণ্ড কোনা হিন্দু বাজ-হাতির ক্রেডা লইতেন। কিন্তু এখন এত চেষ্টামণ্ড

পারেন না। বিজেজলাল রায়ের গানেও হিন্দুর ইংরেজ-অমুকরণ-প্রবণতার স্থলর ছবি আঁকা আছে। যথা:---

আমরা বিলাতি ধরণে হাসি. আমরা ফ্রাসি ধরণে কাশি. আমরা পা ফাঁক করিয়া সিগারেট থেতে

वष्डे डाम वामि।

আমাদের সাহেবিয়ানার বাধা. এই यে द्रः हो २व्र ना माना, তবু চেষ্টার ক্রটা নাই—'ভিনোলিয়া'. মাথি রোজ গাদা গাদা॥ 'ইত্যাদি' (বিগাত ফের্ডা)

বাবু দ্বিজেন্দ্রণাল রায়ের উক্ত গান, বাস্ক্রম বাবুর হিংরেজ স্তোত্র, 'লোক রংস্তে'র অন্তর্গত 'বারু পার, 'নবীনা প্রবাণা' এ সমস্তই বান্ধালী হিন্দুগণের ইংরেজ জাতীয় রীতিনীতির অন্তব্যক্তিতার এশস্ত চিত্র। প্রবেষ মুদলমান্দিগের সৌভাগ্য সময়ে, তাহাদের রাজ্য যুগে, অনেক হিন্দুই যে সেরূপ নুসলমান রীতিনাতির পক্ষপাতী এবং রাজদ্বারে অনুগ্রহ-প্রত্যাশায় ইসুলাম ধন্মে দাক্ষিত হইবার জন্ম উৎসা'তত হইবেন, একথা আর আশ্চর্য্য কি ?

সে বাহা ২উক, আমরা এই পুস্তকে মুসলমান-রাজত্বের এতদ্ধিক আলোচনা করিবার আর স্থােগ পাইতেছি না। পুস্তকের কলেবর ্রান্তর আশ্রন্থাত প্রধান বাবা 🕆 উপসংলারে আর কিঞ্চিৎ বক্তবা প্রকাশ

করিয়াই এ পরিচেছদ শেষ করিব। শাসন মাত্রের সভিতই কঠোরতার বোধ, আমুষ্দ্রিক। কোন প্রকার শাসনই শাসিতের পক্ষে তেমন প্রাতিকর নয়। পিতা, মাতা, অভিভাৰকের শাসন প্রের নিকট তেমন নয়। শিক্ষকের কঠোরতা ছাত্রের পক্ষে বিবাক্তকর,—পরিণাম ভাল ২ইলেও সেইরপ। গার্হস্থাজীবনে বাটীর কর্তার শাসন পরিবাবের অন্তান্ত অনেকের পক্ষে জালা-ঘরণারই বিষয় ৷ শান্তভূীর শাসন, পুলুবধুর নিকট ক্রচিকর নয়। অনেক শাশুড়াই বউ-কাটকী, এই অপবাদের হস্তে নিস্তার পান না। রাজ্য-শাসনও এইনগ্র। স্বজ্যতীয় কি বিজাতীয় শাসন মাত্রই, শাসিতের পক্ষে বিভাজনক। বিষেশতঃ বিজাতীয় বিধন্মীর শাসন সেরূপ হইবে, তাহা আশ্চর্য্যেরই বিষয় নয়: হিন্দুগণ ব্দগতের মধ্যে প্রশিদ্ধ আচার-নিষ্ঠ জাতি। তাখাদের মধ্যে এই যুগেও স্পূৰ্ণ দোবের প্ৰবৰ প্ৰভাৰ। ছোঁয়া-ছুঁত দোষেয় জন্ম তাহারা বিধ্যার সংসর্গে অহরহ তাক্ত বিরক্ত। হিন্দুর নিতান্ত অদ্প্র মন্দ বালয়াই বিদেশীয় বিধন্মী জাতির শাসন বহুকাল এড়ায় না। ভাহাতে আবার भूमलभानशन यथन खार्य अत्मर्म शामार्थन करत्र, उथन हिन्दिन्दान श्रुव অপরিচিত জাতির সহিত প্রথম সংসর্গ। হিন্দুদিগের পক্ষে মুসলমানের শাসন ভাশই হউক বা নক্ষই হউক, কিছুতেই ক্রচিজনক প্রাতিকর হইবার কোনই সম্ভবনা ছিল না। ফলেও তাহাই ঘটিয়াছিল। মসলমান রাজত্বে হিন্দুর পক্ষে তেমন মারায়ক কিছু ঘটিয়াছে বলিয়া যদি এখনও হিন্দুর ধারণা থাকে, তবে তাহা ছঃখেরট বিষয় :

শাসন মাত্রই যে শাসিতের পক্ষে অপ্রীতিকর, অস্থ্রিধাজনক, ইচার প্রমাণ বৃদ্ধি বাবুর "ভারতবর্ষের স্থানীনতা ও প্রাধীনতা" শার্ষক মূলাবান প্রবৃদ্ধ প্রিকগ্রেব মধ্যে জনেকেই ২ফ সে প্রবৃদ্ধ পাঠ কবিয়া থাকি বেন। যদি কেই প্ডিয়ান। থাকেন, আমরা পাঠ করিতে অনুরোধ করি। তাহাব ছই একটা স্থান আমরাও এস্থানে উদ্ভ করিয়া দিলাম। অরের মধ্যে উক্ত প্রবন্ধের শেষ অংশের এক স্থান এইরপ ,—'আধুনিক ভারতবর্ধ প্রভুগণ পীড়িত বটে, কিন্তু প্রাচান ভারতও বড় ব্রাহ্মণ-পীড়িত ছিল। যে বিষয়ে বড় ইতর বিশেষ নাই। তবে, ব্রাহ্মণ ক্ষত্রিয়ের একটু সুখ হিল।"

অন্তর,—"যেমন আধুনিক ভারতবর্ষে ইংগণ্ডের মঙ্গণের জন্ত ভারত-বর্ষের মঙ্গণ কথন কথন নই হয়, তেননি প্রাচান ভারতে রাজার আত্ম-স্থথের জন্ত রাজ্যের মঙ্গল নই হইত। পৃথাবাজ জয়চক্রের কন্তা হরণ করিয়া আত্ম-স্থথ বিধান করিলেন, তাহাতে উভয়েব মধ্যে সমরাশ্লি প্রজ্ঞানত হইয়। উভয়ের অপ্রীতি ও তেজাহানি ঘটিতে লাগিল।"

অন্তর্,—"ক্ষত্রিরদিগের প্রাণান্ত প্রাচীন ভারতে চিরকাল অপ্রতিহত ছিল না, ব্রাহ্মণদিগের গৌরব এক দিনের জন্ত লঘু হয় নাই। বেদ-বিদ্বেরী বৌদ্ধদিগের সময়েও বাজকার্য্য ব্রাহ্মণদিগের হস্ত হইতে অন্ত হস্তে যায় নাই;—কেননা, তাহারাই পশুতি, স্থানিক্ষিত এবং কার্যাক্ষম। অতএব প্রাচীন ভারতে ব্রাহ্মণেরাই প্রক্রেরপে রাজপুক্ষ পদ বাচা। স্থাবিজ্ঞ লেখক বাব্ তারাপ্রসাদ চটোপাধ্যায় 'বেক্সল মাগাজিনে' একটি প্রবন্ধে যথাথ ই শিশিয়াছেন যে, ব্রাহ্মণেরাই প্রাচীন ভারতের ইংরেজ ছিলেন।"

অন্তত্ত্ব,—"ইংরেজদিগের কত রাজণ্যবস্থামুসারে দেশী অপরাধীর জ্জ্য এক বিচারালয়, বিলাতী অপরাধীর জ্বন্য অন্ত বিচারালয়।"

দেশীলোক ইংরেজ কর্তৃক দণ্ডিত হইতে পারে, কিন্তু ইংরেজ দেশী বিচাবক কর্তৃক দণ্ডিত হইতে পারে না। ইহা ভিন্ন ব্যবস্থাগত বৈষম্য

অন্তর্ন,—"অনেকেই বলিবেন, ইংরেজের প্রাধান্য এবং ব্রাহ্মণ ক্ষতিয়ের প্রাধান্য সাদৃশ্য-কল্পনা স্থকল্পনা নহে, কেননা ব্রাহ্মণ ক্ষত্রির শুদ্র-পীড়ক হইলেও স্বল্লাতি,—ইংরেজেরা ভিন্ন জ্বাতি। ইহার এইরূপ উত্তর দিতে ইচ্ছা করে যে, যে পীড়িত হয়, তাহার পক্ষে স্থলাতির পীড়ন ও ভিন্ন পীড়ন উভয়ই সমান। স্থলাতীয়ের হস্তে পীড়া কিছু মিট, পরজাতীয়ের পীড়া কিছু তিক্ত লাগে, এমত বোধ হয় না। * * * * । আধুনিক ভারতের জাতি-প্রাধান্তের স্থানে প্রাচীন ভারতে বর্ণ-প্রাধান্ত ছিল। অধিকাংশ লোকের পক্ষে উভয়ই সমান।"

পঠিকগণ দেখিবেন, বৃদ্ধিন বাবু অন্তান্ত প্রবন্ধেও প্রদক্ষক্রমে ব্রাহ্মণ-দিগের প্রাচানকালীয় অত্যাচার পীড়ার বহু উল্লেখ করিয়াছেন। তিনি অনেক স্থানেই ব্রাহ্মণদিগের জালের পর জাল বিস্তার, ফাঁদের পর ফাঁদ পাতার প্রদক্ষ করিয়াছেন। সে জাল সে ফাঁদ পাতার বিবাম ছিল না, যতদিন ব্রাহ্মণদিগের প্রাধান্ত বজার ছিল, এরূপও উল্লেখ করিরাছেন। 'শব্দকল্পদ্রম' নামক প্রধান সংস্কৃত অভিধান-গ্রন্থে প্রোয়শ্চিত বিধানের ঘটা দেখিলে স্তম্ভিত, ২তবুদ্ধি হইতে হয়। সে সকলই প্রায় শূদকে ফানে আটকাইবার কল কৌশল।

থাতৎ প্রদক্ষে আমাদের আর অধিক বলিবার প্রয়োজন নাই। ইহাই
যথেষ্ট। মোটের উপর কথা এই, শাসন-মাত্রই কঠোরতার সহিত নিত্যসন্থমে সক্ষম। তাহা অরই কি, বেশাই কি, সে লেশ-স্পর্শ ছাড়া নয়।
অনেকের ধারণা, ইংরেজদিগের দেশে, ইউরোপের অস্তান্ত রাজ্যে,
রাজকীয় শাসন-পদ্ধতি, ব্যবস্থা, রাজনীতি প্রভৃতি সাম্যবাদের মধুরিমায়
জড়িত। কিন্তু যদি কাহারও এরপ ধারণা খাকে, তবে তাহা একেবারে
ল্রম-প্রমাদ শূন্য নয়। এখন যেমন তেমন হউক, পূর্ব্বে সেরপ কথনই
ছিল না। নর্ম্যানেরা যথন ইংলণ্ডে প্রথম আধিপত্য স্থাপন করেন,
তথন তাঁহরা বিদেশীয়। কালে ইংলণ্ডের পুরাতন জাতির সহিত তাহাদের
সংমিশ্রণ ঘটিয়াছিল, কিন্তু তাহা প্রথম প্রথম নয়। এমনকি, নরমান্ ও
ইংরেজের তাংকালিক বৈষমা অতি অপূর্ব্ব ছিল। নমুনা দেখুন;—

"প্রথম প্রথম নর্মাণ অধিকারে ইংরেজ জাতির বিশেষ কট হয়।
রাজ্যের প্রধান প্রধান পদ ও জমিদারী কেবল নর্মাণদিগের ভোগ্য ছিল।
রাজ-সভায় নর্মাণদিগের আধিপতা, বিচারালয়ে নর্মাণ-ফ্রেঞ্চ ভাষা,
সমাজের নর্মাণদিগের রীতিনীতি;—লোকের বোধ ইইল যেন অচিরে
ইংরেজ জাতির স্বতন্ত্র অস্তিম্ব একেবারে বিলুপ্ত হইয়া বাইবে। কোন
অন্যায় দোষারোপ হইতে আয়-সমর্থন করিতে হইলে, নর্মাণ-ভদ্রলোকেরা—"আমি যেন তাহা হইলে ইংরেজ হই, আপনি কি আমাকে
ইংরেজ মনে করিয়াছেন ?" ইতাাদি ম্বণা-ব্যঞ্জক বাক্য ব্যবহার করিতেন।

ইংাতেই দেখা যায়, তৎকালে ইংরেজ জাতির কতদূর শোচনীয় অবস্থা হইয়াছিল।" (বাবু ঈশানচক্র ঘোষ ক্লত "ইংলণ্ডের ইতিহাস")

অথচ অনেকেই জ্ঞানেন, ইংরেজ ও নর্মাণ উভয় জাতায়েরাই টিউটন্ বংশ সন্তৃত। প্রভেদের মধ্যে নর্মাণেরা শাসকজাতি, ইংরেজেরা শাসিত। এইরূপ বৈষম্য সকল দেশেই রাজ-জাতি ও শাসিত সম্প্রদায়ের মধ্যে চিরকাল বিছ্মান। কিন্তু স্থথের বিষয় মুসলমান, হিন্দ্র পক্ষে বিদেশীয়, বিধর্মী হইলেও এতদুর বৈষম্য-কলক্ষে তাহারা কলক্ষিত নয়।

আমাদের ইচ্ছা ছিল, ইংলণ্ডীয় ইতিহাসের কিছু সবিস্তার আলোচনা করি। কিন্তু তুর্ভাগ্যবশতঃ আমরা তাহা পারিলাম না। সেরূপ করিতে হইলে গ্রন্থের কলেবর অনেক পরিমাণে বাডিয়া ঘাইবে। তাই আমরা সেরূপ উলম হইতে নিরন্ত হইলাম। পাঠকগণের মধ্যে যাঁহারা ইংরেজী না জানেন, তাঁহারা কৌতৃহল নিবৃত্তির জন্ম উপরোক্ত বাঙ্গালায় রচিত ঈশান বাবুর 'ইংলভের সংক্ষিপ্ত ইতিহাস' পুস্তক থানি পাঠ করিয়া দেখিবেন। তাহা হইলে দেখিতে পাইবেন, অনেক ইউরোপীয় রাজ্যের ইতিহাসের প্রত্যেক কাণ্ডে, প্রত্যেক পর্বের, কিব্নপ অপরূপ লোমহর্ষণ ঘটনার বিবরণ। তাহার অফুরূপ অন্ত কোন দেশীয় ইতিহাসে মিলিবে কি না সন্দেহ। যদি মিলে, তবে ভাহা প্রাচ্য ভূভাগের কোন দেশে নয়. সে কেবল পাশ্চাত্য-ভূভাগেরই জলবায়ুর গুণে সে দেশেরই নৃতন জিনিষ। ইউরোপের ইতিহাসে খুঁজিলে অবশু তাহা মিলিবার সম্ভাবনা। এদেশে বথ তিয়ার থিলিজী যথন বাঙ্গালার অধিপতি, তথন ইংল্ভের সম-সাময়িক সম্রাট, প্লাণ্টাগিনেট্ বংশীয় জন্। এই জন্ কিরূপ প্রকৃতির নরপতি ছিলেন, তাহা ইলংগ্রীয় ইতিহাস পাঠকমাত্রেই অবগত আছেন। ইনি জমিদার প্রজা, সকলের প্রক্তি সমভাবে অত্যাচারের পরাকাষ্ঠা প্রদর্শন

করিয়া ইতিহাদে চিরস্মরণীয় হইয়া রহিয়াছেন। ই হারই অত্যাচারের ফল স্বরূপ, ইংলণ্ডের প্রজাসাধারণের স্বাতন্ত্রোর চিরস্থায়ী দনন্দ—ম্যাগনা-কার্টার সৃষ্টি (Magna charta)। এই জনের সময়ে পোপের অত্যাচারও কম ছিল না। পোপ্, পাশ্চাত্য ভূভাগের ধর্মজগতের দণ্ডমুণ্ডকর্তা। রাজার অত্যাচারের অপেক্ষাও অনেক সময়ে পোপের অত্যাচার অধিক ছিল। ইউরোপের ইতিহাদ, অমুত রামায়ণের স্থায় দপ্তদশকাণ্ডের অভিনয় চিত্র। * সে বিচিত্র কাণ্ডাকাণ্ডের তুলনা, এই বিশাল বন্ধাণ্ডের কুত্রাপি মিলিবার নয়। এই ভূভাগে রাজা, প্রজা, চিনিবার সাধ্য নাই। কখনও রাজা প্রবল হইয়া প্রজা-দলন-ব্রতে ব্রতী, কখনও বা প্রকা প্রবল হইয়া:রাকার সমূল বংশোচ্ছেদনে নিযুক্ত। সম্রস্তই অন্তৃত কাও। ইংলওের ইতিহাসও এ কলম্বের স্পর্শ-শূত নয়। তাহাতেও এরূপ অভিনয় মথেষ্ট আছে। রাজা প্রজায় অহঃরহ যুদ্ধ। যুদ্ধের প্রায়ই অবসান নাই। গৃহ-বিবাদের অন্ত্র ঝনুঝনায় ইউরোপ প্রতিধ্বনিত। কথন বা প্রজা রাজার মুকুট কাড়িয়া লইতেছে.—তাঁহাকে শুলে চড়াই-তেছে.—ফ্রাঁদিকাঠে ঝুলাইতেছে: আবার কথনওবা রাজা প্রজা-দলনের 'কুশেড্' ঘোষণা করিয়া নরশোণিতস্রাবে রক্তের নদী বহাইয়া দিতেছেন। व्यथम हे ब्राव्हें हार्नम, এकामन वर्षकान विना शानिवास्मा तो बाक करतन। সে সময়ের অত্যাচার কি ভীষণ, তাহা বলিবার নয়। জমিদার, প্রজা, थनी, निर्धन, मजूत, कृषी, त्कर्रे मिरे ভीषन ज्वाानात्वत २ छ २ हें त নিম্বতি পায় নাই। এই কারণে প্রজাসাধারণ সমবেত হইয়া, একশোগে তাঁহার প্রাণ-বিনাশ করে। রাজার মুগুপাতের ব্যবস্থা ভারতে কোন যুগেই ছিল না এবং আশা করি, কখনও সংঘটিত হইবে না।

[·] मृदा तीभास॰ मधुकार७ पूर्व :

ভারতবর্ষে আওরঙ্গজেব একমাত্র ভাতৃ-বধের কলঙ্কে কলঙ্কিত, ইংলণ্ডের ইতিহাদে, দেইরূপ শত শত আওরঙ্গজেবের কীর্ত্তি-কাহিনী পরিপূর্ণ। রাজা জন্, তাঁহার নিংহাসনারোহণের পর, প্রথমতঃ গুই ভাতৃপুজের কারা-নিক্ষেপ ব্যবস্থা করেন এবং পরে তাঁহাদের গুপ্তহত্যা দাধন করেন। এইরূপ আরও কতজন,—দে দকলের নাম করিতেও আতম্ব উপস্থিত হয়। ইংলণ্ডের ইতিহাসে ক্যাথলিক. প্রোটেষ্টাণ্ট, পিউরিটান প্রভৃতি ধর্ম্ম-সম্প্রদায়ের পরস্পর লোমহর্ষণ রক্তারক্তি কাণ্ডের বর্ণনায় স্তম্ভিত হইতে হয়। এমন কি রাজারা পর্যান্ত কোন সম্প্রদায়ের পক্ষে, কোন সম্প্রদায়ের বা বিপক্ষে। কথন বা রাজাই কোন সম্প্রদায়-বিশেষের নির্য্যাতনে নিযুক্ত। ব্লাডী, মেরীর রাজত্বকালে, ক্যাথলিক ও প্রোটেষ্টান্টদিগের বিবাদ চরমে উপনীত হইয়াছিল। এই সময়ে নুশংস রাক্ষ্মী নরমাংসাশিনী ডাকিনী তুলা মেরীর নিষ্ঠুরতায়, কত শত প্রোটেষ্টান্ট একমাত্র ধর্ম-বৈষম্যের জন্ম জীবন্ত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইয়াছিল। সে ভাষণ কাণ্ডের বর্ণনা করিতেও হুদমস্থিত শোণিত-কোবের রক্ত শুকাইয়া যায়; প্রতি শিরায়, প্রতি ধমনীতে বৈচ্যতিক-শক্তির সঞ্চার হইয়া শরীর মন অবসন্ন হইয়া পড়ে, গাত্রে কণ্টকিত শিমলের ভার রোমাঞ্চ সঞ্চার হয়।। যোড্শ ও সপ্তদশ শতাকীর ইংশগুরি রাজাদিগের প্রকৃতি প্রায়ই এইরূপ।

সপ্তম ও অষ্টম হেন্রীর অত্যাচারও কম ছিল না। অষ্টম হেন্নীর দাম্পত্য-বিধির লজ্মন কাহিনী অতি অছুত। তিনি মহিধীর পর মহিধীর পাণিগ্রহণ করিতেছেন, আবার থামথেয়ালের বশে এক একটাকে শালে শূলে চড়াহতেছেন। কেথই তাথার স্থিব অস্থলন্ত্রীর সৌভাগাভোগে স্থা নহেন। ক্রেম্স ই্যাটের বাজনাতিই বা কি অছ্ত ছিল, !! বাজাই সর্কেদর্কা, প্রজা মাত্র তাঁহার স্থ্য-সাধন,-প্রজার মঙ্গলামঙ্গলের প্রতি দৃষ্টি—রাজকর্ত্তব্যের বাহির। শাসন, শোষণ, পেষণে প্রজার সর্বন্থ হরণ করিয়া রাজার বিশাসবাসন চরিতার্থ করাই যেন জেন্স ষ্ট্রাটের মডে রাজ-বিধি। তবে অষ্টাদশ ও **উ**নবিংশ শতাব্দীর ইংলগুীয় সমাটগণ স্কুসভ্য রাজ-সংস্করণ। এই সময়ের রাজারা অনেকেই প্রজারঞ্জক, প্রজার স্থাধের জন্ম লালায়িত। ইংলতে যে সমস্ত রাজ্ঞী শাসনদত্তের পরিচালনা করি-য়াছেন, তন্মদ্যে মাননীয়া চিরশ্বরণীয়া ভিক্টোরিয়ার শ্বভাবেই ভারতীয় নারীচরিত্রের কোমলভা, কমনীয়তা স্বেহ-বাৎসল্য, দয়া, মমতা প্রস্কৃট জাজন্যমান। অপরাপর রাজী মাত্রই যেন পৌরুষভাবের জীবস্ত মুর্ত্তি ছিল। নারী-স্বভাবোচিত পবিত্র স্নেহ বাৎস্লাভাব, যেন তাঁহাদের স্বভাবে তেমন প্রকাশ পায় না। যাহা হউক, বর্তমান সময়ের ইংলণ্ডায় সমাটগণ এবং পূর্ব্বযুগের তদেশীয় নিয়ন্তাগণে অনেক প্রভেদ,—একটু আধটু নয়—আকাশ পাতাল। সে তুলনায় মুদলমান দদ্রাটগণ দেবতা (ফেরেস্তা) তুল্য। যাহা হউক, আমরা এইখানে এই পরিচ্ছেদের উপদংহার করিলাম। এই পুস্তকের ইহাই যথেষ্ট—এইরূপ আমাদের বিবেচনা।

দ্বিতীয় পরিচ্ছেদ।

হিন্দু-মুদলমানের প্রাচীন জাতীয়-গোরব।

প্রথমতঃ হিন্দু জাতিরই গৌরবের কথা আলোচনা করিতে হয়।
হিন্দুগণ—আর্যবংশধর। আর্যজাতি অতি প্রাচীন, পৃথিবীর মধ্যে সর্বোন্ধরি এবং সর্বাংশে শ্রেষ্ঠ। আর্য্য জাতির শাখা প্রশাখা বহু এবং পৃথিবীর মানা স্থানে বিকীর্ণ। পাশ্চাত্য পৃত্তিতগণের অমুসন্ধান-ফলে স্থিরীকৃত ইইয়াছে যে, আর্য্য জাতির আদিম বাসস্থান পারস্তের নিকটবর্তী কোন প্রদেশে ছিল। সেথান হইতে আর্য্যগণ বহু শাখার নানা দেশে বিক্ষিপ্তা হইয়া পড়েন। তন্মধ্যে এক শাখা ভারতে উপনীত হন এবং তথাকার জলবায়ুর গুণে মুগ্ম হইয়া সেই খানেই বসবাস স্থাপন করেন। হিন্দু, গ্রীক্, রোমক, ফরাসী প্রভৃতি জাতি, যাঁহারা বর্ত্তমান যুগে আর্য্য জ্ঞাতি বলিয়া পরিচিত, তাঁহারা সকলেই যে কোন দূরবর্ত্তী অতীত কালে একত এক স্থানে বাস করিতেন, ইহা প্রমাণিত হইয়াছে।

এই সমস্ত জাতির ভাষায় অনেক মৌলিক সোনাদৃশু আছে। ইহা হইতে সিদ্ধ হইয়াছে, কোন না কোন কালে, সে কাল যতই দ্রবর্ত্তী হউক, তাঁহরা একই প্রদেশের অধিবাদী ছিলেন। কালে যে কোন কারণে—বংশ-বৃদ্ধির সঙ্গে সঙ্গে, কি গৃহবিবাদের ফলে, তাঁহারা নানা স্থানে ছজ়াইয়া পড়েন। ভারতীয় আর্য্যগণ, হিন্দু বলিয়া পরিচিত। ইহাদের মধ্যে চারি বর্ণের প্রাধান্ত,—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশু ও শূল। তন্মধ্যে ব্রাহ্মণেরাই আবার সর্কোপরি। প্রথম প্রথম আর্যাদিগের জারতাধিক্বত স্থান, অতি অল্প পরিসরই ছিল। তাঁহারা বহু কাল স্বরশ্বতী ও দৃষদ্বতী নদীছর ব্যবধান-প্রদেশের অধিবাদা থাকেন। অনেক দিন এই সামার

বহির্ভাগে তাঁহাদের অধিকারের প্রসার হয় নাই। যে স্থান তাঁহারা প্রথম অধিকার ভক্ত করিয়া বাস করেন, তাহা আর্য্যবর্ত্ত নামে পরিচিত। আর্যাগণের ভারতাগমনের পূর্কে, ভারতে অনার্যাদগেরই প্রাধান্ত ছিল। আর্যাদিগকে ভারতের আধিকার লইয়া যে অনার্যাদিগের সহিত যুদ্ধ-বিগ্রহ রণরঙ্গে ব্যাপত হইতে হইয়াছিল, সে কথা বলা বাছলা। একান্ত পর্মেশবের অমুগ্রহেই আর্য্য হিন্দুগণ, এমনই এক দেশে পদার্পণ করেন— যাহা চিরকাল স্বজলা, স্বফলা, শস্ত-শ্রামলা এবং প্রকৃতির অজম্র কুপা-বর্ষিত-রত্ন-প্রস্বিনী ভূমি। এমন কি, সকল জাতিরই লোভের পাত্রী। এরপ আশ্রিত-বংসলা ধাত্রীর শান্তিময় অস্কে স্থান পাইয়া, চিস্তাশীল সভা জাতি মাত্রেরই জ্ঞান-চর্কার দিকে প্রবৃত্তি ধাবিত হওয়া নিতান্ত স্বাভাবিক। ছর্মার অন্নচিস্তা হইতে নিষ্কৃতি পাইয়া, আর্য্যগণ এ দেশে পদার্পণ অবধি জ্ঞানামুশীলনে ব্রতী হন। জ্ঞানামুশীলনে ব্রাহ্মণ পণ্ডিত মণ্ডলীর স্বাভাবিক প্রবৃত্তি নিতান্ত প্রবলা বলিয়াই বোধ হয়। ভারতবর্ষ. একমাত্র ব্রাহ্মণগণের কল্যাণেই একাল সেকাল ত্রনিবার-জ্ঞান-পিপাস্থ-গণের লীলা ভূমি। ফলকথা, আর্য্য হিন্দুগণের প্রাচীন গৌরব ষথেষ্টই ছিল, তাঁহাদের রাজ-রাজ্য, ধন-এখার্যা, বিচ্চা-বৃদ্ধি, শিক্ষা-দীক্ষা, জ্ঞান-গৌরব, কিছুরই অভাব ছিল না। এই ভারতবর্ষেই ব্রাহ্মণ মণ্ডলীর কল্যাণে, অপূর্ব্ব ষড়দর্শন, স্থায়, শ্বৃতি, শ্রুতি, বেদ,(১)তন্ত্র, জ্যোতিষ, গণিত প্রভৃতি নানা শান্তের সৃষ্টি। ব্রাহ্মণগণ, ব্রহ্ম(২) চর্যার মঙ্গলময় আশ্ররের(২) জ্ঞান সোপানের উচ্চ দীমায় উপনীত হইয়াছিলেন। এক লক্ষণ্য-যুগে ভারতে যে সমস্ত শান্ত্র-তম্ব উদ্ধাবিত হইয়াছে, পুথিবীর কোন দেশেই তাहात जूलना नाहे। तर्पत्र मर्था बाक्ति मध्येषात्, ब्लान हर्कारकहे জীবনের প্রমার্গ জ্ঞান করিয়া তদ্বিষয়ের অনুশীলনের প্রাকাষ্ট্রণ প্রদর্শন

করিয়া গিয়াছেন। গভীর তত্ত্বোল্বাটনে, নিগৃঢ় শাস্ত্রালোচনায় তাঁহাদের সমকক্ষ পৃথিবীতে মিলিবে কি না সন্দেহ। ব্রাহ্মণগণ, জীবনে বিড়ম্বনার অধিক বিড়ম্বনা, হৃঃথের অধিক হুঃথ, গ্লানির অধিক গ্লানি, ভিক্লারুত্তি মাত্র অবলম্বন করিয়া কেবলই জ্ঞান-পীয়্যামৃত পানেই একাল সেকাল মোহিত.—পার্থিব-ভোগ-মাত্র অধার জ্ঞানে দেই রুসেই ভোর.—সেই বিমল আনন্দ-কন্দ রাজ্যেরই চির অধিবাসা।। এ কারণে জ্ঞান রাজ্যে ছিন্দু ব্রাহ্মণ-মণ্ডলী, এক প্রকার রাজ্যধিরাজ, রাজচক্রবর্তী। প্রাচীন ভারতে তাঁহাদের অধ্যবসায় গুণে যে সমস্ত শাস্ত্র গ্রন্থের সৃষ্টি হইয়াছে. তংপ্রদঙ্গে বঙ্কিম বাবু তাঁহার বিবিধ প্রবন্ধের এক স্থানে লিথিয়াছেন ;— "সংস্কৃত গ্রন্থের সংখ্যা নাই :বলিলেও হয়। যত অনুসন্ধান হইতেছে, তত নৃতন নৃতন গ্রন্থ থাবিষ্কৃত হইতেছে। সংস্কৃত গ্রন্থ গুলির তুলনায়— অন্ততঃ আকারে ইউরোপীয় গ্রন্থ গুলিকে গ্রন্থ বলিতে ইচ্ছা করে মা। যেমন হস্তীর তুলনায় টেরিয়র, যেমন বট বৃক্ষেব তুলনায় উইলো কি সাইপ্রদ, যেমন গঙ্গা, সিন্ধু, গোদাবরীর তুলনায় গ্রীক কবিদিগের প্রিয় পার্বতী নির্বারিণী, মহাভারত বা রামায়ণের তুলনায় এক খানি ইউরোপীয় কাব্য দেইরূপ। বেদের সংহিতা, ত্রাহ্মণ, আর্থাক, উপনিষদ্, গৃহ-স্ত্র, শোত্রস্ত্র, ধর্ম-স্ত্র, দর্শন, এই সকলের ভাষ্য, তার টীকা, তার ভাষ্য, পুরাণ, ইতিহাস, স্মৃতি, কাব্য, অলম্কার, ব্যাকরণ, জ্যোতিষ, গণিত অভিধান ইত্যাদি নানা গ্রন্থে আজও ভারতবর্ষ সমাচ্চন্ন বহিয়াছে।"

("দ্রৌগদী" ২য় প্রস্তাব)

নঙ্গীয় কান্য কাননের কল-কণ্ঠ বসস্ত কোকিল হেমচক্র বন্দোপাধ্যায়,
অথিল-মোহন, মধুর তানে "ভারত-ভিক্ষা" কবিতায় তাই লিথিয়াছেন;—

(ভারত-মাতার উক্তি) (১)

শ্যথন জৈমিনি, গর্ম, পতঞ্জলি,
মম অহমল শোভায় উজলি
শুনাইল বীর নিগৃঢ় বচন,
গাইল বখন ক্ষণ হৈপায়ন,
জগতের হুঃখে স্থকণিল বস্তো
শাক্য-সিংহ যবে তাজিলা গার্হস্কো,
তথন(ও) তাহারা ম্বণিত নহে;

(?)

তাঁদেরই ক্ষবিরে জনম এদের,
সে পূর্ব্ব গোরব সৌরভের ক্ষের,
হালরে জড়া'রে ধমনী নাচার
সেই পূর্ব্ব পানে কভু গর্ব্বে চার,—
এ জাতি কথন জঘন্ত নহে;

(0)

তে কুমার মনে রেথো এই কথা;—
বে ভারতে তুমি শ্রমিতেছ হেথা,
পবিত্র সে দেশ—পৃত কলেবর—
কোটি কোটি প্রাণী, ঋষি প্রাধর,
কোটি কোটি জন শ্র বীর নর,
কবি কোটি কোটি মধুর অন্তর,
রেণুতে ভাহার মিশায়ে রহে।"

এমন কি, মুসলমান রাজস্বকালেও হিন্দুগণের মধ্যে অসংখ্য মনীষির আবির্জাব হইয়া গিয়াছে;—নানক, চৈতন্ত, রঘুনাথ, রঘুনন্দন প্রভৃতি অধ্যাত্ম-তত্ত্ব-কুশলী পণ্ডিত-শিরোমণি, সেই কালেই জন্মগ্রহণ করেন এবং তাঁহাদের কীর্ত্তি-মালায় ভরত-জননীর কণ্ঠ চির স্প্রশোভিত! ইহা ভিন্ন বৈষ্ণব কবিগণের ত সংখ্যাই নাই;—জয়দেব, বিশ্বাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, নরোভ্রমদাস, গোবিন্দদাস প্রভৃতি অন্যন তুই শত বৈষ্ণব কবির মধুর গাথায় বঙ্গদেশ মধুর-আবেশ-রসে প্লাবিত,—এখনও জয়দেব কবির হৃদয়-তত্ত্রীর মধুর ঝঙ্কার, মুক্ত-বাতাসে লয় পায় নাই,—সে তান, সে মনোমাতোয়ারা কবিত্ব-ফোয়ারা, ভাবুকেব চির-পিপাসিত-কণ্ঠে নিরস্তর স্থাধারা ঢালিয়া দিতেছে! সত্য সত্যই 'বৈষ্ণব-পদলহরী' সম্পাদক, সাহিত্য-উভানের পুরাতন-মালী লাহিড়ী মহালয়, উক্ত গ্রন্থের ভূমিকায় লিথিয়াছেন;—

"সাত শত বৎসর পূর্ব্বে বঙ্গের কোন নিভ্ত প্রদেশে জয়দেবের এক কৃদ বাশরী বাজিয়াছিল; সেই বাঁশরীর শ্বর-লহরীতে আজিও প্রতিগৃহ মুখরিত। তারপর,—দেও ছয় শত বৎসরের কথা—কোন্ স্থদ্র মিথিলার, আর বীরভূম জেলার কোন্ অজ্ঞাত গ্রামে, বিভাপতি ও দঙীদাসর্কনী ছই কল-কণ্ঠ কোকিল কুছ-তান তুলিয়াছিল; সে তানও আজিও কানে কালে বাজিতেছে! কাহাকে রাথিয়া কাহার কথা কহিব ? পরবর্ত্তী কালে—বঙ্গীর দশম শতান্ধীর প্রারম্ভ হইতে শেষ পর্যান্ত যে পদ-লহরী উথিত হয়, অধুনা বঙ্গ-শাহিত্য-সমুদ্রের শুল্র-উর্শ্বিমূলে কোথায় তাহা প্রত্যক্ষীভূত নহে ?"

যথার্থ ই রাস-রস-রসিক, বিলাস-বিকাশ-পটু, প্রেমিক বৈষ্ণব কৰিগণ, শব্দের গ্রন্থনে, ভাষার যোজনে, ছল্মের বন্ধনে মধুরে মধুর মিশাইয়া বঙ্গ- ভাষাবধকে নিতান্ত রসময়ী, চির-ক্লপ-ঘৌবন-শালিনী, মনোমোহিনী সাজাইয়া রাখিয়া গিয়াছেন,—দেই ভাষা-বিলাসিনীর ললিভ-লাবণ্য, অনন্ত-মাধুরী, কালের সন্ধানে ক্রমেই প্রকাশিত,—সেই চির-বসন্ত-বিলাসিনী ভাষা-বিনোদিনী বাস্তবিক্ট 'ললিত-লবঙ্গ-লতা,' ভাষা-সামস্থিনীকুলের ল্লাম-ভূতা,—তাঁহার দৌন্দর্যাভাতি অনন্ত অফুরন্ত,—ক্ষয় নাই, লোপ নাই,শেষ নাই,—চির পির-যৌবনা, ললিত-আভরণ-ভূষণা বঙ্গভাষাবধু, সত্য সতাই এইরূপ !! সংস্কৃত-কাব্য গ্রন্থের ত কথাই নাই! এক কালি-দাদের কাব্য-গাথা, বিবিধ দরদ ছন্দোমুক্তাথরে গাঁথা,--নানা-রদ-প্রস্বিনী :--দে উৎদ ভকাইবার নয়, চিরকাল সমভাবে শত সহস্রধারে অজল উৎদারিত হইয়া, ভারত ভূমিকে ডুবাইয়া রাখিয়াছে.—সে রদে ভাব-বিশাসী, কাব্যামূত-পিপাস্থ মাত্রই আকঠ-নিমগ্ন কিন্তু অহোরহ: পান করিয়াও কাহারও তুপ্তি নাই,—বে পিপাসার শান্তি কোথায় ?—তাহা ছর্দমনীয়,-মিটিবার নয়,-উপশাস্ত হইবার নয়! কালিদাদের কবিত্ব-কলা অতুলনীয়। তাঁহার অপূর্বভাবময়ী কবিতা-বধুর মধুর-শিক্ষিতে, কাহার না শ্রুতি-কুহরে অপ্রান্ত মধুধারা বর্ষিত হয় ? যথার্থ ই ভারত-वाभी कावाकना-विनामीता छांशांक मन्नची वाग्वीनात्मवीत वत्रभूख বলিয়া থাকেন:--অক্সরে অক্ষরে সে নামের স্বার্থকতা আছে। তাঁহার কাব্য-গ্রন্থাবলী, সত্য সতাই মর্জ্য-স্বর্গ-স্থলী-ভারতভূমিতে বাসন্তিক-অলি-গুঞ্জরিত, চিরমুঞ্জরিত নিকুঞ্জ-কানন-রূপিণী ;—তাহা চিরকালই বন-বাসী, কলকণ্ঠ-বিলাসী কোকিল কাকলীতে প্রতিধানিত ;—সে নিকুৰে শীতের জডতা নাই. -- বর্ষার তুর্দিন নাই, -- বসত্তেরই চির্ফুল্লকুম্বমকুলের কমনীয় কাজিতে সুশোভিত, লতাপল্লবের খ্রামছবি-অলকত ;—তাহা স্থরলোকের পারিজ্ঞত-মুর্ভিত নন্দন-কান্নই বটে।

কালিদাসের শকুন্তলা, সংস্কৃত-নাটকীর-রস ও কবিছকলার চরম আদর্শ! তাঁহার কণাভামে শকুন্তলা ও গুল্পন্তের প্রথম মিলন, কওঁই মধুর!—নামক নারিকার প্রথম চিত্ত-বিকার, অঙ্গভঙ্গী, জ্র-কটাক্ষ-বিলাস, কতাই কবিছরসে অভিষিক্ত!!

ৰালিনী-ভটিনী-ভটে বিরহ-বিবশা, ক্ষাণা, মলিনা শকুস্কলার স্থীসমীপে আত্ম-গোপনের কি অপূর্ক-চাতুরী,—ললনা-স্থলভ-ছলনা !!—মনের বনে দারুণ দাবদহন লুকাইবার কডই নিপুণ চেষ্টা,—কডই ছলাকলার ভূয়ো-ভিষেক !! কিন্তু তাহা কি লুকাইবার, না ছাপাইবার ?—ভপ্ত-নিশ্বাস, শুক্তকিত-চাহনী, বাণ-বিদ্ধা হরিণীর স্থায় চিত্ত চাঞ্চলো, সে ভাব, আপনা আপনি প্রকাশ হইয়া পড়িতেছে। সংীর নিকট শকুন্তলা আর ধরা না পড়িয়া যান কোথায় ? শত ছলনা, শত চাতুরী, শত কলা-জাল ভেদ করিয়া, কুশাগ্র-বৃদ্ধি, নারীচরিত্র-কুশলিনী শকুন্তলা স্থী, প্রেয় বয়স্তার প্রতি শিরা, প্রতি ধমনী, প্রতি অন্ত্র, প্রতি তন্ত্রের খোঁজ লইয়া বসিতেছেন। যখন মৰু মৰু শীকর-সিক্ত, মালিনী-তরক্ত-তাড়িত মধুর মলয় বাযু-হিলোলে, সজল-নলিন-দল-চামর-সঞ্চালনেও যথন শকুস্তলার দেহের জালা দুর হইতেছে না, তথন আর অন্তর্বিকার, গৃহ্-মানসিক-রোগ, স্থীর নিকট গোপনের চেষ্টা বৃথা !! নারীর কুত্র যুঁথি-কোমল-হৃদয়, সে দাহ কত সহু করিতে পারে ?—তাহার বৈর্ব্য সীমাই বা কত ? কবি কালি-দাস. নারীচরিত্রের অন্তঃকীট ;—তাঁহার নিকট স্ত্রীলোকের গূঢ় অন্তন্তল-সঞ্চারী-প্রত্যেক ভাবলহরী, বিরহিণীর অন্তরের পরতে পরতে যে ভালা, কিছই ছাপা নয় !!

কবি যথার্থ ই জানেন, স্ত্রীলোকের বৃক্ষ ফাটে ত মুথ ফুটে না ;—
শনীক বৃক্ষের স্তায়, অন্তর্বহ্নি-আগ্নেয় পর্বাতের মত,—বাহিরে কোন

অন্তর্বিপ্রবের ভাব প্রকাশক কিছু না থাফিলেও, সহসা এক সমরে সুটিরা ফাটিরা তাহা হইতে অন্তর্গ্ হু-ভাব আপনা হইতেই প্রকাশ হইরা পড়ে। তখন সব রহস্ত চুর্ণ !! স্ত্রীলোকের স্বভাবে হলনা চাড়ুরীর প্রভাব বড়ই বেশী;—তাহারা বাহিরে বড় চাপা, কিন্তু ভিতরে বড় ফাঁপাও বটে;— অনেক সমরে অর হুংথে অর তাপে একেবারে এলাইরা পড়ে! সে ধৈর্ব্য সাম্মিক,—বালির বাধ; প্রবল বেগে তাহা টিকিতে পারে কম!

স্ত্রীলোকের সভাবই বিচিত্র ! তাহারা মোমের প্রণী;—অস্তরে অস্তরে চিতানলে পুড়িয়াও অনেক সময়ে বাহিরে কোন বিকার-বৈকল্য-কালিমা প্রকাশ করিতে চার না। ধন্ত নারী স্বভাব ! যাহা হউক, মালিনী-তটত্ত-বিরহ-মওপে শকুস্তলা ও ছমন্তর ছিতীয় বার মিলন-অঙ্কে, কবি কালিদাসের অপূর্ক নারী-চরিত্র-রহস্ত-ভেদ ক্ষমতার পরিচয় আহে। আমরা কবি কালিদাসের সেই মধুর কবিছ-রসাম্বাদনে স্থী হইতে পারিলাম না। আমাদের সেরপ সময়, স্থযোগ নাই। অনেক পাঠকই দে রসাম্বাদনের রসিক। আমরা আর তাহার নৃতন পরিচয় কি দিব ?

কালিদাসের পর, কবি ভবভৃতির কথাও একটু বলিতে হয়।

ভবভূতির 'উত্তর রামচরিতে' উচ্চ কবিছ-স্টির যথেষ্ট প্রাচ্ব্য আছে।
তবে ভবভূতির কাবাকলারস, তেমন তরল, চল চল, অর-হিলোল-চঞ্চল
নর,—সে রস অতি গাঢ়, অতি গভার, অনেকস্থলে অনেকের
পক্ষে অতলম্পর্ণ! সে রসাম্বাদনে অনেকেরই থৈর্যাচ্যুতি ঘটে। তবে
তাহা কেতকী-বনই বটে ;—সামান্ত কন্টক-প্রাহাত্ত-আশন্তা, কচিৎ হিংপ্র জন্তর গর্জন, ভূজদ-নিম্বাস-আতম্ব, বনভূমির নির্জ্জনতা, অন্তান্ত ভূচ্চ্
বিভীষিকা উপেক্ষা করিয়া, একবার সে বনে প্রবেশ করিতে পারিলে,
নতান্তই সেই দিক্দিগন্তপ্রসারী বায়ু-সঞ্চারী মনোমাডোয়ারা গন্ধে, সেই আকুল-দৌরভে মুগ্ধ হইরা পড়িতে হয়! ভবভূতির কাব্য, বিরল-কুস্থ-কুল, বিপুল বন-ভূমির স্থার; তবে তাহাতে যেখানে আবার নয়না-ভিরাম কুস্থমলামের সৌন্ধর্য-ছটা আছে, তাহা অতি অপূর্বে! সহসা সে দৃশ্রে মনের অন্তত্ত্বল তেল করিয়া, কবিজ্ঞাব উল্লেল উছলিয়া উঠিয়া একেবারে আত্ম-হারা করিয়া দেয়! আরবীয় মরুন্থিত কচিং প্রামন-শঙ্গাল-শোভিত স্থাভি-উত্থানের স্থায়,—প্রান্তির পর, মরমের পরতে পরতে, তাহার মধুমর প্রভাব ফুটিয়া উঠে,—পরীর, মন, স্থাভিতল করিয়া সেই একভাবেই বিভার করিয়া তোলে!!

ভবভূতির অৰ্প্রাস ছটার ঘটাও অতি অপূর্বা! সে যেন ভাষা-ভাঙারের অসংবা মণিম্জ্ঞার ধর-গাঁথনি,—সে যেন ছম্মাণ্য নন্দন-স্থরতক্ষ-পারিজাত-কুস্থমের মালা, তাহাতে ভাষার যোজনার, শব্দের গুণে, নানা ভাবের এক ঢালাই ভাব ঢালা,—সে ভাব বর্ণনা করা আমাদের সাধ্যাতীত।

ইহা ভিন্ন 'শ্রীহর্ষের নৈবধ' কাব্য, বর্ষার কৃল- প্লাবিনী-নদী,—ভাবের তরঙ্গ, রচনার লালিত্য, কল্পনার হিল্লোল থথেষ্টই আছে। তবে তাহাতে আদিরদের কিঞ্চিৎ গাঢ় আবিলতাও আছে! নৈষধের শন্ধ-লালিতা অতি প্রসিদ্ধ।

'গীত-গোবিকে'র কথা আর আমরা অধিক কি বলিব গ

জন্মদেব গোলাদীর কুদ্র কাব্য-কাননে যাহা কিছু আছে, তাহা বঙ্গ দেশেরই উপযুক্ত প্রাকৃতিক সম্পাদ,—দে বটে অতি মনোমদ আনন্দ-নন্দন-নন্দনকাননেরই তুলা। তাহাতে অর পরিসরে না আছে কি ?—বিচিত্র কুম্মম-ছেটা, মধুমত্ত-ভূঙ্গের শৃগার রস, নানা বিহগকুলের মধুর কাকলী, বনস্থলী-প্লাবী কোকিল-কুজন, মন্দ-মল্য-প্রন-হিল্লোল, লতাপল্লবের দোলনি, ফুলের হাসি, ভবকে স্তবকে ফলের রাশি, এ সকলই আছে। ইহা ভিন্ন ইহাতে আর যাহা কিছু আছে, তাহাও অতি ধন্ত। অন্ত অনেক সংস্কৃত কাব্যে তাহার তুলনা আছে কি १---দে বটে এক অপূর্ব্ব অভিনব বাছতন্ত্রীর রসাল ঝছার.—তাহার মনো-মাতোয়ারা স্বরে নিতান্তই মুগ্ধ হইয়া পড়িতে হয়; শ্রুতি-মাত্রই তাহার প্রভাব ফুরায় না, এমন কি অনেক পরেও সে লয় কানে বাজিতে থাকে।

সে এক অপর্ব্ব অপরিচিত বন-বিহগেরই নৃতন ভান,—নৃতন গান-—নৃতন উচ্ছাস,—নৃতন বিশাস। তাহাতে সঙ্গীত-কলার পূর্ণতা-প্রকাশ,—দে পূর্ণতা অন্সের অনায়ত্ত, তাহা কেবল প্রেমিক বৈষ্ণব কবিরই সম্পদ্,—তাহাতে যুগপৎ শৃকার, করুণ রনেরই উদ্বেশ-লছ্রী !

নব যুবক যুবভীর প্রেম-বিলাস, বিরছের উচ্চাস, নবীন প্রেমের মাধুরী, কেলিপরা-কলাবতীর চাতুরী, বিরহিণীর উদাস-বিভ্রম, লম্পটের শঠতা, থণ্ডিভার হঠতা, থলের চতুরতা, মধুর মুরলী-শ্বনি, প্রেমিকের রসাল হাসি, প্রাণের ভালবাসাবাসি, বিরহে উন্মাদ, মিলনের-প্রমাদ, ্প্রেমের দৌত্য,—ইহাতে না আছে কি ? কবি বাণভট্টের 'কাদম্বরী' সত্য সতাই 'নম্বরী' কাবা-গাথা। ছঃথের বিষয়, সে কথা এখানে আলোচনার অবসর আমাদের কম। তাঁহার বিচিত্র শব্দ বিক্রাসের ঘটা. 'রসাল-বিশাল-সমাস-পটলে'র চট্চটা, বর্ণনার ছটা, কাব্য অগতের এক নৃতন হেঁয়ালি। তাহার কথা এখানে না পাড়াই ভাল। কথায় তাহার ভূমিকা হইবার নয়, বরং তাহাতে বিশেষ মনোক্ষোভ-সঞ্চার হইবারই সম্ভাবনা।

ইহা ভিন্ন অন্ত অনেক সংস্কৃত কাব্য পড়িয়া কহিল। আনেকগুলিই

ভাহার উচ্চ কবিদ্ধ-কলার পূর্ণ-প্রতিমা বটে! অনেক আৰার এমন আছে, যাহার সংবাদ আমরা অতি কমই রাথি।

যাহা হউক, সংস্কৃত আর হুই থানি কাব্যব্রন্থের আলোচনা-প্রসঙ্গ ना क्रिया, व्यामवा निवस इटेए পाविनाम ना। त्म इटेशानि.-मर्श-ভারত ও রামায়ণ। রামায়ণ আদি কবি, আদিতাপ্রভাচ্ছবি বালীকির রুসাল-মধ-ক্ষরিণী-লেখনী-প্রস্ত। অতত কল্পনার স্টি-চাতুর্গা, বালীকীয়-রামায়ণ, ভুবন মধ্যে সমস্ত মহাকাব্যের উপরি। এই মহা-कारता बाबीकित প্রতিভা, অলোকিক-সৃষ্টি-ক্ষমতা এমনই প্রকৃট যে, তাহা বর্ণনা করিবার নয়। যাহারা বাল্মীকির প্রতিভার পরিচয় গ্রহণ করিতে ইচ্ছা করেন, তাঁহারা মূল রামায়ণখানি কিখা আধুনিক কোন প্রসিদ্ধ পশ্তিত-রটিত "বান্মীকি-প্রতিভা" নামক পুস্তকথানি পাঠ করিয়া দেবিবেন। 'মহাভারতের' কথা আমাদের ভায় কুদ্র বিভাবৃদ্ধি-সম্পন্ন. नगंगा वास्त्रित शक्त आलांहनात कहानां अ शहेला माल। 'এই महाकांग, এক লক শ্লোক-পরিপূর্ণ, অতি বিরাট-গ্রন্থ। ইহাতে যথেষ্ট কবিছ আছে। ঐসিদ্ধ মহামূনি কৃষ্ণ-দৈপায়ন, এই মহাগ্রন্থের রচয়িতা। ইহাকে সমস্ত জ্ঞান-জগতের 'ইনসাইক্লোপীডিয়া', 'এপিটোম' বা দংকিপ্ত ভাণ্ডার বলিলে অভ্যক্তি হইবে না। ইহাতে সমাজনীতি, রাজনীতি, সন্ধি-বিগ্রহ, জগতের সমস্ত বিষয়ই আছে। কুদ্র ব্যক্তির পক্ষে এ পুস্তকের গুণের পরিচয় দেওয়া অসম্ভব। তাই সে সম্বন্ধে कां इरेनाम। रेरा जित्र महाजांत्रात्वत्र "नाश्वि-পर्स", व्यथावा-जरपत ধনি। কুরুক্তেত্ত-বৃদ্ধের প্রাক্কালে, মোহ-বিশে অর্জ্জনকে, ধর্মনীতির উপদেশ ছলে, মায়াবাদ-খণ্ডনের উদ্দেশে, গভীর অধ্যাত্ম-তত্ত্বের ব্যাখ্যা ব্যপদেশে, স্বয়ং এক্লিঞ্চ যে উক্তি করেন, শান্তিপর্কে তাহারই সমাবেশ।

মহাভারতের ভাষে সর্বাঙ্গ পরিপূর্ণ মহাকার্য জগতের অভ কোন ্রাতর আছে কিনা সন্দেহ। হোনরের 'হালয়দ', মাল্টনের প্যারা छाइंक नहें', स्क्तुरामोत 'माशानामा' मुन्तांर्य जाशात ज्ला नरह। ফল কথা, 'যাহা নাই ভারতে, তাহা নাই জগতে'। মোটের উপর, আয়া হিন্দুগণ জ্ঞান-চর্চায় একাল দেকাল বিশেষ উন্নত। সে বিষয় তাহারা অনেক স্থসভা জাতি অপেকাই শ্রেষ্ঠ। যাঁহারা হিলুজাভির প্রাচান জ্ঞান-গৌববের পরিচয় জানিতে ইচ্ছা করেন, তাঁহারা রাজকৃষ্ণ ম্থোপাধাারের "ভারত-মহিমা"শার্ষ ক্রবন্ধটী পাঠ করিয়া দেখিবেন। উক্ত প্রবন্ধ 'বঙ্গ-দর্শনে' প্রচারিত হয়। ইহাতে ভবিষয়ক অতি সংক্ষিপ্ত অথচ দার-গর্ভ আলোচনা আছে।

ইহার পর হিলুগণের বাহুৎসের কথা কিঞ্চিৎ আলোচনা করা আবশুক। এ বিষয়েও যে তাঁহারা অন্তান্ত জাতি অপেকা কোন অংশে নিকুই, এমন বোধ হয় না। অতি প্রাচীন যুগৈ, যখন জগতের অক্তান্ত অনেক জাতির মনুষ্যত্বের বিকাশ হয় নাই, অনেক বিষয়েই নিতান্ত অজ্ঞ, মহাভারত-গ্রন্থ, বলিতে গেলে, সেই সমল্লের হিন্দু সমাজের আলেখা। এই মহাভারত-পাঠে বেশ বুঝা যায়, তথন হিন্দুগণের মধ্যে সাহস, বল, বাদ্য প্রভৃতির যথেষ্ট আদর ও গৌরব ছিল। উক্ত कार्या अर्नक वल-शाली, शत्राका स महात्रशित्रत्व कथा आहि। त्रहे সমস্ত বীরগণের মদীম সাহস, অমিত বাছবল, অলৌকিক দৃঢ়প্রতিজ্ঞতা. অসাধারণ অধ্যবসায়, অসামান্ত ক্ষমা গুণের বিষয় পাঠ করিলে, নিতাস্ত বিস্মিত, স্তম্থিত হয়। প্রতিত হয়। প্রাচীন-পারস্ত-মহাশ্র রোস্তম ও অভিম্মার বলবিক্রম-শালিতায় অনেকটা সাদৃত্য আছে। মহা-ভারতের মহাবীর ভাম, দ্রোণ, কর্ণ, ভীম প্রভৃতির হন্ধার, কেশরি-

নিনাদে, এক যোগে আকাশ, পাতাল, জলধি, শৈলমালা কম্পিত হইত, এমনই বোধ হয়। সে সমস্ত মহারথ, জগং-প্রসিদ্ধ, ভ্রন-বিশ্রুত মহাবীরগণের হস্কার, বীর-দর্প প্রভৃতির বিষয় পাঠ করিলেও সর্ব্ব শরারে রোমাঞ্চ সঞ্চার হয়, নিডান্ত বিশ্বরে আয়হারা হইবার উপক্রম!! যদিও একথা ঠিক, মহাভারতে অনেক অতি-প্রাক্তত ঘটনার উল্লেখ আছে, তথাপি সে সকল যে সম্পূর্ণ কবিকল্পনার অতিরপ্তনে দ্বিত, ইহা অনুমান করিবার কারণ নাই। তাহাতে অনেকটাই সভ্যের ছারা আছে। কোন জাতির কোন বিষয়ের উন্নতি কিরপ ছিল, তাহা অবধারণের পক্ষে, সেই বিষয়ের আদর্শের প্রতি দৃষ্টি করিছে হয়। যে জাতির আদর্শ যত উন্নত, সে জাতি সে বিষয়ে তত উন্নত, এরপ বোধ জন্মাই সহজ। কেননা, আদর্শের পূর্ণ-সীমার না পৌছিলেও তাহার কাছাকাছি পৌছিবার চেষ্টা হইন্নাছে, এরপ ধারণা, আপনা হুইতেই জন্ম।

ইংরেজিতে একটা প্রবচন আছে, তাহার মর্ম্ম এই, "যে বাজি গাছের অগ্রভাগ লক্ষা না করিয়া আকাশ লক্ষ্য করে, সে অবশু গাছের উপরে শর নিক্ষেপ করিয়া থাকে।" হিন্দুগণের সম্বন্ধেও সেই কথা অবিক বলা যাইতে পারে। ইহা ভিন্ন হিন্দুগণের মধ্যে বর্ত্তমান-যুগে অনেক কতী, কত-বিশু লোক, হিন্দুর প্রাচীন জাতীয় বাহুবলের কথা আলোচনা করিয়াছেন। ইঁহাদের মধ্যে বঙ্কিম বাবুর কথাই আমরা বলিতে পারি। হিন্দুগণ যে, বাহুবল, শোর্য্য বীর্যাের অভাবে(১) অধীনতা(১) শৃত্তবে বন্ধ হন নাই, ইহা প্রতিপন্ন করাই উক্ত অনুসন্ধিৎস্থগণের উদ্দেশ্য। তাঁহাদের মধ্যে যে একতার অভাবেই এ ঘটনা, জাতীয় অবনতি ঘটনাছে, এইরপই উপনন্ধি জনো। গাহারা সে বিষয় জানিতে ইছা

করেন, বল্কিম বাবুর অশেষ গবেষণার ফল "ভারত কলক্ষ", "বাঞ্চালার কলঙ্ক" শীর্ষক প্রবন্ধ ছইটী পাঠ করিয়া কৌতুহলের নিবৃত্তি করিবেন। তাহা হইলে ব্ঝিতে পারিবেন যে, যে বাঙ্গালী 'ভেতো' বাঙ্গালী বলিয়া এখন অনেকটা মুণিত, তাঁহারা কিছু চিরকালই, সেরপ ননীর পুতৃত্ব, "আলালের-ঘরের-চুলাল" অলল পরিশ্রমে কাতর, উল্লম-উৎসাহ-বিহীন कार्ष्ट्रंत युर्डि नन । जाँगामित वन, वीर्या, प्राष्ट्रम, त्मोधा यद्यष्टेरे हिल। তবে কালের চক্রে তাঁহার। অধীনতা-নিগতে বন্ধ হইয়াছেন। চির-কালই কোন জাতির অবস্থা সমান থাকিতে পারে না। একবার উত্থান, একবার পতন, পরিবর্তনশীল জগতেরই নিয়ম। ভাগ্য-চক্রের আবর্ত্তনে একবার উঠা, একবার পড়া, সকল জাতির ভাগোই ঘটিয়াছে ও ঘটিবে। হিন্দুর ভাষায়, লক্ষা চিন্ন-চঞ্চলা, কমলার দৃষ্টি সমানভাবে চিরকাল প্রির থাকে না। রাজ-রাজ্য-বাবসায় হস্ত পরিবর্ত্তন করে, ধন কাহারও চির্রাদনের ভোগ্য নয়। ধন, যৌবন, জোয়ারের জল,—স্মাসিতে দেখা যায়, কথন চলিয়া যায়, সে বভ ঠাওর করা দার। হিল্পাণ যে শুদ্ধ একতার অভাবে রাজ রাজ্য, বল বীর্য্য-হারা হটমাছেন, এ বিষয়ের আক্রেপ-উক্তি तुक्रवाल व्यक्ताभाषात्वत्र भविनी-उभाषात्व महे हम । লিখিত আছে:-

> "একতায় হিন্দু রাজগণ, স্বথেতে ছিলেন অণুক্রণ।

(म ভাব থাকিত যদি, পার হয়ে দিয়নদী,

আসিতে কি পারিত যবন ?"

এককালে কোন কোন হিন্দু রাজবংশ যে ভারতের সার্ব্ব-ভৌম আধিপতা ভোগ করিয়াছিলেন, ইতিহাসে এমন পরিচয়ও পাওয়া যার।

তন্মধ্যে পালবংশ ও গঙ্গাবংশই সম্ধিক উল্লেখ-যোগ্য। রাজকৃষ্ণ বাবুর 'বাঙ্গালার ইতিহাস' পরিশিষ্টে এইরূপ লিখিত আছে;—

"মুদ্ধেরে প্রাপ্ত দেবপাল প্রদত্ত একথানি ভাতুশাসন পত্তে লিখিত আছে যে, তিনি গঙ্গোত্তরা হুইতে সেত্রের রামেশ্র পর্যান্ত এবং লক্ষাকূল পুৰৰ দেশীয় লক্ষাপুৰ বিউত পশ্চিম সাগর পথ্যন্ত সমুদ্য ভূভাগ জয় করিয়াছিলেন এবং তাঁঠার যুদ্ধাধর সকল কাথোজ পর্যান্ত উপ'স্থত হইয়াছিল। অনেকে বিবেচনা করেন যে, কাম্বোজ দেশ সিদ্ধনদের অপর পারবত্তী। রঘুবংশে ইঙার বর্ণনা আছে। বুদাল নামক স্থানে প্রাপ্ত আর একথানি অনুশাসন-পত্র পাঠ করিয়া জানা ষায়, গৌড়ীয় পাল রাজারা এক সময়ে উৎকল, দ্রাবিড়, গুজর ও ত্রণদিপের দেশ অধিকার করিয়াছিলেন।" ইহা হইতে বেশ বুঝা যায়, এককালে আহিমাত্রি-কুমারিকা আর্যাভূমি হিন্দুগণের শাসনাগান ছিল: हिन्दुशला बस्या ज्ञानक जीत्नाक भयान्य य आहीन युरा वीत अमीकरभ প্রসিদ্ধি লাভ করিয়া গিয়াছেন, ইহাও অনেকে জ্ঞাত আছেন। সেদিন-कांत्र कथा, कर्यात्मवी, प्रशीवजी ममत्र क्लाल व्यामि यानसमाप्त्र विशक्षरक কবিতায়ও হিন্দু বীর-রমণীর কথা পাওয়া যায়।

-- "এই আয়া ভূমে বাঁধিয়া কুন্তল,
ধরিয়া কুপাণ কামিনী সকল,
প্রেফ্ল স্থাধীন পবিত্র অন্তরে,
নিঃশঙ্ক হৃদয়ে ছুটিত সমরে;
খুলে কেশ পাশ দিত পরাইয়া,
ধুমুদণ্ডে ছিলা আনন্দে ভাগিয়া,

সমর উল্লাসে অধৈয় হয়ে।
কোথা সে এখন অসি-ভল্ল-ধারী
মহারাষ্ট্র বামা রাজোবারা নারা,
অরাতি বিক্রমে পরাজিত হলে
চিতানলে ধারা তমু দিও চেলে,
পতি, পিতা, স্থৃত সংহতি লয়ে?
বীর মাতা ধারা বীরাঙ্গনা ছিল,
মহিমা কিরণে জগৎ ভাতিল,—
কোথা এবে তারা,—কোথা সে কিরণ,
আনন্দ-কানন ছিল যে জুবন
নিবিত্ত অটবী হয়েছে এবে!

ইহার পর, উক্ত কবিতায় ভারতীয়াবছ্যা-**ললনা ও** সতী সা**ধ্ব**ি-দিগের ও স্ব-গর্ক্ক উল্লেখ আছে, যথা,—

> এই বঙ্গভূমে করেছিল লীলা আনত্রেয়া, জানকা, দ্রৌপদা, স্থালা, থনা, লালাবতা প্রাচান মহিলা সাবিতা ভারত পবিত্র করে গু

হিন্দ্গণের প্রাচীন গৌরবের কথা আমরা ইহার অধিক অলোচনা করিতে পারিলাম না। আমাদের সেরূপ স্থায়েগ একেত্রে নাই। এখন বিজ্ঞ পাঠকগণ, বিশেষতঃ মুসলমান ভ্রাত্যণ ভাবিয়া দেখুন, হিন্দুর গৌরব কিসে না ছিল? আমরা প্রসন্ধ ক্রমে এই ক্রেরে মুসলমান দিগের প্রাচীন জাতীয় গৌরবের যংকিঞ্চিং আলোচনা করিতে বাসনা রাথি।

অনেকেই বিশেষতঃ ইতিহাস পাঠকেরা, অবগত আছেন, মুসলনানেরা ভারতের বহির্ভাগ হইতে **এ দেশে** পদার্পণ করেন। কথন কি সূত্রে. এ দেশে ইসলাম ধর্মাবলম্বিগণের আগমন হয়, পুর্বের ভাহার মংকিঞ্চিৎ প্রদক্ষ হইয়াছে। প্রস্তাবিত পুস্তকের পক্ষে, আমরা তাহাই যথেষ্ট মনে করি। যাহা হউক, ইদলামধর্ম, দমাজ-গঠনের সৃষ্টি চইতে জগতে বর্ত্তমান থাকিলেও, আরবে ক্জনত মহম্মদের (দং) আবিভাব না হওয়া পর্যান্ত **উক্ত** ধর্ম সম্প্রদায়ের উরতিযুগ, অভাদয় কালের প্রচনা হয় নাই। হন্ধরত মহম্মদ (দঃ), ইসলাম ধম্মের সংস্থারক। তিনি নির্বচ্ছিন্ন-রেণুময় প্রকৃতির কুপাকণা-বঞ্চিত আর্বে জনাগ্রহণ করেন। তাঁহার আবিভাবের পুর্মে আরবের চির-প্রোজ্বল ধন্ম-জ্যোতি, অতি পরিয়ান ভাব ধারণ করিয়াছিল। আরবের পুণাময় স্থপ-হিল্লোল বিছিয়া শেষ হইয়া ষথন ভাহাতে অপন্ম, অপুণা, অনাচারের স্রোত প্রবল, তথনই তিনি আরব দেশের প্রাসিদ্ধ কোরেশ বংশের মুগোত্রল করিতে পথিবীতে অবতীর্ণ হন। যে বংশের তিনি কুলপ্রদীপ, সে বংশ, আভি-জাতা, সম্রমে আরবের মধ্যে সর্বশ্রেষ্ঠ। উক্ত বংশেই গ্রীষ্টান ইতদী ধর্ম-শাস্ত্র-উল্লিথিত 'রোট্ ফাদার এরাহাম' (হন্ধরত এরাহিম থলিলালাহ) জন্মগ্রহণ করিয়াছিলেন এবং তিনিই মকার প্রাসিদ্ধ মন্দিরের প্রতিষ্ঠাতা। হল্পরত মহম্মদ (দঃ) সংস্কৃত, পবিত্রীকৃত, নিম্মান ইসলাম-ধম্মের গৌরব মহিমা-প্রদক্ষ এখানে আমরা কিছুই করিতে চাহি না। তাহার আলো-চনা যথা স্থানে পরে আসিবে। এখানে আমাদের বলিবার যাহা, তাহা এই যে, হল্পরত মহম্মদেই (দঃ) ইসলামধর্মাবলম্বিদিগকে একতার মধুর বন্ধনে, পুণাবলে, বাছবলে বলীয়ান করিয়া, জগতের ইতিহাসে আরবের প্রসিদ্ধ যুগান্তর আনয়ন করেন। সেই হইতে আরম্ভ করিয়া, বহু শতাকা কাল, পৃথিবীর নানা স্থানে এদ্শামের বিজয়ত্ন্নুভি, সগর্ক-গভীর ঘর্ষর-রোলে, আকাশ, জলিধ বিকম্পিত করিয়া নিনাদিত হইয়াছে। একজন প্রাসিদ্ধ আধুনিক বঙ্গীয় কবি (কেসচক্র বন্দ্যোপাধ্যায়), তাঁহার প্রাসিদ্ধ কোন কবিতার, জলদগন্তীর-স্কুরে, মধুর মোহনতানে, প্রাণের আবেগে দেই কথাই প্রতিধ্বনিত করিয়াছেন;—

"আরবের পারস্তের কি দশা এখন ?

সে তেজ নাহিক আর নাহি সে তর্জন!

সৌভাগ্য কিরণ জালে, উহারাই কোন কালে,
করে ছিল মহাতেজে পৃথিবী শাসন।
আরবের পারস্তের কি দশা এখন!
পশ্চিমে হিম্পানী শেষ, পূর্বে সিন্ধু হিন্দু দেশ,
কাফের যবনসন্দে করিলা দমন,
উন্ধাসম অক্সাৎ হইল পতন!
'দীন' বলে মহাতলে, যে কাণ্ড করিলা বলে,
সে দিনের কথা এবে হয়েছে স্থপন,—
আরবের উপস্থাস মন্তে যেমন!"

সত্য সভাই এককালে ইউরোপে ফ্রান্সের দক্ষিণ সীমা ইটালী, প্রীস্, স্পেন্, পর্ট গাল, অস্থ্রিয়া, আফুকার উত্তরার্দ্ধ, মধ্য এসিয়ার প্রায় সমগ্র ভাগ ও ভারতবর্ষ, মুগলমান স্থাতির বাহুবল প্রদশনের লালাভূমি ছিল। 'সে দিনের কথা' এখন বাস্তবিকই 'স্বপ্ন' হইয়াছে। কিন্তু আরও শত সহস্র বর্ষকাল সে কান্তিগাথা, ইতিহাসের পৃষ্ঠা হইতে মুছিয়া যাইবে না, এমন ভরদা আছে। আরবীয়েরা যে দিগ্রিজয়ী, একথা গ্রীষ্টান লেখকগণ মুক্তকঠে স্বীকার করিয়া থাকেন এবং সহসয় হিন্দু লেথকগণও নিজ নিজ পুতকে তাহার প্রদঙ্গ করিতে ভলেন নাই।

বৃষ্কিম বাব, তাঁহার ভারত ক্রম্ম নামক প্রবাদ, এ ক্থার আভাষ দিয়াছেন। প্রসিদ্ধ বঞ্চীয় ঐতিহাসিক, প্রেরতত্ত্বিদ্ধ মৃত মহায়া রাজ-ক্লফ মুখোপাধায়ে, তাহার বিখ্যাত-প্রবন্ধ "মন্ত্র্যা ও বাহা জগৎ" এর এক স্তাবে লিখিতেছেন,—"ভান মাহায়্যে আরবের অধিবাদীরা এই রূপ শক্তিসম্পন হওয়াতেই তাহারা এক সময়ে সিদ্ধু নদ হইতে আট লাণ্টিক মহাদাগর পর্যান্ত, ভারত মহাদাগর হইতে ফান্সের দক্ষিণ ভাগ পর্যান্ত মুদলমান জ্ব-পত্কো উড্ডান করিয়াছিল। বেরূপ পার্কত্য প্রদেশে কথন কথন বছদিন পর্যান্ত জলরাশি সঞ্চিত হইয়া থাকে. পরে সামাত্র কারণে কোন দিক ভাঞ্চিয়া প্রচণ্ডবেলে বহিগত হয় ও অতি বিস্তীর্ণ ভূভাগ প্লাবিত করিয়া ফেলে, দেইরূপ বছকাল প্যান্ত আরবে যে মানব-শক্তি ক্রমণঃ সঞ্চিত ২ইয়াছিল, মহম্মদের আদেশে, স্নাত্র ধ্যা প্রচারার্থ, সেই শক্তি একবার স্বদেশের সামা অতিক্রম কবিয়া ভূমওল প্লাবিত করিতে ছুটিয়াছিল। পার্গিক সামাজ্য ও প্রঞ্গ রোমক সামাজ্য তাহার প্রভাবে বিলুপ হয়। এসিয়ার পশ্চিম ভাগ, আফি কার উত্তর খণ্ড, ইউরোপের স্পেন ও পত্গাল, অল দিনেই আরব্দিগের করতলঙ্ হয়। কে বলিবে একবার জলিয়া উঠিয়াই আরবের অগ্নি নিকাপিত **হট্যা গিয়াছে** ?"

ইহাত গেল মুসলমান জাতির বাহুবলের গৌরবের কথা। মুসলমান জাতি কি জ্ঞানের গৌরবে বঞ্চিত ? সে কথাও নয়। যে ইউরোপীয় জাতিরা বর্তমান যুগে জ্ঞান-বিজ্ঞান চচ্চবি গৌরবে "কথামৃত"—কথিত মণ্ড,কের স্থায় সহসা ক্ষীত হইয়া বিদীণ হইবার উপক্রম, তাহারা কোথা

হইতে জ্ঞানামূশীলনের ফুল্র, সভাতার সোপান সন্ধান পাইলেন, তাংগ কি কেফ ভাবিয়া দেখিয়াছেন ? আমাদের বিবেচনায়, হতভাগা অধংপতিত মুদলমান জাতির হুবদষ্টতা বশতঃ দে কথা কেই চিম্ভা করিয়াছেন বলিয়া বোধ হয় না। পুণাত্মা শেথ আব্দর রহিম সাহেব. ("স্থাকর" পত্রিকার স্থযোগ্য ভূতপূর্ব্ব সম্পাদক) তাঁহার ক্রত "হজরত মহম্মদের জীবন চরিত ও ধর্মনাতি" গ্রন্থে, ইসলাম-প্রভাব-প্রসঙ্গে স্থ প্রসিদ্ধ পাশ্চাত্য ঐতিহাসিক চেম্বার সাহেবের যে অনুবাদ প্রকাশ করিয়াছেন. তাহা এইরূপ .- "এদলামের প্রভাবে স্থায় বিচার, অহঙ্কার, ব্যভিচার, প্রতিহিংসা, ঈর্ষ্যা, অশাস্তি, অর্থলোলুপতা, ইন্দ্রিপরায়ণতা এবং অবিশ্বাস দুরীভূত হইয়াছে। ধৈধাশীলতা, উদারতা, দানশীলতা, নম্রতা, সহিষ্কৃতা মিতব্যয়িতা, শান্তিপ্রিয়তা প্রভৃতি সদুগুণরাশি মানবন্ধদেয়ে অধিকার লাভ করিয়াছে। এসলাম—ইউরোপে বিজ্ঞান শিক্ষার বিস্থার করিয়াছে. অজ্ঞান-তিমিরাচ্ছন ইউরোপকে চারি শতবর্ষ কাল জ্ঞানরূপ আলোক দারা আলোকিত করিয়াছে বলিয়া, এসলাম অহস্কার করিতে পারে। গ্রীক ও রোমীয় জাতির দর্শন, চিকিৎদা, ভূগোল, ইতিহাদ, ব্যাকরণ, সাহিত্য, প্রাণিতত্ত-বিদ্যা প্রভৃতি শাস্ত্র, এদলামের শান্তিময় আশ্রয়ে নানাবিধ ফল প্রম্পে শোভিত ২ইয়াছিল।"

সকলেই জানেন, স্পেনে মুসলমান-শাসন প্রায় সাত আট শতাকী কাল প্রতিষ্ঠিত ছিল। তদ্দেশীয় শাসন-প্রণালী-প্রসঙ্গে ইউরোপীয় ঐতিহাসিক ডোজী লিথিয়াছেন;—

শুসলমান শাসনকালে ম্পেন দেশীয় খ্রীষ্টানগণ নিরতিশর স্থ শাস্তি ভোগ করিয়াছিল। বিভিন্ন দেশবাসী খ্রীষ্টানগণ ও ইহদীরা, খ্রীষ্টান-নরপতিগণের অন্যাচার হইতে রক্ষা পাইবার জন্য

ম্পেন্ দেশীয় মুদলমানগণের শান্তিময়া আশ্রে আসিয়া বাস করিত।"

'ক্পেন্দেশীয় মুসলমান সমাট্গণ যেরূপ স্থনিয়মে রাজ্য শাসন করিয়াছিলেন, এই উনবিংশ শতাবদার কোন স্থাট্ সেইরূপ স্থনিয়মে রাজ্য শাসন করিতে পারে নাই।"

এথন স্থবিজ্ঞ পাঠকগণ বিবেচনা করিয়া দেখুন, ইসুাম-শাসন-নীতি
—উদার কি অফুদার, নৃশংস কি শান্তিময় ছিল।

ধর্ম-বৈষমা-জনিত সাম্প্রদায়িক নিগ্রহ-নির্যাতনের কলক হইতে মুদলমান-শাসন সম্পুণরূপে মুক্ত। সেদিনও স্পেন দেখায় মুদলমানগণ গ্রীষ্টধর্মে দীক্ষিত না হইবার অপরাধে শত-দৃহত্র-সংখ্যায় বক্স পশুর গ্রায় দেশ হচতে বিতাড়িত ও অশেষ প্রকারে নির্যাতিত ও নিগৃহীত eहेब्राट्ड: न्द्रायचंद्रद्र यांगी शिर्म यूननमान-भामनाक कांन कांटन সেরপ কোন কলম্ব স্পর্শ করিতে পারে নাই। ইহা মুগলমানদিগের শাসন-সংক্রান্ত গৌববেরই বিষয় বটে। ভারতীয় মুসলমান-শাসন কলঙ্কের বিষয়, আমরা পূর্বেই যথাসাধা বিবৃত করিয়াছি। কভদূর ভাহাতে ক্লুতকার্য্য হইতে পারিয়াছি, ভাগা বিজ্ঞ পাঠকগণেরই विद्युवनार्थान । भूमलभानगण, ज्ञानव्रक्षांत्र ए कान श्रावीन जां वीत्र-দিগের অপেকা হীন কি নিকৃষ্ট নহেন, এ কথার আর্ত্ত কিঞ্চিৎ আলোচনা করা আবিশ্যক। মৃত রাজকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয়ের "ভারত-মহিমা" শীর্ষক প্রবন্ধের উল্লেখ একবার আমরা পূর্ব্বেই করিতে বাধ্য হইয়াছি। সেই প্রবন্ধেই দেখিবেন, মুসলমানগণ কণ্ডকট ইউরোপে ⁸গণিত-শাস্ত্র, বিজ্ঞানের আলোচনা প্রথম প্রতিষ্ঠিত হয়। ত্রয়োদশ म्हासीत প্রারম্ভে স্থারবীয়েরাই ইউরোপে বাজ-গণিতের স্থালোচনার সূত্রপাত করেন।

সম্প্রতি একজন খ্যাতনামা মুসলমান লেথক কর্ত্তক "ইসলামের প্রভাব ও ধর্মনীতি" নামক একথানি গ্রন্থ প্রচারিত হট্যাছে 😕 । এই গ্রন্থথানিতে মুদলমান জাতির জ্ঞান-জগতের কান্তি-মন্তা-বিষয়ক সংক্ষিপ্ত আলোচনা আছে। আমরা উক্ত পুত্তক হইতে প্রয়োজন মত ছুই একটা স্থান উদ্ধৃত করিতে ইচ্ছা করি। পুত্তকথানি আয়তনে কুদু ২ইলেও তাহাতে যে সমন্ত তত্ত্ব আছে, তাহা আত জ্ঞাতব্য এবং অধারনীয়ন্ত বটে। ধাঁহার। এদলামের প্রভাব ও ধন্মনীতিব স্থুল জ্ঞান লাভ করিতে ইচ্ছ। করেন, তাহাদিগকে এই পুস্তকখানি পাঠ করিতে বারণবার জন্মরোধ করি। পাঠের শ্রম সফল হইয়া, পাঠকের মুসলমান জাতীয় ধ্র্মনীতির অভিজ্ঞতা জনিবে, তাগতে আর সন্দেগ নাই। এই পুথকে এসলাম প্রভাব প্রসঙ্গে, একস্থলে লিখিত আছে:--

"এসলামের সঞ্জাবনী শক্তির প্রভাবেই নসা, জ্যোতিকিলোম বিবিধ ত্ত্ব আবিষ্কার কবিয়া জগতে অক্ষয় যশ উপাজন করিয়াছেন। বাতানি, ত্রিকোণমিতির সাইন কো-সাইন (sine and co-sine), খোরাসান निवामी चातुन 'अप्राका-एमकाांन्हें, हेगान (अन्हें (secant and tangent) অবিহার করিয়া অমরত্ব লাভ করিয়াছেন। কুফা নিবাসী আবু মুগা জাফর, রসায়ন বিজার আবিকারক বলিয়া স্থবিখাত ২ইয়াছেন। এসলামের প্রভাবেই জ্ঞানিকুণশ্রেষ্ঠ আল্মিকন্দা, জ্যামিতি, গণিত, দর্শন, বায়ুত্ব (Meteorology), আলোক বিজ্ঞান (Optics) এবং

উক্ত পুস্তকের পণেতা, খাসুক্ত পোলাকার গোলাম আহমদ সাহেব। সম্ভবক্ত টাহার নিবাস কাটোয়ার পুর নিকটবর্তা। পুত্তকের ভাষকা পার্টে আমাদের দুইরপ্ট বোধ জুলিয়াতে ৷ টিলন পুত্ৰখানিটে খ্ৰেক গ্ৰেম্পাৰ প্ৰিচ্ছ দিয়েছেন ৷

আয়ুর্কেদ শাস্ত্রে ন্যাবিক সার্কি দ্বিশত গ্রন্থ প্রণয়ন করিয়া স্বীয় নাম চিরস্থারণীয় করিয়া গিয়াছেন।

জ্ঞানিপ্রবর আবুল হাসান দুরদর্শন যম্বের আবিকার করিয়া জগতের অশেষ কল্যাণ সাধন করিয়াছেন। প্রভাবেই তাপদ্বর মনস্থর, জাদ্র দাদেক, ২জরত আবদ্ধ কাদের জিলানী, এবাহিন আদ্যাম (বল্থের সু প্রাসিদ্ধ সুল্তান) প্রভৃতি অত্ল জ্ঞানরত্ব-বিমণ্ডিত, অগাধ ধীশব্জিসম্পন্ন মহাপুর্যগণ জন্মগ্রুণ করিয়া অসামান্ত তপোনিষ্ঠা, ত্যাগ-স্বাকার, বৈরাগা, প্রেমমন্ত্রতা ও আধ্যা-গ্নিকতা দেখাইয়া জগতে যে অতুল কার্ত্তি রাখিয়া গিয়াছেন, নিখিল ভুমগুলের কোন জাতির ইতিহাসে তাহার তুলনা পাওয়া যায় না। প্রভাবেই সেভেনী নগরে নভোমগুলের ভ্রামামান জ্যোতিক্ষ্যগুলী পর্যাবেক্ষণার্থ দর্ব্যপ্রথম অন্তর্রাক্ষ দর্শনাগার (Observatory) জ্ঞানবীর জাবর এবনে আফিয়াহ কওঁক স্থাপিত হয়। * * * * । এসলামের প্রভাবেই আফ্রিকাধিপতি সুলতান আল-মাইজ, খুষ্টায় দশম শতাব্দীর মবাভাগে কায়রো নগরীতে 'দার-উল্ হেকমৎ" नामत्यत्र (य रेवछ्वानिक जाममं विकालत्यत द्वापना करतन, वह भटाकी পরেও পাশ্চাত্য পণ্ডিত-কুলচ্ডামণি লর্ড বেকন্ (Lord Bacon) তাঁহার "উচ্চশিক্ষা" (Advancement of Learning) বিষয়ক স্থাসিদ্ধ পুস্তকে তাহা অপেকা উৎকৃষ্টতর আদর্শে উপনীত হইতে সক্ষম হন নাই। এসলানের প্রভাবেই অসীম প্রতিভামম্পন্ন পণ্ডিতপ্রবর মাশা আলাহ, অন্তরীক্ষ-বিহারী লামামান জেয়া ক্ষমালার স্থিত, গতি, প্রকৃতি এক

মবস্থান নিরূপণার্থ নানাবিধ যন্ত্রের ব্যবহার-বিধি বিশদরূপে ব্যাখ্যা করিয়া, যে সকল অমূল্য গ্রন্থ-প্রণয়ন করিয়া গিয়াছেন, আধুনিক স্থা-মঙ্গা ভাহা পাঠ করিয়া স্তম্ভিত ও চমৎক্ত হহয়া গাকেন।"

"এস্লামের স্থবাময় প্রভাবেই পণ্ডিত-কুল-শ্রোভূষণ ইব্নে ইউনাস, নিতা ব্যবহার্যা সময়-নিরূপক ভারযুক্ত দোলকের (pendulum) আলিম্বার করিয়া আধুনিক সভা জগতকে ক্রভ্জতা পাশে আবদ্ধ করিয়া রানিয়াছেন। এস্লামের পবিত্র প্রভাবেই মুসলমান জ্বাতি, বার্ত্তালক ত্রিকোণ্,মাত (Spherical Trignometry), চাতুক্রগাঁয় সমীকরণ (Quadratic Equation) দিসাংজ্ঞিক কৃত্র (Binomial Theorem), অস্থিবতা সম্বালত দেহতত্ব (Anatomy of Anatomical Physiology) প্রভৃতি বহু বিষয়ের আবিম্বার ও উন্নতি বিধান করিয়া সভা জগতকে চমংকুত ও স্থান্থিত করিয়া রাধিয়াছেন।"

ছঃখের বিষয়, উদ্বৃতাংশের লেখক মহোদয়, তাহার পুস্তকের এছদংশের মালোচিত বিষয়-সংগ্রহের ভিত্তির উল্লেখ করেন নাই। একথা এথানে আপত্তি স্থরূপ উত্থাপন করিবার উদ্দেশ্য এই, আমার জনৈক বন্ধু, এই অংশের মৌলিকতা-সম্বন্ধে কিঞ্চিৎ সন্দেহ প্রকাশ করিয়াছিলেন। কিন্তু আমাদের বিবেচনায় এরূপ বোব হয় যে, তিনি কোন কিছু স্থকপোল-কর্মনা-বলে অভিরক্তিত করিয়া লিখেন নাই। অবশ্য মৌলিক-তত্ত্বের আশ্রায়ে এ অংশের সংকলন কারয়াছেন। আশা করি, তিনি তাহার উক্ত পুস্তকের পরবত্তী সংস্করণে এবিষয়ের ক্রটী সংশোধন করিয়া দিবেন। তাহা করিতেও তিনি তেমন অস্থ্যিয়ার পাড়বেন না, এমনই আমাদের বিশ্বাস। প্রমেশ্বরের অন্ত্রহে পাশ্চাতা-পাণ্ডত-কুলে, অনেক মুসলমান গুণ-শক্ষপণতা, স্থবা শিরোমণির আবিভাবে

হইয়াছে। তাঁহারা ছদয়ের উচ্চতা বলে মুদ্দমান জাতীয় গৌরবের বিষয়, স্ব স্থ পুস্তকে শিপিবদ্ধ করিয়া মুসলমান সমাজের প্রীতি-ভাজন হইয়াছেন। ইহা ভিন্ন অধ্পতিত ভারতীয় মুগলমান সমাজেও একজন কীর্ত্তিমান স্থলেথকের আবির্ভাব হইয়াছে। ইনি অবসরপ্রাপ্ত ভূতপূর্ব্ব হাইকোর্টের মুযোগ্য জ্ঞানীর সাব সৈয়দ আমীর আলী কে. সি, আই। এই মহাঝা ইংরেজীতে অত্যন্ত পুণ্ডিত। ইঠার ব্যবহার-শাস্ত্র-সংক্রান্ত অনেক প্রাসিদ্ধ ইংরেজী গ্রন্থ আছে। সেগুলি অনেক বন্ধীয় পাঠকেরই পরিচিত। তাহার পরিচয় দেওয়া এখানে বাহুলা মাত্র। তিনি মুসলমান সমাজের গৌরবার্থও কয়েকথানি জাতীয় পুস্তক প্রণয়ন দার। স্বিশেষ বিখ্যাত ২ইরাছেন। তন্মধ্যে তাঁহার "Spirit of Islam & History of the Saracens" এই জইখানি পুস্তুকই সমধিক উল্লেখযোগ্য। সম্ভবতঃ মাননীয় জ্ঞানি সাহেবের শেষোক্ত ইংরেজী ঐতিহাসিক গ্রন্থ ও অন্তান্ত অনেক বিদেশীয় পাশ্চাত্য ঐতিহাসিকগণের পুস্তক সাহায্যে, উক্ত গ্রন্থকর্তা উল্লিখিতাংশের বিষয় সংগ্রহ করিয়াছেন। যাঁহারা মুদলমান জাতির বিজ্ঞান-জগতের উন্নতির বিষয় জানিতে ইচ্ছা করেন, তাঁহারা যেন সার সৈয়াণ আগাঁর আলী সাহেবের উপরোক্ত ইংরেজী গ্রন্থথানি পাঠ করিয়া দেশেন। উক্ত গ্রন্থানি অতি প্রামাণিক। বর্তমানে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বি. এ. পরীকার অন্ততম ইতিহাস পাঠারূপে উহা কয়েক বংসর নির্বাচিত হুইয়া আসিতেছে।

আমরা প্রস্থাবিত গ্রন্থে এ সম্বন্ধে ইহার অধিক আলোচনা করিবার স্বােগ পাইশাম না। তবে আমরা এই অংশের উপসংহারে এইমাক্র বশিতে ইচ্চা করি, মুসলমান স্পাতি যে একক'লে জগতে দিয়িজ্ঞয়ী-রূপে প্রসিদ্ধি লাভ করিতে পারিয়াছেন, তাহা শুদ্ধ পাশব-বলে নহে। পাশব-বলে কোন জাতিই উন্নতির চরম সামায় উপনীত হইতে পারে না। ইতিহাসে তেমন কোন বিষয়ের সম্পূর্ণ প্রমাণাভাব। যে জাতিই যথন অভাদয়শীল, উন্নতিশালী হইতে পারিয়াছে. সেইস্থলেই বাছবলের সহিত জ্ঞান-গ্রিমার সংশ্লেষ ঘটিয়াছে। সেরূপ মণিকাঞ্চনের সংযোগ না হইলে আর কোন জাতিই ইতিহাসাভিনয়-রঙ্গমঞ্চে স্থান লাভ করিতে পারেন নাই।

যে রোমীয়েরা এককালে পৃথিবীর সর্বত্ত আধিপতা স্থাপনের অধিকারী হইয়াছিলেন, তাঁহারা কিছু শুদ্ধ পাশব-বলে সে সৌভাগ্যের অধিকারী হইতে পারেন নাই। তাঁহাদের মধ্যে দে সময়ে জানামু-শীলনের পরাকাঠা হইয়াছিল। অধুনা ইংলণ্ডে যে ব্যবহার-শান্ত প্রচলিত, ভাহা রোম হইতেই গৃহীত। গ্রীদের কথাও ভাই। গ্রীদ্ যধন রাজ-রাজ্যাভিনয়-জগ্ৎমঞ্চে সমগ্র দর্শকের দৃষ্টি আকর্ষণ ও চিত্ত-চমংকারিত্ব সম্পাদন করিভেছিলেন, তথন তাঁহার স্থকোমলাক-পাनिত পণ্ডিতগণের জ্ঞানাতুনীননের দীমা, পৃথিবী মধ্যে সর্ব্বোচ্চ। এই সময়ের গ্রীক পণ্ডিতগণের পাণ্ডিত্যে বর্ত্তমান শতাকীর জ্ঞানকল-বরেণ্য, স্থনামধন্য ব্যক্তিগণও বিশ্মিত, স্তন্তিত ও হতবৃদ্ধি হইয়া থাকেন। এই গ্রীস দেশেই প্রসিদ্ধ, অদ্বিতীয়-বক্তাকুল-শিরোমণি ডেমিস থেনিস ও তত্ত্বসাগরের তিনিঙ্গল মহামহোপাধ্যায় সক্রেটিসের অভাদয় হটয়াছিল। সেইরাপ জানিবেন, এস্লাম জগতের কথাও তাই। এককালে মুদলমান জাতি সমস্ত শাস্ত্র বিভায় বিশেষ উন্নত ছিলেন। কাঁহারই ফলে জগতে সেই জাতির তাৎকালীন সর্বশ্রেষ্ঠ সৌভাগ্যোদয়। ल्याव-वर्ष (कान जािजवर डेन्नांड इहेटड भारत ना, इहेरलक जार উদর মাত্র—জলবৃদ্বাদের জার নি মধে মিলাইয়া যায়। দেখিতে দেখিতে চাহা অদৃগ্য হইয়া পড়ে, কিছুতে স্থায়ী ইত্তে পারে না। মুসলমানের অভ্যাদর ছই চারিদিনের জস্ত হয় নাই, তাহা বহুশতাক্দী-কাল-স্থায়ী থাকিয়া অন্তান্ত জাতির বিশ্বয়োৎপাদন ক্ষিয়াছে।

কালের শাসনে, অদৃষ্ট চক্রের ঘোর আবর্ত্তনে, মুসলমান জাতির চরম অধংপাতের স্ত্রপাত, বহুদিন ভইতেই আরম্ভ হইয়াছে। এককালে এই জাতি প্রতীচা-জ্ঞান-প্রভাশালী স্থাের নাায়, ইউরোপের কুহাজটিল আকাশে সমুদিত হইয়া সে জগতের অস্ককার-রাশি দ্রীভূত করিয়াছিল। হায়! আজি আবার তাহারাই ঘোর তিমির-জালে-সমাচ্ছেয়,—নির্বচ্ছিয় অস্ক কুহা-গহবরে প্রক্ষরভাবে ভাত, ত্রস্ত, চকিতের স্থায় বাস করাই এখন তাহাদের অবস্থা!!

এখন মুসলমানজাতি বাঁশ ঝাড়ের বাছড়,—তাহাদের চ'থে প্রথর জ্ঞান-প্রভা সহা হয় না.—চক্ষু ঝল্সিয়া দেয়,—অন্ধকরেই তাহাদের শাস্তি স্থ্ধনিকেতন। হায়! কালে বোড়া সাপ এই প্রকারই চোঁড়া বনিয়া যায়, থাকে মাত্র কোঁস,—ভেকের পদ-প্রহার-লাঞ্ছনা, অপদার্থের গঞ্জনাই নিত্য সেবার বিষয় হয়।

মুসলমান জাতির এমনই হুর্ভাগ্য যে, বঙ্গ কি সমগ্র ভারতে এমন কোন স্বজাতি-প্রাণ জাবের আবির্ভাব হুইলনা যে, স্বজাতীয় প্রাচীন গোরব জগতে ঘোষণা করিয়া সে জাতিকে পুনজ্জাবিত করিয়া দেয়, বা অপর জাতীযদিগের ক্বত গভার অঙ্গ-ক্ষতে শান্তিপ্রদ প্রলেপ বিস্তার করে! মুসলমান জাতি কি সত্য সতাই এতই অধঃপতিত নচেৎ তাহারা পথে, ঘাটে, মাঠে গর্কিতের সগর্ক ঠাটে, এরপ নিত্য নিতা অবহেশিত, পদ-দলিত, লাঞ্জিত,, বিড্মিত হুইবে কেন ?

হিন্দু-মুদলগানের প্রাচীন জাতীয়-গোরব ৷ ১০৫

হায়। হায়। যথন যে জাতি অধ্ঃপতনোলুপ, তথন তাহানের অপোগতি এইরপেই স্বিত বেগে মান্যা দ্বনিক পতনের ন্যায় ১ইতে থাকে। পৃথিবীৰ নিয়ম্ভ ব্রি এইরপা।

এই পুস্তকের অধন বেথক, সম্প্রতি মুশিদাবাদে প্রনাথ বহিওঁত হইরা তথাকার পালেশ্- অথাতে স্বনা হর্মোব পুস্তকাগাবে যে সমস্ত পাশী আরবী গ্রন্থ দেখিয়া আদিবাছেন, তাহাতে তাহার অবসন্ন, হতাশ প্রাণেও একটু আশার সকার হইতে পারিয়াছে। মুসলমানের কান জগতে যে সমস্ত অক্ষয় কীন্তি এখনও প্রলয়াবসানে বর্তমান আছে, তাহাও মৃতপ্রায়, স্বজাতি পবিণাম-নিরাশ জনের পক্ষে অল্ল আশাপ্রদ নয়! সেই সমস্ত পুস্তকের সংখ্যাও যেনন অধিক, তাহাদেব আকারও তেমনই প্রকাণ্ড। জ্ঞান-ভাণ্ডারে মুসলমান জাত্রির যে কিছু অক্ষয় সম্পত্তি আছে, উক্ত পৃস্তকাগার ভাষার কভকটার প্রমাণ।

ভ্রতিগ্য বশতঃ ভাবতীয় মুদলমান দম্প্রদায়ে অনুসন্ধিংশ্ব, প্রাহতত্ত্ববিদ্ গণের নিতান্ত অভাব বলিয়াই দেশমত 'পনির তিমিন গর্ভত' রহরাজিব কোন সন্ধান হইতেছে না। না ভানি, পৃথিবীর কত কত গুল্প গুহায় মুদলমান জাতির জান-ভাগ্রারের অমূল্য রহরাজি এই প্রকাব জলধিগর্ভ-নিহিত মণিমুক্তার লায় প্রজন্ম রহিয়াছে। অতি সামাল্য রল্পেই প্রচার এ দেশে হইতে পারিয়াছে এবং অতি অল্প লোকেই তাহার নগার্থ মূল্য নিরূপণে মনেংগোগ করিয়াছেন। ইহা মুদলমান জাতিব নিভান্ত ভ্রতিগ্যেরই বিষয়। জ্ঞান-জগৎ ছাড়িয়া মুদলমানের অল্পান্থ সম্পর্কেও ভ্রনবিধ্যাত কাতি আছে। স্থাপতা-বিদ্যা, বন্ধনিল প্রভৃতিতেও ভাহাদেব গৌবর কম নয়।

স্পেনের আশহামরা, জোহরা নগ্নী, কুড়োভা, জুয়া মদক্ষিদ এক

ভারতের কুতুর্বামনারা, আগ্রার তাজমহাল, দিল্লীর 'দেওয়ানে আম্', 'দেওয়ানে থাস্', প্রভৃতিই মুসলমান যুগের অক্ষয়-স্থাপত্য-কীতির নিদশন।

এই সমস্ত কীর্ত্তির ক্ষয়, জগৎ-বিলয় পর্যান্ত ইইবার নয়। ইহারা, কোন আক্মিক প্রলয়, বিপ্লবের প্রভাবে ভূমিসাৎ, চূর্ণ বিচ্বা না ইইবে, চিরকাল উন্নত মস্তকে নভঃস্পনী চূড়া-গৌরবে দগুয়মান থাকিয়া, মুসলমান রাজত্বমূগের অলোকিক সমৃদ্ধি, সমাট্গণের বিলাসিতা অসামান্য উদারতা, প্রতাহ স্থেয়িব উদয় হইতে অস্ত পর্যান্ত, জগৎবাসীর নিকট ঘোষণা করিতে থাকিবে। এই সমস্ত কার্ত্তি পরস্পরার ছই একটী এমনই আশ্রহ্যা যে, আধুনিক বিজ্ঞান জগতেও বিদেশীয়দিগকে দশন মাত্রে বিস্ময়-সাগরে ভুবাইয়া দেয়,—ক্ষণকালের জন্ম তাহাদের আস্মাত্রে ক্ষম্যান সাহেবের প্রিয়তমা পত্নী আগরার তাজমহল দর্শন করিয়া সামীর নিকট এই নিবেদন করেন যে, যদি তিনি মরিলে তাহার সমাধিক্ষেত্রের উপরে সেইরূপ একটী মসোলিয়াম্ প্রতিষ্ঠার নিশিতত প্রতিশ্রুতি পান, তাহা হইলে তদ্ধগুই তিনি মরিতে প্রস্তুত্ত আছেন। যাহা হউক, আমরা এতং প্রসঙ্গে বাহল্য বোধে এতদূরে ক্ষান্ত হইলাম।

তৃতীয় পরিচ্ছেদ

হিন্দু মুদলমান ধক্ষতত্ত্ব।

এড সময় পরে আমরা এক বিষম সমস্তাপুণ কটিল-অধ্যায়ে, গভীর তত্ত্বদাগরে ঝাঁপ দিতে বাধা হইলাম। আমাদের স্থায় কুন্দ্র অকিঞ্নের পকে এ মহাসমুদ্র পারের আশা বিড্মনাই মারে! তাল-পরিমাণ তবল-তাডিত, গভীর-মতভেদ-তর্কবাদ-ভাষণ, আবর্ত্তময় এ মহাসাগরে সামাল্ল জ্ঞান ভেলায় পারের কি কোন সন্তাবনা আছে? সে সন্তাবনা খুব অল্লই: বরং তরঞ্চ ভাড়নের ঘাত প্রতিঘাতে, প্রবল স্রোভামুণে তৃণগুচ্ছ, উন্মাণিত শৈবংল দানের স্থায়, কোথায় কোন দূর দুরান্তরে ভাসিয়া যাইবারই অধিক সন্তাবনা,—কোন আশ্রম ভান, নবান চডায় ঠেকিবার আশা স্থানর পরাহত। যাহা হউক কর্ত্তব্যের অন্ধরোধে অনেক সময়ে বামন হইয়াও চাঁদে হাত বাডাইতে হয়। অনেক সময়ে পুলু সস্তানের অঞ্চিত আবদারে বাতিবাস্ত হইয়া পিতামাতাকে চাঁদ ধরিবার ভাণ ক্রমে আকাশের দৈকে হস্ত প্রদারণও করিতে হয়। অমাদের দশাও ঠিক সেইরূপ। আমরা ডাহাতে কভদুর রুভকার্যা হইতে পারিব, তাহা ভূত-ভাবন পতিত-পাবন অন্তথামীত জানেন। স্মামাদের তাহা বশিবার সাধা নাহ। সেরূপ দৈবজ্ঞানে আমব। নিভাত্তই বঞ্চিত।

যাহা হউক, ধ্যাত্ত অতি চুর্গায়, অতি জটিল, অতি নিগুড়। সে উত্তে আমাদের প্রবেশাধিকার কিরুপ, ভংগাপ্রিকগণ "prima-facte" অনুমানে নি মণ্ড ক'রতে পারেন। অনবা ধ্যাততে চগপোয়া বালক বা জ্ঞানমাণের অজ্ঞাতপালক বিহল শাবক। উচ্চ তই রাজ্যে আমাদের উজিবার ক্ষমতা অতি অল্লই, এমন কি গোডিং কোটে নাই বা কেবল চিটি কবিষা পারের ন্থে আধার থাইতে শিথিয়াছি মাত্র। বেশী ভণিতার কোন প্রযোজন নাই, তবে এই মাত্র আমাদের ভূমিকা যে, আমরা মাপকাটিতে মাপ করিষা, সদয়কূপে জ্ঞানের গভীরতা সাউল্ল' sound কবিষা বুলিতে পারিয়াছি, আমাদের সে সম্বল তত নাই, বরং ধহা আছে, তাহা হঠাং বন্তার প্রবনে দূর ধূরাপ্তবের চন্তবের কাল বডই চঞ্চল চল থল্ থল্ মত। মোটের উপর দে কিছুই নয়। ভ্রণাপি এ সভ্যম কেন, তাহা পাঠক মাত্রকে বেশী বালতে হতবে না। অনেকেই মুখে 'রা' না ফুটিতে অল্প প্রাপ্ত গোঁজ লইতে পারেন, এমন কুশাগ্র-বুলি, প্রাদশী পাঠক বিস্তর আছেনন।

আমাদের পূর্বপ্রা, পূর্বজ্ঞ অনুসারে প্রথমেই হিন্দু ধর্মের কথা বলিতে হয়। ধর্মের মধ্যে পৃথিবাতে হিন্দু ধর্মের স্তায় এটিল কুটিল ধ্র্ম আর নাহ। অন্ত ধর্মার পঞ্চে এই ধর্মের বিষয়। কিছুহেই ইহার সাত পাওয়া ধায় না। ইহা যে আমরা নিজ হইতে হাতগড়া বলিলাম, এমন কেই মনে করিবেন না। মহা হিন্দু সাধকগণও এই ধর্মের জটিল গা সম্বন্ধে উক্তি করিয়া গিয়াছেন। দলিও সেই উক্তি সমস্ত ধ্রা সম্বন্ধেই এক প্রকার থাটে, তথাপি উক্তিন্ত সন্তবংঃ নিস ধর্মের প্রতি লক্ষা করিয়াই সেই উক্তি করিয়া গাণিবনে। তাহা এই ;—

''বেদাবিচিলাঃ পু•ফো বিভিলা নাগেশ নান্ত্য সংগ্নাভলং ধর্মান্ত ভরং নিহিত গুহায়াম মহাজনেন যেন গতঃ সঃ প্রাঃ।''

উক্ত শ্লোক হইতেই বোধ হয় যে, হিন্দু পর্যোর বাধাবাধি কোন দাধন প্রণালী নাই। কেননা, মহাজন বলিতে অনেক মহাজনই গাকিতে পাবেন। সেই সমস্ত মহাজনের পরস্পার মতৈকোরও সন্তাবনা অতি কম। উল্লিখিত প্লোকেও সে কথার স্পষ্ট আভাষ আছে। জাহাতে বেদ বিভিন্ন স্থতি বিভিন্ন এবং মুনিগণের মৃত বিভিন্ন উল্লেখ আছে।

তিক ব্যক্তীত মুসলমান, খ্রীষ্টান প্রভৃতি অন্তান্ত একে ধরবাদী ধন্ম-সম্প্রদায়, নিজ নিজ ধন্মকে বিধি-উক্তি নির্দিষ্ট বালয়া স্বাকার করেন এবং তাঁহাদের সেইরূপ কোন ধর্মগ্রন্থও আছে। সে সমস্ত ধর্মগ্রন্থ প্রত্যেক সম্প্রদায় পক্ষে এক বই বছ নয়। খ্রীষ্টানেব সম্বল বাইবেল, মুদ্রমানের "কোরাণ" এবং ইহুদার 'তৌরিত' তাহার প্রমাণ। যদিও তিল্লাণ অনেকেই শ্রীম্বুগবালীতাকে ক্ষের উক্তি বলিয়া জানেন. তথাপি বৃদ্ধিন বাবুর স্থায় আধুনিক তত্তকো তহা যে সেরপ চক্ষে শেখিয়াছেন, এরূপ বলিয়া বোধ হয় না। সাক্ষাৎ সম্বন্ধে ভাহা যে সেরূপ নয়, বৃদ্ধিম বাবুর 'কৃষ্ণচরিত্র' ও গীতার ব্যাখ্যা পাঠে তেমনই বোধ জ্বো। যাহা হউক, এখানে সে কথার কোন প্রয়োজন নাই। আমরা বলিতে চাই যে, হিন্দু ধম্মের মা বাপ এক প্রকার নাই, ইহাই প্রমাণ সিদ্ধ। মৃত রাজক্ষ মুখোপাধ্যায় মহাশ্যের ধর্মতত্ত্ব সংক্রাপ্ত একটা উপাদের প্রবন্ধ আছে। উক্ত প্রবন্ধের নাম "দেবতত্ব"। প্রবন্ধনী প্রদিশ্ধ 'বঙ্গদর্শন' পত্রিকার ১২৮২ সালের বৈশাথ সংখ্যার ৪র্থ খতে প্রচারিত হয়। রাজক্ষ বাবু বৈদিক মুগ সধকে উক্ত প্রবন্ধে वरक्ष विशियादक्ष : -

"জ্ঞান সম্বন্ধে আদিম কালের মানবগণ এখনকার শিশুদিগের ভাষ कित्नन। आयता त्य मकन देनमर्शिक निषय बाता क्रांश कार्रात त्राथा। कति. छाँहाता तम मकल कि हरे कानिएजन ना। এ विश्व छाँहापिरगत অসম্বন্ধ ঘটনা ধলীপূর্ণ বোধ হইত। আপনাদিগের কর্ত্ত্ব সাদৃশ্রে জগৎ কার্ব্যের কারণাতুসর্কান করিতে গিয়া তাঁহারা স্প্রিট স্চেত্তন এবং हैक्का विभिन्ने अधिकां जा गत्न कब्रिट जन। * * * * * * * * * । এইরপে পূর্মকালে প্রাকৃতিক ঘটনা ভেদে ভিন্ন ভিন্ন অতি-মাতুষিক সচেতন অণিগাতা কলিত হইরাছিল। তনাধো কোন কোনটা মনুগের মঙ্গণকর, কোন কোনটা অমঙ্গলকর ব্লিয়া বিবেচিত ছইত। প্রাচীন আধাঝ্যিগণ প্রথানাক্তদিগকে দেব এবং শেষাক্রদিগকে অমুর বা দৈত্য বলিতেন। তাঁহাদিগের লিখনভঙ্গী দেখিয়া অনুমান হয় যে, তৎকালের অজ্ঞানাবস্থায় দেখিয়া শুনিরা আস্মরক্ষা করিয়া চলিইার পক্ষে আলোক বেরূপ উপকারী বোধ হইত. দেরপ আব কিছুই ইইত না। এ নিমিত্ত তাঁহারা প্রভাবশালী স্থা, চক্ত ও অগি প্রভৃতির স্থতিবাদ ও সাহায়৷ প্রাথনা কবিতেন।"

ইহার পর উক্ত প্রবন্ধের অন্তত্ত্ব আছে .—

"কিঞ্চিং বিবেচনা করিয়া দেখিলেই প্রতীতি হইবে বে, অনেক দেবতাই স্থর্যের নামান্তর মাএ। স্থ্যার্ঘ্য প্রদান কালে এই মন্ত্রী উচ্চারিত হয়;—

"নমো বিবস্বতে ব্ৰহ্মন্ ভাসতে বিষ্ণু তেজসে, জগৎ স্বিত্ৰে শুচয়ে স্বিত্ৰে কম্মানিনে।" অগাৎ বহা প্ৰস্তু যুক্ত, সিফু তেনোময় জগৎ প্ৰস্তিত। শুচি ক্ষাফল দারী সবিতা বিবস্থকে নমস্বার।" ইহাতে স্পষ্টই অমুমান হয়, ব্রহ্মা ও বিষ্ণু উভরেই সূর্য্যের নামভেদ মাত্র।"

অগ্র এইরূপ ;—

"পূর্বে পরিছেনে প্রদর্শিত ইইয়াছে বে পার্থিব অয়ি, অয়রীক্ষ্
বিহাবী অশনিধারী ইক্স বা বায়ু, এবং আকাশবাদী দিবাকর, বৈদিক
সময়ে আার্যাদিগের প্রধান উপাস্ত দেবতা ছিলেন; এবং অস্ত সকল
দেবতা তাঁহাদিগেরই রূপাস্তর বা নামাস্তর বলিয়। গণ্য ইইতেন। কিন্তু
কালে ব্রহ্মা, বিষ্ণু ও শিব দেব চাদিগের মধ্যে সর্বশ্রেষ্ঠ পদে আরোহণ
করিয়াছেন। তাহাদিগের সৌর-প্রকৃতি সম্বন্ধে আমর। পূর্বে কিছু
বিলয়াছি, এবার শিবের বিষয়ে কয়েকটা কথা বিশেষ করিয়া বলিতে
চাই।

বেদে শিব নামে কোন দেবতা দেখা যায় না; কিন্তু মঙ্গলকর অর্থে
শিব শব্দের প্রয়োগ লক্ষিত হয়। যথন শিবের ক্রোধানল প্রজ্ঞানত
হয়, যথন তিনি সংহারমূর্ত্তি ধারণ করেন, তথন তাহাকে রুদ্র বলে।

* * * * * * * * * ! বোধ হয়, যেথানে উগ্রতা,
প্রচন্ততা বা ক্রোধ দৃষ্ট হইত, দেখানে আদৌ রুদ্র শক্ষ প্রযুক্ত হইত।

* * * * * * * * * * ! বাহারা আন্পার আকারের
প্রতি দৃষ্টি করিয়াছেন, তাঁহারাই ব্ঝিবেন যে, (শিবের নাম) কণদী বা
ভাটাধারা, নাল-কণ্ঠ প্রভৃতি নাম কিরুপ স্বসঙ্গত।

**

ইহার পর প্রবন্ধকটা শিবের অষ্টমৃত্তির উল্লেখ করিয়া তৎসমৃদ্ধে 'শতপথ-ব্রাহ্মণ" হুইতে একটা দীর্ঘ উপাধ্যান উদ্ধৃত করিয়াছেন।

গ্রহার পর বালতেছেন—

"শত পথ ব্ৰহ্মণ হইতে যে উপাখ্যানটা উদ্ধৃত হইল, ভাষায়

ভাভান্তবে প্রবেশ করিয়া দেখিলে বোধ হইবে যে, রুডের রূপে অগ্নিরই প্রবলতা, কিন্তু তথার সূর্যা, চক্র, বায় প্রভৃতিরও স্থান আছে। প্রাচীন কালে যে সকল দেবতার উপাদনা প্রচলিত ছিল, সকলই সময়ে সময়ে ভীমমূর্ত্তি ধারণ করিতেন। সূর্যা কথন কথন দেশ দগ্ধ করিতেন। বাহ সময়ে সময়ে বৃক্ষ উন্মালিত, গৃহ ভগ্ন ও নৌকা জলমগ্ন করিতেন। অহি কথন কথন লোকের সর্বস্থান্ত করিতেন। অশ্নির আঘাতে সময়ে সময়ে লোকের প্রাণ যাইত। প্রবল জলপ্লাবনে কথন কথন জনপদ সকল নষ্ট হইত। ভয়ক্ষর শিলা বৃষ্টিতে কথন কথন বিলক্ষণ অপকাৰ কবিত। মনোহর চক্রমাও সময়ে সময়ে রাভগ্রন্থ চইয়া ভগ বিস্তান করিতেন। এইরূপে প্রত্যেক দেবতারই কথন কথন উগ্রভাব লক্ষিত ছইত। * * * * * * * । কি প্রকারে বৈদিক দেবতা দিগের প্রাধান্ত বিলপ্ত হইয়া ভারতবর্ষে শিব ও বিষ্ণুর প্রাধান্ত সংস্থাপিত হয়, স্থিব করা সহজ নয়। কিন্তু এরপ অনুসান নিতাক অস্কত নয় যে, সমুদায় প্রাচীন দেবতার উপ্রভাব লইয়া শিবের এবং সৌমাভাব লইয়া বিষ্ণুর সৃষ্টি, এবং এই কারণে লোকে ক্রমে অন্ত দেবতা অপেক্ষা তাঁহাদিগের প্রতি অধিক ভক্তি দেখাইতে আরম্ভ করে।"

শিবের লিঙ্গ-মূর্তি সম্বন্ধেও উক্ত প্রবন্ধকর্তা লিখিতেছেন ;—

"বৈদিক ঋষিদিগের কোন উপাশু দেবতাই লিক্ষমন্তি বলিয়া বর্ণিত নতেন, এবং আমরা পূর্ন্দেই বলিয়াছি যে, অতি প্রাচীনকালে অনাধ্য জাতিদিগের মধ্যে লিকোপাসনা প্রচলিত ছিল। স্কৃতরাং ভারতবর্ষীয় অনাধ্য জাতিদিগের নিকট হইতে আর্য্যেরা এ প্রকার শিব-পূঞ্জা-পদ্ধতি পাইয়া-ছিলেন, ইহা অনেকদ্র সম্ভব।"

শৈব উপাসনা যে অনার্থা-ভাবাপর, ত্রিষয়ে প্রবন্ধকর্ত্তা লিঞাপাসক

দিগের প্রতি বিদ্বেষভাবের কথা উল্লেখ করিয়াছেন এবং বেদ ২ইতে নিম্লিণিত ঋকের অংশ উদ্ধৃত করিয়াছেন ;

"স শর্ধদর্যো বিদুণ্ড জন্তোম িশগ্রদেবা অপিগুদ্ধ তিং ন:।" অভাত্র আছে ;—

ইতিহাস পুরাণাদিতে দক্ষম ওক্ষের যেরূপ বিষরণ পাওয়া যায়, তাহাতে বাধ হয়, শিব পুরে যদ্ভভাগ পাইতেন না, অনেক মারামারের পরে তিনি দেবতা বলিয়া গৃহাত হন। রামায়ণে প্রথমে এ বিষয়ের উল্লেখ দেখা যায়।"

ইহার পরই প্রক্ষকর্তা ১রবনু সম্বন্ধ জনকের উত্তি, প্রমাণ স্বরূপ তুলিয়া দিয়াছেন। ভার ১চন্দ্রের দক্ষয়ক্ত পালায়ও এ কথার প্রমাণ পাওয়া যায়। শিব যে অনার্য্য-কলিত দেবতা, এ সম্বন্ধে প্রবন্ধকরত। প্রবন্ধের মধ্যে অনেক স্থানে অনেক শ্লোক প্রমাণ সংগ্রহ করিয়া দিয়াছেন। ত্রাব্যে নিম্লিথিত কয়েক স্থান উদ্ধৃত হইবার যোগ্য।

"চণ্ডাল চন্মকার প্রভৃতি হেয় জাতিও স্বহস্তে শিবপূজা করিতে পারে। কিন্তু দিজ-সহায়তা-বাতিরেকে অন্ত দেবতার পূজা হয় না। ইহাতে বুঝা যাইতেছে যে, শিবপূজা-পদ্ধতি অনার্য্য ভাবাপন্ন এবং তল্পিমিন্তই অনার্য্য বংশসন্ত্ত নিমশ্রেণীর হিল্পণ আপনা আপনি মহাদেবকে অর্চনা করিতে ও নৈবেভাদি দিতে অধিকাবী। আর বোধ হয়, এই কারণেই শাস্ত্রে শিব-নিন্দালা-গ্রহণ নিষিদ্ধ হইয়াছে।"

"পুরাণাদিতে শিবের যে প্রকার মুর্ত্তি বর্ণিত ইইয়াছে, তাহা সভ্য আর্য্যাদিগের করিত বলিয়া প্রতীত হয় না। গলায় হাড়ের মালা, অঙ্গে ভস্মমাথা, মস্তকে সর্প, পরিধান ব্যাঘ্রচর্ম অথবা দিগম্বর, অঙ্গে সম্বেভ্তপ্রেত, সিদ্ধি ও পৃত্রা সেবনে চকু রক্তবর্ণ ও বিক্ততাকার, উপাঞ দেবভার ঈদৃশ রূপ, আ্যা ঋষিদিগের চিন্তাসভূত না হইয়া অসভা দক্ষাদিগের কলনার ফল হইবারই স্ভাবনা।"

যাহা হউক, শিব যিনিই হউন, আমরা এই বঙ্গদেশে হিন্দুদিগের মধ্যে তাঁহাৰ বিশেষ ভক্তি শ্ৰদ্ধা দেখিতে পাই! তাহার তেমন না হটক. তাঁহার প্রধান শক্তি, চুর্গা কালীর ভক্তি, মুচ্চনা, পূজা হোম যাগ আমরা যথেষ্টই প্রভাক্ষ কবিয়া থাকি। আখিনে শারদীয় শুকুপক্ষে বঞ্জেশের প্রায় সঙ্গতিপর হিন্দুর গৃহে গৃহে, লম্বোদর-জননী জগদন্তার সাভম্বর, অম্বর-বিদাবী চাক-চক্কা-সহ মহা সমানোহের পূজা উৎসব দেখিয়া পাকি। তর্গোৎসব, বঙ্গদেশীয় হিন্দুদিগের একটা প্রধান পর্ব্বোৎসব বালয়াই আমাদেব ধারণা। অপর্দিকে হিন্দুদিগের অন্ত দেবতা, বোধ হয় জিনি সকল নেবভার প্রধান, বিষ্ণুর কথা আলোচা ৷ হিলু শাস্ত্রমতে ইনি স্বয়ং ভগণান,—"ক্লাস্ত ভগবান স্বয়ম"। কিন্তু এই বৈঞ্চব ধ্যের ব'ছাকার প্রকৃতি দেখিয়া আম্রা তাহার তত কিছুই বৃথিতে পারি না। আমাদের কাজে তাং৷ এক প্রকার ঠেয়ালি— ঠেয়ালিও সামাল নয়, নিতান্ত জটিল কুটিল। বিষ্ণুব নামান্তর প্রীকৃষ্ণ। এই প্রীকৃষ্ণের লীলা সন্থদ্ধে কান্ত-বস-প্রিয় বৈষ্ণব কবিগণ, কল্লনাৰ আশ্রম্মে যেরূপ বর্ণনা প্রদঙ্গ কবিরাছেন, তাহা নিতান্তই রক্ষরদে পরিপূর্ণ। তাহার কাঠ-কঠিন রূপকের আবরণ ভেদ করিয়া গভীর অস্তম্তল-নিহিত তত্ত্বের সন্ধান গ্রহণ কর। মতা ধর্মীর কেন, তদ্ধধ্যাবলম্বী শতকরা নব নবভি জনের পক্ষেত্র সহজ সাধ্য বিষয় নয়। বঙ্কিম বাব তাহার 'ক্ষচরিতের' প্রথম ভাগে লিৰিয়াছেন :--

"'ক্লক্স ভগবান্ স্থম্' যদি তাহাই বাঙ্গালীর বিখাস, তবে সর্ক্সমধ্রে ক্লকারাধনা, ক্লকান্ম, ক্লকেশ। ধন্মেরই উন্নতি-সাধক। স্কল স্ময়ে

ইনার ভগবান্কে কিরপ ভাবেন? ভাবেন, ইনি বালো চোর,—ননী মাথন চুরি করিয়া থাইতেন; কৈশোরে পারদারিক,—অসংথা গোপ নারীকে পাতিব্রভা ধন্ম হইতে ত্রই করিয়াছলেন, পরিণত বহসে বঞ্চক ও শঠ,—বঞ্চনাব দারা জোলাদির প্রাণহণ্ডক করিয়াছিলেন। ভগবচ্চরিত্র কি এইরপ গাবিন কেবল শুদ্ধ-সন্থ, গাহা ইইতে সক্ষপ্রকার শুদ্ধি, বাঁহার নামে অশুদ্ধি, অপুণা দূর হয় মহুষা দেহ ধারণ করিয়া সমস্ত পাপাচরণ কি সেই ভগণচ্চরিত্র সক্ষত ও ভগবচ্চরিত্রর এইরপ করিয়া ভারতবর্ষের পাপত্রোভ বৃদ্ধি প্রস্থাছে; সনাতন ধন্মধেষাগণ (একথা) বলিয়া থাকেন এবং সে কখার প্রতিবাদ কবিয়া জয়ন্ত্রী লাভ করিতেও কথন কাহাকে দেখি নাহ।"

ইহার পরে বাঙ্কম বাবু, 'রুফ্চারতে'র ২য় খণ্ড ৫ম পরিচেছদের ('ব্রন্ধ্রোপী বিষ্ণুপুর্ণ') প্রথমভাগে লাখতেছেন;--

শুকুফাছেষিদিগের নিকট যে কথা ক্ষাচারিতাবে প্রধান কলছ, এবং আধুনিক ক্ষা-উপসেকদিগের নিকট যাহা ক্ষাভাক্তিনা কেন্দ্র-স্থাপ, আম এক্ষণে সেই ভত্তে উপস্থিত। ক্ষাত্রেব সহিত্ত ব্রহ্গোপীদিগের সম্ভাবের কথা ব্লিভেছি। ক্ষাচ্রিত্রের সমাণোচনায় এই তত্ত্ব অভিশন্ন শুক্তর।"

ইহার পরই লিখিতেছেন ;—

"মহাভারতে ব্রজগোপীদিগের কথা কিছুই নাই। সভাপকো শিশুপাল বধ পর্বাবাায়ে শিশুপাল-কত সবিস্থার ক্ষানিকা আছে। যদি নহাভারত প্রণয়ন কালে ব্রজগোপীগণ ঘাটত ক্ষাের এই কলন্ধ থাকিত, তাহা হঠলে শিশুপাল অথবা যিনি শিশুপাল বহাস্থ প্রণয়ন কাব্যাছেন, তিনি কথনহ ক্ষানিকাকালে তাহা প্রভাৱ ক্ষিত্ন না। অভ্যব নিশুশুভ যে, আদিম মহাভারত প্রণয়ন কালে একথা চ'লত ছিল না,—তাহার পরে গঠিত হইয়াছে।"

ইহা হইতেই উপ্লব্ধি হয়, ক্লফচরিত্রের কলফ কথা আকাশ কুস্থম,—
সে সকল নিতাপ্ত কুরুচি-সম্পন্ন কুকবিদিগেরই কল্পনা। নচেৎ দেব
চারত্রে সেরূপ বীভংগ বিভাষিকা আরোপ ইইবার অন্ত কোন কার্প দেখা যায় না। বন্ধিম বাবু 'রুফচরিত্রেব" নানাস্থানে ভূরোভ্য়ঃ পুরাণাদি এন্থে অপ্রাক্ত উপাধ্যান, অসম্ভব গল-স্টি, কবিকল্পনার বিকৃত যোজন গ্রির উল্লেথ করিয়াছেন।

তিনি উক্ত পরিছেদেই অন্ত এক স্থানে লিখিতেছেন ;—

"আমরা পূকে যে নিয়ম করিয়াছি, তদমুদারে মহাভারতের পর বিফুপুরাণ দেখিতে হয়, এবং পূকে যেমন দেগিয়াছি, এখনও তেমন দেখিব যে, বিফুপুরাণ, হরিবংশ এবং ভাগবত পুরাণে উপক্রাদের উত্রোক্তর শ্রীরৃদ্ধি হইয়াছে, এই এচ-গোপীতত্ব মহাভারতে নাই, বিফু পুরাণে পবিত্র ভাবে আছে, হরিবংশে প্রথম কিঞ্চিৎ বিলাদিত! প্রবেশ করিয়াছে, ভাহার পর ভাগবতে আদিরদের অপেক্ষাক্ত বিস্তার হইয়াছে, শেষ প্রদ্ধ-বৈবর্ত্ত-পুরাণে ভাহার স্বোত বহিয়াছে।"

এই সকল দেখিয়া শুল্যা আর একটা কথা মলোমধ্যে আপনা হটতেই উদিত হয়। সে কথা এই—পুরাণাদি গ্রন্থ যদি হিন্দুশাস্ত্রের অঙ্গই হয়, তবে তাহার মৌ কিতা সহক্ষে ঘোর সন্দেহ রহিয়াছে। সে সকলে অনেক হলেই যখন 'আষাঢ়ে' গল্পের ভূরি স্ষ্টি, তখন ভাহাদের আর ধর্মপুস্তকের গোরের কোথায় থাকিতে পারে ? ইহা ভিন্ন মহাভারতেও যে অনেক প্রক্ষিপ্ত বিষয় জুটিয়াছে, বৃদ্ধি বাবু তাহা 'ক্ষ্ণান্তে' বিশেষ যুক্তি-হত-মহ্বাদের গাহত প্রদশন করিয়াছেন। তিনি

উক্ত গ্রন্থে ছই তিন স্তরের তিয় ভিন্ন কবির ভিন্ন ভিন্ন রচনা-চাতুর্যা, কল্পনা-কুশলভার পরিচয় দিয়াছেন। এমন কি ছঃখের সহত একস্থানে লিধিয়াছেন;—

"আমর। এতন্র প্যাস্ত সোজাপথে স্থবিধামত চলিয়া আসিতেছিলাম; কিন্তু এখন হইতে ঘোরতর গোলঘোগ। মহাভারত সমুদ্র
বিশেষ, কিন্তু এতক্ষণ আমরা, তাহার স্থির বারিরাশি মধ্যে মধুর মূহগন্তার
শন্দ ওনিতে গুনিতে পথে নোকাষাত্রা কারতেছিলাম। একণে সংসা
আমরা ঘোর বাত্যার পড়িয়া তরলাতিঘাতে পুন: পুন: উৎক্রিপ্ত নিক্রিপ্ত
হইব। কেননা, এখন আমরা বিশেষভাবে মহাভারতের । ছতীয় স্তরের
কবির হাতে পড়িলাম।

তাঁহার হত্তে কৃষ্ণ-চরিত্র সম্পূর্ণ পরিবর্ত্তিত হইয়াছে। বা•া উদার ছিল, তাহা এক্ষণে কৃদ্র ও সন্ধাণ হইয়া পাড়তেছে; যাহা সরল, তাহা এক্ষণে কৌশলময়; যাহা সত্যময় ছিল, ভাহা এক্ষণে অসত্য ও প্রবঞ্চনার আকার। যাহা ভাায় ও ধর্মের অনুমোদিত ছিল, তাহা এক্ষণে অভায় ও অধর্মে কল্বিত। ঘিতীয় স্তরের কবির হাতে কৃষ্ণ-চরিত্র এইরূপ বিকার-প্রাপ্ত হইয়াছে।" ('কৃষ্ণচরিত্র' ৬ঠ পঞ্জ, তৃতায় পরিছেদে)

ইহা ভিন্ন বার্ক্ষ বাবু 'রুঞ্চিরিতের' ২য় খণ্ড দশন পরিছেদে শ্রীরাধা সক্ষে বিধিতেছেন :—

"ভাগণতের এই রাসপঞ্চাধ্যায়ের মধ্যে 'রাধা' নাম কোণাও পাওয়া।
যায় না। বৈক্ষণাচার্যাদিগের অস্থিমজ্জার ভিতর রাধা নাম প্রবিষ্ট।
উচ্চারা টীকা টিপ্লনীর ভিতর পুন: পুন: রাধা প্রসঙ্গ উত্থাপন করিয়াছেন,
কিন্তু মূলে কোণাও রাধার নাম নাই। * * * * * *
বাস পঞ্চাধারে কেন, সমস্ত ভাগণতে কোণাও রাধার নাম নাই।

ভাগবতে কেন, বিষ্ণুপুরাণে, হরিবংশ বা মহাভারতে, কোণাও রাধাব নান নাই। অথচ এখনকার কৃষ্ণ উপাসনার প্রধান অক্স সংধা। রাধা ভিন্ন এখন কৃষ্ণ নাম নাই। বাধা ভিন্ন এখন কৃষ্ণের মন্দির নাই বা মৃঠি নাই। বৈষ্ণুবলিগের অনেক রচনায় কৃষ্ণ অপেকা রাধা অনেক প্রাধান্ত লাভ কার্য়াডেন। * * * * * * * । বাধাকে প্রথম ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে দেখিতে পাই।"

বৃদ্ধিম বাব, এই ব্রহ্মবৈধর্ত পুরাণের বিস্তৃত আলোচনা কবিয়াছেন। পাঠকগণ অনেকেই তাহা অবগ্রু প্রতরাং সে স্থান্ধে, আমাদের স্বিস্থাব বলিবার কোন প্রয়োজন নাই। তবে বৃহ্নিম বাবর আলোচনা ২ইতে ইছাই আমরা ব্রিতে পারিয়াছি, ব্রহ্ম-বৈবত্ত-পুরাণকে ভিত্তি করিয়া, ৈষ্টের কবিগণের কল্পনার প্রলয প্লাবনে অনেক গীতিকাব্যে আদিরসের উদ্বেশ স্রোত বহিয়াছে এবং এখনও মন্দ মন্দ বহিতে আছে। উক্ত পুরাণ হইতেই গাঁতগোবিন্দের সৃষ্টি, এবং উহাই চৈত্র প্রচারিত কান্ত রুণাশ্রিত' ভক্তিবাদ ধর্মের মূল। ফলকথা, আমরা যত্ত্র ব্রিতে পাবিষাছি, ভাহাতে বৈষ্ণ্ৰ চাৰ্য্য, বৈষ্ণ্য কৰিবাই ক্লেব প্ৰিত্ৰ চৰিত্ৰ প্রাকৃত-জন-মুগভ, অ'ত অপবিত্র মানবিক প্রেমের ছায়া আনিয়া ফেলিয়াছেন; -- নিম্বন্ধ চল্লে কলম বিস্থার করিয়াছেন,-- সে কলম আবার এমনই ছুর্মোচনীয় যে, ব্লিম বাবর কাষ আধুনক ক্লত-বিচা, অতি সুপণ্ডিত তর্জেরাও, সেই গুনিবার কলক্ষ কালন করিবার হলু, ম্বর্ম মার্লা পাতাল আলোড়ন করিতে বাধা হইলাছেন। বৃষ্টিন বাবর "ক্ষা-চারত্র"ই তাহার প্রমাণ। রুফের পার্থিব লালাকে বৈষ্ণব কবিবাই নিতান্ত বকুত, কিন্ততাকমাকার করিয়াছেন। তাহারাই থাতে কলমে, টীকা টিপ্লনীতে, ব্যাখ্যা, ভাষে প্রকাশ্যে এপ্রকাশ্যে, নিভাম ওলাস কেলা কেলা ভাবে, দেই নিদ্ধলন্ধ ক্ষেচরিত্রে, নিহাস্ত কলন্ধ-দূষিত, কলুম্-পঙ্কিলা কবিয়া দিয়াছেন। ইহা কি পাপ নয় ? দেবতার চরিত্রে ভক্তের পক্ষে এরপ বীভংদ কলস্কারোপ, আমাদের মতে ঘোর পাতক;—দে পাতকের কোন মোচন নাই,—কোন প্রায়শ্চিত্র নাই, তাহার একমাত্র ফল, অনস্ত নরক ভোগ। 'ক্ষেচরিত্রের, একভানে বিদ্ধন বাবু নিহাস্ত আক্ষেপ প্রকাশ করিয়াছেন:—"যাহা ভাগবতে নিগৃঢ় ভক্তিতন্ত্র, ভয়দেব গোস্বাদ্ধান হাতে হাহা মদন-ধন্মোৎসব। এতকাল আমাদের জন্মভূমি সেই মদন-উৎসব ভারাক্রাস্ত, হাই ক্ষ্ণ-চরিত্রের অভিনব ব্যাথ্যার প্রয়োজন হইয়াছে।" (ব্রজগোপী,—ভাগবত,—বন্ধহরণ)

বস্তুতঃই ক্ষেচ্বিত্রের যত গেঁউড প্চালের আঁধি, মূল কারণ,—
জন্মনের। তিনি ব্রন্ধনৈর্ত্ত প্রাণ হইতে গেঁই ধরিয়া, নিতান্ত সিদ্ধহন্দের
টানা বোনায় এক নৃত্ন 'fabrie' এর স্পষ্টি করিয়াছেন এবং সোভাগ্য
ক্রমে তাহার প্রালাগ্রসাবী নিভান্ত নটবিহানী অনেক চেলাও জুটিয়াছে।
সে চেলাও তুই একটা নয়,—শত শত, এবং তাহাণের কল্পনার খেলাও
গুকর অপেক্ষা বেনা বই কম নয়। বংং গুরু অপেক্ষা শিষাদিগেরই তুই
এক হন্ত কৌশল, অভান্ত অন্ত ! দেখিকেন, বিভাপতি চণ্ডীদাদে কিরূপ
অভিনব কল্লনা-অভিপ্লাবনের উচ্চাল ;— পূর্করাগ, মাথুর, বিরহ, মিলন,
মানভঞ্জন, দেখিল, 'বিদেশিনী' নাপিণ্ডনী 'রাই রাপাল',—কভই
অলোকিক কবি কল্পনার অপুর্ক স্পষ্টি!!

বৈষ্ণৰ কৰিগণ 'এর চেয়েও বাড়ে, লক্ষ দিয়ে পড়ে বাড়ে' গোছে,— যে আসে লঙ্কায় সেই বীর হন্মান' এরপ ভাবে, পরবন্তীয়া পূর্ববন্তী দিগের উপরে থাকিতেই েষ্টা করিয়াছেন; তাই তাঁহাদের গীতিকাবোও কৃষ্ণচরিত্রের নিত্য নৃতন সংস্করণের ছড়াছড়ি! অধিকাংশ বৈষ্ণৰ কবিবদিগেব 'পদলহবী', মদনোংসৰ লহরই বটে! জয়দেব গাহিকোন:— 'প্রিয়ে চাক্রীণে মুঞ্ময়ি মানমানদানং, সুপদি মদনানলো দহতি মুমু মানসং।"

যাহা হউক, ইহা এক প্রকার তত থোলাথুলি নয়,—আদিবসের ভাব আছে বটে, কিন্তু তাহা বড় বস্থার স্থায় উছলিয়া উঠে নাই,—কিঞিং প্রচ্ছরভাবেই আছে। কিন্তু তাহার শিষ্য মৈণিলী কবি, ভারবি জয়দেবকে পিছু করিতে গিয়া গাহিলেন,—

(রাধার কুচ যুগা লক্ষা করিয়া):---

"পহিল বদরী কুচ, পুনঃ নব রক্ষ,
দিনে দিনে বাড়য়ে পীড়য়ে অনক্ষ॥
সোপুন ভৈগেল বীজক-পূর
অব্কুচ বাঢ়ল শ্রীফল-জোর॥

(শ্রীক্ষের পূর্মরাগ):--

কাহার রমণী কো উহ জান।
আকুল করি গেও হামানি পরাণ॥
লীলা কমলে ভ্রমরা কিরে বারি।
চমকি চলল ধনী চকিত নেহারি॥
তৈ ভেল বেকত পরোধর-লোভা,।
কনক-কমল নাহি কাহে মনোলোভা॥"

ইহার আর এক স্থানে, শ্রীরাধিকার 'কুচ-ছিরিফশ-ভরে' দেহ ভাঙ্গিয়া পড়িবার কথা আছে।

অন্তর্জ (মদনবাণের প্রায়ক্ষ):—

"ভিন বাণে মদন, ক্লিভল জিভ্রন,

অবধি রহণ এই বাণে।

বিধি বড় দাকণ বিধিকে ব্যক্তি জন, শেলি তোহার নয়ানে দ" বিধিকার কটাক্ষ সম্পদ্দ শ্রীক্তকের উক্তি

'শ্রীরাণার পূর্বরাগ প্রবাদে এক সানে ;---

আজুক লাজ তেওে কি কৰৰ মাই।
জল এই ধৌই ধদি ভবলু না গাই।
না ২ই উঠনু হাম কালিন্দী-তাব।
অঙ্গতি লাগণ গতেল-চাব।
ভাহে বেকত ভেল সকল শ্রীর।
ভাহে উপনীত সমূধে ২৬বার।

4 4 4

উরজ-উপথ যব দেওল দাঠ।
উর মোড়ি বৈসম হার করি পিঠ :
হাসি মুঝ নিরথয়ে টাট মাধাই।
তত্ম তত্ম কাঁপিতে ঝাপন না যাই॥"
(রাধিকার উক্তি)

স্থীদিথের কর্তৃক মাধক্ষের সহিত রাধিকার মিলন ঘটনা প্রসঙ্গে :"বালা-রুমনী-রুমণে নাহ্নি স্থাব ।
তান্তরে মদন দ্বিগুণ দেই এখা।
সব স্থী মেলি শুতায়ল পাশ।
চুমকি চুমকি ধুনী ছাড়য়ে নিশ্বাস॥

করইতে কোরে মোড়ই সব অঙ্গ।
মন্ত্রনা শুনরে জন্ম বাল-ভুজঙ্গ।
বেরি এক কর ধনি মুদিত নয়ান।
বোগী করয়ে জন্ম উথদ পান ।
তিল আধ চথে জনম ভরি শ্ব।
ইথে কাহে ধনি চুঁই মোড়সি মুব্

(বাধিকাৰ প্রতি সখীর উপদেশ):--

"শুন শুন শুনরি হিত-উপদেশ।
হাম শিথায়ব বচন বিশেব॥
পহিলহি বৈঠব শহনক-সীম।
আপ নেহারবি বস্কিম গীম॥
হব পিয়ে পরশ্রে ঠেলবি পানি।
মৌন বরবি কছু না কহবি বাণী॥
যব পিয়ে ধরি বলে লেয় নিজ পাশ।
নহি নহি বোলবি গদগদ ভাষ॥
পিয়-পরিরস্তবে মোড়বি অঙ্গ।
রহস সময়ে পুন দেয়বি ভঙ্গ॥"

'বিভাপতি'তে এইরপ রঙ্গরসের চেউ যেখানে সেখানে যথেছিই আছে। দেবতা লইয়া এইরপ হেলা ফেলা ভাব,—সাপের সাথে ভেকের খেলা কিরপ, ইহা আমাদের বৃদ্ধিতে আদে। আসে না। বৈষ্ণব কবিদিগের রুচিই কি অছুত!! আমরা বিভাপতির পদাবলী হইতে অতি অল্ল খানই উদ্ধৃত করিবার শ্বযোগ পাইলাম। ছুর্ভাগ্য বশতঃ সমস্ত বৈষ্ণব কবিদিগের পদাবলা ভালরপ অভ্যন্ত থাকা সত্তেও অন্তান্ত

ক্রিদিগের বস্ততার পরিচয় আমরা দিতে পারিলাম না। কেবলমাত্র বিভাপতির সামাত রাস-রবিকতা-পট্টতারই পরিচয় দিতে সক্ষম ইইলাম: তাহাও দেৱপ বাছিয়া দিতে পারিলাম কই > সমত 'দাস'— নৈষ্ণুৱ কৰি. শ্লিশেখর প্রভৃতি হিন্দু মহাজনের প্রাবলী অম্ম্রা শাল্রপ পাঠ কবিয়াতি এবং ত'ত,তে আম'দের এই ধাবণা জন্মিশাতে যে, তাহাবাও আদিরদেব উচ্চাদে বিভাগতি অপেকা এক এক জন কম নিপুণ নতেন। বৰুং ক্রেড ক্রেড নাচন স্কট্ট বিধায়ে বিজ্ঞাপতি অপেক্ষাও কার্ডিমান। চ্ছীদাস বিভাপতির সম্বাম্যাক। উতার প্রাবধীতে মৈ গুলী ওভার থব কম। ছাহা একপকার ভাষকলোন তেলিত ভূজ সংগল। রচনারই আদশ, তবে চতালাদের পদাবনাতেও সেম্ব ন্যাভাস ম্বেই আছে ৷ কিন্তু ভাগে পাট বাদালাৰ এক ভিজ্পতি অংশকা ভাগতে वामितरमन উक्षाम किल्ल जीलन माधन, প श्रामातने आहरू । বিজাপতির পদাবলীর আহিসার প্রথকে, যথেই আদিবস মলনবচের উদ্বেশ, উচ্ছালিত তর্মভন্স আছে। সে শুন্ত আম্রা নিজ্যোভন সনে করিয়া উদ্ভ কবিলাম না। আলাদের উদ্দেশ্য কেবল বৈশ্বৰ কবি-দিগের রচনাধ ন্রনা প্রধর্মন। সে উদ্দেশ্য আমাদের ইনাতেই স্ফল ছটবে, এরূপ মনে করি। বিশেষতঃ আমরা বিজাপতি প্রভৃতি বৈষ্ণ্য ক ব্রুণের মধুব পদাবলী রদের স্থান গ্রহণের পূর্ণে মনে করিভাম, 'বিজ্ঞান্ত্রনার কবি, 'আপনার 'গণে ভবত আত' - ভারতচন্ট ব্রি আদিরসেব ব্যাথ্যায় expert (এরণেটি), নিপ্র শিনা: কিন্ত ভারপর দেখিলাম, লা, তিনি অনেকে টে শিশোৰ শিবা। ভাগার অবশ্য সে বিষয়ে তেমন বাহাত্রী নাই। এক। গতিগোবিন্দ্রীর জ্বদেবই ১প্র স্থাল্ড চচুকে অ(দিবসের নাম) প্রক্ষে উচ্চেটেম জটি করিছে সম্প্র

তার পর অন্যান্ত নৈক্ষর কবি ত' আছেনই। মোটের উপর বন্ধিম নাবু যে মত প্রকাশ করিয়াছেন, নানা দিক্ নেথিয়া শুনিয়া আমরাও সে মতের পক্ষপাতী এবং তাঁহারই অনুবর্তী। বাস্তবিকপক্ষে বৈশ্ববাচার্য্যগণই, জ্ঞানদাসের ভাষায়, 'অকলস্ক-কুলে মোর কলন্ধ রাখিলে' গোছে, রাধাকে মন্দর পর্বাত, শ্রীক্রক্ষকে বাস্থিকি সাজাইয়া উত্তম মধ্যম রূপেই মদন-রুসের উদ্বেল সমুদ্র মন্থন করিয়াছেন। এক্ষেত্রে পুরাণ-কারেরা স্থ্রপক্ষ এবং বৈশ্ববাচার্য্য এবং অন্যান্ত কবিরা অন্তর পক্ষ। তাহাতে কোন স্থ্যা উঠে নাই,—উঠিয়াছে হলাহল। তাহাও অত্যন্ত মারাক্সক,—এতকাল কেবল ধন্দের অন্ধে অন্ধে, শিরায় শিরায় বিসয়া, পরতে পরতে, অন্তে অন্তে তাহাকে এক্জরিত, অবসত্র, গুণকাটা করিয়া দিয়াছে। তবে কতকগুলি আধুনিক ভত্তজ্ঞ, তাহার অনেকটা প্রতাকার করিতে পারিয়াছেন বাল্যা আমানের বিশ্বান।

যাথা হউক, বিষ্ণুর অবতার বা স্বয়ং বিষ্ণু— শ্রীক্লাঞ্জর বৈষ্ণব-কবি-কলিত-চারিতে, এবেশার মুদলমানের নিকট পরিচিত। তাই তাঁহারা অনেক সময়ে শ্রীক্লের লালার প্রতি হতশ্রদ্ধ। তাহারা কেন, অনেক হিন্দুর কথার ভাবে ও ভিতরের ভিতরের অশ্রদ্ধাভাব অনেকটা প্রকাশ পায়;—অনেকেকেই আমরা বলিতে শুনি—"দেবতার বেলা লীলা থেলা, মান্যের বেলা পাপ!"

শুদ্ধ শ্রীক্ষের কেন, অনেক হিন্দু দেবদেবীর লীলাখান এইরপ জঘন্তভাবেই লোক সমাজে প্রচলিত। সে সমস্ত আগান রূপক, এবং সে রূপকের অন্তবালে যে ভত্তকথা আছে, তাহা সাধারণ হিন্দুগণ কেন, অনেক শিক্ষিত হিন্দুও বৃথিতে পারেন কিনা, সন্দেহ। মুসল্মানের ত কথাই নাই। পুরাণকারেরা নানা উপন্তাদ ছটায়, কল্পনার ঘটায় দেব দেবীর চরিত্র ব্যেনই কিছু হেঁয়ালি করিয়া ত্রিয়াছেন যে, সে সব এমনই হেঁয়ালি যাহা,—

> "পণ্ডিতে বৃথিতে পারে ছ'চারি দিবসে, মূর্থেতে বৃথিতে নারে বংসর চল্লিশে।"

এ দোষ কাহাদের ? হিন্দুদিগের দেয়েই হিন্দ্ধর্মের কোন কোন ভাগ, অবশ্র স্থাবৃদ্ধি মান্ত্রের না বুঝিবার ফলে, নিচাস্ত জঘন্তআকারে প্রতিভাত হয়। এবং আমরা একথাও বলিব, দেই সমস্ত রূপক-মূলক (যদি সেইরূপই মনে করা যায়) উপন্তাস-রহস্ত ভেদ করিবার উপযুক্ত দূর-সম্বন্ধ-গ্রাহণী বৃদ্ধিই বা কয়জনার থাকিতে পারে ? শ্রীবিষ্ণুর অবতার ক্ষেত্র অবতার-লীলা, যেরূপ ভাবে বৈষ্ণুব কবিগণ কর্ত্ব অন্ধিত হইয়াছে, তাহার নমুনা ও আভাস আমরা পূর্কেই কতকটা দিয়াছি, কিন্তু সেই সব দেখিয়া শুনিয়া কোন্ নিগৃঢ় ভত্তবিদ্ ভিন্ন, অন্তের ভক্তি শ্রদ্ধাভাব উছলিয়া উঠিতে পারে ! বরং তাহা দূরে থাক, অনেকটা কেমন কেমন, অপবিত্রতা-জনিত বীত-শ্রদ্ধ-ভাব মনের মধ্যে উদয় হয়।

দেব চৰিত্র, দেবচরিত্রের মত হওয়াই আবশুর্ক,—তাহা অতি নির্মাণ, তাহাতে পুণাক্ষরেও কোন অপ্রিভার ছায়া কুড়িৰে না.—দে অতি শুদ্ধ, আদর্শের অবিক আদর্শ হহবে। ছবেই দেবিভার প্রতি মার্ষের ভাজত শ্রদ্ধা আপনা হটতেই উছলিয়া উঠিবে। কিন্তু কে বলিতে পারেন, বৈশুব কাবগণ-ফারত শ্রীক্ষেত্র চরিত্র পাঠে দে ভাবের উদ্দেক ছটতে পারে? আমনা বাল, সাধারণ মন্ত্রের সেরার ভাব ছওয়া নিতান্ত অসম্ভব। বরং তাহাতে, যেমন বিশ্বম বাবু বলিয়াছেন, সমাজে ব্যভিচার-শ্রেত প্রবল হয় এবং সেরাপ প্রশ্রের সমাজে বৈভিক-চারত্র-গঠন সম্বন্ধে ও ভ্যানক গোল্যােগ ঘটে।

শ্রীক্ষয়ের রাস, মানস-গঙ্গায় থেয়ারীক্রপে পদারিণী গোপ-নারীগণের নিকট 'দান' সংগ্রহ এবং দেই দাতের ব্যবস্থা কিরূপ, তাহা অনেক ভিন্দ পাঠকই জ্ঞাত আছেন *। সে কথা এখানে বলিবার কোন প্রয়োজন দেখি না। ইথা ভিন্ন ভারতচন্দ্র বায় গুণাকর, তাঁহার বিবিধ কবিতার মধ্যে একটা রসাম্মক কবিভায়, রাধা শ্রীক্রফের মধ্যে যে সমন্ধ্র পাতাইয়া দিয়াছেন, সে সম্প্রত বা কিবলে বিপরীত, তাহাও এখানে আমরা উল্লেখ করিলাম না। এদেশে চৈত্র মাসে অষ্টক গান হয়, আমরা তাহা অনেক মুস্বমানের মুগে গাঁত হইতে শুনিয়া থাকি। তাহার পর এদেশে সারি গাওয়া প্রণা নিরশ্রেণীর মুসল্মানের মধ্যে প্রচলিত আছে, তাহাও কুফলীলা সম্বিদ্ধনী। ইহাতে বুঝা যায় যে, প্রীক্ষেত্র বৈষ্ণৰ কবিগণ ক্থিত লীলাখ্যানই অধিকাংশ মুদলমানের নিকট পরিচিত। এরপ অবস্থায় মুদ্রমানের সাধারণতঃ হিন্দুর প্রধান দেবতার প্রতি একট অশ্রমা ভাব আছে। কিন্তু এখানে আমরা ইহাও বলিব যে, বস্থিম বাবু 'কম্ব ১বিতে' শ্রীক্রফের চবিত্রের অলোকিকতা, বিশুদ্ধতা যথেইই প্রমাণ করিয়াছেন এবং তিনি যে একজন শুদ্ধ-সত্ত্ব, পবিত্রাত্মা, আদর্শ চরিত্রবান,

বিশ্ব কবিগণের দোষের কথা আমরা অনেকটাই আলোচনা করিয়াছি।
তবে তাহাদের ৩ণেরও কিছু কিছু প্রসঞ্জ উথাপন করা ৩,৮৩। বেঞ্চন কনিগণের অস্ত্র্যন্ত্র দোস থাকুক, উংহারা বঙ্গ-ভাষার নবান নীণা-তঃীতে এক অভিনব তান বাজাইযাছেন,—সে তান অতি অপুর্প, অতি মধুর। একার যাহার কাণে বাজিয়াছে, চিরকাল সঙ্গীতের লয়ের মত, দ্র-ঝঞ্চ বীণার করের আয়ে, বহুদিন ভাষা বাজিতে থাকিবে। আজি যে বঙ্গভাষা-বধু চির মনোহারিণী, ললিভ লাবণাময়ী, আপেনার গ্রবে গ্রবিণা, —্বাহার মধুর শিঞ্জিতে মনুব ভ্রিভ ও বিভ্রিভ, বৈঞ্ব ক্রিগণই ভাহার এ সম্পদ্র কারণ।

ইহাও উক্ত গ্রন্থে নিঃসন্দেহে প্রতিপন্ন হইরাছে। ইহা ছাড়া হিন্দুধর্ম্মের উক্ত স্তরে যে একেশ্বরণাদ মত প্রবল, তাহাই আমরা প্রসঞ্চক্রমে সংক্ষেপে জালোচনা করিব।

হিন্দু দিগের মধ্যে একথানি দর্শন প্রস্তক আছে, তাহার নাম বেদাস্ত দর্শন। এই বেদাস্ত দর্শন সম্বন্ধে বঙ্কিম বাবু নিম্নলিখিত ব্যাপ্যা দিয়াছেন।—

ভারতবর্ষে যে সকল দর্শন-শাস্ত্র উৎপন্ন হইয়াছিল, তাহার মধ্যে ছয়টি দর্শনের প্রাধান্ত সচরাচর স্বীরুত হয়। কিন্তু ছয়টার মধ্যে ছয়টীয় প্রাধান্ত বেশী,—বেদান্তের ও সাজ্যের। সচরাচর বাাস প্রণীত ব্রহ্ম-হত্তে বেদান্ত দর্শনের স্কৃষ্টি বলিয়া অনেকের বিশ্বাস। বস্তুত বেদান্ত দর্শনের আদি ব্রহ্ম-হত্তে নংহ, উপনিবদে। উপনিষদকেও বেদান্ত বলে। উপনিষদক্ত ব্রহ্মতহ্ব সংক্ষপতঃ ঈশ্বর ভিন্ন কিছুই নাই। এই জগৎ ও জীবগণ ঈশ্বরেরই অংশ। তিনি এক ছিলেন, সিস্ক্রা-প্রযুক্ত বহু হইয়াছেন। তিনি প্রমাত্মা। জীবাত্মা সেই প্রমাত্মার অংশ; ঈশ্বরের মারা হইতেই জীব আত্মা প্রাপ্ত, এবং সেই মায়া হইতেই মুক্ত হইলেই আবার ঈশ্বরে বিংশান হইবে। ইহা অহৈত বাদে পরিপূর্ণ।"

অত্যত্ত ,—

"প্রাচীন কালে ঈশ্বর, এবং ইশ্বর-।স্থত জগতের সম্বন্ধবিষয়ে ছই রক্ষ ব্যাথ্যা দেখা যায়। প্রথম এই যে, ঈশ্বর ভিন্ন কিছুই নাই। ঈশ্বর জগৎ, তদ্ভিন্ন জাগতিক কোন পদার্থ নাই। আর এক মত এই যে, জগৎ ঈশ্বর বা ঈশ্বর জগৎ নহেন, কিন্তু ঈশ্বরে জগৎ আছে,—"স্ত্রেমণিগণা ইব।" সন্থাতঃ দিতীয় মতবাদ্দী শহ্বাচার্য্যেরই। এই শহ্বাচার্য্য একজন প্রাস্কি হিন্দুধ্য-সংস্থারক। ইংইার মতবাদ পুব

মুলাবান ৰবিয়া অনেক স্থবিজ্ঞ হিন্দু পণ্ডিভগণ কর্তৃক গৃহীত। এই মতের সহিত ইস্লামধর্ম মতের অনেকটা স্থপাদুগু আছে। শঙ্করাচার্যা मशरक व्यानक हिन्दूत धात्रणा, जिनि त्नित्ति शृक्षा-वित्तावी हिल्ने। এরপ স্বাভাদ, ঢাকার কোন প্রদিদ্ধ মুনদেফ্ প্রদত্ত "শ্রীশ্রীরামক্লফ দেব ও রাষকৃষ্ণ মিশন্" সম্বনীয় বক্তৃতায় স্পষ্ট পাওয়া যায়। তবে হিল্পুদিণের মধ্যে নানা মুনির নানা মত, একারণে আমাদের পক্ষে হিন্দু-শাস্ত্র-ব্যাব্যাকারদিগের অনেক কথাই ভালরূপ বুঝিতে পারা কঠিন। যদি বেদান্তবাদ পূর্বেলাক্ত রূপই হয়, তবে বিজ্ঞ হিন্দু ও মুসলমান দিগের মধ্যে ধর্মের মূল বা আদি সম্বন্ধে কোন বৈষ্মাই তেমন নাই।

মোটের উপর আমাদের ধারণা এই জন্মিয়াছে যে, ধর্মের মূল-ফুত্র-/সম্বন্ধে উচ্চাঙ্গের হিন্দু মতবাদ ও এস্লাম ধর্মে মারাত্মক কোনই পার্থক্য नाइ। তবেই धर्य-জনিত বৈষমা, কি গোলগোগ, এইখানেই মিটিয়া যায়। এবং ইহা ভিন্ন আমরা অনেক উচ্চ হিন্দু সাধক সম্বন্ধে অনুসন্ধানে জানিতে পারি, তাঁহারা পবিত্র একেশ্বরবাদী। আবার এমন অনেক আছেন, যাঁহার। সমস্ত ধর্ম প্রণালারই সেবক। এনাপ একজন, শ্রী মরাম কৃষ্ণ দেব। ইহার ধর্ম্মত এইরূপ ;—

"যত মত তত পণ্

তাই এ অপূর্জ মত,

হ'ল এবে জগতে প্রচার।

সাধিয়ে সকল মতে. ভ্রমিয়ে সকল গথে,

দেখাইলে মহিমা তোমার ॥"

আমরা ইহাও জানিতে পারিয়াছি যে, নববিধান-প্রবর্ত্তক কেশবচন্দ্র দেন, স্বামী-বিবেকানন্দ-প্রমুখ বর্ত্তমান যুগের হিন্দু প্রাসিদ্ধ সাধু ও দাধকেরা, উক্ত মহাপুরুষেরই শিষ্য। প্রতাপচন্দ্র মন্থ্যদারও উক্ত দলের

একজন। ইহা ভিন্ন অনেক উচ্চ শিক্ষিত হিন্দুও উক্ত মহাপুরুষের শিধাত্ব-স্বাকার গৌরবের বিষয়ই মনে করেন। আমরা পূর্বে ষে বক্তৃতার উল্লেখ করিয়াছি, তাহার একস্থানে বাবু প্রভাপচক্ত মজুমনারের যে ইংরাজী-বটিত উক্ত মহাপুরুষের জীবনী-প্রসঙ্গ আছে, তাহার বঙ্গান্থবাদ এইরূপ;—

"তিনি যে কেবল হিন্ধর্মানুষ্ঠানেই শ্রদ্ধাবান, তাহা নহে। মুদ্দমান সাধন-প্রণাণী অবল্পনে মহম্মানীয় দর্শনক্রিমান্ আলার ভাবে ভাবুক হটয়। তাহার দর্শন লাভের নিমিত্তও বছ'দন হাপন করিয়াছেন। এই সময়ে তিনি দাড়ি রাথিয়াছিলেন, মুদ্দমানের ভায় আহার করিতেন এবং কোরাণের বাক্যাবলা সর্কান উচ্চারণ করিতেন।"

তাহার যী ভগ্রী ষ্টের প্রতি প্রগাঢ় ভক্তি শ্রদ্ধারও উল্লেখ আছে। ইহা ছাড়া আমরা বিশেষ করিয়া কেশবচন্দ্র সেনের ধর্ম-নিশনের উদ্দেশ্যও জানি। তিনি সমস্ত পৃথিবীর ধর্মবাদের মিশ্রণে নৃতন এক ধর্মপ্রণাণী (যাহাতে সমস্ত ধর্মেরই সামজ্ঞ থাকে) প্রবর্ত্তন করাই, জীবনের মুখ্য উদ্দেশ্য করিয়াছিলেন। তাঁহার নিজের কথায়ও ইহা স্ম্পেই। বাহুল্য বোপে আমরা এখানে তাহা উদ্ভুত করিলাম না। কেশবচন্দ্র সেন. একজন নববিধানাশ্রত আদ্ধা এবং সেই ধর্ম সম্প্রদায়েরই প্রতিষ্ঠাতা। আদ্ধা-সমাজের আদি প্রতিষ্ঠাতা, রাজা রামমোহন রায়ের এগ্লাম ধর্মান্তরের কথাও হয়ত অনেকে জানেন। তাঁহার সম্বন্ধে মেরী কার্পেন্টার লিখিয়াছেন;—

"He seems to have prepared himself for his polemical career from the logic of the Arabians, which he regards as superior to every other." [The last days in England of the Raja Ram Mohan Roy. Edited by Mary Carpenter.]

অন্ত একজন হিন্দু লেখক লিখিয়াছেন ;---

তিনি পাটনায় তুই তিন বংসর অবতিতি করিয়া আর্বী ভাষায় ইউক্লিড্ ও আরিষ্টানের গ্রন্থ পাঠ করেন। এই উভয় গ্রন্থ পাঠে তাঁখার সভাবতঃ স্থতাক্ষ বৃদ্ধি-শক্তি বিশেষরূপ মাজিত হয় এবং যে তর্কশক্তি উপধর্ম নিচরের তিত্তিমূল বিকম্পিত করিয়াছিল, তাহা প্রথমে এইরূপেই বিকাশ প্রাপ্ত হয়। এমনও বোধ হয় যে, আরবী ভাষায় কোরাণ পাঠ কাল্যও মুসলমানাদগের সংস্রবে আসাতে তাঁখার মনে এই সময়েই একেশ্বরাদের ভাব প্রথমে প্রবিশ্ব ইইয়াছিল। স্থাকিদিগের গ্রন্থ পাঠে তিনি অভ্যন্ত আসক্ত হন। এই আসক্তি যাবজ্ঞীবন প্রবল ছিল। পরিণত বয়সে তাঁখার প্রিয় হাকেল, মৌলানা ক্রম, শান্স তারিল প্রভৃতি স্থিকি কবিগণের গ্রন্থ হইতে ভূরি ভূরি কবিতা উৎসাহের সহিত আর্কি করিতেন।" (শ্রীনগেল্ডনাথ চট্টোণাবায় প্রণীত, রাজা রামনমেহন রাথের জাবন-চরিত। তৃতীয় সংক্রণ, ১০শ পৃষ্ঠা।)

এই সমস্ত হইতে বিবেচনা হয়, স্থাপিতিত, উচ্চ শিক্ষিত হিন্দুগণ,
মুসলমান ধর্মের পক্ষপাতী। অবগ্য ব্রাক্ষধর্ম, হিন্দুদিগের বেদাস্থবাদের
ফল, একথাও আমরা অনেকটা বুঝিতে পারি। অনেক হিন্দু পণ্ডিত, '
শিক্ষিত মুসলমান, বিশেষতঃ মুসলমান শাস্ত্র প্রবীণ মৌলবী,
মৌলনাদিগের আচার, ব্যবহার, শাস্ত্র-প্রসঞ্জের প্রতি অমুরক্ত এবং
তাহাদের সংদর্গ প্রাসী। মৃত মহাত্মা ভূদেব মুগোপাধ্যায়ের 'সামাজিক

প্রবন্ধ' এর এক স্থানে সেইরূপ আভাসও পাওয়া ধার। তাহাতে লিখিত আছে ;—

"অনেক ইংরাজ গ্রন্থকার কথন স্পাষ্টাকরে, কথন ইন্সিডক্রমে অञ्चल रे विशा शास्त्र (य, गुननमात्नता यथन मिला दाका हिन, তথন হিন্দুদিগের প্রতি অকথ্য অত্যাচার করিয়াছিল। ইংরাজ গ্রন্থকারের। এইরূপে হিন্দুদিগের মনোমধ্যে মুগলমানদিগের প্রতি একটা গুঢ় বিদ্বেষ বীজ বপন করিয়া দিতেছেন। আধুনিক ইংরেজী শিক্ষিত যুবকদিগের হাদরে মুস্পমান জাতি এবং মুসলমান ধর্ম্মের প্রতি যভটা বিছেষ দেখা দিয়াছে, পূর্বাকালের পারশু ভাষায় স্থানিকত, সদাচার সম্পান, সদ্ ব্রাহ্মণ-দিগেরও মনে তালার অদ্ধাংশ দেখা যাইত না। ছাপরা নগরবাসী করেকটী ব্রাহ্মণ, তত্রতা একটী স্বপ্রদিদ্ধ মৌলবীর সম্বন্ধে আমাকে বলিয়াছিলেন—"মহাশয় ৷ মৌলবী সাহেব মুসলমান ছইলে কি হয়, উনি এমনি প্ৰিত্ৰাচার ও প্ৰিত্ৰমনা ব্যক্তি যে, আমরা ছইয়াও যদি উহার উদ্ভিষ্ট ভোজন করি, তাহাতে আমরা অপবিত্ত হইলাম, এমন মনে করিতে পারি না।" বাস্তবিক, মুসলমানদিগের মধ্যে এমনি উদারচেতা, পবিত্র-কর্মা মহাশয় সকল আছেন বটে ৷ আমি অনেকানেক প্রধান মোলীর সহিত আলাপ করিয়া বুঝিয়াছি যে. প্রক্ত-জ্ঞান-সম্পন্ন মুদলমানের। অভূারত আর্থামতবাদই গ্রহণ করিয়া তাঁহাদিগের মধ্যে একজনের সহিত কথোপকথন কালে यथन एनिलाम "উ ও है सि: शाम " आगात त्याध रुवेन, त्यन 'मर्नर: शिवन: ব্ৰহ্ম' এই বৈদিক মহাবাকাটী কোন প্ৰাচীন ঝ যৱ মুথ হইতে বিনিৰ্গত ছইল।"

ইহার পরেই উক্ত মহাত্মা মুসলমান রাজত্ব সহক্ষেও গুটিকতক সারধান কথা বলিয়াছেন। তাহা এক্ষেত্রে অপ্রাস্তিক হইলেও, আমরা উদ্ধৃত না করিয়া থাকিতে পারিলাস না। যথাপানে তাহার সন্নিবেশ করিতে ভুলিয়া গিয়াছি। তিনি শিথিতেছেন;—

"বে জাতির মধ্যে আজিও এমন সকল লোক বিভামান আছেন, সেই জাতি যে আপনার অভাদর কালে নিরবছির অত্যাচারকারীদিগের ছারা পূর্ণ ছিল, তাহা কদাপি বিশ্বসনীয় নহে। মুসলমানদিগের ভারতরাজ্য শাসনে আমাদিগের অনেক উপকার দর্শিয়াছে। তাঁহাদিগের রাজত্ব ইইয়াছিল বলিয়াই সমস্ত ভারতবর্য, একটা সর্বপ্রেলেশ-সাধারণপ্রায় হিন্দিভাষা প্রাপ্ত হইয়াছে—হর্ম্মাশিরের একটা উংক্রষ্ট প্রণালী শুসংসুক্ত হইয়াছে—নৌজন্ম রীতির আদর্শ প্রাপ্ত ইইয়াছে। মুসলমানদিগের নিকট ভারতবর্য, যথার্থত:ই ঝণগ্রন্ত। কোন কোন মুসলমাননবাব, স্থবা এবং বাদসাহ প্রজাপীয়ন করিয়াছিলেন সত্যা, কিন্তু আনেকেই ন্তায়পরায়ণ ছিলেন। আর যাঁহারা অন্তায়াচারী ছিলেন, তাঁহাদিগেরও অত্যাচার প্রায়ই দেশব্যাপী হয় নাই,—ছই চারিটা ধনশালী এবং পদস্থ ব্যক্তির প্রতিই প্রযুক্ত হইয়াছিল। (ভূদেব মুখোপাধ্যায় কৃত "সামাজিক প্রবন্ধ" 'ছল্টায় ভাব—ভারতবর্ষে মুসলমান' পরিছেদে।)

এখন পাঠকমাত্রই বিবেচনা করিয়া দেখুন, মুসলমান ধর্মই বা কিরূপ, তাহাদের মধ্যে কত-বিষ্ণ, প্রকৃত জ্ঞান-সম্পন্ন ব্যক্তিই বা কিরূপ এবং মুসলনান রাজত্বই বা কিরূপ ছিল। ভূদেব বাবুর লেখনী হইতে অনেক গ্রেষণা-পূর্ণ গ্রেষ্কে উৎপত্তি হইয়াছে, একথা অনেকেই জ্ঞাত জ্ঞাছেন,

এবং তিনি একজন বিজ্ঞা, বহুদশী, স্কাবিজ-পাবদশী বহুশাস্ত্ৰ-প্ৰবীণ স্থলেথক বলিয়া পরিচিত। তিনিই 'রোমের পুরাবৃত্ত' লেথক। ইতিহাস্ভ্রে তিনি অবশু একজন স্থপণ্ডিত। তাহার ন্যায় ব্যক্তির লেথনী-প্রেস্ত মুসলমান জাতীয় রীতি নীতি ধর্মানাদ সংক্রান্ত এবং রাজজ্ব-ঘটিত একপ প্রতিষ্ঠা-পত্র, অবশুং হতভাগ্য মুসলমান জাতির গৌরবেরই বিষয়। আমরা এ সকল হইতে বেশ ব্রিতে পারি, শিক্ষিত হিন্দু মুসলমানের মধ্যে বিবাদ বিসন্ধাদ মনোমালিক্সের কোনই হেতুনাই। তবে ছই জাতির মধ্যে খুঁট-আখুরে, বরাখুরে, জ্ঞান-গোম্পাদের সকরী, দিগ্রিজ্যী পাণ্ডাধারী, তিড়িং-বিড়িং লক্ষ্ক-ঝম্পাকারীর দলই যত কিছু অশুভ, যত হাস্পামা, গোলধোগের নিতান্ত আধি, বা পালের গোদা ধাড়ী। ইহাদিগকে গাত সমুদ্র তের নদী পাড়ি দেওরাইয়া দিতে পারিলে তবেই মঙ্গল, নচেৎ ভারতের ভবিষাৎ বড়ই অক্ষকরেময়!

যাহা হউক, এই পর্যন্ত আমরা হিন্দু-ধর্ম প্রসঙ্গ শেষ করিলাম।
এক্ষণে এদ্লাম ধর্ম সম্বন্ধে সামান্ত কিছু বক্তব্য প্রকাশের ইচ্ছা রাথি।
মুদলমান-ধর্মস্ত্র সন্বন্ধে, বেশা কিছু আলোচনার প্রয়োজন নাই।
এদ্লাম ধর্ম যে নির্মাল একেখরবাদমূলক, ইহা হিন্দুমাত্রই অবগত আছেন।
স্তরাং সে সম্বন্ধে কিছু বলা নিস্পারোজন। তবে এই সনাতন ধর্মের
প্রবর্ত্তক মহাপুক্ষ সম্বন্ধে সামান্ত আলোচনা করা আমরা সঙ্গত মনে
করি।

উক্ত মহাপুক্ষ সম্পর্কেও জত বেশী কিছু আলোচনা প্রসঙ্গের প্রয়োজন ছিল না। তবে একালে কিছু প্রয়োজন দাড়াইয়াছে এ দেশে পাশ্চাত্য পণ্ডিভগণের অনেক হিন্দু শিষ্য আছেন এবং তাঁহারা

ইংরেজের বাক্য, অভ্রাস্ত বেদবাক্যের মত মনে করেন। তাঁহাদের বিশ্বাস, ইংরেজেরা যাখা কিছু বলেন, কি 'ল্থেন, গড়েন, কি ভাঙ্গেন, সে সবই অক্ষরে অক্ষরে সতা। তাঁহারা সাক্ষাৎ ধর্মপুত্র এবং কুত্রাপি মিথা।-পরিবাদে কলক্ষিত হইতে পাবেন না। এই বিখাদই হিন্তুর ধর্মমূল নিতান্ত শিথিণ করিয়া দিয়াছে এ ৷ অভাভা জা'তর ধর্ম সভ্তম তাঁহাদের ভ্রাপ্ত সংস্কার বন্ধমূল হইবার অনেক সহায়তা করিয়াছে। আমাদের এই পোডাদেশে একজন ইংরেজ ঐতিহাসিকের ইতিবৃত্তান্ত অত্যন্ত আদত। এই ঐতিহাসিক অন্ত কেহ নহেন,—স্বয়ং বোদাইয়ের মুদ্ধই দেবীর সাক্ষাৎ পুত্র ইংরেজ গভর্ণর এলফিন্টোন সাতেব। ইনি বোষ্টন নগর নিবাসী কি আহেলে বিলাতী, সে সহত্ত্বে আম্বা ডত থবর রাখি না। তবে তিনি যে মুদলমান ধর্ম দলনের একজন প্রাণ-ঠাণ্ডা-করা পাতা, একথা আমরা পশ্চিম মুখী হইয়া বলিতে পারি। সে সম্বন্ধে আমাদের দৃঢ় বিশ্বাস আছে। ইহার এদেশায় ঐতিহাসিক গ্রন্থ, এই জাতীয় পুস্তকের মধ্যে মুদলমান রাজত সম্বন্ধে অতি প্রামাণিক, এই রকমই অনেকের ধারণা। এই বোষ্টন নিবাসী, কেষ্ট বিষ্ঠু গোছের ঐতিহাসিক, তাঁহার উক্ত ইতিহাসে,—বলিতে হয়, নিতাস্তই কল্পনা বিলাসের থাজিরে, 'হীরের মধ্যে ক্ষীরের ছুরীর মত,—মুসলমান-ধর্ম্ম-প্রদক্ষে মুসলমান ধর্ম প্রবর্তককে নানা রঙ্গের গালি গালাজ দিয়াছেন। সে গালি গালাজের নমুনা যগা,--

('Imposter', 'Worst enemy of the mankind'.)

অর্থাৎ 'প্রবঞ্ক' 'মন্থাের জঘন্ততম ঘাের শক্র' ইত্যাদি ইত্যাদি।
আমরা মুসলমান, উক্ত ধর্মপ্রবর্তকের দাসাফুদাস, আমাদের সে কথা

্লগনীতে প্রকাশ করা দূরে পাকৃক, মুগে আনিতেও মহা পাপ। একথা ছাড়া, তিনি ভাহাতে সভ্যের অপলাপ করিয়াছেন, কি কোকিল আলাপে শিষ্টাচারের সামা লঙ্গন করিয়াছেন, সে সম্বন্ধে আমেরা এখন কিছুই বালতে চাহি না।

हैश जिल्ला बागता बन्न এक बन हैश्टर की दियान यहां श्राहर का नि তিনি এ সম্বন্ধে আরও কুতা। তিনি গাউন-পরা, ধরা-সরা-জ্ঞান-করা, ইংরেজ ধর্মের প্রচারক মহামহোপারায়ে পাদরীপ্রবর দেল সাহেব। ত্নি ইংবাজাতে 'কোরাণের' অমুবাদ প্রকাশ করিয়াছেন, এবং তাঁহার त्म अनुनातात था। जि शृथेवीमव त'है. - इंखक महाताह इटेट (शब. হিমালর হততে কুমারিকা, হেবাইডিজ হইতে ল্যাণ্ডস-এও পর্যান্ত। কিন্তু সভা বলিতে কি, তিনি ভাহাতে অনেক টীকা, টিপ্পনী, ভাষ্যেৰ যোগ করিয়াছেন, কুট-নোটে অনেক বিষয় কোট করিয়াছেন এবং সংক্ষেপে, তাহাতে তাহার উদাম-কলনার নানা থেল আছে। সেটা নামেরই মাহামা। আমরা এই প্রকারে হাস্ত রস-রসিকতার অনেক উক্তি, রুদাণ ভূণিতা করিতে পারিতাম, কিন্তু নানাদিক বিবেচনা করিয়া তাহা করিলান না। বিশেষতঃ অনেক আলোচনার বিষয় এখনও বাকী। এস্থানে গৌর-চক্রিকা ক্রিবার আমাদের তেমন স্থাগে নাই। ভাহা না হঠলে 'হুতোমা' ধরণে 'কাচিস্তা মরণে রণে' বলিয়া একবার সে বিষয়ের পরাকার্তা অর্থাং শুক্ষ কার্তে রুসের সঞ্চার করিয়া দেখাইতাম। কিন্তু চঃথের বিষয়, আমরা সে রশস্বাদন হইতে আপনা আপনিই ব'ঞ্জ হুইতে বাইতেছি। অলমতি বিস্তরেণ—সংক্ষিপ্ত দেড়গজী ভূমিকা!--দাদা নাৰোজী ভাইয়ের বক্তা!!

দে বাহা হউক, আমরা এদ্লাম-প্রবর্ত্তক মহ্ পুরুষের কিঞ্ছিৎ জীবনী প্রকাশ করিব। বঙ্গ-ভাষায় এই মহাপুরুষের করেকথানি, 'জাবন চবিত' গ্রন্থ আছে হাছে। সে সকলের মধ্যে স্থাকরের ভূতপূর্সা স্থানিগা সম্পাদক শেথ আক্রবহিম সাহেব প্রণীত 'হজরত মহম্মদের জীবনচরিত'ই অনেকাংশে শ্রেষ্ঠ। তাহাতে উক্ত মহাপুরুষের শৈশন-বর্ণনা প্রসঞ্জে যাহা লিখিত আছে, তাহা অনুধাবনীয়। কেননা, তাহাতে এরূপ প্রমাণ পাওয়া যায় বে, উক্ত মহাগুক্ষের ভবিষ্য-পূথি মাবাদী মহত্তের লক্ষণ, তথনই প্রকাশ পাইয়াছিল। উহাতে দে প্রদান্ত এরূপ:—

"ক্থিত আছে বে, হজরত মহলুদ (দঃ) * তিন মাদ বয়ংক্রম কালে দোলা হইয়া দাঁড়াইতে ও দাত মাদ বয়ংক্রম কালে দৌভাদৌড়ি করিয়া বেড়াইতে পারিতেন; আট মাদ বয়ংক্রমকালে দকলে তাহার বাক্যাবলী বৃঝিতে পারিতেন ও নয়মাদ বসংক্রম কালে বেশ পরিছার দাংগর্ভ বাক্য বলিতেন। আর তিনি দর্শনা কলিতেন, 'লা এলাহা এল্লেরা, আলাহ আক্বর, আল হাম্দো লেলাহে রদেবল আল অংমিন্ +, ইহা শুনিয়া দকলে আশ্চর্যায়িত হইত।"

হজরত মহম্মদ সম্বন্ধে বাহা কিছু প্রবাদ বা লিখিত, কি ক্থিত আছে, দে সমস্ত অবিশ্বাসের কোন কারণ নাই। সে সমস্ত তাহার সমসাময়িক-

- * বিশেষ দ্রন্তীয় : সুসলনান আত্গণের নিক্ট বিনীত প্রাথনা, যথনত সেগানে 'সৈয়াদে মোর্সালিন্' থাতে সালবিনে'র নামোলেথ আছে, সেগানেত নামের শেষে দক্ষ পড়িতে নাভূলেন। পুসকে সেই নিয়ন পালন করা সব স্থানে হয় নাই। আলো হাফেল সে অপ্রাধ মাপ করেন।
- † অর্থাৎ 'এক পরমেশ্বর ভিন্ন উপাস্থ নাই,' তিনি মহৎ,' 'সমস্ত প্রশংসা ভাঁহারই যোগ্য'।

এই সমস্ত যুদ্ধ বিগ্রাহ যে শুদ্ধ আয়ুরক্ষার জন্তই প্রধানতঃ বিছিত হইয়াছিল, ধর্ম প্রচারের জন্ত নয়, এবং তরবারি যে এস্লাম প্রচারের সামান্ত সাধন, এ সম্বন্ধে আমরা সঞ্জাবনী পত্তিকার স্থযোগ্য পরম জ্ঞানী স্পণ্ডিত সম্পাদক শ্রীযুক্ত বাবু ক্লম্ভ কুমার মিত্র বিরচিত "মহম্মদ চরিত" গ্রন্থ একস্থান প্রমাণ স্বরূপ নিমে উদ্ধৃত করিয়া দিতেছি;—

"সতোর বলেই তিনি (হজরত মহম্মদ) একাকী সহস্র শক্র পরাজয় করিয়া গিয়াছেন। লোকে বলে,—তরনারিবলে মুসলমানধ্ম জয়য়ুক্ত হইয়াছে। যথন মহম্মদ (দঃ) ঈশ্বর দশন লাভ করিয়া থোদেজার নিকট মনের মম্মকথা প্রকাশ করেন, তথন তরবারি কোথায় ছিল গুয়খন কোরেশদিগের অত্যাচারের মাত্রা বুদ্ধির সঙ্গে সঙ্গে মুষ্টিমেয় মুসলমানের বিশ্বাস ও বীয়্য বৃদ্ধি হইয়াছিল, তথন তরবারি কোথায় ছিল গুয়খন দলে দলে লোকে বিশ্বাসের জভ্য স্থদেশ হইতে নির্বাসিত হইয়া মরুভূমিতে অশেষ যন্ত্রণা ভোগ করিয়া প্রাণ বিসর্জন করিতে লাগিল, তথন তরবারি কোথায় ছিল গুয়খন মদিনার লোক গভীর নিশীথে তাঁহার নিকট অমোঘ প্রতিজ্ঞায় দীক্ষিত হইয়াছিল, তথনই বা তরবারি কোথায় ছিল গু বিশ্বাস-বলে মুসলমান ধর্ম প্রচারিত হইয়াছে,—বিশ্বাসবলে বলীয়ান হইয়াই মুসলমানগণ অনস্তঃশক্র-সাগরে সন্তরণ দিয়াছে।" (উক্ত পুস্তকের ১১৯ পৃষ্ঠা)

বিলাতের বিজ্ঞবর দার্শনিক স্থনামধন্ত কারলাইল সাহেবও একই মত প্রকাশ করিয়াছেন, তিনি বলিয়াছেন,—"(আরবদিগের বিরুদ্ধে অস্ত্র-ধারণ না করিয়া) বরং কেবল ধৈর্য্য, সহিষ্ণুতা, যুক্তিপূর্ণ-প্রমাণ, নির্ম্মল দেব-চরিত্র, অলৌকিক ঘটনাবলী এবং সর্কোপরি জলন্ত ঈশ্বর ভক্তির অটল প্রমাণ প্রদর্শন করিয়া আরববাসিদিগকে আপনার মতাবলম্বী করিয়াছিলেন, সন্দেহ নাই।"†

ইহা ব্যতীত কারলাইল্ সাহেব আরও এক কথা বলিয়াছেন, তাহা তাহার নিজের ভাষায় প্রকাশেরই যোগ্য,—নচেৎ মূলের ভাষাগত তেজস্বিতা রক্ষা হইবার নয়।—

"Is it not as if a spark had fallen; one spark on a world of what seemed black un-noticeable sand; but lo, the sand proves explosive powder, (that) blazes heaven high from Delhi to Granada!"

শেথ আবদর্ রহিম কৃত ইহার মর্দ্মানুবাদ এইরূপ;—

"ইন্লাম অন্ধকারে জন্ম গ্রহণ করিয়া আলোকছারা চতুর্দিক স্থাণোভিত করিয়াছিল; আরবদেশ ইহার প্রভাবে জীবন প্রাপ্ত হইয়াছে। অজ্ঞানান্ধকারাচ্চর আরবদেশে ইন্লাম জন্মগ্রহণ করিয়া (এক শতান্দীর মধ্যে) পশ্চিমে গ্রাণাডা হইতে পূর্ব্বে দিল্লীর রাজিসিংহাদন পর্যান্ত সমুদ্র স্থানে সত্যের আলোক প্রজ্জ্জিলিত করিয়াছিল।"

মুসলমান ধর্ম প্রচার সম্বন্ধে আমরা ইহার অধিক এখানে আর কিছু বলিতে চাহি না। তবে ধর্মপ্রবর্ত্তক মহাপুরুষের সামাক্ত কিছু চরিত্র প্রসক্ষ করিয়াই এই পরিচ্ছেদের উপসংহারের বাসনা রাখি। অনেক ইউরোপীয় খ্রীষ্টিয়ান পণ্ডিত এই মহাপুরুষের চরিত্রকে অতি জখনা করিয়া ঢাক ঢোল খোল করতাল সহকারে পৃথিবীর একপ্রান্ত হইতে অপর প্রান্ত অবধি ধন্য ধন্য শোহরত করিয়া:দিয়াছেন! তাঁহাদেরই দিগ্রিজ্মী ঢি ঢি ঢকা রবে,

খোন্দকার গোলাম আহম্মদ কৃত 'ইস্লামের প্রভাব ও ধর্মনীতি' ১১ পৃষ্ঠা।

হজরত মহন্দ্রদ (দঃ), যিনি জ্ঞানীর অধিক জ্ঞানী, সাধকের অধিক সাধক, পবিত্রতায় দেবতারও উপর এবং নিতান্ত আদর্শ চরিত্রবাদ, দয়ালু, ক্ষমাশীল, সহিষ্ণুতার মুর্তিমান অবতার,সর্বভূতে সমদশী, বিনয়ীর শিরোমণি, জন্দর,—সমন্ত সংগুণ রাশির আশ্রয়, এরপ হইয়াও কিছুত্কিমাকার ক্ষপে নর-শোণিত-পিপাম্ব রাক্ষদের স্থায় কীর্ত্তিত হইয়াছেন। সেই শোহরত জগৎ ব্যাপিয়া.—গুদ্ধ ইউরোপে নয়, এসিয়ায় নয়,—চীন হইতে পেরু.—টিউনিস হইতে উত্তমাশা অন্তরীপ পর্যান্ত, পৃথিবীর সমস্ত দৈর্ঘ্য বিস্তার জড়িয়া সেই ঢি ঢি ধুম !!— খ্রীষ্টানদিগের কীর্ত্তিকথা কত বলিয়া (শব করা যায় ? এইরূপ এদলাম প্রবর্তক মহাপুরুষের কুকীত্তি-রটনা, মুদ্রনমান মাত্রের হৃদয়ে কিরূপ শেল বাজে, তাহা সমস্ত সম্প্রদায়েরই ভক্ত মাত্র সহজে অনুমান করিতে পারেন। কিন্তু এথানে স্থায়ানুরোধে একথা বলা আবশুক যে, প্রত্যেক খ্রীষ্টান ঐতিহাদিক, ধর্মমাজক, কি বিলাতি পণ্ডিত এক ক্ষুরে মাথা-মোড়া নহেন। তাঁহাদের মধ্যে পোড়। মুদ্রমান জাতির প্রিয় স্থল্ডৎ দত্যানুর্জ, মহাপুরুষ ভক্ত, নিরপেক্ষ গুণ-গ্রাহী লেখকও বিস্তর আছেন। তাঁহাদের মধ্যে আমরা কয়েকজন মাত্র মহাত্রভব দদাশম ব্যক্তির কথা আলোচনা করিতে পূর্ব্বে স্থযোগও পাইয়াছি। তবে ধর্ম-গোষ্পাদের সফরী তুল্য সত্য-ভীক্ষ,সংসার-গুরু-কার্ত্তি-প্রবাসা, জ্ঞান-বিজ্ঞানাকাশ-শোভী-শার্দ-পৌণমাসীশশী, আন্তব জ্ঞানী, অজগর ধনুর্ধারীর সংখ্যাই অনেক অধিক। কচিৎ হুই একটী নিতান্ত ভালমানুষ গোছের লোক,দৈবাধীন কোন পংক্তিতে দৃষ্ট হয় মাত। পাঠকগণ ইহাও সারণ রাখিবেন, মুসলমান সম্প্রদায় খ্রীষ্টানের ঘীত (হজরত ইসা আলায় হেচ্ছালাম) মেরিয়ম পুত্রকে কথনই অস্মান করেন না। বরং অতি ভক্তি শ্রদার সহিত তাঁহার নাম কীর্ত্তন করিয়া থাকেন। এমন কি. কোন কোন জপ-সাধন মন্ত্রে (দোয়া কালামে) তাঁহারা হন্দরত ইসার নাম পবিত্র ভাবে উচ্চারণ করিয়া থাকেন। হন্ধরত মহম্মদ (দঃ) তাঁহার ধর্মমতাবলঘীদিগের সেইরপ্র শিক্ষা দিয়াছেন। তিনি ক্থনও কোন কুশিক্ষার অপরাধে অপরাধী নহেন। তাঁহার ধর্ম্মত, নিতান্ত কুসংস্কারবর্জিত উদার। তিনি তাঁহার শিষামণ্ডলীকে পূর্ব্ববর্ত্তী ধর্মপ্রচারকগণকে সমন্মানে ভক্তির চক্ষে দেখিতে বারংবার আদেশ করিয়া গিয়াছেন। তাঁহার ধর্মপ্রচারের উদ্দেশ্য, সম্প্রদায়ে সম্প্রদায়ে বিবাদ বাঁধান নয়, বরং সম্প্রীতি স্থাপন, সৌহার্দ্ন বর্দ্ধনই তাঁহার একমাত্র ধর্মজীবনের ব্রত। এমন কি, তিনি মুদলমানদিগের প্রতি গ্রীষ্টমতাবল্থিনী স্ত্রীলোক গ্রহণের ব্যবস্থ করিয়াছেন। উক্ত ধর্মমতে থাকিতেও পীটান-রমণীর পাণিগ্রহণে মুসলমানের কোন বাধা নাই। কিন্তু তবও কেন গ্রীষ্টান লেখকগণ তাঁহার উপর এরূপ থড়্গাহস্ত, তাহার গোঁরৰ থকা করিতে ব্যতিব্যস্ত, এদলাম জ্যোতিঃর অন্তপ্রয়াদী, একথা আমরা ভারতবাদী অল্লবন্ধি মুসলমান-জাতি কিছুতেই ধারণা করিতে পারি না। আমাদের বদ্ধি-শক্তি তত প্রবল নয়।

যাহা হউক, শেখ আন্দর রহিম কৃত "হঙ্করত মহম্মদের জীবনচরিত" গ্রন্থাবলম্বনে আমরা উক্ত মহাপুক্ষের চরিত্র প্রদক্ষ করিব। এই গ্রন্থে যাহা আছে, তাহা মৌলিক, সমসাময়িক মুসলমান ঐতিহাসিকগণের মতবাদের সারসংগ্রহমাত্র। উক্ত পুস্তকের তৎপ্রসঙ্গাংশ এইরূপ;—

"তিনি অতিশয় নম ছিলেন এবং গৃহের কার্য্যাদি প্রায় স্বহস্তে সম্পন্ন করিতেন, এমন কি. সময়ে সময়ে মেষরক্ষকের কার্য্যাদি করিতেন। যদিও জাহার বদনমণ্ডলে মনোমুগ্ধকর হাস্য চিরবিরাজিত থাকিত, তথাপি তাহাকে সদাসর্কদা প্রায়ই গড়ীর ও ধীরপ্রক্কতিবিশিষ্ট বলিয়া বোধ ছইত। বক্তৃত্যকালে তাঁহার বাক্যাবলী দলীতের ন্যায় স্থমধুর বলিগা বোধ হইত। তিনি তাঁথার পরিবারস্ত লোকদিগকে অতিশয় স্নেহ ক্রিতেন। তিনি ছোট ছোট বালক বালিকাদিগকে বড ভাল বাসিতেন, পথে ছোট ছোট বালক বালিকাদিগকে যাইতে দেখিলে আদর না করিয়া ছাডিয়া দিতেন না। তিনি তাঁহার জীবনকালে কথন কাহাকেও আঘাত করেন নাই এবং কদাচ কুবাক্য উচ্চারণ করেন নাই। যদি কেহ কথন তাহাকে কাহাকেও শাপ দিওে বলিত, ভাহা হুইলে তিনি তাঁহাকে বলিতেন ''আমি ত শাপ দিবার জন্য জন্মগ্রহণ করি নাই, লোকের প্রতিও দয়াল ব্যবহার প্রদর্শন করিবার জন্য জন্মগ্রহণ করিয়াছি। তিনি সর্বাদা পীড়িত লোকদিগের তত্বাবধান লইতেন। তিনি ক্রীতদাদ দাদীদিগের গ্রহে ভোজন করিতে যাইতেন। নমুগা, দ্যালুতা, ধৈর্যা, আমুত্যাগা, মহামু-ভবতা প্রভৃতি সদ্পুণে তাহার চরিতা গঠিত হইয়াছিল। তিনি সকলকে সমভাবে মেহ করিতেন এবং দরিদ লোকদিগকে সন্মান করিতেন ও ভাল বাসিতেন। তিনি তাঁহার প্রধান শক্রদিগের প্রতিও দয়ালু বাবহার দেখাইয়া গিয়াছেন: তাঁচার ভূতা আনাদ বলিয়াছেন, "আমি হজরতের নিকট বালাকাল হটতে কার্যা করিতে আরম্ভ করি, তাঁহার মতা দিন প্র্যান্ত উক্ত কার্য্যে নিযুক্ত ছিলাম, কিন্তু যদিও আমি সময়ে সন্ত্রে তাঁহার কোন ক্ষতি করিতাম, তথাপি তিনি কথনও আমাকে কোন বিষয়ের জন্য তিরস্থার করেন নাই।"

"তিনি পরিনিতাহারী ছিলেন এবং সামান্য রূপ আহারীয় দ্রব্যাদি ভোজন করিতেন। তিনি কখন আড়ম্বর্ফু বস্ত্রাদি পরিধান করিতেন না এবং কখনও কাহার সহিত পরিচ্ছেদে কোনরূপ প্রভেদ দেখাইতেন না, সার যে বস্ত্র পরিধান করিতেন, তাহাতে প্রায়ই তালি দেওয়

শাবেতের পুত্র ওমর বলিয়াছেন, হজরত মহম্মদ (দ:) মৃত্যুকালে এক কপর্দকও রাখিয়া যান নাই, কিম্বা তাঁহার দাস দাসী ও অন্তান্ত গৃহ দ্রব্যাদি কিছুই ছিল না; 'কেবল বাসস্থানের ভূমিথণ্ডটি মাত্র অবশিষ্ট ছিল'।

"একজন ইতিবৃত্ত লেগক বলেন, পেরমেশ্বর তাঁহার পৃথিবীরূপ ধনা-গারের ঐশ্ব্যাদি লইবার জনা হজরত মহম্মদকে (দঃ) তাহার কুঞ্চিক্য প্রদান করিয়াছিলেন, কিন্তু তিনি তাহা গ্রহণ করিতে স্বীকৃত হন নাই ।

িতিনি পার্থিব সমুদায় বস্তুকে অকিঞ্চিৎকর ও নখর বলিয়া জানিতেন।" (উক্ত পুসকের ৩৩৭—৩৩৮—৩৩৯ পৃষ্ঠা)

হজরত মহম্মদের ধর্ম প্রচারফলে আরবের ধর্মজগতের কিরূপ উর্লিজ হইয়াছিল, সে সথন্ধে উক্ত পুস্থকে এইরূপ লিখিত আছে :—

"যে দেশে প্রতিমূর্ত্তি ও প্রস্তরাদির-পূজা বদ্ধমূল হইয়াছিল ও সত্য স্থরূপ প্রমেশ্বরের উপাসনা দেখানকার অধিবাসিদিগের অন্তরে স্বপ্রেও উদয় হইত না; যে দেশে কুসংস্কার, ইন্দ্রিয়-স্থ্য-সন্ডোগ-প্রদ্ন আচার ব্যবহার ও পাপজনক কার্য্যাদি পূণ্য কার্য্য বিদিয়া বিবেচিত হইত, যে দেশে পবিত্ত ধর্ম্ম জীবনের স্থাকলগুলি অজ্ঞাত ছিল; যে দেশে গৃহ বিবাদ ও বিভিন্ন সম্প্রদায়ের লোকসমূহ ঈর্মা স্বত্তে আবদ্ধ ছিল; সেই দেশে হজরত মহম্মদ (দঃ) জন্ম গ্রহণ করিয়া তথাকার অধিবাসিদিগের স্বাস্তর হইতে পৌত্রিকতা প্রভৃতি পাশজনক কার্য্যাদির মূলাংপাদন

পূর্ব্বক তাহাদিগকে একতা-হুত্রে আবদ্ধ করেন ও তাগদের অস্তর মধ্যে সতা ও ন্যায়পরায়ণতা প্রভৃতির বীজ রোপণ করিয়া তাঁহাদিগকে একেশরোপসনায় নিযুক্ত করেন। * * * * * ৷ যথন তিনি প্রথমে সতা প্রচারে আদি**ই** হন, তথন পৌত্তলিকগণ দ্বারা নানা কষ্টে পাতিত হইয়াছিলেন এবং তাঁহার শিষ্যগণ দর্বস্থান্ত হইরা অবশেষে বিদেশে পশায়ন করিয়া রক্ষা পান। কিন্তু সত্যের পথ রোধ করিবার কাহারও সাধ্য নাই। তিনি যতই বিধর্মিদিগের নিকট স্বর্গীয় আদেশ প্রচার করিতে লাগিলেন, ততই তাহাদের অন্তর মণ্যে সত্য, তায় ও স্থনীতির উদয় হইতে লাগিল, তথন ভাহারা দলেদলে ঐশ্বরিক ধর্ম্মে দীক্ষিত হইতে লাগিল * * * হিজরির ১৩ বৎসর পরে যথন একশত পুরুষ ও স্ত্রীলোক মহামূল্য ধর্মের জন্ত বিপক্ষাণ কত্তক এদেশ হইতে বিতাড়িত হইয়া আবিসিনিয়ায় (আফ্রিকার অন্তর্গত) আশ্রয় গ্রহণ করিলেন, তথন তাঁহাদের অন্তর মধ্যে ধর্মের ভাব যে কিব্লপ প্রজ্ঞলিত হইয়াছিল, তাহা তাঁহারা নাজাদী নিকট (তত্ততা সভাট) বাহা প্রকাশ করিয়া ছিলেন, পাঠকবর্গ তাহা সর্ব করিলে বুঝিতে পারিবেন। অবশেষে হজরত মহম্মদ (দঃ) স্বয়ংই সর্বাপেকা পবিত্র ও প্রিয়তম জন্মভূমি ত্যাগ করিয়া এমন এক স্থানে আশ্রয় গ্রহণ করেন, যে স্থানে বহু শতাব্দী পর্যান্ত ইহুদী ধর্ম কোন রূপে শীয় কার্য্য সম্পন্ন করিতে সক্ষম হয় নাই। সেই মদিনায় তিনি হুই এক বৎসরের মধ্যে সমুদয় লোককে ইস্লামধর্ম্মে দীক্ষিত করিয়া তাহাদের অস্তর মধ্যে ভ্রাতৃভাব সংস্থাপন করেন * * * (এক কালে) আরবের অধিবাসীগণ কন্তা বধ, ভ্রান্তবিশাস ও নির্দরতা প্রভৃতি পাপপক্ষে নিমগ্র ছিল। হব্দরত মহম্মদের (দঃ) আবির্ভাব হইবান্ধ অচিরকাল পরে ইহার কতদ্ব পরিবর্ত্তন হইয়াছিল, তাহা লেখনী দারায ব্যক্ত করা যায় না। তথন আরব দেশ দেখিলে বোধ ২টত যেন, স্বগীয় দৃত এই দেশের উপর দিয়া গমন করিয়াছেন এবং ছুরাত্মা ও কুসংস্থারাচ্ছয় লোকদিগের অন্তরে ক্ষেহ ও ভ্রাতৃভাব রোপণ করিয়া দিয়া গিয়াছেন। * ৷ হজরত মহমাদ (দঃ) মানবগণের মধ্যে একেশ্বরবাদের যে বিজয়-পতাকা উড্ডান করিয়া গিয়াছেন, সেই বিজয়-পতাকা পূর্কে জাপান রাজ্য হইতে পশ্চিমে আটলাণ্টিক মহাসাগরের পরপার পর্যান্ত* তাবংভভাগস্থিত প্রায় প্রত্যেক জনপদে উড্ডীন হইতেছে।" (উক্ত-পুস্থকের ৩০৯ – ৪০ – ৪১ – ৪২ পুঃ) এইখানে আর একটি কথাও বলা বিশেষ প্রায়োজন মনে করি। গ্রীষ্টান ধর্ম প্রচার জন্য বেতনভোগী পাদরী, ধম্মযাজক ও অন্যান্য বক্তা নিযক্ত আছেন। খ্রীষ্টান ধর্ম্মের তাহা প্রচারপক্ষে প্রধান অঙ্গ-স্বরূপ। কিন্তু এদলাম প্রচারের জন্ম সে জাতীয় কোন অমুষ্ঠান কোন কালেই নাই। কিন্তু স্থৰের বিষয়, সে সব কিছু নাগাকা সত্ত্বেও আদি হইতে একালপর্য্যস্ত এদলাম আপন প্রভাবে আপনা হইতে শনৈ: শনৈ: বিধন্মীর অন্তঃকরণে আধিপতা বিস্তার করিতে আছে,—ধর্ম-বিস্তারের কোন রাজামুষ্ঠান, কি অন্য ব্যবস্থা না থাকিলেও আপন ইচ্ছায় কত কত বিধৰ্মী, ধৰ্ম মাহাল্মো মুশ্র হইয়া মাত্র,—অন্ত কোন প্রলোভনের বলে নয়,—প্রাণের টানে. নিতাত্ত পবিত্রতার প্রভাবে, এদলাম ধর্ম আলিঙ্গন করিয়া তাপিত প্রাণে:

* সম্প্রতি জাপান রাজ্যেও মুসলমান ধর্মের বিস্তার অল্পে অল্পে হইতেছে। চীন সামার্কার হহকাল হইতে অনেক মুসলমান অধিবাসীর বাস। আমেরিকার প্রসিদ্ধ (Alexander Russel Webb) আলেকজাণ্ডার রাসেল ওয়েব একজন এস্লাম প্রচারক। তিনি পূর্বের খ্রীপ্রান ছিলেন, পরে মুসলমান ধর্মে সেছার দীক্ষিত হন। শীতল হইতেছেন ! ইহা কি এদ্লামের পক্ষে গৌরবের পরিচয় নয় ?

যাহাহউক, আমরা এদলাম প্রবর্ত্তক মহাপুরুষের তপোনিষ্ঠা, জপ তপ, ভজন যোগ সাধন সম্বন্ধে এ যাবৎ কিছুই বলি নাই। তিনি কিরূপ একজন যোগী, অধ্যাত্ম-তত্তদশী ছিলেন, তাহা এই পুস্তকের সঙ্কীর্ণগণ্ডীতে আলোচনার যোগ্য নয় কিম্বা দে সম্বন্ধে এমন কোন ৰাঙ্গালা পুস্তকও নাই. যে পাঠকবর্গকে তাহার বরাত ভার দিয়া সম্ভষ্ট থাকিব। হিন্দু মুসল্মান ধর্মের সাধন, ভজন প্রভৃতি অধ্যাত্ম-দর্শন বড়ই গোপনের বিষয়। তাহা জ্ঞুৰুমুখী বিভার অন্তর্গত। যদিও দেরপ ছই একথানি গ্রন্থ থাকিতে পারে, তাহা বঙ্গভাষায় নয়. পার্শী, আরবী ভাষায় লিখিত। স্থতরাং যে সকল পুস্তক হিন্দু পাঠকগণের অগম্য। তবে অক্সান্ত মোদ্রেম ঋষি-দিগের ধর্ম-জীবন-বুত্তান্ত হইতে উক্ত মহাপুরুষের তৎসংক্রান্ত আভাব মাত্র গ্রহণ করা যাইতে পারে। কেননা ধর্মতত্ত্বে অধ্যাত্ম বিজ্ঞানে সে সমস্ত ঋষিগণ, উক্ত মহাপুরুষের পাছকা স্পর্শেরও যোগ্য নন। তিনি र्याजीत त्याजी, अधित अधि, मूनित मृनि, नाधरकत नाधक, जांशत मरक অক্ত কাহারও তুলনা করা যাইতে পারে না। সে সংকল্পমাত ও পাপ-জনক। যাহা হউক, নিতান্ত গৌভাগ্য ক্রমে. একজন নববিধানাশ্রিত ব্রাহ্ম-সজ্জন পারস্য-শ্ববি-চরিত "তাব্বকিরাতল আউলিয়া"র উৎকৃষ্ট বঙ্গামুবাদ প্রকাশ করিয়াছেন । মূলের সহিত সামঞ্জস্য রাখিয়া উক্ত পুস্তকের নাম 'তাপস-মালা ' হইরাছে। পুস্তকথানি অভি উপাদের, সে বিষয়ে সন্দেহ নাই। অনুবাদক মহোদয় উক্ত পুস্তকের ভূমিকার এক স্থানে যাহা নিধিয়াছেন, তাহা উল্লেখযোগ্য। মোসুেম যোগী ঋষি- গণের ধর্ম জীবন-প্রভাব-সম্বন্ধে তাহা অল্ল কথায়, স্থান্দর ভাষায় অতি উৎক্রষ্ট অভিমত ও প্রশংদাবাদ। সেস্থান এইরূপ ;—

শ্বাহা স্থগাঁর তাহাই অলোকিক,—মুসলমান শ্বাহিনিগের অলোকিকতা প্রচুর ছিল। সেই অলোকিকতার জন্য তাঁহারা জগৎ-পূজ্য হইরাছেন। তাঁহাদের তপোনিষ্ঠা, ত্যাগ-স্বীকার, বৈরাগ্য, ভক্তি, প্রেম-মন্ততা ও আধ্যাত্মিকতা অসামান্য ও অলোকিক ছিল। সেই সকল পরমভক্ত বৈরাগী পুরুষ, মুসলমান সম্প্রদায়ের পরম রত্ন এবং সমুদ্য লোকের ভক্তি-ভাজন। ই হাদের পবিত্র জাবনের আলোচনার মহাপুণ্য। আমি তৎপাঠে বিশেষ উপক্রত ও তাঁহাদের জীবনের সোলর্য্যে মোহিত হইরাছি। তাঁহারা যে সকল সত্য রত্ন রাখিয়া গিয়াছেন, তজ্জন্য পৃথিবী চিরকাল তাঁহাদিগের প্রতি ক্রত্তর থাকিবে। উক্ত মহর্বিদিগের জাবনালেথ্য বঙ্গভাষার অমুন্রাদিত হইলে, তাঁহাদেব স্বগাঁর চরিত্রের সালোক এদেশার লোকের চরিত্রে সংক্রামিত হইরা ঈশ্বরভক্তি ও সাধুভক্তির কুসুম প্রেক্টুটিত করিবে এবং মুসলমান জ্বাতি সহন্ধে বন্ধমূল কুসংস্কার লোকের অন্তর হইরাছি।"

ফল কথা, যাঁহারা মোসুেম ঋষিদিগের অলোকিকতা, প্রেমোন্মাদ, চরম-বৈরাগ্য, পরম পবিত্রতার বিষয় জানিতে ইচ্ছা করেন, তাঁহারা "তাপস-মালা" গ্রন্থথানি পাঠ করিয়া দেখিবেন। তাহাতে পরিশ্রম সফল হইয়া সংসার-মরুময় মানব-জীবনে অল্লে অল্লে পবিত্রতা-ফল্ক-স্রোত প্রবাহিত হইবে এবং জীবনের অনির্ব্জনীয় পরিবর্ত্তন ঘটিয়া সংসার-মরুভূমিতে শান্তির নন্দন-কানন বিরাজিত হইবে! সত্যমিথ্যা একবার পরীকা করিয়া দেখিতে পাঠকমাত্রকেই অন্থুরোধ করি। এই "তাপস-মালা" গ্রন্থোলিখিত কোন কোন মহর্ষির অধ্যাত্ম-তত্ত্বকথা, অশ্বিনী বাবু ক্বন্ত প্রসিদ্ধ "ভজি-যোগ" প্রন্থে স্থান পাইয়াছে। মহর্ষি বায়জিদ বোস্তামের কোন কোন তরোপদেশের উদ্ধার তাহাতে আছে, এমনই স্মরণ হয়। উক্ত প্রস্থে যে সমস্ত উক্তিবাদ আছে, অধ্যাত্ম জগতে লৌকিক জ্ঞানের সীমায় সেরপ উক্তি সভব কিনা, সদয়ে আপাততঃ সেইরপই সন্দেহ সঞ্চার হয়। বাস্থানিকই এমন অলো, কক তর্মত্ররাজি তাহার অক্ষরে অক্ষরে, পণ্ডিতে পংক্তিতে, মাত্রায় মাত্রায়, ছত্রে ছত্রে, পত্রে পত্রে এখানে সেখানে প্রথিত রহিয়াছে,—সে সকলের স্থগীর চমক স্যোতিঃতে অস্তঃকরণ যেন বিজ্ঞলী চকিত-প্রভার স্থান উদ্ধানিত হইয়া পড়ে !—মোহান্ধকার হঠাৎ হৃদর রাজ্য হইতে অপ্যত্ন হইয়া তাহাতে স্বগীয় জ্যোতিঃ ধারা চকিতে বিকার্ণ হয়.—সে এক আশ্চর্য ভাব আর কি!!

সেরণ উক্তি, তবোপদেশ, গভার জ্ঞান-বিকাশ-ছটা, যদি আর কিছুতে দেথিয়া থাকি, তবে মনে হয়, তাহা "গীতা'র অমুবাদ ভিন্ন আন্ কোথায়ও দেখি নাই। হায়! দে কি তত্ত্ব্যজ্যেরই বিক্সিত কুসুমোছান।—সে উন্থানের কমনীয়তা, দুলের সৌকুমার্য্য, দুলের হাসি, পত্র মঞ্চরীর রাশি, সৌরভের দিক্ দিগন্ত প্রসারা উচ্ছাস,—অন্য কোথায়ও তুলনার যোগ্য কি ? পাঠক তাহা নিজেই বিবেচনা করিয়া দেখিবেন। আমাদের সে সহত্ত্বে নিজে জয় ঢাক বাজাইবার প্রয়োজন নাই। সত্য কোন দিন গোপনে থাকে না, তাহা আপন প্রভাবে কোনানা কোন দিন আত্মপ্রকাশ করিবেই করিবে। ধর্মের জয় সর্ব্বত্ত,—ধর্মের ঢাকে কাট না পড়িলেও আপনা আপনি বাজে। সাসকের জীবন প্রভাব চিরস্থায়ী,—সাধকের অমর আ্মা দেহ বিভিন্ন হইয়াও যেন মুক্ত অবস্থায় প্রত্যেক স্থানে বিচরণ করে, তাহার শক্তির বিলাদ স্থান, জীবিত মানব হৃদয়! গু

মোটের উপর, "তাপদ-মালা"—উল্লিখিত সাধু, মহাপুরুষ, তপোনিঞ্চ-মহর্ষিদিগের যোগ-দাধন, ভজন, যাজন, তত্ত্বোপদেশের বিষয় পাঠ করিলে, নিতাস্তই এক পবিত্র রাজ্যে গিয়া পড়িতে হয়, বোধ হয় যেন অসার সংসারবন্ধন হইতে মুক্ত হইরা আয়া, প্রমোদ-বিহারে মানদ-পক্ষভর করিয়া কোন পবিত্রতম কর্মা-রাজ্যে উডিয়া গিয়া অনস্থ-সৌলর্য্যের কণা বিলাদে প্রমত্ত, বিভোর হইয়াছে! সে বিষয়ে আমাদের এখানে অধিক আর বলিবার স্থ্যোগ নাই।

যাহা হউক, আমরা মুসলমান ধর্ম গ্রন্থ 'কোরাণ' সম্বন্ধে গুটিকতক কথা বলিয়াই নিরক্ত হইব। কোরাণ সম্বন্ধে অস্ত ধর্মীর কিরূপ মতামত তাহা এথানে উদ্বৃত করা আমরা উপযুক্ত মনে করি। এসম্বন্ধে বিজ্ঞবর, মহামহোপাধ্যায়, সর্ব্ব-শাস্ত্র-সর্ব্ব-বিদ্যা-পারদর্শী শ্রীল শ্রীযুক্ত গোপাল চল্র শাস্ত্রী এম্, এ, ডি, এস্ সি মহোদয়ের মন্তব্য এইরূপ;— "আরবী ভাষায় সর্ব্বাপেকা মহামূল্য গ্রন্থ আল্ কোরাণ বা কোরাণ শরিফ, অন্ত নাম কোরকান বা মোছাহেব। ইহা পড়িবার, পড়াইবার, শিথিবার, ও শিথাইবার গ্রন্থ বটে! আমি নিজে হিন্দু, কিন্তু হিন্দু হইয়াও এ গ্রন্থের প্রশংসা; করিতে পারি। কোরাণ এক মহামূল্য রত্ম । এই রত্ম যে না দেথিয়াছে, ধন্মজগতে তাহার এখনও সম্পূর্ণ প্রাক্রণাধিকার হয় নাই। যাহারা কোরাণকে বদমাইসের কল্পিভ উপস্তাস " * বলে, তাহারা রক্তকবাহকের সহিত সথাতা করিতে

<sup>পাঠক অবশ্যই এ মধুর আংগা, খ্রীষ্টান পণ্ডিত কলিত বলিল। জানিবেন।
তাহা না হইলে, ধর্মের নামে হেলা ফেলা তাচ্ছিল্য ছিনি মিনি থেলা অমন অংর
কোন ব।তি করিতে পারেন ?</sup>

পারে; ধর্মান্থসন্ধিৎস্থ বা সাহিত্য-প্রিয় ভদ্র লোকের সহিত তাহাদের সমস্থ না থাকাই ভাল। কোরাণের সমগ্র জংশ কঠিন কঠোর আরব্য ভাষায় লিখিত। ভাবের বেশ তরঙ্গ আছে, ভাষার বেশ উচ্ছাস আছে, পাণ্ডিভারে চটা খুব দেখা যায়, ব্যাকরণের বাঁধুনি খুব মজবৃত এবং শক্ষবিভাসের চাতুর্য্য ও অলঙ্কারের সংযোজনা বড়ই স্থানর, বড়ই কোতুহণ্যময়। সমূদ্য কোরাণ-সাগরে এক অপূর্ব্ব বীরত্ম-বাঞ্জক তেজের লহরী ছুটিতেছে, সেই তেজে এখনও যবন জাতি বাঁচিয়া আছে। অভ্যাদিকে ধর্মের শান্তিময় ভাবও ধীরে ধীরে দেখা দিতেছে,—এই দৃশ্য বড়ই মনোহর! ইহা বেদে নাই, বাইবেদে নাই।"

শেথ আকর্ রহিম সাহেবের রচিত 'হজরত মহম্মদের জীবন চরিত ' গ্রন্থের পরিশিষ্টে 'কোরাণ' সম্বন্ধে একটা স্থান্য অধ্যায় আছে। তাহাতে তৎসম্বন্ধে অবশ্য জ্ঞাতব্য যাহা কিছু প্রায়ই সন্ধান করিলে পাওয়া যায়। যিনি ইচ্ছা করেন,পাঠ করিয়া দেখিতে পারেন। তাহার এক স্থানে লিখিত আছে—

"ইহাতে (কোরাণে) মানবকে প্রকৃত মানব হইবার পথ দেখান হইয়াছে। ইহার শিক্ষা—মানুষমাত্রই সকল বিষয়ে সমান অধিকারী, স্থারপরায়ণতার সহিত প্রত্যেকেই নিজ নিজ অংশ গ্রহণের উপযুক্ত, ঈশ্বরের দান হইতে মানুষ কেন বঞ্চিত থাকিবে? পার্থিব সমুদয় বিষয় ধর্মপরায়ণ লোকদিগের আয়ভাধীন। এই পুস্তকের ভাষা আরবী। ইহার ভাষা এরূপ উৎকৃষ্ট ও স্থুমিষ্ট যে, অভাবধি কেছ এরূপ স্থুমিষ্ট ভাষায় একটিও কথা শিথিতে পারেন নাই। এইরূপ শেখা মনুষোর সম্পূর্ণ সাধ্যাতীত। হজরত মহম্মদের (দঃ) সমকালে যে সকল ব্যক্তি আরবী সাহিত্যে সম্পূর্ণ ব্যুৎপদ্ম ছিলেন, ভাঁহারা ইহার ভাষার শালিতা ও মাধুর্যা দর্শন করিয়া ইহাকে মনুষোর সাধ্যাতীত লেখা বলিয়া স্বীকার করিয়া পবিত্র ইসলাম ধর্মে দীক্ষিত হইয়াছিলেন। যাহারা ইসলাম ধর্ম গ্রহণ করে নাই, তাহারাও ইহাকে মনুষোর সাধ্যাতীত "ষাত্রর" লেখা বলিয়া স্বীকার করিয়াছে। * * * * * শ শ্রীস্দেশীয় লোকেরা কোরাণ শরিক অপেক্ষা ভাল পুস্তক প্রণয়ন করিতে চেষ্টা করিয়াছিল, কিন্তু যাহা পরমেশ্বের বাক্য, হজরত মহম্মদ (দঃ) উচ্চারণ করিয়াছিলেন, তাহা অপেক্ষা অত্যত্তম পুস্তক প্রণয়ন করা মানব-শক্তির সাধ্যাতীত।"

এই অংশের অন্তরে কোরাণের জগৎ সম্বনীয়, সমাজ সম্বনীয় উপকারিতা-প্রসক্তে উক্ত গ্রন্থকর্তা লিথিয়াছেন;—"প্রকৃতপক্ষে ধরিতে গেলে,
কোরাণ শরিফই দাতব্য চিকিৎসালয়, আত্রালয় ও বাতুলালয় স্থাপনের
আদি কারণ।" এই মহাত্মা গ্রন্থের অন্ত এক স্থানে ইহাও নির্দেশ
করিয়াছেন বে, কোরাণের শিক্ষাফলেই দাসত্ব প্রথার ভিরোধান ঘটনা
ঘটিবার সহায়তা হইয়াছে। ইহা ভিন্ন তিনি একজন বিজ্ঞ ইতিবেভার
কোরাণ সম্বনীয় মন্তব্য এরূপ লিপিব্দ্ধ করিয়াছেন।:—

"মোদলমানগণ ইউরোপ মহাদেশে গমন করিয়া কোরাণ শরিকের সাহায়ে তথার দয়ালুতার বিমলজ্যোতিঃ বিকীর্ণ করেন, ইহারই সাহায়ে তাঁহারা কেবল চতুর্দিক্ বিক্ষিপ্ত কুদংস্কাররূপ অরুকারের মধ্যে জ্ঞান ও সভ্যতার জ্যোতিঃ প্রজ্ঞলিত করেন এবং স্থদূর পশ্চিম হইতে পূর্বর পর্যান্ত তাবৎ ভূভাগন্ত অধিবাসীদিগকে দর্শনশান্ত, চিকিৎসা শাস্ত্র, জ্যোতিষ শাস্ত্র ও সঙ্গীত শাস্ত্র প্রভৃতি শিক্ষা দেন এবং ভাদমান বিজ্ঞানশাস্ত্রকে স্থানুরূপে স্থাপন করেন।"

ইউরোপে গ্রীষ্টধর্ম সংস্থারকদিগের মধ্যে মার্টিন লুথার সমধিক প্রাসিদ্ধ। ইনিই পিউরিটান্ মতবাদের প্রবর্ত্তক, তাঁহার সেই ইউরোপ বিপ্লবকারা মতবাদের মূল কারণ কোরাণের উচ্চশিক্ষা। এ কারণ তাহার শক্রপক্ষ তাহাকে ভিতরে ভিতরে মুসলমান বলিয়া বছ নিন্দাবাদ, বিদ্রেপ উপহাস করিতে ছাড়েন নাই। কিন্তু সত্যের জয় চিরকাল। সত্যের শক্তির নিকট অন্তশক্তি অতি তুচ্চ, পরিণামে তাহারই প্রতিষ্ঠালাভ ঘটে। যাহা ইউক, কোরাণের শিক্ষার ফল, মনুষ্য সমাজের উপকারিতা, ধর্মাজগতের যুগান্তর প্রতিষ্ঠা প্রভৃতি সম্বন্ধে যাহারা সবিস্তার জ্ঞানিতে ইচ্ছা করেন, তাঁহারা উক্ত পুস্তক পাঠ করিয়া উদ্দীপ্ত কৌতুহলের নির্ভিত করিবেন।

কোরাণ যে দৈবগ্রন্থ, ইহা বহুবাদ, বিভর্ক, বিচার ও বিতপ্তার পর স্থিরীকৃত হইয়ছে। এ স্থিরীকরণ, হজরতের জীবদ্দশায়ই ঘটে। ইহা ভিন্ন এ গ্রন্থের যিনি প্রচারকর্ত্তা, তিনি নিজে কোনই লৌকিক শিক্ষা পান নাই। তাঁহার শৈশবের গ্র্দশার কথা পূর্কেই আলোচিত হইয়ছে। তিনি যদিও আরবের তৎকালীন আভিজ্ঞাতা, মর্য্যাদা গণনায় সর্ক শ্রেষ্ঠ বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন, তথাপি লৌকিক জ্ঞানশিক্ষা পক্ষেকোন কালেই জীবনে তাঁহার কোনরূপ স্থযোগ ঘটে নাই। তাঁহার যাহা কিছু জ্ঞানলাভ, প্রকৃতির বিশালগ্রন্থ পাঠেই সম্পন্ন হয়। তদতিরিক্ত যাহা, তাহা দৈব ক্রপারই ফলে, এ সিদ্ধান্ত ভিন্ন জন্ম বিশ্বাই অভিহিত হইতেন। নিরক্ষর, অশিক্ষিত ব্যক্তি দিগের আখ্যাই 'উন্মি'।

এরপ অবস্থায়, তাঁহার পক্ষে ওরপ জ্ঞান-গর্ভ, পাণ্ডিত্য-পূর্ণ ধর্মগ্রন্থের রচনা অসম্ভবেরও অধিক অসম্ভব। সে করনা শিক্ষিত ব্যক্তিমাত্ত ভ্রমেও মনে স্থান দিতে পারেন না। ইহা তিন্ন তাঁহার যে সমস্ত প্রথম ধর্ম জীবনের দঙ্গী, শিষ্য, অমূচরবর্গ ছিলেন, তাঁহারাও দেরপ কেহই ক্ত-বিদ্য পশুত ছিলেন না। তবে তাহার উৎপত্তি সম্ভাবনা আর কোথা হইতে? তাহা হইলে একমাত্র সিদ্ধান্ত, যাহা ছাড়া আর অন্ত কিছু সম্ভবে না,—'কোরাণ' দৈবপ্রস্থ,—ঈশরের বাণী। যদি এ গ্রন্থ অন্ত কোন পণ্ডিতের রচনা হইত, তাহা হইলে ত্রয়োদশ শতাব্দী অতীত হইয়া হিজ্বীর প্রায় চতুর্দশ শতাব্দীরও শেষ, এতদিন কি সে কথার সন্ধান হইত না? তাহা না হওয়াই নিতান্ত অসম্ভব।

ষাহা হউক, হজরত মহম্মদ (দঃ) আরবের পৌত্তলিকতার উচ্ছেদ সাধন করিয়া সনাতন একেশ্বরবাদ প্রতিষ্ঠিত করেন, ইহা সকলেই জ্ঞাত আছেন। এ কথায় অনেক হিন্দু মনে করিতে পারেন, তাঁহারাও ত পৌত্তলিক! ভবে কেমন হইল ? হিন্দুদিগের পৌত্তলিকতা ও পারবীয় পৌত্তলিকতায় অনেক পার্থকা অনুমান হয়। বঙ্কিমবাবুও অক্সান্ত হিন্দুধর্ম ব্যাখ্যাতাদিগের ব্যাখ্যা অনুসারে বোধ হয়, হিন্দুর পৌত্তলিকতায় আধ্যাত্মিকতার জীবস্তভাব আছে, কিন্তু আরবীয় পৌত্তলি-কতায় তেমন চৈতক্সভাবের নিতান্তই অভাব,—তাহা নির্ভিশয় নির্জীব, নীরস, অধ্যাত্য-ভত্তের সজীবতাশৃত্য। আমাদের শ্বরণ হয়, বক্ষিম বাবু 'ক্লফচরিত্র' ও অস্তান্ত প্রবন্ধে, 'অমুশীলন' তত্ত্বে দেবদেবীর মূর্ভি কল্পনা সম্বন্ধে এমন কিছু ভাব প্রকাশ করিয়াছেন যে, সে কেবল আধ্যাত্মিকতা প্রক্ষট করিবার জন্মই ধর্মজীবনের প্রথম সোপান। ধর্মের উচ্চন্তরে সেরপ কোন অনুষ্ঠানের কিছুই প্রয়োজন হয় না। সে কেবল ধর্ম-শিক্ষায় শিশুবোধের অমুগ্রানের মত। অক্সান্ত হিন্দু উচ্চসাধকদিগের ধ্যান ধারণা বোগদাধনের বিষয় যাহা গুনা যায়, তাহাতে যে হিলুধর্মের উচ্চাঙ্গে দেরপ মৃত্তি পূজার বিধি আছে, এরূপ বোধ হয় না। বঙ্কিমবাবু 'কুষ্ণ চরিত্রে'র একস্থানে লিথিয়াছেন, অনস্তের ধ্যান স্থপাধ্য করিবার জন্ম ভিন্ন ভিন্ন ব্ৰুড়শক্তিতে চৈত্ৰগ্ৰবিশিষ্ট অধিষ্ঠাতার কল্পনা এবং তদ্বোধক মৃত্তির অবতারণা। তিনি ইহাও বলিয়াছেন, অনস্ত বিরাট পুরুষের শক্তি অনন্ত, তাঁহাকে ধারণা করা সকলের সাধানয়। হইতে পারে, হিন্দু বৈদিক। ঋষিদিগের ধর্মতত্ত্ব কোন আধ্যাত্মিক নিগুঢ়ভাব নিহিত। আমর একেশ্বরাদী মুদলমান, আমরা ভাহা না ব্ঝিতেও পারি। কিন্তু আরববাসিদিগের তংকালের অবস্থা দেরূপ হিল না, তাহারা তথন ঘোর জড়োপাসক। এ অবস্থার আরবের নিজ্জীব পৌত্তলিকতার উচ্ছেদ না ঘটিলে, তাহা যে কিক্সপ চিরান্ধকারাচ্ছন্ন, পুতিগন্ধময় নরকে পরিণত হইড, অনুমানেরই বিষয়। নিশ্চয়ই তাহা হইলে আরবের অন্ধকার যুগের: ক্থনই অবসান হইত না,—যে অধ্যাত্ম জ্যোতির্ময় সুর্যা এক্বার্ ভূবিয়াছিল, সে ভূবিয়াছিলই আর তাহার পুনক্লয়ের কোনই আশা ছিল না, অজ্ঞান-মন্ধকার-কুহেলিকা অন্তরালে তাহা যে নিস্প্রভ মানমৃত্তি ধারণ করিয়া অদৃশু হইয়াছিল, তাহা দেইরূপই থাকিত। যে মন্ধার পবিত্র মন্দিরে এক কালে এক মাত্র পরমেশবের উপাসনা হইত, কালের গতিতে দেই মন্দিরে ৩৬· দেব দেবী মূর্ত্তি বিরাজ করিতেছিল। যাহা **২উক**, হিন্দ্দিগের মধ্যেও সাধারণ হিন্দুগণ যেরপভাবে দেব দেবীর মূর্ত্তি পূজা করে, তাহাতে আখ্যাত্মিক উদ্দেশ্য যে সেরূপ সফল হয়, তাহা বোধ হয় না। প্রকৃত মাধাায়িকতা, আবরণ আচ্ছাদনের অন্তরালেই গুপ্তভাবে থাকে (যদি থাকা সম্ভব হয়)। তত্ত্ত্তানহীন সাধকের পক্ষে তাহা ভীবস্ত-ভাবে ফুটিয়া উঠে না। এরূপ হলে রূপক, কি মৃত্তির আবরণে व्याधााश्चिक्ञाटक नुकारेम त्राथिम माधात्राम शतक मकारनम विधान

কিরপ যুক্তিদঙ্গত, আমরা আমাদের ক্ষুদ্রবৃদ্ধিতে তাহা বৃথিয়া উঠিতে গারিনা।

এরপ অজ্ঞান হিন্দু মূর্ত্তি পূজককে লক্ষ্য করিয়াই বোধ হয়, 'হুতোম · পেঁচার নক্সা' কর্ত্তা (মহাভারতামুবাদক মৃত কালীপ্রদন্ন সিংহ) উক্ত পুস্তকে নিথিয়া থাকিবেন;—

শহার! পৌত্তলিকতা কি শুভদিনেই এখানে (ভারতে) পদার্পণ করিয়াছিল—জ্যাতো দেখে শুনে মনে দ্বির জেনেও আমরা তাহা পরিত্যাগ কতে কত কই ও অস্থবিধা বোধ কচ্চি। ছেলে বেলায় যে, পুতুল নিয়ে থেলাঘর পেতেচি, বৌ বৌ থেলেছি ও ছেলে মেয়ের বে দিয়েছি, আবার বড় হয়ে দেই পুতুলকে পরমেশ্বর বলে পূজা কচ্চি।—তাঁর পদার্পণে পূলকিত হচ্চি ও তাঁর বিসর্জনে শোকের সীমা থাক্চেনা! শুধু আমরা কেন, কত কত-বিছ্য বাঙ্গালী, সংসারের সভ্য বাত্রাও জগদীপ্তরের সমস্ত তব জ্ঞাত থেকেও, হয়ত সমাজ, না হয় পরিবার পরিজনের অনুরোধে, পুতুল পূজে আমোদ প্রকাশ করেন, বিসর্জনের সময় কাঁদেন ও কাদা রক্ত মেথে কোলাকুলি করেন। কিন্তু নাত্তিকতায় নাম লিখিয়ে বনে বদে থাকাও ভাল, তবু 'জগদীশ্বর একমাত্র' এটা জেনে আবার পুতুল পূজায় আমোদ প্রকাশ করা উচিত নয়।"

'ছতোম প্যাচার নক্সা'র অনেক স্থান শ্লেষাত্মক, কিন্তু আমর। যতদ্র জানি, তাহাতে এ অংশ দেরপ নয়। মোটের উপর হিলু, জ্ঞানীমাত্রই পৌত্তলিকতা, মূর্ত্তি পূজার বিরুদ্ধবাদী ভিন্ন পক্ষপাতী নন। তাঁহার। মূথে অনেক সময়ে টিকি-নামাবলীধারী, অভিসম্পাত-প্রিয় নিতান্ত ব্রাহ্মণ ভট্টাচার্য্যদিগের ভয়ে বিরুদ্ধবাদ, কি প্রতিবাদ না করিলেও ভিতরে ভিতরে অন্তরে অন্তরে তাঁহারা উপরোক্তরণ পৌত্তলিকতার ঘোর

বিপক্ষ। অনেকেই তৎপ্রতি হত-শ্রদ্ধ, বীতরাগ, ভক্তিবিহীন।
হজরত মহম্মদ, বিনি একেশ্রবাদ ইস্লাম ধর্মের প্রবর্তক ও সংস্কারক,
তিনি কল্বিত, অপবিত্র, উক্ত জাতার পৌতলিকতার উচ্চেদসাধন করিরাই তৎপ্রলে একেশ্র-বাদ, প্রেমভক্তি-জীবস্তা, মধুর অনস্তের ধানেধারণাবছল, অতুল সনাতন ধর্মের প্রতিষ্ঠা করিয়া যান। তিনি যদি কোন
অপরাধে অপরাধী থাকেন, তবে সে অপরাধ এইরূপ। তাহা ভির
তাহার ধর্মে ও তিনি অতি পবিত্র, তৎবিষ্মে কোন সন্দেহ নাই। এইথানে আমরা এ পরিচ্ছেদের উপসংহার করিলাম। এতদ্ধিক আলোচনার আমাদের স্বযোগ আদৌ নাই। নিতাস্ত তঃথের সহিত্রই শেষ
ক্রিতে হুইল।

ठर्थ পরিচ্ছেদ।

হিন্দু মুসলমানের আচার ব্যবহার

8

(नभाठात ।

আমরা প্রদক্ষক্রমে হিন্দু মুসলমানের আচার ব্যবহার রীতিনীতি সহত্তে সামান্ত কিছু আলোচানা করিব। আমরা জানি, হিলুগণের মধো ব্রাহ্মণ-সম্প্রদায় খুব আচার-নিষ্ঠ। ইহাদের রীতিনীতি অতি স্থসভা জাভিরই স্থায় এবং ইহারা যথেষ্ট পরিষ্কার পরিচ্ছন্ন ও আচার-পুত। স্থান শৌচ. আর্জ্ব প্রভৃতি ইহাদের নিত্যক্রিয়ার মধ্যে গণ্য। ই হারা গাত্র, চন্দনাদি গন্ধ পদার্থ ছারা অমুলিপ্ত করেন এবং সর্বাদা পবিত্র অবন্থায় থাকিতে ভাল বাসেন। আচার, ধর্মের্ই অঙ্গ.—বিশেষত: তাহা হিন্দু মুসলমান ধর্মোর। শুদ্ধ উপাসনা করিলে চলিবে না. আচার শুদ্ধির প্রতিও দৃষ্টি রাখা চাই। অনেক এ দেশীয় নিতান্ত পাড়াগেয়ে ব্রাহ্মণ সজ্জনের ধারণা, মুসলমান জাতি যবন, স্লেচ্ছ, মুক্ত-কচ্ছ এবং তাহাদের আচার বাবহাব অতি জঘন্ত, এমন কি, তাহারা নিভাস্ত অগ্-রিচ্ছন,—কোনরূপ শুদ্ধাচারের ধার ধারে না। কিন্তু যাহারা বিশেষ করিয়া জানেন, সন্ধান রাখেন, ভদ্রবংশীয় মুসলমানের সংসর্গ করেন, তাঁহারা কথন সেরপ কথা মুখেও আনিবেন না। এদেশে মুসলনানের বাস যথেষ্ট বটে, কিন্তু ধন্ম-নিষ্ঠ আচার-পুত মুসলমানের সংখ্যা অতি কম। কচিৎ কোন গ্রামে সেরূপ উচ্চ বংশের লোক ছই একজন থাকিতে পারে, কিন্তু তাও সব গ্রানে নয়। হয়ত দশ গ্রামের মধ্যে

একটা পরিবার কি তুইটা পরিবার মেরপ থাকিতে পারেন। অভাগ মুদলমানের ধ্যাশকা, জান-শিকা যেকণ, তাহাদের আচার ব্যবহারও সেইরপ। অধিকাংশ এ দেশীর মুদলমান, অতি অশিক্ষিত, ধর্মাকর্মা-বিমুখ ও অনাচার-চুষ্ট। এরপ লোক সংখ্যার বাহুল্য দেখিয়া, অনেক হিলু, বাঁছারা বিদেশের কি বাহিরের কোনরূপ সন্ধান রাথেন না. রাথাও কর্ত্তব্য মনে করেন না, ভাঁহারাই সমগ্র মুসলমান জাতিকে লক্ষ্য কংিয়া 'যবন', 'স্লেচ্ছ' প্রভৃতি কটুক্তি করেন। তাছাতে অনেক মুসলমানেরই অন্তঃকরণে আঘাত লাগে এবং এই কারণে হিন্দু মুদলমান অনেক পরি-মাণেই প্রস্পরের প্রতি বিদ্বেষ-বিশিষ্ট। এই সমস্ত কথা মনে করিয়া আমাদের অন্তঃকরণে দাকণ আঘাত লাগে, এমন কি মনটা দমিয়া ভাঙ্গিয়া একাকার হয় এবং হি বু মুসলমানের এরূপ ব্যবহার দেখিয়া নিভান্ত নিরাশ, হত বৃদ্ধি হইয়া পড়িতে হয়। এ সম্বন্ধে পরস্পারের মধ্যে প'র-চর নাই। এক জাতি অন্ত জাতির ধর্মের বহিরতের স্বরূপ অনুস্দান না ক্রিয়া, ছায়ার সহিত বিবাদ করে এবং দে নিবাদের ফল যাহা তাহা ভোগ করেন-সমাজের যাহারা নেতা।

া চতপ্রে খ্যানান জাতির অন্তর্গন্ধি ও বহিশুনির বাবস্থা অতি কঠোর। অনেক হিন্দু সালে লানেনা। তাই অকারণ মুসলমান জাতির প্রতি 'যবন', 'রেছি অপবান দিবা নাকেন। কিন্তু বিশেষ সন্ধান না করিয়া একটা জাতিব প্রতি অন্তায় দোষাগোপ করা, কিরপ স্থানসত, তাহা বিশ্বনাত্র সানে সানে তাবিয়া পাকিবেন। এরপ বাবহার কোন ক্রমেই ধর্ম-সঙ্গত, তামানুগত, নিবেচনার উপস্ক্র নর। বাহারা মুসলমান জাতির শাস্ত্রীয় পরিক্ষার পরিচ্ছেরত। শৌচন্তদ্বির ব্যবহার বিষয় জানিতে ইচ্ছা করেন, তাহারা অন্তের মধ্যে থোনকার গোলাম আহ্মান সাহেব ক্বত

"এদ্বানের প্রভাব ও ধর্মনীতি" প্রন্থের পারীশুইভাগ পাঠ করিয়া দেখি-বেন। এই পুত্তক অতি প্রাঞ্জন বালালা ভাষাব লিখিত এবং ভালতে অর পরিগরে মুসলমান ধর্ম-সংক্রান্ত অনেক ক্রান্তব্য বিষয় আছে। গ্রন্থ খানি সকল হিন্দু শিক্ষিত ব্যক্তিইই পাঠ করিয়া দেখা উচিত;—বিশেষতঃ বাহাদের মুসলমানের প্রাত্ত সম্প্রীতি জন্মাইবার ইচ্চা প্রবল। গ্রন্থকার সেই উদ্দেশ্য, প্রাণনভাবে সন্মুখে রাখিয়াই, এই পুত্তকের প্রণন্তন করিয়াছেন। ইহা ভিন্ন সৈরদ আমির আলি কৃত "History of the Saraceus." গ্রন্থে ক্রেছা শান্তা মুরিশ আন্বেদিংগ্রা সন্থন্ধ বাহা লিখিত আছে, তাহাও অনুধাবনের যোগা। তাহাতে লিখিত আছে—

"The Spanish Moslems were said to be the cleanest people on the earth in their person and dress and in the interior of their houses" (History of the Saraceus, Syed Ameer Ali M.A., C.I.E. See page 272).

ইহার মর্মাত্রবাদ—স্পেনের মুদ্রমানেরা পরিচ্ছদ, শরীর এবং গৃহা-ভাস্তর সম্বন্ধে পৃথিবীর মধ্যে (স্তুদরাং সমস্ত ইউরোপীয়দিণের মধ্যেও) সর্বাপেক। পরিষ্কার পরিচ্ছন বলিয়া গ্লা হইতেন।''

বাস্তবিক পক্ষে, আজি আমরা যে ইংরেজ জাতির বাহ্ আচার বাদহার পরিচ্ছদ পারিপাটা পরিজার পরিচ্ছনতা দেখিয়া তাঁহাদিগকে সভাতম জাতি বলিয়া মনে করি, পাঠকগণ অরণ রাখিবেন, তাঁহারা সেই শিক্ষা প্রথম মুরিশ্ আরবদিলের নিকটই প্রাপ্ত হইয়াছিলেন। ইউরোপীয় দিগের সে সম্বন্ধে এবং অন্তান্ত অনেক বিষয়ে, স্পেনিস্ মুসল্মানেরাই শিক্ষাগুরু এবং দীক্ষা গুরু। তা, যুহুই কেন তাহারা কাল পাইয়া নিকেরা অহস্কার করন। এককালে ইউরোপের শিক্ষাগুরু মুদল- মানেরাই ছিলেন। সেকালে ইউরোপ অসভাতার পৃতিগন্ধে অতি
নরক তুলা ভান ছিল,—জানের প্রভাতগন নির্মাপিত,—'থনির তিমির
গর্ভে' তথন অনেক ইউরোপীয় জাতিই লুকায়িত —তথন তাহাদের
সভ্যতার অহস্তার করিবান মৃগ ভাববাতের অম্বকারে বিলীন।

এখিলাশালী মুসলমানদিলের বিলাসিতার বিষয় হাহারা জানিতে ইচ্ছা ক্রেন, গোলারা বৃদ্ধিন বাবুর 'রাজ্সিংহে'র ২য় থতের 'নন্দনে-নয়ক', 'অধ্যানরক' অপর এক থণ্ডের 'বাদসাহ বাছচক্রে' পরিচ্ছদগুলি বিশেষরূপে পাঠ করিয়া দেখিবেন। বিলাসিতার সভিত পরিস্কার পরিচ্ছন্নতার অতি নিক্ট সম্বন্ধ, ধর্মের সম্বন্ধ যত থাকুক বানা থাকুক। মুদলমান জাতি গণ স্বোধ কিরূপ অনুরক্ত, তাহাও অনেক শিক্ষিত হিন্তু আনত আছেন: ্রান্বার মধ্যে সমস্ত গন্ধ জব্যের শ্রেষ্ঠ ও মূল্য-বান 'আতর' মুদলমান জাতিরই আবিজ্ঞিয়া। মুদলমানের। উপাদনা উংস্বাদিতে সুগন্ধি প্লার্থেব কিরূপ পক্ষপাতী, তাহাও বোধ হয় অনেকে জানেন। অতি নিয় শ্রেণীর মুসলমানের মধ্যেও বিবাছে গ্রু দ্রোর বাবলার হত্যা থাকে। সমাধিপ্রোথিত করিবার পুরের শব-দেহাজ্যাল গ্রন্থ অনুলেপনের শাস্ত্রীয় বিধি আছে এবং প্রায় স্থানেই সে বিবি যথায়থ পালিত হটয়া থাকে। তবে অবস্থা বিশেষে তাহার শত্যনও হয়। বাহারা নিভান্ত অদক্ষতি-সম্পান, এমন বাজি-গণও মৃত আত্মীয় অজনের অন্ত্যেষ্টি ক্রিয়ার দেই বিধি পালন করিয়া উঠিতে পারে ন!। অর্থের সঙ্গে বাবভার নিতা সকল। ইহা ভিন্ন উপাসনার্থ (নমাজ) প্রতাহ পাঁচবার অন্ত-শুদ্ধি সাধনেব (অজুর) অতি স্থানর বিজ্ঞান-সন্মত ব্যবস্থা আছে। যাঁহারা ভাগরূপ সে ব্যবস্থার উপযোগিতা বিবেচনা ক্রিয়া দেখিরাছেন, তাহারাই ব্যিবেন, ধেরপ অক্সার্জন বাহাও্দ্ধির

বাবত অতি অল ধর্মণাস্ত্রেট দেখা যায়। নমাজ বা উপাসনার পূর্ববর্ত্তী অপ্রিহার্যাক্রিয়া—অঙ্গুল্ধ। 'অজু'র হারা শ্রীরের যেরূপ শুদ্ধি সাধিত হয়, তাহা আর কি ব লব > বোধ হয় য়েন, নিতান্ত পবিত্র অবস্থায় তথন মাতৃগৰ্ভ হইতে পুনরায় পৃথিবী দর্শন ঘটিন,—দে এক অপুকা বিধানই বটে। একথা হয়ত অনেকে উপহাস করিয়া উড়াইয়া দিতে পারেন। তবে ভরদা করি, থাঁহারা থোঁগের স্থাদ প্রাণায়াম আচমন প্রভৃতি অনুষ্ঠান করিয়া থ কেন, তাহারা সেরূপ করিবেন না। ইং। ছাড়া, প্রস্রাব, শৌচত্যাগের পরও 'মজু'র বিধি রহিয়াছে। প্রত্যেক নিয়মিত উপাদনা-নিষ্ঠ মুদলমানমাত্রই, দে বিধি অলজ্বনীয় ভাবে পালন করিয়া থাকেন। স্ত্রীসঙ্গমের পর সম্পূর্ণ অবগাহনে অঙ্গন্ধর বিধান हिन् मूननमान উভर शास्त्रहे जुना। এथन एक विनादन, मूननमान, 'অপরিচ্ছ্র', 'নোংরা', খনাচার-দূষিত জাতি ৷ আমরা জানি. হিলু মুগলমানদিগের মধ্যে এমন লোকের নিতান্ত অভাব নাই, বরং খুবই সম্ভাব, যাহারা পরের খুঁত ধরিতে বৃহস্পতি। এই সমস্ত লোক ভিতরে ভিতরে নিতান্ত অনাচারী ও কদ'চারী; কিন্তু ব'হিরে থ্ব শুদ্ধ, সিদ্ধ, জ্ঞান-বৃদ্ধ, ভণ্ড তপস্থীর ভাব দেখাইতেও আবার কিলেধ মছকত। শ্রীযুতদিগের নিন্দা, পর-চর্চায় অযুত রসনা, পরের মন্দ কণা শুনিতে সহস্র কর্ণ, কুদুগু পেথিতে সহস্র ১ জু, কু-কল্পনা করিতে সহস্রমন, কু-জল্পনা করিতে সহস্রবদন, রসের আল্ডিগ্র-- ৩; ও সহস্র মদনেরই বর প্রাপ্ত ২ইবার কথা। তাহাদের যথায়থ বর্ণনা করা আমাদের সাধ্য নয়। মূল কথা, ইঁহারা অন্তরে অন্তরে মহাপাষ্ড,—ব্ল্লাডে এমন কুকর্ম নাই, যাহা তাহাদের সাধ্যাতীত। তেমন যণ্ডমার্ক মুনিও তর্ক করিতে পৃথিবীতে মিলা ভার.—বার্ক সেরিডেনও দূর হইতে ই'হাদিগকে নমস্কার করিয়া সরিয়া পড়েন। তাঁহারা 'হয়' কে 'নয়', 'নয়' কে 'হয়', 'ছয়' কে 'সাত', 'সাত' কে ক্ষয় নিপাত করিয়া দিতেও খুবই পারেন। ধর্মের খোদা লইয়া বাহিরে মহা জাঁকজারি, ভারিভুরির ভাব তাঁহাদের যথেষ্টই আছে! কৰিবর মাইকেল মধুস্দন দত্তের "বুড়ো শালিকের ঘাড়েরেঁায়া" অনেক পাঠকেরই স্থপরিচিত। তাহাতে যে ভণ্ড বৈশুব বাব্টীর বিচিত্র চরিত্র চিত্র আছে, তাহাও অনেকেরই বিদিত। আমরা বলিতে পারি, এই ঘোর কলির শেষে বঙ্গদেশে, সেইরূপ—

"বাহ্নিরে ছিল সাধুর আকার, মনটি কিন্তু ধর্ম্ম-ধোয়া। পুণা থাতায় জমা শুন্তা. ভণ্ডামীতে চারিটী পোয়া॥"

লোক থিলু মুগলমান সমাজে বিস্তরই আছেন। তবে তাঁহাদিগকে চেনা ভার। কার সাধ্য ছল্লবেশের আবরণ ঘুচাইয়া তাঁহাদিগকে শ্বরূপে ধরিতে পারেন? তাঁহাদের মুথের দাপটে, কলমের সাপটে, কাহার সাধা তাঁহাদিগকে, এমন নয়,—অমন, মনে করিতে পারেন? তাঁহারা সেরূপ স্বচ্ছলে মনের আনন্দে সমাজে চরিয়া বেড়ান, ক্ষতি নাই। কিন্তু তাঁহাদের ষ্টাং (ছল ফুটান) রোগটী অনেকের পক্ষেই অসহা। অসহা?—নিতান্ত অসহা,—সে আর বলিবার নয়! ধর্ম্বের ওরূপ ভান, বিট্লেপনা, বোল আনা ভগুামী কাহার সহা হইতে পারে? এদেশে আজকাল মুগলমান সমাজে কাঠমোলার প্রভাব বড়ই। বেশা। এখন আর সেরূপ সহিদ্বান মৌলবী, মৌলানা বড় দেখা যার না। তাঁহারা এক প্রকার ডোডো' পক্ষীর স্পেশিজ্ব বা বংশধর হইয়া পড়িয়াছেন,—জ্বাভিটা এক প্রকার 'ষ্টিংট্' (লুপ্ত)। যাঁহারা বা আছেন, তাঁহারা গ্রীং' করিতে কাহাকেও জানেন না। এমনই গোপন সেগিন, লুকোচুরি ভাবে গা ঢাকা দিয়া থাকা তাঁহাদের অভ্যাস বে,

অনেক সময় তাঁহাদের অন্তিত্ব পর্যান্ত অনুভব করা. অসম্ভব। লক্ষেরশেপ ভূমিকম্প জন্মন তাহাদের অভাব নয়। কিন্তু যত অল্ল-বৃদ্ধি, ধর্মজ্ঞান-গোপ্সদের স্করীর দল, উভয় সমাজের কুলের কাঁটা, জিউলীর আঁটা, তাঁহারা এমনই বুকের পাটা রাখেন যে, হয় কথায়, নয় কথায়, তাঁহারা ধর্মায়দ্দে প্রবৃত্ত হন। কিছুতেই তাঁহাদিগকে নিরস্ত করা যায় না! মদ-মত হন্তীর ভায় প্রকাশ পাত্র হেলাইয়া 'যুদ্ধং দেছি' বলিয়া গদ্দ দিয়া পড়েন,—তাঁহাদের পদ-ভল-ভাল-ভরে ক্ষিতি কম্পিত, আকাশ-পাত্রাল আলোড়িত, জাব জন্তু শিহরিত হয়!!

তাঁহাদের ছহুস্কার ঝকার এক প্রকার লক্ষা-কাণ্ডেরই তুলা! প্রকাণ্ড বিশ্বহ্রাপ্রটাকে তাঁহারা ভাণ্ড বলিয়াই মনে করেন। কিন্তু এই দব নীরত্ব, পৌরমপ্রকাশ, ঘরে ঘরে,—প্রতিবেশী প্রতিবেশীতে,—নিভান্ত খনেশী ভাবে! মুদলমান, হিন্দুকে অকারণে 'কাফের', 'মালাউন', 'বেদান', 'কালাতুন', 'কহুদ', 'মরর্জুদ' বলেন; হিন্দুও মুদলমানকে দেইরূপ খবন', 'রেছে', 'মুক্ত-কছে', 'পুছেধারী', 'দেডেধেড়ে', 'নেড়ে' বলিয়া মধুর সম্ভাষণ করেন। এমন আপ্যায়িত ভাব হুই জাভির মধ্যে না থাকিলে, ভারতের দশা এরূপ হুইবে কেন ? দে ভাব থাকাই নিভান্ত প্রয়োজন কিন্তু জিন্তু, এরূপ কি কোন ধর্ম-বিধি কোন শাল্রে আছে? মুদল-মানের শাল্রে কি নাই, 'বরং ধর্মমন্দির তুড়িবে, তবু কাহারও মনে আঘাত দিবে না'? হিন্দুর কি সেরূপ নীতি ধর্ম-বিধির অভাব ? "সর্কাং শবদং ব্রহ্ম"—"আত্মবং সর্কাভ্তেরু, যং পগুতি সং পণ্ডিতঃ"—"সমত্মারধনমচ্যতশ্রত্ব"।

"অয়ং নি**জঃ পরো**বেতি গণনা **ল**লু চেতসাম্। উদার চরিতানাত্ত বস্থবৈধ্ব কুটুফকং॥"

হিন্দু মুসলমানের আচার ব্যবহার ও দেশাচার। ১৭১

— এ সমুদর নীতি-বিধান, কাহাদিগের ? হজরত মহাম্মদ (দঃ), যিনি
ইস্পাম ধর্মের প্রবর্ত্তক, তিনি কি এরপ জ্বস্ত ভৈদজ্ঞান কাহাকে
কখনও করিতেন ? একবার বাজমন্ত জপনায় কি বিধ্যাকৈ মুসলমানের
আলিঙ্গনের ব্যবস্থা নাই ? কে হিন্দু, কে মুসলমান, কাহারও কি বলিবার
সাধ্য আছে ? তবে কেন এরপ প্রতিবেশীর সহিত অসদ্যবহার ? তিনি
কি বারংবার তাঁহার ধর্মান্ত্রতীদিগকে প্রতিবেশীর সহিত সম্যবহার, জাব
জ্বর প্রতি দরা প্রদর্শন করিতে আদেশ করেন নাই ? 'হাদিদে' কি
এরপ বিধান নাই ?

"থখন তোমরা পরমেশ্বরের নিকট প্রার্থনা করিবে তথন কেমন করিয়া জানিতে পারিবে, পরমেশ্বর গোমার প্রার্থনা গ্রহণ করিয়াছেন ? ফানি তোমরা তোমানের সন্তানগুলিকে, আত্মীয় স্বজনগণকে, প্রতিবেশীকে এবং সম্লয় জীব জন্তকে ভালবাস, তাহা হইলে জানিতে পারিবে বে, পরমেশ্বর তোমাদিগকে চিনিতে পারিয়াছেন। যদি তোমরা তোমানের স্টেকর্তাকে ভালবাসিতে চাও, তাহা হইলে প্রথমে তোমানের চতুর্দিকত্ব জাব জন্তনিগকে ভাল বাসিও। তৎপরে জানিতে পারিবে, ঈশ্বর তোমাদিগের প্রার্থনা গ্রহণ করিয়াছেন।"

(শেথ আবদর রহিম প্রণীত "হজরত মহশ্মদের-জীবনচয়িত," পরিশিষ্ট, ৩৬৯—৩৭০ পৃষ্ঠা)

এমাম গাজ্জালির ভাষায় উক্ত মহাপুক্ষবের সহুপদেশ, উক্ত পুত্তকের অন্তর এইরূপ;—"ধর্মপ্রচারক বলিয়াছেন, বাত্তবিক পবিত্রতা তাহাই; বাহা মানব অন্তর হইতে সর্বপ্রকার হুশুবুতি ও মানস্কি ভুবলিতা দূর করে এবং পরোপকার ও পরস্বাপহরণ প্রভৃতি কুচিন্তা মানব অন্তর হইতে দ্রাভূত করে এবং যে সকল চিন্তা ও মানস্কি ভাব উত্থ্যের বিরুদ্ধি উপ্তিক্ত করে, ভাবা মন্ হত্তে দ্রাভূত করে, ভাবা মন্ হত্তে দ্রাভূত করে, ভাবা মন্ হত্তি দ্রাভূতি করে স্বিভিত্তি দ্বা

এখন সকলে ভাবিয়া দেখন, জীব জন্ত ইতর প্রাণী ও প্রতিবেশীর প্রতি সদ্যবহারের কিরূপ শাস্ত্র-নিদিষ্ট-বিধি মুসলমান ধর্মে জাজ্জলামান মহিয়াছে।

আমরা অনেক টিঞ্-নামাবলী-ধারী পড়াগেঁরে ব্রাহ্মণ পণ্ডিত দেথিয়া থাকি ।. ওাঁহারা যজন যাজন করিরা উদরালের সংস্থান করিয়া থাকেন। সম্ভবতঃ 'আতপ চাল বেড়ে কলা' ভুলাইয়া খাওয়াই তাহা-দের অভ্যান। শাক্তজান, তাঁহাদের তথৈবচ। "অংবং হ্রাং ক্লীং" এই জাতীয় ছই একটা শব্দ উচ্চারণ-ক্ষমতাই বোধ হয়, তাঁহাদের জ্ঞানের সীমা। অনুসন্ধানেও আমরা সেইলপই জানিতে পারিগাছি। বাহিরে টিকি, নামাবলী, ফোঁটা, তিলক চন্দনের ঘটা দেখিয়া তাঁহাদিগকে অত্যরূপ বিবেচন। করিবার কাহারও সাধা নাই। কিন্তু 'ফলেন পরীচীয়তে'— তাঁহাদের জ্ঞানের সীমা, ব্যবহারেই প্রকাশ হইয়া পড়ে। এমন কি, এই সমস্ত পণ্ডিতন্মস্ত, স্বাহ্মানধ্য ব্রাহ্মণ পণ্ডিতেরা অনেক সময়ে মুদলমানের ছায়া মাড়াইতেও বোধ হয় নরকের বিভীবিকা দেখিতে পান!! কেননা মুসলমান দেখিলে, তাঁছারা যেন ডিক্লাইয়া ডিঙ্গাইয়া পা ফেলেন, এরূপই বোধ হয়। অথচ ই হারা এতটুকু খবর রাখেন না যে, তাঁছাদের মধ্যে গণামাত্ত সাধক-কুল-ভূষণ রামক্রঞ পরম-ছংসপ্রমুথ ব্যক্তিগণ কথনও এরূপ ভেদজান করিতেন না। তাঁছারা পরম সামাবাদী। পূর্বে এ সম্বন্ধে আলোচনাও করা গিয়াছে। যাঁহারা বছিমবাবর "গৌরদাস বাবাজির ভিক্ষার ঝুলি" পাঠ করিয়াছেন, জাহারাও জানেন, বল্লিমবার, দাম্যবাদের বিশ্ব ব্যাথ্যার জ্লুই 'গৌর বারাঞ্জি'কে গুরু সাজাইয়া উক্ত প্রবন্ধের অবভারণা করিয়াছেন। উক্ত: প্রবন্ধে বৈষ্ণবাচার্য্য গৌর বাবাজি, শিষ্যকে বলিয়াছেন:-- "সংকল্প

করিয়াছি, আগামী বংসরে নছিমদীন শেখকে দিয়া প্রর্গেৎপব করাইব।" —এ সমস্ত সাম্যবাদেরই জীবস্ত ব্যাখ্যা। ইহা ভিন্ন জাঁচার 'চিত্তভদ্ধি" শীর্ষক প্রবন্ধত্ত এ প্রদক্ষে অনুধাবন বোগা। এখানে এ সম্বন্ধে আমবা অধিক আর কি বলিব > এ দেশের দেশাচার সম্বন্ধ ছই চারিটী কণা বলা নিতাম প্রয়োজন। পণ্ডিত প্রকৃতজ্ঞানসম্পন্ন ব্যক্তির বাবহারই অক্রপ। কিন্ত 'মল্লবিতা ভয়ঙ্কনী'। যত আল-বৃদ্ধি, জ্ঞান-জগতে সবে-নৃত্ন-পৃথিকদিগের সম্বন্ধে অনেক কীর্ত্তিকথা আমরা জানি। কিন্তু সে সব এ পুস্তকে বর্ণনা করিয়া উঠা ভয়ানক কঠিন কার্য্য। যাতা হউক, কিছু নমুনা-পদৃষ্ঠ, রুগুরুষ, রুণ-রঙ্গাভিনয়ের আ'লাচনা আমরা না করিয়া থাকিতে পারিলাম না। এদেশে অনেক হিন্দু আছেন. যাহারা মদলমানের উপাদনার ক্রিয়ামুষ্ঠান সম্বন্ধে অনেক ব্যঙ্গোক্তি ভ্রকটি প্রাপ্ত করিয়া থাকেন। মুদ্রমানের 'আজান'কে (উপাসনার্থ আহ্বান বিশেষ) ভেঙ্গচাইশাও থাকেন এবং অনেক প্রকার অপ্রীতিকর আলোচনা করিতেও ক্রটী করেন না। কিন্তু 'আজান' সম্বন্ধে একজন বিজ্ঞা, সুপণ্ডিত, ক্লত-বিদ্যা, হিন্দু লেখক মহোদয় কি বলিতেছেন, তাহা একবার দেখুন:—"তখন মাধ্যাহ্নিক নমাজের সময়, প্রাসাদান্তর্গত মুসজিদের মিনারেটের উপর দাঁড়াইয়া মোলা আজান দিতেছেন, কিছুক্রণ দাঁডাইয়া শুনিলাম, ওরূপ স্থমিষ্ট স্থারে স্থলর আহ্বান আর কোথাও কথন শুনি নাই। উহার মধুরতা দারা প্রাণে এমন একটা ছাপ পড়িল, যাহা ইহকালে মিটিবার নয়; ঐ স্থমধুর 'আজান' ধ্বনি যেন আজও কাণে লাগিয়া রহিয়াছে, ওরূপ ভাবে দিনে পাঁচবার ঘাঁহারা চতুর্দিকত্ব ভাত-বর্গকে ভগবহুপাসনার জন্ম আহ্বান করিয়া থাকেন, তাঁহাদের ধর্ম চির জাবন্ত থাকিবারই কথা। কেবলমাত্র ১৬ বংসরের বালক

আলা ও স্ত্রী থাদিজাকে অবশন্ধন করিয়া যিনি সংগারে সনাতন ধর্ম প্রচার করিতে সাহসী ও প্রায়ুত্ত হন এবং সেই প্রচারের ফলে সহস্রাধিক বর্ষ পাথবীর অর্দ্ধিক স্থান ব্যাপিয়া যে ধর্ম চলিতেচে—তিনি ও তাঁহার ধর্ম সে বিধাতার প্রেরিত, তাহাতে তিল্মাত্র সন্দেহ নাই।"

(এীযুক্ত চক্রশেথর সেন ক্বত ভূ-প্রদক্ষিণ, ৫২৪, ৫২৫ প্রঠা।) বাঞ্চবিক, প্রক্লত জ্ঞানীর সহিত বিবাদ বিসম্বাদ সূচনার কোনই কথা নাই। যত অ নতের মূল,--চকু:শূল অশিকিতের দল; তাহা, হিন্দু মুসলমান উভয় সমাজেরই। কেননা, তাঁহারা প্রকৃত পক্ষে ধর্মের মর্ম ব্ঝিতে নিভান্ত অক্ষম, অণ্চ ব্যবস্থাপক, ব্যথাকারকের আসন গ্রহণ ক্রিতেও নিতান্ত ব্যতিবাস্ত। ইহাদের হত হইতে নিষ্তির উপায় কি ? ইহা দিগকে অন্তগত না করিতে পারিলে আর উভয় সমাজের মঙ্গল নাই। অনেক অশিকিত, জ্ঞানজগতের পিপীলিকা হিন্দু, মুদলমানদিগকে विववा विवाह अथात्र कछ नानाक्रभ छिट्काती करवन। छाशासत्र कष्टि-नष्टि, (शांधी-च जार वज़ रे अमझ ! जाराबा कार्यन ना (य, रिन्तु भारत 'অকত বো'ন' বালিকার পুনবিবাহ দিবার ব্যবস্থা আছে। জানিলেও णाहा वर वामतन बातन ना। छाहातन मधा त्य वर् वर् विशिक्षशी পণ্ডিভ বিধৰাবিবাহপ্ৰথার পক্ষপাতী, একথা জানিয়াও জানিতে চান না! এমনই তাঁহাদের কু-মভাব! পৃথিবীর কোথার কি হইতেছে, সে সন্ধান রাখাও তাঁহারা কর্ত্তন্য বিবেচনা করেন না। তাই যত গোল-্বাগের কারণ। তাঁহাদের মধ্যেও যে বিধবা-বিবাহের উপযোগীতা আছে, তাহা অনেক সমাজ-হিত্তিনা হিন্দু শিক্ষিত লোক ভালরূপ ব্ঝিতে পারিয়াছেন। আনক্ষচক্র মিত্রের প্রসিদ্ধ 'বিধবা বিলাপ গীত' যাঁতাবা শ্বানেন, তাঁগারা সেকথা স্বীকার করিতেও রাধা: উক্ত গান্টীর প্রথম

হিন্দু মুসলমানের আচার ব্যবহার ও দেশাচার। ১৭৫

চরণটা কত মশ্বস্থল-স্পাশী !! — "ভারত শাশান মাঝে আমিরে বিধবা বালা !"

এ সহরে অনেক অশিক্ষিত, অদ্ধশিক্ষিত হিন্দু, ভারতচক্ত রাহ গুণাকরের চেলা বলিয়াই আমাদের অনুমান। তিনিত নানা স্থান ২ইতে ধার করা-বিজ্ঞার কবিকল্পনের উচ্ছিষ্ট, ঘনরাম চক্রবর্তীর ভ্রস্কাবশেষ, অশেষ বৈষ্ণুৰ কৰির ভাৰেরস চরি করিয়া নিতান্ত হাত সাফাই দেখাইয়া-ছেন। তবে কপাল গুণে নিভান্ত অলক্ষে'র ঘরেও গোপাল মিলে বই কি ? তিনি এক আদিরসের বমন-ক্রিয়া, বিস্থাচকার উচ্ছাস স্বরূপ 'বিদ্যাস্থলর' লিখিয়াছেন। তাছার বিভার সৌন্দর্যা কত দূর, তাহা আমরা কোনক্রমেই বুঝিতে পারিলাম না। তবে অনেকে বলিতে পারেন, আমাদের ভত দূর বোধশক্তি কোণায়? হাঁ ৷ তাহা আমরা মুক্তকঠেই স্বীকার করি। উক্ত পরাল-ভোজী পরগৃহবাদী পরাবদথশার্থা, কুঞ্চনগর-নিবাদী, গঙ্গা- প্রবাদী গৃহ-তাড়িত স্বজন-পরিতাক্ত আদিরদ-ভক্ত কবি, 'মানসিংহের' এক স্থানে 'দিল্লীতে ভূতের উৎপাত' পাতশার কুপোকাৎ প্রভৃতির বর্ণনা করিয়া কিন্তীমাৎ করিয়াছেন,—"বড় বড় ঘোড়া হাতি গেল রসাতল, পক্ষারাজ পতর বলে আমার হাটু জল,"—সকলে কবির সিংহাসন হইতে গ্লাধাকা থাইয়া একে একে অকা পাইলেন : ভারতচক্ত আদিরসের থেউড় পাঁচালি গাহিয়া. একবার একদমে রাজ-রাজচক্রবন্তী বলিয়া সম্মানিত হইলেন। এ যে দেশেরই মাহাম্মা বটে; নয় কি অপাত্রে (উপযুক্ত শ্রেষ্ঠপাত্র থাকিতে) এত প্রশংসাবাদ ঘটে ? ঘনরাম চক্রবন্তী. কি কবিকম্বণের নিকট কি ভারতচক্ত কবি ? কবির যে সর্ব্বোচ্চ ক্ষমতা 'বিভাবনা,' 'স্ষ্টিকৌশল,' ভারতচন্ত্রে তাহা থুব কমই দেখা যায়। ভিনি কল্লনাল উচ্চদীয়া দেখাইতে গিয়া 'পেচো চোরা'র কাহিনীর সিঁধ-

কাটির ওন্তাদিটা বেশই দেখাইয়াছেন। এই তাঁখার বাহাত্রি। তাহা ভিন্ন আর দবই ঐ এই কবির চর্দ্দিত চর্ক্ণের স্থাভাগ নাত। কেহ ভালরপ বিচার করিয়া দেখেন, তবে এ কথার যাণার্যা উপল্জি করিতে পারিবেন। তাঁহার উক্ত বদ রসের চেউ,—'বি, স্থ' কাবোর चानत, वक्रानत्म इटेरत ना उटत कि १ विश्मिष्ठः य वक्रानत्म व्यानि-র্পেরই রঙ্গরস বভ্কাল হইতে চলিয়া আসিতেছে.—বৈষ্ণব ক্রিদিগের মাহাত্ম্যে দে স্রোতের বিরাম নাই,—জয়দেব, থেঁই তুলিয়া দিয়াছেন, সেই হইতে সে রসের বিষম জ্রোত। সে কথা কি মিথ্যা ১ আমাদের বিশ্বাস, সে রদের আস্বাদ, গুড়ো, বুড়ো, কলিকা-বালিকা, ছোড়া, ছুড়া হর্দ্ম গ্রহণ করিয়া, একদম উক্ত কাবোর পাড়াঙ্ক সব জার্ণ করিয়া ফেলিয়াছেন ৷ অথচ, কবিকঙ্কণের শুন্দর কল্পনার স্ষ্টি, 'খ্রীমন্তের মশান' ফুল্লার 'ব্রেমাস্থা বর্ণনা', 'বহ্না-খুল্লনা-সভাসতানের রঙ্গকাহিনী', কাল-কেতুর বীরত্ব ও 'দরল ধর্মজ্ঞান', ঝশান বোধে উপেক্ষা করিয়া পায়ে ঠেলিয়া অনেকেই গিয়াছেন; যদি কেং সেদিকে ঘেষিয়া থাকেন. ভবে তাঁহাদের সংখ্যা, থেউড়-পাঁচালি-পাঠকের সংখ্যায় অতি কমই অবশ্য ।।

তিনি মুসলমানের বিধবা-বিবাহ বিজ্ঞাপ করিতে গিয়া, কি পাণ্ডিতা দেখাইরাছেন, একবার এখানে তাহা দেখুন। ('মানসিংহ'):—

> "থসম ছাড়িয়া যেবা নিকা করে রাঁড়। একে ছাড়ি গাই যেন ধরে অন্ত যাঁড়॥"

পাঠক নেখিলেন ত 'রায় গুণাকর' মহাশয়ের পাণ্ডিতা-আকর
শু আহা ! কি পাণ্ডিত্যের ঘটা ! বিভার ছটা !! মরি ! মরি ! উহার বালাই
শয়ে মরি ! ব্রাহ্মণ পণ্ডিত নিরীহপ্রাণী হইয়া—তিনি কেমন মুসলমান
শোণ্ডিটাকে পাত্কা প্রহার করিয়াছেন !—পাত্কা, গো-চর্ম নিশ্বিভ

না হইয়া, না হয় য়ৃগচয় নির্মিতই বা হইল, পাছকা ত বটে !! পণ্ডিতভীর বাহাছরার সীমা কি ? পাদশা জানিতে পারিলে, নিশ্চয়ই তাঁহাকে
বারাসংহ রায় কর্তৃক কোটালের প্রতি ভংগনার মত ভংগনা ত ভানিতেই হইত, তার উপর অল্প ও কিছু সেলামা স্বরূপ প্রাপ্য হইত। 'জান
বাচচা এক থাদে' গাড়িবার বাবজা হইত কি না, আমরা বলিতে পারি
না। কেননা, ভারতচক্রের জানবাচ্চা গুঁড়োগাড়া কিছু তথন হয় নাই।
তথন নাড়া মুড়ো শিমুল গাছ! ভবে বয়সটা কিছু বুড়োটে! তাহার পর
তিনি. 'পাতশার নিকট উজারের নিবেদন'', "ভবানন্দে পাতশার বিনয়'',
'দিলীতে অয়পুর্ণার পূজা' প্রসঙ্গে, অনেক রঙ্গরসেরই টেউ তুলিয়াছেন,—
আহা! কি মধুর মাধুরা রসেরই উচ্ছাস! সর্ব্বনাশ আর কি !! এমন একজন পণ্ডিত নাই বালয়াই ভারত-উদ্ধারে এত দিন এত কাল বিলম! তিনি
যথন 'লম্বদাড়ি' মুসলমান জাতির দলনে একজন পণ্ডাবারী পাণ্ডা, তখন
এতকাল তাহা না ঘটয়া কি যাইত ? আবার উক্ত প্রসঙ্গক্রমে বারংবার
তাহার 'ববন' উচ্চারণে রসনাক ভূমণের ঘটাই বা কি !! তাহার একটু
নমুনা দেখুন;—

"অধম ধ্বন জামি তপ্সা কি জানি। অধ্যেরে ধর্ম বলি ধর্ম নাহি মানি॥"

অক্তত্ত:—"কাঞ্জি ছাড়ে কলেমা কোরাণ ছাড়ে কারী॥ ভলাভলি দেয় যত যবনের নারী॥

* * * * *

* * * *

কাজি হাজি কারী আর যবন যাবত। দর্বাণ্ডদ্ধ প্তেশা হইল দওবত॥"

টীকাঃ —উপরের দণ্ডবংটি অবশ্য অন্নপ্রণা ভগবতীরই চরণ-পদ্ম। এবং দণ্ডবৎকারী স্বয়ং আকবর পুত্র জাহান্দীর। এখন জিজ্ঞান্ত, ভারত-চন্দ্র, এ দণ্ডবতের স্ত্র অস্টাদশ প্রাণের কোন পূরাণ মতে পাইলেন > আমাদিগুকে কি কেছ বলিয়া দিবেন > আমরা যে groping in the dark অকুল পাথারে হার্ডুরু থাইতেছি, কোনই সন্ধান করিয়া উঠিতে পরিতেছি না !৷ পুরাণ গুলির মধ্যে কলিক।লের পুরাণ, 'ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ' ৷ এ সন্ধান সেখানে মিলিবে কি ? তিনি নিতান্ত ব্ৰাহ্মণ পণ্ডিত শাস্ত্ৰজ্ঞ নিত্ৰীহ মারুষ। আমাদের এমনই বিশ্বাস। কিন্তু 'ফলেন পরিচীয়তে'—আমরা তাঁহার সেরূপ স্বভাবের পরিচয় পাইলাম কই ৮ আমাদের ছভাগাই আর কি।। আমরা শিষ্টাচারের সামা লজ্মন করিতে চাহি না। আমাদের প্রবৃত্তি সেরূপ নয়। নচেং দেখাই তাম, বিধবা বিবাহে স্থকল, কি কুফল আছে। সে সব প্রসঙ্গ না করাই ভাল। এদিকে আমরা ভারতচন্দ্রের কল্পনার ছটায় কোন কোন স্থলে বড়ই বিশ্বিত হইয়াছি। সে কথা আম্বা অবগুই বলিব। তিনি কোন সাধারণ জ্ঞানের বশে জাহাঙ্গীর পাতশাকে দিয়া হিলু দেবীর পূজা করাইয়াছেন ? দেরপ ত প্রকাশ্ত পূজার কথা কোণারও ভুনা যার না। তবে 'ভুতুড়ে' বৈল যদি কেহ অজ্ঞান মুদল-মান গাকে, তবে তাহারা দেরপ করিতে পারে।

জাহাজীর পাতশা কি তবে 'ভূতুড়ে' বৈছ বা ওঝা ছিলেন ? দে বকমণ ত বোধ হয় না! তবে যে তিনি ঢাকি সাজিয়া জাহাঙ্গীরের কালীপূজা-পাতা দেখাইয়াছেন, দেই ভাল। আওরঙ্গজেবকে দিয়া / শেক্ষপ অনুষ্ঠান যে না করিয়াছেন, ইহাই মঙ্গলের। নচেৎ আমাদের ভাণিতে হাসিতে পেটের নাড়ি 'ভূড়িয়া ঘাইত, নিশ্চিত!! ভাহাঙ্গীরের বেলার তাঁহাকে ঢাকী বলিখাম, অবশু আওরঙ্গজেবের সেক্প প্রাস্থ

ক্রিলে, তাঁহাকে নিশ্চয়ই পুরোহিত আখা দিতাম। যাহা হটক. এইনপ পণ্ডিত মানুষের এই প্রকারের আচরণে নিতাস্ত মন্মাহত না হইয়া পারা যায় না। পণ্ডিতের ব্যবহার, পণ্ডিতের মত হওয়াই আবশুক। পণ্ডিত মাত্রই সমদশী, সাম্যবাদী হইবেন; তবেই ভাঁহাদের পাণ্ডিত্যের গৌরব। নচেং পক্ষপাত ্রায় ঘটিলে, সাধারণে ও পণ্ডিতে কি পার্থক্য পাকিল ? আমাদের বিখাস, ভারতচক্রেব স্থিত এক জ্রে মাথা মে'ড়া পণ্ডিত, পূর্বে এদেশে গোকিলেও, এখন তাগ্দের সংখাু দিন কিন কমিতেছে বই বাড়িতেছে না। গনেক পণ্ডিতেরই পাঞ্ পরিবত্তনে**র লক্ষণ কিছু কিছু দেখা ৮িতে** পারে। প্রেক্ত পক্ষে আমরা বছট জংথের জন্স, ভারতচন্দ্রের কথা এখানে পাড়িতে বাধা ২ইলাম। নচেং দেরপ প্রদক্ষের কোনই প্রয়োজন ছিল ন।। আম্রা প্রক্রছ-জ্ঞান-সম্পন্ন, পণ্ডিত, তত্ত্বনর্নী হিন্দু মহাজনদিশকে প্রাণের সহিত ভাক্ত কবি। তালদের ব্যবহারে আমরা নিতাত্ত মুগ্ধ। তথ্য ঐরপ বাণ্ডত কেন. অনেক ক্রম্ব-দীর্ঘ-জ্ঞান-শুনা, পুণা থাতায় জমাহীন অপর শোকও গেইরূপ নাবগর করিয়া থাকেন। তবে তাহাবা কারতে পারেন; কেননা, অক্তানতা ও মোহের সহিত্ই সম্ভাণতার নিতাসম্বন্ধ। সম্বন্ধ অব্ঞা র্ঘানত। আর একটা কথা এখানে বগাও প্রয়োজন। ভারতচপ্রক সামরা যে নিন্দাবাদ করিলাম, দে ভাহার পাণ্ডিভ্যের প্রভি জকুটি করিয়া নর। তিনি অশেষ পণ্ডিত। সমন্ত বঙ্গায় কবিদিলের মধ্যে তিনিত প্রেশিদ্ধ শব্দাচার্য্য। তাঁহার মধুর বচন-রচন-প রিপাট্যে আনাল-বৃদ্ধ-বণিতা কে না মুদ্র ৮ এক এক স্থানের কবিছে, পদ-বিভাগ-লালিত্যে নিতান্ত করে হইতে হয়। শক্ষের পর শক্ষ গ্রহণে নধুরের মধুর-যোজনে তাঁলার সনকক করজন γ তবে কিনা, মুসলমানের প্রতি তাঁচার ক্ষট

বিদ্বেষভাবের জন্মই আমরা এত কথা, এরপ অপ্রীতিকর সমালোচনা করিতে বাধ্য হইলাম! চন্দ্রের একমার কলস্ক পৃথিবীময় ঘোষিত। অন্যান্ত অনেকের শত শত কলঙ্ক তাহার অপেক্ষা ঘোর শুরুতর থাকিতেও, সে কলঙ্কের কথা কেহ কথনও তুলেন না। ভারতচন্দ্র রায় গুণাকরের ন্যায় একজন পরম পণ্ডিত, গুণিদ্ধ কবি শিরোমণির দোষ বিলিয়াই সে দোষ এপানে আলোচনা করিলাম! নচেৎ অন্যের হইলে সেকথা উত্থাপন করিবার কোনই প্রয়োজন ছিল না। একালেও ছই একটা লেখক, খ্যাতনামাই বলিতে হয়, মুসলমান জাতির খেউড় পাঁচালি মধুর রসে গাহিয়াছেন। তাঁহাদের কথাও আভাসে কিঞ্চিৎ বলিবার ইচ্চা আচে।

অথানে আর একটা কথা বলিতে হয়। কথাটা বড়ই শুক্তর, না বলিলেই নয়। তাহা নিতান্ত অন্ধলকনীয়। কথাটি এই, অনেকেই বলেন এবং আমরাও তাহা অনেকটা বুঝিতে পারি, হিন্দু মুসলমানের মধ্যে বিদ্বেষর প্রধান কারণ,—মুসলমানদিগের গো-হত্যা-প্রথা। এ কথাটা একটু সবিস্তারে আলোচনা করিবার প্রয়োজন। আমরা দেখিতে পাই, প্রাচীন ভারতবর্ষে হিন্দু সমাজে গো-হত্যা প্রথা প্রচলিত ছিল। তবে তাহা সাধারণ থাত্ত মধ্যে গণ্য ছিল কি না, একথা আমরা নিশ্চিত ধলিতে পারি না। উহা বাজ্ঞিক-অনুষ্ঠানের যে অঙ্গ ছিল, তাহার প্রমাণ পাওয়া যায়। মৃত মহাআ রাজক্ষ্য মুখোপাধ্যায়-রচিত প্রাচীন-ভারতবর্ষ শীর্ষক একটা প্রবন্ধ পাঠে আমরা নিম্নলিখিতরূপ বিবর্গ পাই।
— "আর্য্যাণ চিত্তোন্মাদক গোমরস বা স্থ্রা পান করিতেন, গোমের, অন্ধ-মেধ প্রভৃতি বক্ত করিতেন এবং বিলক্ষণ মাংসাশী ছিলেন।" কিন্তু এই শব্দা, গম্বতঃ সাগ্রিক্ সমাকের প্রমাণবা; - যুখন হিন্দুদিগের

মধ্যে যাগযজ্ঞই ধর্মের প্রধান অঙ্গ বলিয়া বিবেচিত হইত। তথন বৃদ্ধ-দেবের আবের্ডাব হয় নাই বা তাঁহার মধুর ধর্মনাতি " অহিংসা প্রমধ্মে" রক্ত প্রবা যাগমজ্ঞেন মূলোচ্চেদ করিতে সমর্থ হয় নাই। সর্বজাবৈ দয়া, হিংগা-ির্ভি, বৃদ্দেবেরই দীকা-মল্পের অন্তর্গত। যে সময়ে বৃদ্ধ-দেবের অভ্যাদয়ে সমাজ হইতে হিংগা-প্রবৃত্তি, বিদায় গ্রহণ করিবার উপক্রম, সেই সময়ের কগাও উক্ত প্রবন্ধে এইরূপ;—

"এইরপ সমরে বুদ্দেবের উৎপত্তি। তািন যে ধর্ম প্রার করেন, ভাগতে বাহ্ কার্যা অপেকা চরিত্রের উরতি দিকে দৃষ্টি পড়ে; এবং তাঁখার অফিলা-বাদ প্রভাবে রক্ত-স্রাবী বৈদিক মুক্তকাণ্ডের স্যোত অনেক দূর কমিয়া যায়।"

হহার পর, একজন একি দৃত মেগান্তিনিদ্ যথন ভারতব্যে চক্তগুপ্রের রাজ-সভার অবস্থান করিতেছিলেন, তথনকার অবস্থা কিরূপ, ডাগা
তাঁহার লিখিত তৎকালীন বিবরণ স্টতে স্পঠই জানা যায়। এই সময়ে
হিলু রাজণ সমাজে মাংসের পরিবত্তে নিরামিষ ভক্ষণের ব্যবস্থা স্ট্রাছে।
তথন খোর পরিবত্তন। উক্ত প্রবন্ধে তৎপ্রসঙ্গক্ষমে এইরপ লিখিত
আছে: "রাজ্মণেরা মাংসাহার ও ইন্দ্রিস্থা হইতে বিরত থাকে এবং
সারগত উপদেশ শুনিয়া ও জ্ঞান দান দিয়া সময় অতিবাহিত করে।
এইরপ সাহাত্রেশ বংসর বয়স কাটাইরা, প্রত্যেক ব্যক্তি স্বগৃহে প্রত্যান্
বর্তন করে ও জীবনের অবশিশ্রাংশ স্থেস্ফ্লেক্ যাপন করে।

* * * * * (তাহারা) মাংস থায়, কিন্তু শ্রম-সহার
জীবের নহে; এবং অনিক সংখ্যক সন্তানের আশার থত ইচ্ছা তত বিবাহ
করে।"

এই অবস্তা ঠিক বর্ত্ত্যানে এই অনুদ্রপ। স্কুত্রাং বুঝা বাইতেছে, হিন্দু ব্রাহ্মণগণ, অনেক দিন হইতেই সাংসাহার ১ইতে বিগ্রত হইয়াছেন। তবে উক্ত বিবরণে মতি প্রাচান যুগে ভারতবর্ষের চিত্ত সম্প্রদায়ে যে মাংস ভক্ষণ বিশক্ষণ প্রাচালত ছিল, ইগার স্পাষ্ট আভাসও পাওৱা যায়। কালে হিলুগণ, যাজ্ঞিক-অনুষ্ঠানে বীত-বাগ, হত-শ্রদ্ধ হইরা পড়েন এবং বৃদ্ধদেবের অভিংসাবাদ-প্রভাবে জীবহতাং, বিশেষতঃ শ্রম-সমার জীবেৰ বলি-প্রথা সমাজ হটতে এক কালে ভিরোহিত হয়। এক সন্যে হিল্পিরে মধ্যে মাংসাহার প্রবৃত্তি কিরূপ প্রবল ছিল, ভাগ বিজ্ঞ পাঠকর্গণ 'গোম্ন' শব্দের বাৎপত্তিগত অর্থ হটতে অম্বর্মান করিয়া লইবেন। ইহার ব্যাথ্যা, হিন্দুগণের পক্ষে এখ্রীতিকর ইইবে বোধে. আমরা তাগ ১টতে নিরস্ত হইশাম। এটক্ষণ মুসলমান স্মাজের গো-হত্যা প্রথা সম্বন্ধে গুটকতক কথা বলা প্রয়োজন মনে করি। মুসলমান শাস্ত্রে এমন কোন বিধি নাই যে, ভাহারা যথন তথন, গুদ্ধপ্রক্তির উত্তেজনায়, যে সে পঞ্,—ছোট বড় মধামাকারের যেমনই হউক, হাড়িকাটে ফেলিয়া 'হতোগজ' 'জবেহ' (বন) করিয়া উদর-পুর্ত্তি কারবেন। মুদ্রমান সাধক, মূনি, ঋষিগণ কিরূপ অনশন, উপবাস, রুজ্যুত উদ্যাপন করিতেন, তাহা "তাপদ্যালা" উাল্লপিত মোদ্রেম ঋষি'দ্রের कावनी इहेट उटे उपलिस इहेटा। (म ममछ मश्री श्रीय उपनाम, শুষ্ককৃটিকা ও জলযোগ করি।।ই কোন ক্রেম জীবন ধারণ করিছেন। চর্বা, চোষ্য, শেহ্, পেয় প্রভৃতি নানা স্থরদের সরস থাছাদ্রব্য হইতে মম্পূর্ণ ব'ঞ্চ থাকিয়া, তাঁহার। জপ্, নাম-সাধনায়ই জীবন অভিবাহিত করিতেন। কিন্তু নুসলমান সাধারণ, তাহা না করিয়া, ছাগ, কৃষ্ণট প্রাকৃতি জীবের উগ্রবাদ্য মাংস ভক্ষণকে জীবনের প্রমার্থ জান করিয়া

কেবল প্রবৃত্তির সেবায়ই অহোরঃ নিরত! কালে ধর্মের প্রতি মানুষের প্রতিমন্থর প্রতিমানুষের প্রতিমন্থর অমনই অমুরাগ জনিয়াছে !! কিছু এখানে একটা কথা বলা বিশেষ, আবিশ্রক। হিন্দুগণ মুদ্ধমান দিশকে যে জীবের হত্যা অপরাধী মনে করেন, দে জাবের ধ্বংশ এদেশে তাহাদিগের দারা কতদ্র সাধিত হয়, এখানে তাহা আলোচনা করা স্ক্রিয়ক্ত।

এদেশে যে সমস্ত মুসলমান আছে, তাহারা নিভাস্ত নিঃস ও দরিদ্র। মুসলমান জমিদার, তালুকদার প্রভৃতি ভুষাদিক রীব সংখ্যা এফেশে অভি কম। থাকিলেও কচিৎ ছই একটা জেলায় সেরপে নাম করিবার উপযক্ত জামিদার বা তালুকদার এই এক ঘর মাত্র আছেন । পূলবঙ্গের আধি-কাংশ জেলার হিলু অপেকা মুস্ন্যানের সংখ্যাই অধিক এবং অধি-কাংশ মুদ্রমানট হিলু জমিদাবের অধান প্রজা। তাগারা হিলু জমিদার-নিগের ভয়ে গোঙ্ত্যা করিতে কিছতেই সাহস্পান না। স্মনেক স্তানে হিত্জনিদারগণ, মুগলমানের প্রতি এ সপ্তমে অত্যাচারও করিয়া থাকেন। এই বিষয়ে মুদলমানদিলের অনুকুলে আরও ছই একটা কথা বলিবার আছে। মুদলমান শাস্ত্রমতে 'কোরবাণি' পর্ব্ব বলিয়া একটা প্রধান পর্ক আছে। এই পর্কে ইদলাম-শাস্ত্র-দঙ্গত থাল-জীব-বধের-প্রথা মুদলমান সমাজে প্রচলিত অ'ছে। শাস্ত্রে বলির বিধান হিন্দুদিগেরও আছে। কিন্তু মুদলমানদিগের 'কোরবাণি' পর্বে বলি দিবার শাস্ত্রীয় আদেশ, সকলের প্রাতই অতি কঠোর। যাহার যেরূপ সঙ্গতি, তাহাকে সেইরূপ তাহা যথাসাধ্য সম্পন্ন কলিতে হইবে। যে সমস্ত জীব বলি দিবার উপযুক্ত, তন্মধ্যে গরুও আছে। 'কোরবাণি'র জীব সহক্ষেও ব্যক্তিগত বাবন্থা আছে। যে ব্যক্তি অক্ষম, দে দামাত মূল্যের জীবন্ধারা পর্ব-ব্রত কোনকপে সমাধা করিতে পারে। কিন্ত এদেশে গরু দারা উক্ত পর্বাব্রস্ত

সমাধা করাই দরিদ্রদিগের পক্ষে স্থীবিধাজনক। কেননা, একটী গরু ছোরা সাত জন গৃহত্বের 'কোরবাণি' উদ্দেশ্য সফল হইতে পারে। অথচ ্রাকটা ছাগে একজন ব্যক্তির ভিন্ন তুইজনের তাহা হয় না। লোকে শিশাকার্যো অর্থের স্কৃতিব।ই বেশা অনুসন্ধান কনে। বিশেষতঃ কলিকালে ্র তিলক।ঞ্চনে ধন্মক্রিয়া সমাধান করিতেই মানুষেণ সম্বিক প্রত্তি। ভূজভান্ত কার্যো, যাহা ধর্ম্মের অঙ্গ নয়, বিবাহ উৎস্বাদিতে লোকে অভি-শিরিক্ত, উপযুক্ত মাত্রার অধিক ব্যয় করিতেও কুণ্ঠিত নয়। কিন্তু ধর্ম 🗫 হিত্যার বেলায় অনেকেএই মাণা কুটাকুটি পড়িয়া যায়। তথন এক কড়া আতরিক্ত থরচ করিবার ভয়ে, মনেকেই ভবিষ্যুৎ বিভাবিকা দেখিতে পান। এরপ প্রবৃত্তির গোক নিতান্ত সঙ্গতিপর ধনা সম্প্রদায়ের মধ্যে ও অনেক আছেন। দহিদ্র ব্যক্তিগণ যে, অর্থের বিষয় এরপ্রস্থলে বিবেচনা করিবে, তাহা নিতাম্বই স্বাভাবিক। এই কারণে নেশের দরিদ্র-বছল, বিপুল মুদলমান-সমাজে, 'কোর্বানি' পর্বে উপলক্ষে '(গা-वध' (कान (कान श्रांत इहेब्रा थांकि। हेहां वना आताजन, অনেক মুদলমান, দারিদ্যের দোহাই দিয়া অনেকস্থলে ধর্মানায় হইতে মুক্তির পথ খুঁজিয়া থাকেন। সে কারণেও গো-বধ দিন দিন ধর্ম-কার্যামুষ্ঠান প্রদক্ষেও হাস পাইতেছে। এখন আর লোকের ধর্মের ক্রিয়াকলাপের প্রতি তেমন ভক্তি শ্রদ্ধা নাই। হিন্দু মুদলমান উভয় সমাজের পক্ষেই সেই এক কথা। এথানে খাল্য দ্রব্যের শান্তীয় ব্যবস্থা সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করাও আবশ্রক। দেশ, কাল পাত্র ভেদেই খাজের ব্যবস্থা হইয়া থাকে। হিন্দু শাস্ত্রের খাজ-ব্যবস্থা অতি বৈজ্ঞানিক এবং উহা সম্পূর্ণ স্বাস্থ্য-সঙ্গত। মুসলমানদিগের বাবস্থাও যে তাহা হইতে অক্সরূপ, এমন বিবেচনা করিবার কোন কারণ নাই। শাস্ত্র-

কারেরা গভীরজ্ঞানী ও ভরদর্শী। ধর্মকার্যা ও স্বাস্থ্য-সাধন, এই উভয় বিধ উদ্দেশ্য সম্বাহে বাৰিয়াই থাজন্তব্যের ব্যবস্থা হইয়াছে। তাঁহারা সে বিষয়ে কথনই দৃষ্টিহীন হইতে পারেন না ! তাঁহাদের তত্তজান ও লৌকিকজ্ঞান, অন্তের অপেকা যথেষ্ট না হইলে, তাঁহাদের বাবস্থা 'ডেড-লেটার' বা মান্ধাতার বিধিতে পর্যাবসিত হইত, একথা নিশ্চিত। যে দেশে যেরূপ খাছাদ্রব্য অধিক প্রাপ্য এবং স্বাস্থ্যের অনুকুল, সেই দেশে সেই খাতাই আহার্য। স্বাস্থ্যক্ষা না হইলে থাতা, খাতাই নয়। স্বাস্থাই ধর্ম, অর্থ, কমে, মোক্ষ এই চতুর্বর্গের মূল। শারীরতত্ত্বিদ্গণ ঘথার্থ ই উল্লেখ করিয়াছেন, "ধর্মার্থ কাম মোক্ষাণাং আরোগ্যং উত্তমং মূলং"। যে থাত স্বাস্থ্যের হানিকর তাহা অবশুই বর্জনীয়। এ বিবে-চনায় গোমাংদ এ দেশের মুদলমানদিগের পক্ষে কোন ক্রমেই স্বাস্থ্যের অনুকৃল নহে। ভারতবর্ষ, অতি উষ্ণ-প্রধান দেশ। এথানকার খাত্মনাত্রই উত্র-বীর্য্য না হইয়া অন্তরূপ হওয়া আবশুক। দেরূপ না হইলে, দেই খাতে কথনই স্বাস্থ্যরক। হইতে পারে না। স্বাস্থ্য-রক্ষা না হইলেই ধর্ম, অর্থ, কাম, মোক্ষ, সাধন, ভজন, উপার্জ্জন, আয়োজন, সবই পণ্ড হইল।। মোটের উপর, সেরূপ অবস্থায় জীবনই নিফল। মনুষ্য জন্ম অতি হল্লভ। দেই হল্লভ মানবজন ব্যর্থ হইলে, কি আর না হইতে বাকী রহিল ? পৃথিবীই মামুষের চিরলীলাভূমি নয়। ইহার পরেও অনন্ত ভবিষ্যজীবন পড়িয়া রহিয়াছে,—যেখানে এথানকার কর্মফল ভিন্ন অন্ত কিছু ভোগ্য নাই। পৃথিবীর আর সমস্তই এখানে পড়িয়া থাকে, সঙ্গে কেবল কর্ম্ম চলিয়া যায়। এরপ অবস্থায় যে থাত সাধন ভজন পরমার্থ পণের অন্তরাম, ভাহা হইতে নিবৃত্ত হওয়া কি মান্নদের উচিত নয় ৭ তাহা সর্বতোভাবে উচিত।

থাতের সঙ্গে ধর্ম্মের সম্বন্ধ আছে। কিন্তু সে সম্বন্ধ নিষিদ্ধ ভক্ষণের সহিত। শাস্ত্রে যাহা নিষিদ্ধভক্ষণ তাহা হইতে বিরত থাকাই কর্ত্তবা কর্ম। তবে যদি শাস্ত্র-সঙ্গত এমন কোন খান্ত দ্রব্য থাকে, যাহা ভক্ষণ করিলে স্বাস্থ্যের অনিষ্ট হইতে পারে, দে খাদ্য হইতে বিরত হইলে কি কোন পাপ-সঞ্চয় হয় ? আশা করি, সেরূপ ব্যবস্থা, কোন ব্যবস্থাপকই করিবেন না। আমরা নিজে মুসলমান। সাধ্যপক্ষে এসলামনীতি পালন করিতে যথাসাধ্য চেষ্টা করিয়া থাকি। তবে শাস্ত্রবিধি পালন, আমাদের স্থায় সংসার-বিষক্ষমির পক্ষে অসম্ভব। তবে যতটা সাধ্য, ততটা পালন করা ব্যক্তিমাত্রেরই কর্ত্তবা। আমরা সে কর্ত্তবা পালনে যে তত সক্ষম. একথা বলা অহস্কার মাত্র। পদে পদে অনেক বিষয়েই আমরা শান্তবিধি শত্যন করিয়া থাকি, একথা স্বীকার না করাই সভ্যের অপলাপ। যাহা হউক, আমরা গোমাংস অতি পবিত্র জানিয়াও তাহা হইতে বির**ত**। কেননা, তাহাতে আমাদের স্বাস্থ্য-রক্ষা হয় না, বরং শরীরের পক্ষে নিতান্ত व्यनिष्ठे-कत् । अत्मर्भ मूत्रमभारनत भर्षा व्यनक लोक त्मिश्रेरा शाहे, থাঁহারা গোমাংস ভক্ষণ করেন না। তাহার প্রধান কারণ, কোন রোগের আক্রমণ বা শরীরের পক্ষে অসহ্যবিধায়। অনেক রোগ এমন আছে, (উদর-পীড়া, কাশি, বাত-ব্যাধি প্রভৃতি) ঘাহা গোমাংস ভক্ষণে নিতাস্ত প্রবল হইয়া পড়ে এবং এমন কি, অনেক সময়ে নিতান্ত সাংঘাতিকও হয়। প্রসিদ্ধ প্রসিদ্ধ ডাক্টারদিগের মত, প্রায় পনর স্মানা স্থলে গোমাংস ভক্ষণের আতিশ্যা হইতেই নিতান্ত জঘত্ত কষ্টদায়ক কুৰ্ছ-রোগের উৎপত্তি। ডাব্রুলিগের ইহাও মত বে, উষ্ণাতিশ্য্য হইতেই উক্ত রোগের স্টুচনা। একে ভারতবর্ষমতি উষ্ণপ্রধান দেশ, তাহাতে আবার সকলের অধিক উগ্র-বীর্ঘ্য গোমাংস ভক্ষণে যে সে রোগের উৎপত্তি হইবে, ইহা অবিশ্বাদ যোগ্য নহে। সেরূপ হওয়াই স্বাস্থ্য-বিধিপক্ষে নিতাস্ত সঙ্গত। আর একটা কথা এথানে বলা নিতান্ত প্রয়োজন। এ প্রসঙ্গে তাহা না বলিশে নয়। এই ভারতবর্ষ, কৃষি-প্রধান দেশ। এদেশে অধিকাংশ লোক কৃষি-জীবী । কৃষিকার্যাই নিমশ্রেণীর মুসল-মান ও অনার্যা হিন্দু সম্প্রনায়ের একমাত্র জীবিকার উপায়। যে সমস্ত পশু কৃষিকার্য্যের সহায়, তনাধ্যে গ্রুই প্রধান। পাশ্চাতা ভূভাগে অখের ছারা হল-চালনার প্রথা আছে, কিন্তু অম্বদেশে সেরূপ প্রচলন নাই। স্কুতরাং গরুই প্রধানতঃ কৃষিকার্য্যের সহায় এরূপস্থলে গো-বধ প্রথার প্রশ্রম, কোনক্রমেই দক্ষত নয়। আমরা তাহার পক্ষপাতা নহি। একে দুর ভারতবর্ষ হইতে ইংল্ড পর্যান্ত গোমাংস চালান হইয়া থাকে। তাহাতেই সহস্র সহস্র গো জাতির ধ্বংস হইতেছে। ইহার উপর যদি মুসলমানেরা অক্সান্ত থাজজীব থাকিতে গোজাতি ধ্বংস-প্রবৃত্ত হন, তাহা হইলে অচিরে দে জাতির লোপ না হইয়া ঘাইবে না। তথন কৃষিকার্য্যের দশা কি হইবে. ইহা কি একবার ভাবিয়া দেখয়া উচিত নয় ? আর যদি নিতান্ত ধর্ম্মের দোহাই দিয়া, ধর্মক্রিয়ার অমুরোধে গোবধ করিতে হয়, তাহা হইলেও তাহা গোপনে সম্পন্ন করাই বিধি। কেননা, শাস্ত্রে প্রতিবেশীর অন্তঃকরণে আঘাত করিবার কোন ব্যবস্থা নাই। হিন্দুগণ আমানের প্রতিবেশী। যে গ্রামে পঞ্চাশ-ঘর মুদলমানের বাদ, দে গ্রামে হয়ত দশ ঘর হিন্দুও আছেন। হিন্দুগণ ত প্রতিবেশী বটে ? তবে কেন তাঁহাদের সহিত প্রতিবেশী-সম্বন্ধ বিক্লত করিবার চেষ্টা ? ধর্মাকার্য্য গোপনে সাধনের বিষয়। সেরপ বিবেচনায়ও গো-বধ হিন্দুর সমূথে, দৃষ্টিগোচরে না করাই। স্থান-সঙ্গত, ধর্ম-বিহিত। হিন্দুগণ, যে কারণেই হউক, গোলাতিকে নিতান্ত ভক্তিশ্রদা করিয়া থাকেন। এমন কি, দেবতা বলিয়াই তাঁহাদের

অনেকের বিশ্বাস। কোন জাতিরই ধর্ম-বিশ্বাসে আঘাত করা আমাদের বিবেচনার স্থায়-সঙ্গত নয়। সেরপ করিলে, হিন্দুগণের প্রাণেও আঘাত লাগে, ধর্মেও আঘাত লাগে। তথন সেরপ না করাই যুক্তিযুক্ত। অকারণ হিন্দুর সহিত মুসলমানের বিবাদ করা কোনক্রমেই উচিত নয়। হিন্দুগণের প্রতিও অহুরোধ, যদি কোনস্থলে মুসলমানগণ, ধর্মের অহুরোধে গো-বধ করিতে বাধ্য হন এবং এরপভাবে তাহা সম্পন্ন করেন যে, হিন্দুর তাহা দৃষ্টিগোচরে পতিত না হয় বা অস্তরে আঘাত না করে, তবে সেইজন্ত গায়ে পড়িয়া মুসলমানের সহিত বিবাদে প্রবৃত্ত না হন। যেরপ বিবাদে হিন্দুগণ ধর্ম্মকার্য্যে বাধা দিবার অপরাধে অপরাধী। এ সম্বন্ধে এথানে আর আমরা অধিক আলোচনা করা তেমন প্রয়োজন মনে করি না। হিন্দুর মধ্যে অধিকাংশ লোক শিক্ষিত, জ্ঞানী ও বিজ্ঞ। তাঁহা-দিগকে অধিক করিয়া একথা বুঝাইবার তেমন কোন আবশ্রকতা নাই।

এথানে আর একটা কথা আলোচনা করিবার প্রয়োজন। হিন্দুলিগের মধ্যে স্পর্ল-দোষ বড়ই মারাত্মক। অনেক অর্জনিক্ষিত, এমন কি শিক্ষিত হিন্দুও মুসলমানদিগকে স্পর্ল করা অপবিত্রজনক মনে করেন। মুসলমান জাতি বে, কিসে অস্পূর্ল, একথা আমরা চিস্তা করিয়া উঠিতে পারি না। এরূপ ঘুণার ভাব উদ্রিক্ত হইবার কারণ—মুসলমানের আচার ব্যবহার, শাস্ত্রবিধির অনভিজ্ঞতা। মুসলমান শাস্ত্রবিধিতে, অন্তরশুচি ও বহিঃ শুচির স্থলর ব্যবস্থা আছে। সে সব অনেক হিন্দুই অনুসন্ধান না করিয়া মুসলমান জাতির প্রতি অকারণ কুসংস্কারাবিষ্ট হইয়া থাকেন না করিয়া মুসলমান জাতির প্রতি অকারণ কুসংস্কারাবিষ্ট হইয়া থাকেন এবং তজ্জন্ত অনেক অনিষ্টও ঘটিয়া থাকে। অনেক মুসলমান বলিয়া থাকেন এবং তাহাদিগকে প্রবোধ দেওয়াও দায় যে, হিন্গণ মুসলমান-দিগকে কুকুর শুগালের অধিক দুণা করিয়া থাকেন। অনেকস্থলে, মূলে

সেরপ হউক না হউক, বাহতর সেইরপই বোধ জন্ম। কুরুর কি শুগাল হিন্দুর রন্ধনশালে প্রবেশ করিলে, পাকপাত্র প্রভৃতির আন্তার্কুড়ে বিসর্জনের থাবস্থা তেমন কঠোর ভাবে হয় না। কিন্তু কোন মুদলমান, রশ্বনশালার ত্রিসীমায় পদার্পণ না করিতেই পাকপাত্রের নির্কাসন ব্যবস্থা হইয়া পড়ে। এরপ আমরা প্রতাক্ষ করিয়াও থাকি। ইহাতে কি মুসলমানের অন্তঃকরণে আঘাত লাগে না ? আঘাত লাগে কি না, তাহা বিজ্ঞব্যাক্তিমাত্রই বিবেচনা করিয়া দেখিলে বুঝিতে পারিবেন। সুসলমান শাস্ত্রে কুরুর এরূপ অম্পু শু প্রাণী যে, যেখানে ভাহাদের একবার গভাগতি হয়, সেথানে উপাসনা পর্যান্ত নিষিদ্ধ। এ অবস্থায় মুসল্মান অবশুই মনে করিতে পারেন, হিন্দুগণ কুকুর অপেকাও তাহাদিগকে অধিক মুণা করেন। যে কুরুর মুদলমান শাস্ত্র-বিধি মতে অতি ঘুণ্য, অস্পুঞ্, সে কুরুর অপেক্ষাও হিন্দুর চকে মুসলমান জঘন্তা, একথা চিন্তা করিয়া মুদ্রমানের অন্তঃকরণে কিরূপ ভাব উদ্যু হইবার সন্তাবনা, তাহা বিজ্ঞ-মাত্রই একবার চিন্তা করিয়া দেখিবেন। অনেক পাড়াগেঁয়ে হিন্দু, যাঁহারা কখনও বাটীর চতুঃশালার বাহিরে পদার্পণ করেন নাই, বিদেশের কোন থবর রাখেন না, অন্ত ধর্মাবলম্বীর আচার ব্যবহার ধর্মনীতি জানিতে গাঁহাদের কখনও প্রবৃত্তি হয় না, তাঁহারাই যে এইরূপ করিয়া থাকেন, ইহা আমরা নি:সন্দেহে বলিতে পারি। তাঁহাদের ধারণা, মুসলমান জাতি অতি বিকট, নিপট, কপট মেচ্ছাচার। মুদলমানের আবার আচার-নিষ্ঠা কি ? তাহারা আহার করিবার সময় মাতুরে বসে এবং নাকে মুখে এক করিয়া কাচা পলাঞ্সহ গ্রাস গ্রাস ভক্ষণ করে, অন্ন, ব্যঞ্জন, ঝোলে পরিধান ৰস্ত্র রঞ্জিত করে এবং পোপ দাড়িতেও তাহাদের দে সব চিহু থাকে !! মুসল-মান সহত্ত্বে হিন্দুর এরূপ কুসংস্থার বড়ই অনিষ্টকারক, বড়ই সাংঘাতিক।

বাস্তবিকপক্ষে মুস্লমানদিগের সেরূপ অপরাধ কম। তবে যাগাং। নিতান্ত অশিক্ষিত, পরিষ্কার-পরিচ্ছন্নতা-জ্ঞান-বিবর্জ্জিত, তাহারাই তাহার কোন কোন অপরাধে অপরাধী হইতে পারে। পেয়াজ অতি তুর্গন্ধময়। রন্ধনের সহিত তাহার ব্যবহার-বিধি থাকিলেও কাচার সহিত সে বিধির কোনই সংস্রব নাই। অন্নগ্রাসের সহিত অপক-পলাগু-ভক্ষণ শাস্ত্র-বিধিতে ভয়ানক নিষিদ্ধ। মুসলমান মাত্রেরই প্রভাহ পাঁচবার উপাসনা করিবার কঠোর ব্যবস্থা। এ ব্যবস্থা শাস্ত্রীয় এবং প্রধান মধ্যে গণ্য। যে সমস্ত মুদলমান উপাদনা করেন, তাঁথারা কিছুতেই উক্ত পদার্থটীর অপকাস্বাদ গ্রহণ করিতে পারেন না। কেননা, তাহা হইলে উপাধনা সিদ্ধ হয় না। কোনরূপ অপবিত্র তুর্গন্ধময় পদার্থের সংস্রবে উপাসনার সাধন বিধি নাই। ভাছা একেবারেই নিষিদ্ধ। তবে আমরা ইছাও স্বীকার করি যে, সেরূপ হুই একজন অশিক্ষিত মুসলমান আছে। সে নিতান্ত ইতর-শ্রেণীর মধ্যে। তাহাদের শিক্ষা, দীক্ষা, ধর্মকর্ম ক্রিয়া-কাণ্ডের জ্ঞান নিতান্তই নাই। এই সমস্ত মুসলমান যদি হিন্দুর সহিত একাসনে উপবেশন, একতাবস্থানের দাওয়া করেন, তবে আমরা তাঁহাদের পক্ষ সমর্থনে নিতান্ত অপারগ।

হিন্দু শিক্ষিত লোকদিগের অমুকুলে এ সম্বন্ধে কিছু বলাও নিতান্ত প্রয়োজন। আমরা শৈশব হইতেই হিন্দু ভদ্রসম্প্রদায়ের সংস্রবে শিক্ষা-লাভ করিয়াছি। হিন্দু সহপাঠীদিগের সহিত্ই শৈশব হইতে থৌবনের মধ্যমাবস্থা অবধি নিরবধি অধ্যয়নকাল অভিবাহিত হইয়াছে। এই সমস্ত সহাধ্যারিগণের মধুর সৌজভের কথা এ জীবনে বিশ্বত হইব না। তাঁহারা আমাদিগকে সমুসলমান বলিয়া কথনও ছুই ভাবেন নাই। তাঁহাদের ব্যবহারেও কথন সেরূপে বাধ হয় নাই। তাঁহাদের যে সেরূপ

ভেদজ্ঞান ছিল, এমন ধারণা তখন আমাদিগের কোনরপেই জান্মতে পারে নাই। সেই সমস্ত সতার্থগণের মধ্যে পরমেশ্বরের আশীর্কাদে অনেকেই এখন বড় বড় রাজপদে নিযুক্ত। কেহ ব্যারিষ্টার, কেহ প্রভেগার, কে২ প্রসিদ্ধ ডাক্তার। এখনও তাঁহারা ছাত্রজীবনের সঙ্গা মনে করিয়া বিলক্ষণ স্নেহ মমতা করিয়া থাকেন। তবে হয়ত, কেছ কেছ সংগারে প্রবেশ করিয়া একটু এদিক ওদিকও হইতে পারেন। সেই বাল্যের সর্রতা দেই পবিত্র মধুরতা এখন স্বভাবের নিয়মে কাহার কাহারও মধ্যে একট পরিবর্ত্তিত আকার ধারণ করিলেও করিতে পারে। কিন্তু অনেকেই পূর্বের ম্বায় বাছ্যুগল প্রসারিত করিয়া আলিঙ্গন করিতে ইতস্তঃ করেন না। দেখা হইলে যেন কতই স্থী হন, বুকের মধ্যে টানিয়া লইতে ব্যতিব্যস্ত হইয়া পড়েন। সে ভাবে নিতান্তই পৃথক্ জাতিগত ভাব হৃদয় হইতে দুরীভূত হয়,—মনে হয় না, তাঁহারা হিন্দু, আমি মুসলমান। হায়। এমন মধুর ভাবে মিলন, হিলু মুসলমান সাধারণে কবে হইবে ? সে আশা কি আমরা কথনও করিতে পারি ? হায়। ভারতে কি তেমন যুগ কথনও আসিবে ? হাঁ, আসিতে পারে, কিন্তু আমরা তথন অনস্ত-নিদ্রায় নিদ্রিত, পৃথিবীর সম্বন্ধে সম্বন্ধ বির্হিত।।

প্রকৃত প্রস্তাবে শিক্ষিত ও কর্মজ্ঞানী মুসলমানের ব্যব্তার কিরূপ, ভূদেববাবু ক্বত 'সামাজিক প্রবন্ধে'র কোন প্রসঙ্গ হইতেই তাহা আমরর দেখাইবার চেষ্টা করিয়াছি, এখন আমাদের ছই জাতির নেতৃ পক্ষণিগকে অনুরোধ, তাঁহারা স্ব সম্প্রদায়ের অধীন লোকদিগকে পরস্পরের আচার ব্যবহার ধর্মনীতিতে উপযুক্ত শিক্ষিত করিবার ব্যবহা করিয়া দেন। নচেৎ ছই জাতির মধ্যে প্রাণের সহিত মিলনের আশা স্কদ্র-পরাহত। তাহা কথনই ঘটবার নয়। ভক্ত মুসলমান সমাজের আহার পরিবেশন ব্যবহা

কিরূপ, হিন্দু সাধারণ তাহা জ্ঞানিতে পারিলে তাহাদের প্রতি বিদ্বেষ-বিশিষ্ট হইবেন না, এরূপই আমাদের বিশ্বাস। আমরা এখানে সে সমস্ত বিষয় সমাক্ আলোচনা করিবার সুযোগ পাইলাম না।

মোটের উপর, হিন্দুর মনে যদি ইংতে অতি অল পরিমাণও মুসল-মানের প্রতি সম্প্রীতিভাবের উদ্দক ১য়, তাহা হইলেও আমরা মনে করিব, আমাদের পরিশ্রম সার্থক হইয়াছে।

হিন্দু বিজ্ঞ মহাজনদিগের সংখ্যা সমাজে অনেক রহিয়াছে। হতভাগ্য অধঃপতিত মুদলমান দমাজেই এদেশে শিক্ষিতের ভাগ অতি কম। হিন্দু শিক্ষিত মহোদয়গণ যদি মুগলমানকে স্নেহের চক্ষে আপনার লোকের মত দেখেন, তাহা হইলে হিন্দু সাধারণের বিদ্বেষভাবের প্রভাব দিন দিন হ্রাস হইবে, তাহা স্থানি-চিত। কতকগুলি কার্যা, ব্যবহার হিন্দুর মধ্যে এমন আছে, যাহাতে মুদলমানের মনে হিন্দুর প্রতি অপ্রদাভাব না জন্মিয়া পারে না। তাহাতে ভেদ-ভাব নিতাস্তই প্রবল হইয়া পড়ে। হিন্দুগণ বিশেষতঃ পল্লীগ্রামের হিন্দুর মধ্যে অনেকে একাসনে বসিয়া জ্বলপূর্ণ ধূম-পান-সাধনে (ছকোর) তামাক সেবা করেন না। এই ব্যাপারটা অনেক মুসলমানের পক্ষেই বড় অসহ বলিয়া বোধ হয়। মুদলমানেরা একথা বলিতে চান না বা তাঁহাদের এরূপ ইচ্ছা নয় যে, হিন্দুর সহিত একপাকে এক স্থানে ভোজন করেন। কিন্তু এটুকু ইচ্ছা করেন যে, এক স্থানে বিদিয়া পান তামাক দেবা ও গল্প গুজবে মনের স্থাথ কতকটা সময় অতিবাহিত করেন। পান তামাক এ দেশের খোদ-গল্প-বাসরে হুইটী প্রধান অব। এই হুই অক্সেরও অক্সচ্ছেদ যদি **শেরপ ভাবে ঘটে, তবে একত্র বৈঠকের কি মাধুর্য্য থাকিতে পারে** ? আর কিরূপেই বা হিন্দুর সংস্রবে আসিবার মুসলমানের প্রবৃত্তি হইডে পারে ? কথা গুলি সামান্ত বটে, কিন্তু বিশেষ বিবেচনার বিষয়। এইরূপ অনুষ্ঠান হইতেই মিলনের স্ত্রপাত হয়। তাহা না হইলে বজ্ঞা, পুতক প্রচার, মধুর সন্তাষণ, মধুরভণিতা কিছুছেই কোন ক্রমে সে মিলনের সহায়তা করিতে পারে না। কেহু সেরূপ স্বপ্নেও কর্লা করিতে পারেন না।

অামাদের এ দেশীয় মুসলমান সাধারণ ভাতগণের নিকট একটী নিবেদন আছে। সে নিবেদন এই—তাঁহারা অনেক সময়ে একটা অকারণ আবদার করিয়া থ'কেন। সে আন্দার কতদুর সঙ্গত, তাহা আমরা বুঝিয়া উঠিতে পারি না। তাঁহারা বলেন, হিন্দুগণ তাঁহাদিগকে তেমন আদর, আহ্বান, দাদর-সম্ভাষণ করেন না, বরং অত্যন্ত ঘুণার সহিত ন্যাংহার করেন,—দেরূপ মিশামিশি, আওভাও, আপ্যায়িত ভাবের নিতাম্বই অভাব। কিন্তু সেক্থা দৃশুতঃ দেরূপ ২ইলেও তাহার যথেষ্ট হেতৃবাদ আছে এবং দে কারণে হিন্দুদিগকে অকারণ নিন্দা-ভাজন মনে করা ঘাইতে পারে না। হিন্দুগণ সাধারণতঃ অধিকাংশ, অধিক সংখ্যার শিক্ষিত। তাঁহারা যে শিক্ষিত লোকের আদর জানেন না. এরপ ভাবি-বার কোনই কারণ নাই। শিক্ষিত ব্যক্তিবর্গই শিক্ষিতের আদর করিবেন, ইহা নিভাস্ত স্বাভাবিক। লোকে সাধারণতঃ বলিয়া থাকে, পণ্ডিতের আদর পণ্ডিতের কাছে, মূর্থের আদর মূর্থের কাছে। পণ্ডিত, বিষ্বান বাক্তিগণের কিছুতেই অশিক্ষিতের সংসর্গে গমন করিতে প্রবৃত্তি হয় না এবং দেক্বপ প্রবৃত্তি হইবার কি হেতৃ আছে? "সংসর্গজাদোষ শুণাভবন্তি"—দংসর্গের দোবে গুণে, দোব ও গুণের উৎপত্তি হয়। সাধু-সহবাস লোকের মনে দরা-ধর্ম ও নানা সংপ্রবৃত্তির উদ্রেক হয় এবং অসাধু মূর্থ-ব্যক্তিগণের সংসর্গ দোষে মন নিতান্ত কলুষিত হয়,—কোন-রূপ সংপ্রবৃত্তির উত্তেজনা হওয়া নিতাস্তই অসম্ভব। এই কারণে

শিক্ষিত লোকমাত্রই অশিক্ষিতের সংসর্গকে নিতান্ত মুণার স্থিতই ত্যাগ করিয়া থাকেন। পারিলে আর সেরূপ সংস্রবে প্রাণান্তেও ঘেষিতে তाँशास्त्र প্রবৃত্তি হয় না। যে ঋণের আকর্ষণে, মোহিনীশক্তিতে, পণ্ডিত সন্ধিয়ান ৰাজ্জিগণের অন্যকীয়-সংগর্গ-লালসা জন্মে অশিক্ষিত ব্যক্তিতে দে গুণের নিতান্তই অভাব। তবে কিরূপে মিলামিশি-ভাব এমন ছই সম্প্রদায়ে জনিতে পারে ? তাহা এক প্রকার অসম্ভব। নিতান্ত ধর্মবুদ্ধিবশে তাহাদিগকে ঘূণা না করিলেও, শিক্ষিত ব্যক্তিবর্গ ভাহাদের সংসর্গলাভ কিছুতেই ইচ্ছা করিতে পারেন না। এমন কি, ষে সমস্ত মৌলবী মৌলানা মুসলমান সমাজের ধর্মাধিনায়ক এবং বাঁহারা ভেদজ্ঞান করিতে শিক্ষা পান না. তাঁহারা ও সমাজের অন্যান্ত মুখীকানী পাশীনবীশের সহিত ষেরূপ আলাপ ব্যবহার করেন, অশিক্ষিত মুদলমান দিগের সহিত কি তাঁহারা প্রাণের টানে সেইরূপ মিশিয়া থাকেন গ তাহা কথনই নয়। অথচ তাঁহারা সে সমস্ত মুসলমানের স্বজাতীয়, এক ধর্মাবলম্বী এবং ধর্ম সম্বন্ধে নিতান্ত নিকট আয়ীয়। অশিক্ষিত মুসলমান সাধাৰণ কিছুতেই শিক্ষিত হিন্দুর নিকট সেরূপ ব্যবহার প্রত্যাশা করিতে পারেন না। করিলেও তাহা যুক্তি বিরুদ্ধ এবং ক্যায়া-সমত। সে আন্দার বুথা,--অবোধ শিশুর অকারণ আথটির ভায়।

আমাদের যতদ্র অভিজ্ঞতা, যতদ্র জ্ঞানের সীমা, তাহাতে বুঝিতে পারি, শিক্ষিত হিন্দুগণ, শিক্ষিত মুসলমানের প্রতি অসহাবহার অপরাধে কিছুতেই তেমন অপরাধী নন। আমরা জ্ঞানি, তাঁহারা সেরূপ মুসলমানদিগকে আদের সন্তাষণ, সৌজন্ত শিষ্টাচারে আপ্যায়িত করিতে কথনই ক্রটী করেন না। তবে যেখানে সহস্র সহস্র লোক শিক্ষিত, সেখানে হই একজন পণ্ডিত ব্যক্তির ব্যবহার অঞ্চর্মণ হওয়া আশ্চর্য্যের

বিষয় নয়। সকলেই একরূপ উদার চেতা, কুসংস্কার-বর্জিত, ধর্ম-বৃদ্ধি-শম্পার, সাধু-বাবছার-ধন্ত হইবেন, এরাপ আশা করাও অভ্যায়। লোক-মাত্রে এই কাট বিভিন্ন, প্রবৃত্তি পুণক পুণক। এরূপ অবস্থায় শিক্ষা সংখও ভিন্ন ভিন্ন শোকের মধ্যে স্বভাবের বিভিন্ন গ হওরা, স্বভাবাতিরিক্ত নম, বরং তাহা প্রকৃতিরই নিয়ম। পণ্ডিত ব্যক্তিও অনেক সময়ে মর্থের ष्यिक शाव छ, शाल-वृक्ति, मःकौर्य (इंडा थ क्वन । তবে आमत्। দেরপ পাওত, পুথি-গত-বিভা-বৃদ্ধি লোকের কথা এখানে বলিতে চাহি লা। পণ্ডিতের ব্যবহার শীলতা-শিষ্টাচার-বর্জিত, কুসংস্কারাচ্ছল না হওয়াই অভিবাহনীয়। তাহা হহলে পাণ্ডিতোর গৌরব আর কি । ভদ্ধ বোঝা বোঝা পুত্তক-বিছা-গোলা ব্যক্তি হইলেই, তাহাকে পণ্ডিত বলিয়া অথ্যাত করা যাইতে পারে না। পণ্ডিতের সংজ্ঞা সেরূপ নয়। খাছা হ'উক দে সৰ অবান্তর কথা এথানে আলোচনা ক'রবার তেমন প্রয়োজন নাই। মূল কথা এই, মুসলমান সাবারণ, শিক্ষিত হইবার পক্ষে যথাপাধ্য চেষ্টা করিতে থাকুন। তাহা হইলে দেখিবেন, তাহাদের উব্ভেক্সপ অভিযোগ, অনুযোগের আর তেমন কোন কারণ থা কবে না। (अर् मम्डा. आपत्र मधान, व मकनरे छान्यम। (यथान छन, (मरे-খানেই তাহার গতি হয়। লোক গুণের জন্তুই অপরকে সন্মান, আহ্বান করিয়া থাকে। তাহা ভিন্ন বংশের এন্ত বা অর্থের জন্ম দেরপ আন্তরিক ভক্তি শ্রহার স্থার হওয়া কথনত হয় না। যদি হয়, তবে ভাহা বাহিক-মাত্র, অন্তরের সহিত তাহার সম্পর্ক অতি কম। আমরা ানজেরা সামান্ত কিছু বর্ত্তমান যু.গর শিক্ষায় শিক্ষিত। সে শিক্ষা এত সামাত্ত হে, ভাছা ৰণিতেও লজ্জা বোধ হয়। কিন্তু তাহ। সবেও জ্ঞানী মানী ক্লত-বিষ্ হিন্দুগণ, আমাদিগকে যথেষ্ট নেহ করেন এবং সৌজন্তে আপ্যাত্তিত করিতে কিছুতেই ত্রুটী করেন না। তবে তাঁহাদের সঠিত সেইরূপ মিশিতে পারিলে হয়। মনে কোনরূপ বিজাতীয় খুণা ভাব না রাখিতে পারিলেই সর্বান্ত আদর। সরল-প্রকৃতি হইতে পারিলে তাঁহার অনন্মান কোথাও নাই। "আপ্ ভালা ত জগৎ ভালা"—নিজে ভাল হইলে সকলেই ভাল। গুণে লোককে বশ করা যায়, কৌশলে শত্রুকে মির করা অসম্ভব নয়। এমন মদমত্ত বিশাল হস্তীকেও লোকে কৌশণে ধৃত করিয়া তাহার হুদ্ধে আরোহণ করে এবং দাসামুদাস ভূত্যের ভাগ নিজের আদেশ প্রতিপালন করিতে শিক্ষা দেয়। মামুষের অসাধাঃকি পূ

এ দেশার শিকিত হিলু পণ্ডিতমণ্ডলীর নিকটও আমাদের আবেদন. ্ তাহারা যথাসাধ্য মূর্থ সাধারণ মুদলমানদিগের আবদার সহ্ করিতে একটু শিক্ষা করেন। মূর্যের অন্ত ষতই দোষ থাকুক, তাহারা নিতান্ত অক্কতত্ত নয়। বরং অকৃতজ্ঞতার অপরাধ, শিক্ষিত দেগের ভাগেই অধিক। মুপ-দিগকে তেমন ব্যবহারে সম্ভূষ্ট করিতে পারিলে, তাহারা বিষ্ঠা পর্যান্ত বহন করিতে বাধ্য হয়। এরপ কি কেহ দেখিয়া থাকেন না ? অশিক্ষিত (যাহারা শুদ্ধ কতকগুলি পুস্তকের বিজ্ঞা হল্পম করে নাই) লোকের মধ্যে এমন বিস্তর লোক আছে, যাহাদিগের হইতে অনেক কার্যোদ্ধার হয়, সে কার্যা শিক্ষিতের দারায় হওয়া অণস্তব। মোটের উপর কথা বিষ্ণু শর্মার একটা উপদেশ সকলেরই স্মরণ করা উচিত। উপদেশটা সাংসাধিক প্রত্যেক কার্যোরই স্থব্দর উপযোগী। তাহা কি, অনেকেই জানেন। তবে এথানে তাহার উল্লেখ অসকত হটবে না। 'ব্যবহারেণ জায়তে মিত্রাণি শতবস্থা"—কথাটী বড়ই সার-গর্ভ। পণ্ডিত, মুর্থ সকলেরই এই উপদেশান্তনারে কার্যা করা উচিত। পুথিবীতে তাহা হ**ইলে পাপ,** বিষেষভাৰ, দেবহিংলা নিমেষে ভিরোহিত হইলা পুলের মণন্থ-মাকৃত প্রবাহিত হটবে, পৃথিনী-নরক-কুণ্ডে স্থানীয় শাল্পিবিরাজ কারবে,—মন্তর্দাহ বহির্দ্ধে বলিতে কিছুই থাকিবে না। আয়-কলহ, আতৃ-বিরোধ সাম্প্রদায়িক বিবাদ বিসমাদ দূর হট্যা, পৈশাচিক তাওক, নরকের বিভী ধকা-স্থলে নলনের দৌল্ব্যা, স্বর্দের শান্তি বিরাজ করিবে ! আহা ! সে অবস্থা কি স্থথের ! একবার সকলকেই তাহা ভাবিয়া দেখিতে বলি।

এইখানে এই পরিচ্ছেদের উপসংহারে আমা কিঞ্ছিং সান্থিক প্রসঙ্গ করিছে ইচ্ছা করি। আমরা 'মধুরেণ সমাপরেং' নীতি তেমন পালন করিছে না পারিশেও পালনের চেষ্টা করিছে পারি। তাহাতে কোন বাধা নাই। চেষ্টা যদি সংহয়, সংকল্প যদি সাধু হয়, তবে কুভকার্যা না হইলেও পণ্ডিত বিজ্ঞা বাজিকের নিকট তাহার আদের কম হয় না। এই এই আখাসে, এই ভরসায়ই সেই উভাম।

এই পৃথিনী সাজের ঘর, মায়ানাটাশালা। এখানে জীব আসে আর
যায়, কেহই স্থায়া হয় না। উদয় বিশয়, স্টেসংহার, অভ্যথান, পতন,
জগতেরই নিয়ম। এগানে ছই দিন প্রণাসে আগমন। পৃথিনীর
মায়াস্ত্র, দারাস্ত, আশ্রীয় বয়, কেহই সঙ্গের সঙ্গী নয়। সব ত্যাগ
করিয়া, প্রবাসের মায়া ছাড়িয়া লোক এমন এক দেশে যায়, যায়ার সন্ধান
লোকিক জ্ঞানের সীমায় স্টের আদি ইইতে এত কাল ধরিয়াও কিছুই
ইইল না। কত কত সাধক, কত কত তাপস, কত কত মুনি ঋষি,
সে তত্ত্ব সন্ধানে আজাবন কাটাইলেন, কিন্তু কিছুতেই তাহার কিনায়
ইইল না। সেরপ য়ে হইবে, এমন ভরসাই বা কি আছে ? জড়বিজ্ঞানের
উল্লিভ আরও হইবে, এমন আশা ঢেরই আছে। কিন্তু অধ্যাত্ম-বিজ্ঞানচর্চ্চা য়ুগের অবদান সর্কদেশেই ঘটিয়াছে। এখন আয় সে পরমার্থ
তত্ত্ব কেহু ভাল বাসেন না, ভাহাতে লোকের তেমন প্রতিই নাই।

যাহা হউক, মানুষ যে ছায়া বাজির পুতৃণ, এ কথার আর কোন ভল নাই। এ সংসার যে ভোজের বাজি, ভাহাতেও কোন সন্দেহ খাকিতে পারে না এথানে ছই দিনের জন্ত আসা, তারপর পসরা শুটাইয়া একে একে সকলেরই প্রস্থান, ইহা নিতা প্রতাক্ষণোচর বিষয়। किन माञ्च अमन्दे खामत नाम. (मार्टत कींटे, मार्शत कींव रव, रमकथा তিবার্ত্ন ভাবিতে অবদর পায় না। যদি কাহারও কখন ভাবিবার একট অবদর হয়, তথনই মায়া শতগুণে প্রবল হইয়া তাহার দে তব্-ख्डान चाष्ट्रत कतिया (करण.—मासूष (र जक्षकारत रम बक्षकारतरे थारक !! লচেৎ অস্থায়ী ভবপ্রবাদের স্থাথের জন্ম কেন এত সারামারি কাটাকাটি করিতে প্রবুত ছটবে ? মাতুষ স্বথেও একবার 'লেষের দেদন,' 'ভয়ন্ধর শরিণাম' ভাবিতে পারে কি? পারলেও দেরপ মহাজনের সংখ্যা ক্ত । তাহা অতি সামার। যদি তাঁছাদের সংখ্যা শতকরা পাচগুন ও ছইত, তবে পৃথিকী এরূপ মারুষে মারুষে বিবাদের স্থান, রণর্জের প্রথার কথনই হইতে পারিত না। পৃথিবী তাহা হইলে কখনই নরশোণিতে প্লাবিত হইলা ভয়ত্বমূর্ত্তি ধারণ করিত না,—সকলেই সৌভাত্যাগুণে অপরকে বনীভূত করিয়া এই সংদার প্রবাসকে দিবা ঘামিনা শান্তির রঙ্গভূমি করিতে চেষ্টা করিত। পৃথিবীতে আর অশান্তির বিভীষিকা এক দণ্ড ও ডিটিতে পারিত না তাই বলি, এ সংসার ঘাঁহার মাখা-নাট্য-भागा, विनि এই विभाग পृथिवी, विश्वजगर उद्ध ।, जिनि नकन आगीरक नमान खादवरे जूना स्मर करतन। छारात निकडे धनो, निर्धन, ताका, প্রজা সকলেই সমান . এমন কি তাঁখার নিকট তিল পরিমাণও হস্তা মশকের ভেদজ্ঞান স্থান পায় না। তিনি যেমন পর্ণশালাবাসী ভিগারীর প্রতি মেহবান, তেমনই অট্রালকাবাসী ধনী বিলাসীর প্রতি

তৃণ'দশী। তাঁহার নিকট, ইছদী, মুসলমান, হিন্দু, খুইান বলিয়া—কোন ভেদ আছে কি? তিনি সমভাবে সকলকেই যাহার যেরূপ যোগ্য সেরূপ —পানীয়, ভোজা, পরিধেয় বিতরণ করিয়া প্রতিপালন কবিতেছেন p একই সূর্যা সমান ভাবে সকলের নিকট কিয়ণ দান করিতেছে একট বায়ুদাগরে নিমগ্ন থাকিয়া ভীনমাত্র দন্ধীব রহিয়াছে; একই শশী গুপনে গৌরবপ্রভা বিক্ষরণ করিয়া কান্ধানের কুটীর, ধনীর প্রাসাদোপরি জ্যোৎসাধারা ঢালিয়া দিতেছে !! পরমেশ্বর কি কাহাকেও কোনরূপ. প্রকৃতির দান হইতে ৰঞ্চিত রাখিয়াছেন ? হি দু মুদলমান একই পর্মে-খরের সৃষ্টি,—তাঁহার দৃষ্টিতে চণ্ডাল মজুর, সাহেব হজুর, পণ্ডিত মুখ সকলেই সমান, কণাপরিখাণেও ভাহাতে ইতর বিশেষ নাই। আমরা না বৃঝিয়াট কেবল আত্ম-কলকে প্রবৃত্ত। মাতুষমাত্রই এক পরম পিতার সকলেরই আদি কারণ এক অনন্ত বিণাটপুরুষ। তবে আর কেন বিশাদে প্রবৃত্তি 💡 তবে কেন প্রমেখরের প্রতি হিংদা ; তবে কেন একজনকে অপরের ঘুণা করিবার ইচ্ছা? মধুর ভ্রাতভাবের মিলনে এই নখর জীবজগতে কোনমতে মান সন্ত্রমে পালাইবার চেটা সকলেরই কর্দ্তবা। যদি পৃথিবী শাখত, চিরস্থায়ী হইত, তবে ইহার একাধিপত্য, मदे संवर्षा आत्मव देण्हा निक्तनीव ना इटेलि शावि । किन्न शिथेवी তেমন স্থান নয়।

পৃথিবী সভাসতাই মায়ার নট নটা নর নারীতে পরিপূর্ণ। ইহা
বিচিত্র এক স্থান !! এথানে কেহ চিরস্থায়ী বাস করিতে আসে না। এমন
যে রঙ্গরসের হাট, হঠাৎ সেধানে কালাস্তক যম আসিয়া সমস্ত নাটরঙ্গ
ভাজিয়া দেয়, বাদহাটা মিলাইয়া ঠাট চুর্ণ করে !! এ পৃথিবীতে জীবমাত্রেরই মৃত্যু অলজ্বনীয় পরিণাম,—ভাচা কাহারও এড়াইবার সাধ্য

নাই। মৃত্যু ক্রকুটি করিয়া ক্লে বিরাজনান,—কোনু সময়ে কাহার তণর খানে, কিছুই ঠিকানা নাই :--মল জৈতে ভীমপরাক্রমে কালাস্তক সর্বসংখানী যম কাখাকে কথম আক্রমণ করে.—কাখাব জীবনলালা সংস্থ করিয়া দেয়, তাংর ভিরতা কি ? এত্ন পুণিবীতে সাসিয়া বুণা বিবাদ বিষয়াদ কেন / মাতুষ যদি মৃত্যুরই অধীন — মাতুষ যদি সরিলে আর এখানে 'করিয়া না আসে, তবে পুর্ণিনীর স্থুখদম্পদ, পদর্গোরবের জ্ঞ ক্ষমিকীটের ভার ম কুব সংসার-বিষ্ঠার মত্ত কেন ? বিগাদেরই বা প্রয়ো-জন কি ? লু'ভায় ল্রাভার এ কলছ কেন ? ঈশ্বের সম্বন্ধে হিন্দ মুসলমান কি একট পিতার সম্ভান নয় 🤊 তাঁহারা কি পরস্পর প্রস্পারের ভাতানর ? জ্ঞানীর কাছে তাহাই বটে ৷ তবে কেন মধুর ভাতৃ-সম্ম কলুষিত কৰিবার প্রবৃত্তি > কেন ভ্রাতায় প্রাত্তায় পরস্পারে ঘুণা বিদ্বেষ > हिन् मृग्नमान जो ज्ञान ! जामारमत निर्वातन, अञ्चय, विनय, जारवान,-একবার সকলেই পরিণাম ভাবিয়া দেখন। পরস্পারে বিবাদ কল্ছ কর। কি উচিত ় ভাহাতে কি কোন ফল-আশ। আছে ় না, কিছুই নাই। ভক্ত জগং হাদাইবার দংকল। ইহা অল প্রতাপের বিষয় কি । মুক্তা পর্যান্ত পৃথিবীর দহিত সম্বন্ধ; সে সম্বন্ধ অব্ঞ ছদিনের জ্বান্ত, চির-স্থায়ী নয়। তবে আর কণছের সাধ কেন? তাহাতে বিধাদ ভিল প্রদাদ বা স্থের কোনই আশা নাই। খ্রীষ্টান, ইছনী, মুসলমান শাস্তামু-সারে আদমই মানুষের আদিপুরুষ। তিনি নয় শত বর্ষেরও অধিক কাল পৃথিবীতে জীবি ছ ছিলেন। মৃত্যুর পর যথন স্বর্গীয় দূত তাঁহাকে পৃথিবী-বাসের কাল বিষয়ে জিজ্ঞাসা করেন, তথন তিনি বলেন, "আমার বোধ रत्र, পृथिवीटङ **এই शिवाहिनाम. এই আদি**नाम:-- একটা চটকপকা বেমন গ্রের এক ছার দিয়া প্রবেশ করিয়া অন্ত ছার দিয়া নিমেষে চলিয়া

স্বদেশী আন্দোলমে তুই জাতি। ২০১

যায়, আমার বোধ হয়, এতটুকু সময় আমি পৃথিবীতে ছিলাম, হায়! সে যেন স্বপ্লেরই মোহ, এখন সে সব কোপায় ?"

বাস্তবিক পৃথিবীর ঘরবাড়ী বলত্যাস অতি নিমেষকালের জন্তই।
পলক পড়িতে না পড়িতে যম আসিয়া ছেঁঁ। মারিয়া লইয়া যায়! বিদায়
হইলেই মান্তবেরা, "gone to the undiscovered country, from
whose bourne no traveller returns"। হিন্দুগণ পুনর্জনে বিশাস
করেন! তাহারই বা দেরপ প্রমাণ কি? প্রমাণ থাকিলেও ছল্ল আমানব
জন্ম লাভেরই বা কি ভরসা? সহসা যথন পৃথিবীর রঙ্গরসের সাঞ্চ
পালা আইসে, তথন আর কেন বিবাদাকরিয়া জীবনের নিমেষ কালচুক্
বিষাক্ত করা, অশান্তিময় করিয়া তোলা? অধিক আর আমরা কিছু
বলিতে চাহি না। যাহা বলিলাম, তাহাই এক্ষেত্রে যথেই।

পঞ্চম পরিচ্ছেদ

স্বদেশী আন্দোলনে তুই জাতি

এই বঙ্গদেশ ভারতের অন্তর্গত। ভারতভূমি, কিরূপ সমৃদ্ধিশালিনী, তাহা সকল দেশেরই কবিগণ গাহিয়াছেন! বিশেষতঃ ভারতীয় কবি-গণের সে গীতিকাব্যের স্রোত কোনকালেই ফুরাইবার নয়। ৰঙ্কিম বাবু এক স্থানে ভারত-প্রসঙ্গে অল্ল কথায় বলিয়াছেন;—"ভারত সর্ব্ধ রফ্লপ্রেবিনী, স্মৃতরাং সকলেরই লোভের পাত্রী।" অন্ত এক বঙ্গীয় থ্যাতনামা কবি গাহিয়াছেন;—

"জয় জয় জয়-ভৄমি, জননী!

যার, স্তল্য স্থাময় শোণিত ধমনী;
কীর্ত্তি গীতি-জিত, স্তস্তিত, অবনত,
মৃয়, লুক, এই স্থবিপুল ধরণী!
উজ্জল-কাঞ্চন হীরক-মৃক্তা—
মণিময়-হার-বিভূষণ-যুক্তা;
ভামল শস্ত পুল্প ফল-পূরিত,
সকল দেশ-জয় মৃক্ট মণি!
সর্বা শৈল-জিত, হিমগিরি শৃলে,
মধুর-গীতি-চির-ম্থরিত ভূলে,
সাছস-বিক্রম-বীর্যা বিমণ্ডিত,
সঞ্চিত-পরিশত-জ্ঞান-থন।"

ভারতের গুণ-প্রাম বর্ণনার বিষয় নয়! এ ভারত নিশ্চরই "য়য়লা, মুফলা শশু শ্রামলা" হিন্দুর ভাষায়, কমলায় ভাণ্ডায়। এথানে এমন শশু কি না আছে, যাহার জন্ম অন্ত দেশীয়েরা লালায়িত না হয়? এথানে দেখানে ভারতের নান। স্থানে, কত শত হিরণার্ব্য-বিন্দিত, বীজ-শার্মনিগুত ক্ষেত্র রহিয়াছে, কত শতই বা হরিং-শপ্স-ভূষিত, শ্রামল-তৃণ-দল-আচ্ছাদিত প্রান্তর পড়িয়া আছে!! কত বন, কত উপবন যোজনের পর বোজন ব্যাপিয়া বিস্তৃত, তাহারই বা সংখ্যা নির্ণয় করে কে ? গঙ্গা, সিয়ৣ, য়য়ুনা, গোলাবরী প্রভৃতি ভরঙ্গিনীয়ণ, রঙ্গে রঙ্গে ভরঙ্গ তৃলিয়া কুটিল গভিভঙ্গে, ভূজপ্রের স্থায় ভারতের নানা স্থান বেড়িয়া আছে ,— তাহাদের স্রোতকোলাহল কখন অতি ভীষণ, কখন মৃহ্মন্দ, নানা রাগ্রন্দ অম্বন্ধে প্রবাহিত। কখন বা ভাহারা উত্তাল তরঙ্গভঙ্গে ভীষণ-মূর্ত্রি, কখন বা নিতাস্ত শাস্ত দর্শন। কখনও তাহাদের বক্ষে লোম-হর্ষণ আবর্ত্ত-সঙ্গটে নাবিকের প্রমাদ, কখনও মৃহ্ল লছরীসঞ্গে নৌ-অভিযান রঙ্গে প্রমোদ-বিলাসীগণের গগন প্লাবিনী গীতি-প্রসাদ! ভারতের সহিত্ত কোন্ দেশের তুগনা হইতে পারে ?

সেই সমস্ত নদ নদীর তউভূমিই বা কি বিচিত্র প্রকৃতির বিশাসক্ষেত্র!
তাহাদের তীরে কত শত লাতাকুঃ; সেই সমস্ত লতাকুঞ্জে পুঞ্জে মুকুমার বন-কুসুমগণের অভূত বিকাশ ছেটা, তাহাতে মধুমত্ত মধুপ-গণেরই বা কি বিচিত্র গুঞ্জরণ ঘটা!! কত শত বিচিত্র-বর্ণ, বিচিত্র কণ্ঠ বিহলগণের কাকলীতে সেই সমস্ত কুঞ্জবন প্রতিধ্বনিত। সে সমস্ত লতামগুপে, বনতক শাধায়, বার মাস কোকিল 'কুহ' 'কুহ' ধ্বনিতে বসস্তের সাড়া দিতেছে,—ভারতে চিরবস্তুই বিরাজিত! বন্ধ, কি ভারতের

বন বিপিনে কোন দিনেই কল-কণ্ঠবিহগের কলগানের বিরাম নাই.—
কুসুমকুলের মধুর হাসির কথনই অভাব হয় না।

লঙ বাইরণ্ (English Poet—Lord Byron) মধ্য যুগের ইটালীর প্তন স্বরণ করিয়া মধুরে মধুর মিশাইয়া গাহিয়াছেন ;—

"Italia! Oh Italia! Thou who hast
The fatal gift of beauty, which became
Funeral dower of present woes and past;—"

সেই "ইটালীয়া'রই কি ভারতের সঞ্চিত তুলনা শোভা পায় ? সেই তুষার-হিমানী-মান-মুখী ইটালীয়ার সহিত, কি চির-কৌমুদী-হাস্ত-ময়ী, ফুল-কুসুমদাম-বিলাসিনী, নধর-পল্লব-কেশ-শোভিনী মোহিনী ভারত ভূমির তুলনা সঙ্গত ? তাহা কথনই নয় !

' 'ইটালীয়া', চির-অমাবস্থা, চির-কুহা-তিমিরাবপ্তর্গনবতী। অসতী কুলটার স্থায় চিরকালই সঙ্কোচ-শালিনী! কিন্তু ভারতবিলাসিনী, চির-কালই কুমারীর কোমল কমনীয়তায়, সর্লতায়, মধুরতায়, শৈশব যৌবন-সল্লের প্রফুল্লতায় কবিচিত্তহারিণী, সর্ল-কটাক্ষ-সঞ্চারিণী!! তাঁহার ক্লিত-লাবণ্য, গলিত-হাস্থ-ধারা, শারদ-শশীর স্থায় চল চল,—দে সৌন্দর্য, দে সৌকুমার্য অতি আশ্চর্য; তাহার কি কোন তুলনা আছে?

কবিবর স্কট্ ক্যালেডনিয়া সম্বন্ধে গাহিয়াছেন ;---

"Oh! Caledonia, sweet and wild Thou fit nurse for a poetic child."

আমরা বলি, সে কথা কবির অহস্কার। ভারতই "স্বভাবের শিও" কবিগণের সেইরূপ ধাত্রী,—মধুর কল্পনা-বিলাসভূমি! স্বটের সে কেবল শৃস্ত কুন্তের মত দম্ভমাত্র! ভারতের সংবাদ রাথিলে তিনি ওরূপ লিখিতে নিশ্চরই লজ্জিত ছইতেন!

এই ভারত-বর্ষের সমস্ত উত্তর সীমা বেড়িয়া পৃথিবীর অত্যান্ত পর্বাত-মালা হিমালয় বিরাজ করে,—অন্যন হই শত মাইল-ব্যাপী। এই শৈল-শ্রেণী পৃথিবীর মধ্যে সর্বাপেকা বৃহৎ। ইহার শৃঙ্গ সকল অসংখ্য এবং উত্তুঙ্গ, আকাশ-চৃত্বিত। তাহাদিগকে দূর হইতে দেখিলে বোধ হর, যেন অভ্রভেদ করিয়া দণ্ডায়মান। কোন কোনটা আবার চির-তুষার-মণ্ডিত, এবং যথন প্রভাত-ভান্ত-রিমি বা উষারাগরঞ্জিত হয়, তথন বোধ হয়, যেন নব-কাদ্বিনী-বিশ্বসিত, নানাবর্গ-ভাতি-চমকিত মনোহর ইন্দ্রচাণ গাঞ্জিত করিয়া, নয়ন ঝলসিত করিতে থাকে! মনঃপ্রাণ মোহিত করিয়া কেলে!! সে দৃশ্র কি অপুর্কা,—কি চমৎকার কবিকর্মা-বিলাস-স্থান! সহল্র-ক্ষৃতিক-স্তম্ভে যেন সহল্র অগ্নি-শিথাকাল প্রতিবিশ্বিত হইয়া দূর হইতে ঝল্ ঝল্ ঝিকিমিকি করিতেছে,—যেন যমুনার স্বচ্ছ বারিরাশিতে অন্তগামা-প্রায় স্থেয়ের রশ্মিথেলা,— চক্ চক্ ঝক্ ঝক্ মৃছ্ বাতান্দোলিত প্রভাজালের লীলা-নর্তান, বিলাস-কীর্তান;—মে এক অপুর্কা দৃশ্রই বটে!!

কবিবর মাইকেল মধুস্দন দত্ত, কলনা-বিলাসে মদমন্তপ্রায় হইয়া "তিলোক্তমানসন্তব" কাব্যের আদিতে যে হিমালয়ের ধবলাগিরি শৃঙ্গের বর্ণনা দিয়াছেন, তাহা অতি মনোনদ; অল্প কথায় সেরূপ ভাব-সম্বাদিনী বর্ণনা, অতি অল্প কবিরই লেখনি হইতে প্রস্তুত হইয়াছে। উহা পার্কত্যিকতিক-বৌল্ব্যা-বর্ণন-চিত্রের পরাকাষ্ঠা,—কবিছ, মাধুর্যা-রসের খনি, —বঙ্গীয় কবি শিরোমণির অপূর্ক্ কলনা সম্পদের জগন্ত নিদর্শন! আমরঃ তাহা উদ্ভুত না করিয়া পারিলাম না। তাহা এইরূপ;—

"ধবল নামেতে গিরি হিমাজির শিরে অভ্রন্তেদী দেব-আত্মা ভীম দরশন; সভত ধবলাক্তি, অচল অটল; যেন উদ্ধ-বাছ সদা গুল্রবেশধারী
নিমগ্ন তপংসাগরে ব্যোম্-কেশ শূলী
যোগী-কুলধ্যেয় সোগী। * * *

এই হিমালম হইতেই গঙ্গা, সিন্ধু, ব্রহ্মপুত্র প্রভৃতি নদনদীর উৎপত্তি। তাহারা নানাদেশ, জনপদ, প্রান্তর, বনভূমির উপয় দিয়া প্রবাহিত হইতে হইতে অবশেষে সাগরে মিলিত হইয়াছে।

যে সমস্ত দেশের বা জনপদের উপর দিয়া এই সমস্ত নদীর গতি, সে সমস্ত ভূভাগ নানাশস্ত ভাণ্ডার। সেরপ্রধনধান্ত পরিপূর্ণ স্থান জগতের অন্ত কোথাও দৃষ্টিগোচর হয় না। ভারতের ধন, ধারু, মণি মুক্তা রুত্ব প্রভৃতি ঐশর্য্যের তুলনা এককালে কোন দেশেই ছিল না। কিন্তু ভারতের দে দিন, সে কাল গভপ্রায়। ভারত এখন রিক্ত-মণিমুক্তা ভাণ্ডার. তাঁহার চুদ্দশার এখন পাষাণও গলিয়া যায় ! যে ভারতভূমি এককালে কুস্থম-কুগুলা, কাম-কলাবতীর স্থায় সৌন্দর্য্য-শালিনী ছিল, এখন তাহাতে নিত্য শ্মশান-বিভীষিকা, নিত্য চুভিক্ষরাক্ষ্যের পৈশাচিক উন্মন্ত তাণ্ডব। ভারতের সে কাল এখন কোণায়? প্রতি বংসরে ছতিক্ষ, মহামারিতে নগ-রের পর নগর, গ্রামের পর গ্রাম উৎসর দিতেছে,—'হা অর' 'হা অর' করিয়া চতুর্দিকে হাহাকার ! শতকরা অর্শাতিজন অরের কাঙ্গাল,—জাঙ্গাল, রান্তা বাধিয়া, মজুরি করিয়া কোনরূপে কায়ক্লেশে দিনপাত করে। ইষ্টা অপেক্ষা শোচনীয় পরিণাম আর কি হইতে পারে !! এই বঙ্গদেশেই পরপর তিন বৎসর দেখিতেছি, ছভিক্ষ কিছুতেই ছাড়া নাই। "অন্ন বিনা অরদার গুখায়েছে আঁত"-ভারতের দশা এখন তাই হইয়াছে! পেটে ভাত, গেটেসোণা পূর্ব্বে ধনা, মনা, যত, মাধু অতি ইতর শ্রেণীর লোকেরও কিন্তু এখন ধনীদিগেরও অরক্ট ছাড়ার না। সাধারণ দরিদ্র-

দিগের, কৃষকগণের অবস্থার কথা ত বলিবার্থ নয়। কেথ দিনাস্তে এক উপোদে একবার ভাত খায়, কেহ মাত্র নদীর জলে যোগেযাগে জলযোগ করে, কাহারও বা অতি কটে হুইবেল। আনপেটা শাকার ভোগ। ইহা ভিন্ন বঙ্গদেশে 'ম্যালেরিয়া', 'কলেরা' প্রভৃতি রোগ ত লাগিয়াই আছে। দেশের লোকের চেহারায় সে বক্তাধিকাের টল টল লাবণভাব নাই.---বোধ হয় যেন, অনেকেই গোর বা শশান হইতে কেবল উঠিয়া আসি-ভেছে,—বর্ণ ফিকে, গাত্র অভিচম্মনার, গণ্ডস্থল পাণ্ডুর, চক্ষু কোটর প্রাবেষ্ট,—অন্ত্রদেশ প্রকট,—এক এক জনের এক বিকট পৈশাচিক মৃত্তি! তাহাদের উৎদাহ নাই, ক্ষুত্তি নাই. উভম নাই, অধ্যবসায় নাই। যেন জাবত্তে কেন সকলে মরাভাবে পড়ে আছে! যে সমন্ত বাড়ীতে পূর্বে নভঃস্পূর্ণী অট্রালিকামালা, দূর হইতে দর্শকের দৃষ্টি আকর্ষণ করিত, দে সব কালের পরিবত্তনে ভূনিদাৎ হইয়াছে,—চারিদিকে:গভীর বন, মাতুষ कन मानत्वत त्कान माए। नार्ट, निवत्त अमावस्थात और अक्रकात,--অতি নির্জন, অতি ভাষণ, দিবসেও সে স্থানে যাতায়াত করিতে গাত্র শিহার্গা উঠে, বুকের মধ্যে ত্রু হুরু করে, গাছম্ছম্, প্রাণ খুন্ খাম্ প্রভৃতি নানা আতম্ভ ভাবের উদয় হয়। সভ্য সভ্যই বঙ্গদেশের অনেক পল্লী জনপদের এইরূপই অবস্থা ! এ অবস্থা কি ইংরেজ গভর্ণনেন্টের দোষে হইয়াছে? তাহা নয়। এখন আর র্ষ্টির সময় র্ষ্টি, রোজের সময় শৌজ পূর্বের ভায় হয় না। প্রকৃতির এইরূপ বিরূপ ভাবে, সময়োচিত রৌজ বৃষ্টির অভাবে ফদল ভালরপ জন্মায় না। ক্ব-কের হৃদশা আর তবে ঘুচিবে কিসে ? ওদ্ধ কৃষকসম্প্রদায় কেন, অন্তান্ত সকলেরও এ অবস্থার হর্দশা মোচনের আশা কি ? তাহাতে আবার অধিকাংশ ব্যবদায়-জীবি নানা কারণে বাণিজ্য ছাড়িয়া হাল থামার

করিতে আরম্ভ করিয়াছে। তাঁতি, গাতি করিয়া, অন্ন বিনা মারা পড়িবার উপক্রম। মুসলমান তন্ত্রবার, জোলা, ছেলে পোলা লইয়া মহাবাস্ত। কাপড়ের ব্যবসার উঠিয়া গিয়া তাহারা ক্ষেত থামারে মন দিয়াছে।
কিন্ত ভাহাতে কুলার কিসে ? সকলেই এক কৃষি কার্য্যের উপর নির্ভর
করে। ইহাতে ফসলের জমির ও অভাব, আবার ভাহার উপর প্রতি
বংসর অক্সমা। এই সমস্ত কারণে ভারতের হর্দশা পদে পদে। বিদেশীর
বলিকেরা ভারতের অনেক ব্যবসার্যই হাত করিয়া বসিয়াছেন। ভারতবাসী, তাঁহাদের সহিত প্রভিযোগীভায় নিতান্ত পরাধ্যুথ। তবে আর
ভাহাদের হঃধ ছাড়ায় কিসে ?

হিল্দিগের মধ্যে হাঁহারা স্থদেশ-দেবক বলিয়া পরিচিত, তাঁহারা আনেকেই নি হাস্ত ক্ত-বিজ্ঞ, স্পণ্ডিত, বহু-প্রজ্ঞ এবং দ্রদর্শী। তাঁহারা আউল, বাউল কি ক্লেপার চেলা নহেন। তাঁহারা নিতান্ত ধীর-বৃদ্ধি, দ্বির-মতি, বিবেক, শান্ত-দান্ত-স্থভাব। তাঁহাদের এরপ ইচ্ছা নয় বে, অকারণে হৈচে করিয়া স্থদেশ মধ্যে একটা অরাজকতা, হুলসুল কাণ্ড বাধাইরা, রাজ্য লণ্ডভণ্ড খণ্ড বিখণ্ড এবং ব্রহ্মাণ্ড কম্পিত করেন। তাঁহারা বে দে কল্পনা স্থপ্রেও মনে স্থান দিবেন, এমন আমাদের ধারণা হয় না, ইংরেজের রাজত্ব অত্যন্ত বদ্ধমূল, হিমালয়ের মত অভেজ্ঞ, অটল। সে কিছু নড়-চড় খুঁটির উপর অস্থায়ী একটা ছাউনী নয় বে, হঠাৎ টলমল করিয়া ভূমিসাৎ হয়। কিস্বা সে কিছু ব্যাঙ্গের ছাতাও নয় বে, নিতান্ত ভাহাতে টিপির ভর সহিবে না।

ইহা ভিন্ন অন্ন-থেকো, ভৃঙ্গীর ডেকো বাঙ্গালী হিন্দু, এমন ছন্ন-মতি হইরাছেন কি বে, তাঁহারা ভীমরুলের বাসার ঢেলা ছুড়িবেন ? সে কি ছেলেথেলা নর ? তাঁহারা কি "না উঠিতেই এক কাঁদি" অসনি নিজের

वन, निष्कत अञ्चन ना वृत्तिया, 'तिष्ठा निष्क गृहत्त्वत मन वृत्तिर्वन १' বাঙ্গালী এমন হোমরা চোমরা হন নাই,---যদি হুইবারও আশা আকে তবে দেকাল এত দূরবর্ত্তী যে. কোন ব্যক্তি তাহা কল্পনায় এখনও স্থান দিতে পারেন না যে, তাঁহারা না ব্রিয়া, অগ্রপশ্চাৎ বিবেচনা না করিয়া, অমনি অকুল বিপদ সাগরে ঝাঁপ দিবেন এবং স্বজাতীয়দিগের অন্তিত্ব লোপের হেতৃ হইবেন ৷ আমরা সেরপ ভাবিতে পারি না যে, তাঁহারা সময় না আসিতে "ছেঁড়া চেটায়ে ভয়ে লক্ষ টাকার স্বপ্ন" দেখিবেন এবং ঘনে মনে রাজ-রাজাকলনা করিয়া পাত্র মিত্র উজীর নাজীর হইবার বাসনা পোষণ করিবেন। হিন্দু শিক্ষিত ব্যক্তিবর্গ এমন 'বাওয়া-ভিক্লের বচ্চো' নুনয় যে, চানা খাইতে শিথিয়াই অমনি ফুরুক ফারুক • স্বর্গে উডিবার কামনা করিবেন। তবে সম্প্রতি হুই একজন চগ্ধ-পোয়ু, বাঙ্গালীর কু-পোষ্য, ক্ষেপান-শিষ্য হবিষ্যার খাইরা নৈমেষারণ্যে ঘাইবার জন্ত কিছু ব্যস্ত হইয়া পড়ায়, ছুই একটা অপকর্ম, স্বধর্ম-বিরুদ্ধ ব্যাপারে লিপ্ত হইয়া খানিকটা হুলসুল তোলপাড় বাধাইয়া হিন্দু সমাজের মুথ হাসাইয়াছেন। সে সব নিতান্ত ছেলেমাতুষের দল বলিয়াই তাঁহাদেব ওরূপ কুমতি ঘটিয়াছে। তৎজ্জন্তও হিন্দু অদেশদেবক সম্প্রদায়ের নেত-পক্ষ নিশ্চয়ই নিতান্ত লক্ষিত ও মর্মাহত হইয়াছেন। আমাদের বিশ্বাস এইরূপই সরল এবং ইহা ভিন্ন মন্ত কোনরূপ আমাদের বৃদ্ধিতে আদে না।

এইরূপ যাঁহাদের তোলপাড়ের প্রার্ত্তি, ভবিষ্যৎ বিবেচনার নিবৃত্তি নাই, তাঁহারা সমাজের নিতাস্তই বৃকের শেল, চক্ষুশূল। তাঁহারা অম্লক স্বপ্ন প্রমাদেই ভোর,—তাঁহারা অঘোরপন্থী দলের পাঞা এবং তেকেল-বৃদ্ধি ছেলে ছোকরা মানুষ! এরূপ না বলিয়া আমরা তাঁহাদিগকে ুআর কি বলিব ? ইংরেজের রাজত্বে আমরা বেশ স্থথে আছি। অন্তথী কিনে ৯—দেশে শান্তি আছে,—অরাজকতা নাই; কোনরপ দ্ব্যুতস্থরের উপদ্ৰৰ নাই,---নিরাতক্ষে আমরা অক্ষে শিশু, বুকে স্বৰ্ণ-মুদ্রা-থলে লইয়া অবাধে মনের সাধে হিমালয় হইতে দূর কুমারিকা পর্যান্ত যাইতে পারি। হংরেজ রাজত্বের শাসন গুণে কোন 'rogue' কি 'ruffian'—who goes there? বলিয়া Challange করিতেও সাহদী হয় না। ধন্ত ইংরেজের শাসন কৌশল, ধন্ত তাঁহাদের বাহুবল ! ভারতে বিনা গোলে এক ঘাটে বাঘে ছাগে অল পান করিতেছে.—কিন্তু সাধ্য কি হুর্বলকে সবলে ক্রকুটি ভীম-কটাক্ষে কম্পিত, শিহরিত করে ? আক্রমণ ত দুরের কথা। এমন স্থুখ, এমন শান্তি কি ভারতে কথনও ছিল? রাম-রাজ্যেও এরপ সর্বাত্তব্যাপি শান্তি ছিল কি না, কে বলিতে পারে? সে স্থদুর অতীতের কাহিনী, তাহার কোন ইতিহাস নাই, কিম্বদন্তীমাত্র। অবন্তীনগরের পণ্ডিতের ছাত্রদিগের দ্বারা প্রচারিত জন-শ্রুতি বই আর কি ৪ তাই বলি, হিন্দু বাঙ্গালী, ইংরেজ ,রাজত্বের কোন দোষ, অরাজকতা, শাসন-বিভাটের দোহাই দিয়া যে, সেরপ কোন অকাণ্ড করিবেন, ইহা আমাদের বিখাসাতীত। তবে তাঁহারা স্বদেশী-আন্দোলনের মূল ব্রত প্রহণ করিয়াছেন, স্বদেশী শিল্প বাণিজ্যের উর্নতি ৷ দেশের যেরূপ অবস্থা, থাতাশভাদি যেরূপ অগ্নি-মূল্য, কোনই কিছু সন্তা নয়, তাহাতে শিল্পবাণিজ্যের উন্নতি না হইলে দেশের মঙ্গল কিলে? মঙ্গলা, বিশে ছিল তাঁতি,—দিশেহারা হয়ে তারা গাভি ক'রে অধঃপাতে গেল। নইমদী জোলা, তাঁতের থেটে ঠেলিয়া ছই शक्षमा करिया পোলাপান পালিবে, সে যোটি নাই! ম্যাঞ্চেটারের ফ্রার কোম্পানীর কাপড়ের আমদানিতে আর এখন তাহার জামদানি 'তহবন' শাড়ী বিকোয় না। ভাহার হাঁড়ি তাই এক প্রকার সিকেয়-ভোলাই

হইয়াছিল। তারপর সে উপায় না দেখিয়া হাল থামার, ক্ষেত খোলার মন দিল। যদি তাতেই বা হুই বেল। কোনরূপে তার পোলা-পালার সংস্থান হয়। কিন্তু কই তাও ত হয় না! সম্পুসর বৈশাথের ধরা, জ্যোবণের ধারা মাথায় বহিয়া সে হুই চারি বিঘা জমি যোগেযাগে চাষ করিল, কিন্তু পর্মেশ্বর এমনই কিছু বিরূপ, কিরূপ বিরূপ হইয়াছেন যে, তাহার জমিগুলিতে ধান ফলিল না, ফলিল শ্রামা ঘাসের দানা। তা ত মাহুষে থাইতে মানা, সে পাথ-পাথালীর আহার!!

তবে তাঁতি, জোলা কি এখন হাতে খোলা করিয়া এদেশ ছাড়িয়া ম্যাডাগায়ারে যাইবে? ম্যাডাগায়ার যাইতে হইলেও ত গাড়ীভাড়া, দ্বীমার ভাড়া দরকার ? সে কোথা হইতে সে মান্ডল যোগাড় করে? শুদ্ধ জোলা, তাঁতি কেন, দেশের সমস্ত অস্থান্থ ব্যবসায়ী, শিল্পী প্রভৃতি সকল সম্প্রদায়েরই এইরূপ হর্দশা ঘটিতে আরম্ভ করিয়াছে। এই সকল দেখিয়া শুনিয়া হিন্দু শিক্ষিত লোকেরা, মনে শোক পাইয়া জনেক দিন হইতেই স্বদেশী শিল্পবাণিজ্ঞা প্রভৃতির দিকে স্বদৃষ্টি করিতে আরম্ভ করিয়াছেন। শুদ্ধ যে "বঙ্গবাবছেদ" পরে এ একটা হুজুকমাত্র হইয়াছে, একথা যেন কেহ মনে না করেন। ভূদেববাবু, "সামাজিক প্রবন্ধে", রাজক্ষণ বাবু "বাঙ্গালার ইতিহাসে" স্বদেশী শিল্পবাণিজ্ঞার অবনতির কথা জনেক আক্ষেপের সহিত আলোচনা করিয়াছেন। ইহা ভিন্ন 'বঙ্গবাসী' পত্রিকার বহুকাল পূর্ব্ধ হইতে এ বিষয়ের নিমিঝিমি টুম্টাম আন্দোলন হইয়া আসিতেছিল। কিন্তু মোহ-ক্ষড়তার আবেশে, এ দেশের লোকের তাহাতে কোন সাড়া বা তত চৈতক্ত হয় নাই। হঠাৎ কোন কারণে এক্ষোগে স্কলের সে দিকে লক্ষ্য পড়িয়া গেল। সেই কারণ, "বঙ্গ-

ব্যবচ্ছেদ"। লোকে বেন হঠাৎ বহুকাল পরে কাল-নিদ্রা ভক্তে, যুগযুগান্তব্যাপী মোহাবেশ, ঘোর অবসানে, এক প্রাণে এক তানে সে দিকে
প্রাণ ঢালিয়া দিল,—সেই ইইতে সদেশী-আন্দোলনের স্ত্রপাত। তাহাতে
যেন শালের কোঁড়া, হঠাৎ মাটি ফুঁড়িয়া বাহির ইইয়া বিশ হাত উপরে
উঠিল,—বীজটী কিন্তু বহু দিন মাটীতে পোঁতা ছিল, কোন অঙ্কুর গজায়
নাই, তেমন কেহ অনুমানও করিতে পারেন নাই। প্রকৃতির নিয়মে
অরে অরে অলক্ষিতে তাহাতে রসের সঞ্চার ইইয়া হঠাৎ অঙ্কুর জন্মিল,
হঠাৎ বাড়িয়া লোকের বিশ্বয় উৎপাদন করিল, পরমেশ্বের লীলাই
এইরূপ! তাঁহার অনস্ত কৌশল, মানুষের বৃদ্ধির অগম্য! সামান্ত
অশ্বণ্ডের কণা-প্রমাণ, সরিষা পরিমাণ বীজ হইতে, বড় বড় বুক্ষের উৎপত্তি
যে লীলাময়ের কৌশল, এই সেদেশী আন্দোলনও তাঁহারই অচিন্ত্য
কৌশলের ফল।

হিন্দুগণ শিক্ষাবলে দেশের বিষয় ভাবিতে, চিস্তা করিতে শিক্ষা পাইয়া-ছেন। মুসলমানের মধ্যে সেরপে লোকের নিতান্ত অভাব। যাঁহারা আছেন, তাঁহারা আত্ম-চিস্তাপরায়ণ, কিন্তু পরের ভাবনা ভাবিতে মোহ-প্রাপ্ত হন। সে সব না খাইয়া বন্তার জলে ভাসিয়া গেলেও ভাহাতে ভাঁহাদের কোন ক্ষতিবৃদ্ধি নাই, নিজের গোন্তকটির সংস্থান হইলেই ষ্থেষ্ট হইল।

পরের কটে তাঁহাদের আদে যায় কি ? ছনিয়ার গাফেলিতে হাবেলি (অন্দর মহলে) নাঝে পেড়িয়া থাকাই তাঁহাদের অভ্যাস এবং তাহাতেই যাহা কিছু মনের স্থুখ! পরের ছঃখ দেখিতে তাঁহাদের মাথা ব্যথা জন্মিবে কিসে? নিজের সহীর্ণ বাস্তু, বাটীর গণ্ডী মধ্যে স্থুখ, ছঃখ, শোকে, তাপ, আরাম, ব্যায়ায়াম, বিলাস ব্যসন, আমোদ প্রমোদ প্রভৃতি

ব্যাপারেই তাঁহাদের চিন্তা পর্যাবদিত। দে দীমার বাছিরে তাঁহাদের চিস্তা-রাজ্যের কোনরূপ বিস্তৃতি নাই। তাঁহারা হানিফ গাজির লডাই. সোণাভানের কুস্তী, লাইলী মজমুর দোস্তী, ফরহাদ কাঠরে কি ভিস্তীর মজাদার কাহিনী, তাকিয়া ঠেদ দিয়া, পান চিবাইতে চিবাইতে, তামাকু সেবন করিতে করিতে, বিধীজানের সহিত থোস গল জ্বজার অল্ল অল্ল করিয়া ভোগ করেন; -- সেই তাহাদের একমাত্র পরমার্থ, -- অঞ্চরূপ অমর্থ-চিস্তাকি ছনিয়ার ভাবনা তাঁহাদের বড় একটা কিছু নাই। হয়ত কাহারও চৌদ্দ পুরুষে, বাণ ঠাকুরদাদার আমলের তালুক মেলেক আয়মা জোৎ কিছু আছে, তিনি তাহাই লইয়াই সম্ভট। কখন ক'ট হইয়া তাহা বন্ধক কি হস্তাভবিত ক্রিতেছেন, কথন বিবীজানের প্রাণ লবেজান করিয়া ভাহার প্রাণের ভাধিক প্রিয় অলকারাদি গোপানে আত্মদাৎ করিয়া তাহা থালাস করিতেছেন,—কথনও বা ঢাকিশুদ্ধ বিসৰ্জ্জন,—বিবীর গ্রনা, তালুক মেলেক একদম হজম করিয়া, তছকি গলে ছানিয়ার ফ্কির হটয়া বাহির ২ইতেছেন। এইত দশা, মুসলমান ঘরাণা পীরপীরাণা দন্তগীর্দিগের.—দে যে কি কাণ্ড তাহা বলিয়া আর ফল নাই !! পুত্র সন্তানদিগেব শিক্ষার প্রতি লক্ষ্য নাই ; কেবল পূর্ব-কালীন পুরুষ পোস্তানের মর্য্যাদার গুমরে বক্ষ বিস্তার করিয়া গোঁফে তা निया त्वषान मात.- अखदा मात्रभनार्थ कि कृष्टे नारे, वाश्टित विखन ठीठे, বিস্তর নাট, রঙ্গের হাট, এলাহীর বাজার !! হায় অধংপতিত মুসলমান সমাজের উচ্চন্তরে ইহার অধিক আর কিছুই দেখিবার নাই। কিঞ্ছি উৎসাহ স্ফুর্ত্তি যদিও আছে, কিন্তু সে কেবল আত্ম-কলহে। চাচা ভাতিজায় (খুল্লডাত ভ্রাত্তপুত্র) বিষয় লইয়া মারামারি কাটাকাটি,— বিষয় আশয় ত ছটাক পোয়া, কিন্তু তার কন্ত ভাতিকা (ভাতস্পুত্র)ই ্প্রাণ দেয়, কি চাচারই জ্বান যায় ! উঠান, ছাঁচ, থামারবাড়ী এই হইল রঙ্গভূমি, রণস্থলা , সেইখানেই যাহা কিছু পৌরুব, বিক্রম প্রকাশ !!

মুদলমানের মধ্যে ঘাঁহারা এ কালের শিক্ষিত, তাঁহাদেরও সে বিবয়ে তেমন কোন লক্ষ্য নাই। কেহ চাকুরীর জন্ম ব্যস্ত, কেহ রোগে অন্তগতপ্রায়, কেহ আরাম আয়েসই কিছু অধিক ভাল বাসেন। কথন কথন, যদি কচিং বাটীর বাহির হন, তবে সে হাওয়া খাইতে, কি বড় অধিক, সাহেব মহলে সেলাম চুকিতে। সাহেবেরা আর কিছু মুদলমানের কক্ষন বা না কক্ষন, হিন্দু অপেক্ষা মুদলমানের সহিত তাঁহাদের মিশিবার প্রবৃত্তিটা বেশই দেখা যায়। তবে তাহারও কারণ আছে। সে কারণ, ধর্ম সম্বন্ধে হুই জাতির তত্ত বৈষম্য নাই, উভয় সম্প্রদায়ই একেশ্বরবাদী। অন্ত কারণে, উভয় জাতিই মুগামাংস মটন চপ-প্রেয় এবং বিলাসিতায়ও একই প্রকার। ইহা ছাড়া পোষাক পরিচ্ছদে, জাচার ব্যবহারেও অনেকটা সাদ্প্র আছে।

যাহা হউক, স্বদেশী আন্দোলনের ফলে যে, মুসলমান সম্প্রদায়ের উপকার আছে, একথা আমরা মুক্তকণ্ঠে বলিব। আজি প্রায় চারি বৎসর হইল, স্বদেশী আন্দোলনের হত্তপাত হইরাছে। আমাদের যে অঞ্চলে বাস, সে অঞ্চলে অনেক মুসলমান বস্ত্র-ব্যবসায়ী সম্প্রদায় আছে। স্বদেশী আন্দোলনের হত্তপাত হইবার পূর্ব্বে তাহাদের যেরূপ অবস্থা হইরাছিল, সেকথা বলিবার নয়। এক প্রকার তাহারা সোতের সেউলী মত বস্থার জলে ভাসিয়া যাইবারই উপক্রম হইয়াছিল। সে অবস্থা অভি শোচনীয়ই বটে! লোকে কথায় বলে আকালের আগে মরে জোলা! সে কথাটা মিথ্যা নয়। ছর্ভিক্ষ ত প্রতি বৎসরে বঙ্গদেশে লাম্মিয়াই আছে, তাহা কোন্ বৎসর ছাড়া? কিন্তু শুভক্ষণেই স্বদেশী

আন্দোলন আরম্ভ হইরাছিল। সেই স্থযোগে এই চারি বংগরের মধ্যে জোলাদের হাড়ে মাস, গায়ে বাতাস লাগিতে পারিয়াছে। তাহা না হইলে অনেকের হাড়ে এতদিন ঘাস গজাইয়া যাইত। এই অন্দোলনের পূর্কে জোলার কাপড় ব্যবহার করিত কয়জন ? যদি করিত, সে নিম্ন-শ্রেণীর মুসলমান সম্প্রনায়। কিন্তু ইদানীং এমন বিলাসিতার স্রোত ধর বহিতে আরম্ভ করিয়াছিল যে, অনেক ক্রমিজীবী গৃহস্থের বউ, ঝিও আবদার আরম্ভ করিয়াছিল, বিলেতী কাপড় না হইলে দেশী কাপড়ে তাহাদের গায়ে কাটা ফোঁটে, মোটেই তাহাদের সোয়ান্তী থাকে না, কাপড় পরা ত নয়, সে কেবল দারুল মড়া মিনুসেদের শান্তি দিবার ইচ্ছা !!

জোলাদের এই প্রকারে হাতে থোলা হইবারই উপক্রম হইয়াছিল।
কিন্তু সে কুবাতাস একটু ফিরিয়া গিয়াছে। সে তাহাদের চৌদ্দ পুরুষের
ভাগ্য। এখন তাহারা বেশ স্কুম ধৃতি শাড়ীও প্রস্তুত করিতে শিথিন
য়াছে, ব্যবসায়ে বেশ ছ'পয়সা উপায়ও হইতেছে। পূর্বের তাহাদের
অনেকের পেটটী ছিল, সারক্রের থোল। কিন্তু এখন তাহাতে যোড়শোপচারে কই মাছের কোল, কাতলা মাছের ঝোল পড়িয়া বেশ মানান
সই পূরিয়া উঠিয়াছে এবং ঠিক স্থডোল নিটিন মৃদক্রের থোলের আকার
ধারণ করিয়াছে। এখন কি করিয়া বলি, মুসলমানের কোন উপকার
নাই স্বিদি তাহা বলি, তবে সে সত্যের অপলাপ মাত্র।

আমরা পূর্ব্বে আমাদের পরিচিত নইমদ্দী কোণার কথা বলিয়াছি, সেই নইমদ্দীকে আমরা পূর্ব্বেও দেখিয়াছি, এখনও দেখিয়া থাকি। সে মাঝে মাঝে গোঁটে পানের পুট্লী, এক হাতে থেলো হুকো, অন্ত হাতে টাকার থলি করিয়া হাটে আদে। তাহার ঠাটটা যে বেশ ফিরিয়াছে, ইহা আকার প্রকার ভাবভঙ্গীতে বেশই বুঝা যায়। শুনি নাকি, এই

গুরুলা কড়ি পানের বছরেও তাহার রে'জ পানের খরচ, তিন পণ সাডে পাচ গণ্ডা। ইহাতে বোধ হয় যে, সে বেশ আগুবাকা প্রতাগাড়া শইয়া তুপে ভাতে স্থথেই আছে। পুর্নেরে রোগ ছাড়াইত না, আর চিন্তায় নিতান্ত অবসন্ন থাকিত, এখন দে ভাব আর নাই। তাহার মুখে সদা-স লালা হাসি এখন লাগিয়াই থাকে। এই বুড়োবয়দেও তাহার নবীন নব্য যুবার ক্ষুণ্ডি দেখা দিতেছে। ভানিলাম, সে আবার আশি বছুবে এক পাড়ি নেকা করিয়া বাড়ীতে আনিয়াছে, এবং তাহাকে নাকি নিজের 'ডিজাইন' মত,—পোড়া কপাল আমাদের নে শাড়ীর নাম মনে থাকে ना,—'नीलभूती', 'वाशवाशाती', "हेलिनगाती", "कुल्लतवाति" छाहे छन्न নামের কি এক শাড়ী তৈনার করিয়া দিয়াছে !! সে বিবীর নাকি ধুব খুবী বাহির হইয়াছে। তিনি এখন আর অন্সরের বাহির হন না। হন্দর হৃদ্র দাসা বান্দা সদাদর্বদ। তাঁহার ছজুরে হাজির থাকে এবং নাকে বেশর, কাণে ছল, থোপায় ফুল, পায়ে পদ্ধ, কটিলে কিছিণী, চ'কে ঝিম-কিনী. তিনি নাকি সেইভাবে অন্দর মহলের চততের ঝামুর ঝুমুর নৃপুর পারে চারুগতিশালিনী সাজারুর মত এঘর ওঘর পারচারি করিয়া বেডান।। বিশ্বস্তুত্তে ইহাও জানিয়াছি, আগামী বংসরে নইস্দী একমাত্র পুত্র, ছয় বছুরে খোকার জ্বন্স. এক তিন বছুরে গুরুত্বে মেয়ের সন্ধান করিয়া-ছেন। খুব ধূমধামে সাদি আঞ্জাম করিবার জন্ম এখন হইতেই তাহার সরঞ্জান যোগাড় হইতেছে। দশ গণ্ডা ঘটক, ঘটকালিতে নিযুক্ত হইশ্বছে। তাহারা পাত্রীর বাপের বাড়ীতে গিয়া নইমদ্দীকে বোলে-চালে আকাশে তুলিয়া, হরদম পাগড়ী হেলাইয়া, মাথা দোলাইয়া, হাত নাড়িয়া, ডাক ছাড়িয়া, মিনিটে মিনিটে দশ গণ্ডা প্রাণ-ঠাণ্ডা কথা ষাওঁড়াইভেছে।

তবে কি ৰলিব, স্থানেশী আন্দোলনে মুসলমানের কোন উপকার
নাই? মুসলমান বলিতে কি জোলা সম্প্রায় মুসলমান নর? তারাও ত
নামাজ পড়ে, রোজা রাখে, দাড়ি কামার না, হজ্জ করে,
জাকাত দেয়, ফাকাকসি, রোজা উপবাস করে; ইদ উৎসবেও উৎসাহ
আছে। তারা কি মুসলমান নর? ঢোলা-পায়লামা, টোপরে মত
আমামা, এবলাছ পোষাক; এ সব কি তারা ব্যবহার করে না? আমরা
জানি, বরং এই সম্প্রদায়ের মধ্যেই অনেক দিন্-দার, পরহেজ্গার,
'মোমেন্, তরিকী-চাল-চলা, লাশরিক্ বলা, তছবিধানা জ্পা, হাজী গাজী
আছেন। বরং অন্ত সম্প্রদায়ের অপেক্ষা এই সম্প্রদায়েই ধার্ম্মিক, শাস্ত্রবিধি-পরায়ণ, সাত্তিক মুসলমানের সংখ্যা অধিক।

এই সমস্ত বিবেচনায় আমাদের ধারণা জন্মিয়াছে, স্বদেশী আন্দোলন, ছিলু মুসলমান উভয় সম্প্রদায়েরই উপকার জন্ত। ছিলুগণ যদি মুসলমানের কথা সাক্ষাং সম্বন্ধে নাও ভাবেন, তাহা ছইলেও তাঁহাদের ক্বত এই স্বদেশী আন্দোলনে পরোক্ষে মুসলমান,সম্প্রদায়ের উপকার প্রত্যাশা আছে। 'বাণিজ্যে বসতে লক্ষ্মী':—এ কথাটা ভারতের লোকের অজানা নয়। ভারতে এককালে বাণিজ্যের বেশই উয়তি ছিল। কিছ পাশ্চাত্য ব্যবসায়ী সম্প্রদায়, অনেক কল কৌপলে ভারততলের অনেক ব্যবসায় এক চেটিয়া করিয়া দে সমুদয় লুপ্ত করিয়া দিবার উপক্রম করিয়াছেন। পাশ্চাত্যবাসীয়া বাণিজ্যকেই অর্থোপার্জনের প্রধান সাধন বলিয়া জানেন। তাঁহারা ব্যবসায়ে তাই বেশ উয়তিও করিয়াছেন।

এই ভারতে পূর্ব্বে বন্ত্রশিলের খুবই টেরতি ছিল। কিন্তু কালে সে দিন সেকাল এক প্রকার লোপ পাইয়াছে। ঢাকাই মসলিন্, কামিরী শাল, গালিচা ছলিচা, ভারতেরই জিনিষ। এখন আর জর্মণী রেশমী পশমী বদ্ধের আমদানিতে চাকাই মস্লিন, কাশ্মিরী শাল বনাতের আদর নাই। সে সকলের আদরের দিন চলিয়া গিয়াছে। ভারতবাসী এখন সে সকল আর ম্ল্যবান জ্ঞান করেন না। কিন্তু এককালে পাশ্চান্ত্য ভ্ভাগেও বিলাসী ধনী-পরিবারে সে সকলের অত্যন্ত আদর ছিল। কালের এমনই মহাত্ম্য ঘে, ঘাট এখন অঘাট, অঘাট ঘাট হইয়া পড়িয়াছে। ভারতের শির লুপ্তপ্রায়, ভারতের ভাস্কর্য, স্থাপত্য বিভার সেরুপ আর উরতি নাই। এই সমস্ত কারণে শিক্ষিত হিলু সম্প্রদায়, নানা দেশের উরতি,—উভম, অধ্যবসায়, প্রভৃতি প্রেষাকারের ক্ষমল দেখিয়া ভারতের লুপ্তপ্রায় শির বাণিজ্যের উরতির জন্ত এই সদেশী আন্লোলনের স্ত্রপাত করিয়াছেন।

আর একটা কথা, চিরকাল পৃথিবীতে কোন জাতিরই উন্নতি, স্থসমৃদ্ধি, ঐশ্বর্যা, গৌরব সমানভাবে থাকে না, প্রকৃতির সেরপ নিয়ম নয়।
আনৃষ্টচক্রের আবর্ত্তন অতি আশ্চর্যা। কথন কাহারপ্ত উন্নতি, কথন
কাহারপ্ত অবনতি হয়, সেক্থা মামুবের পূর্ব্বে স্থির করিবার অধিকার
নাই। তাহা অন্তর্গামীরই অধিকারভূক্ত,—তাহা তাঁহারই রক্ষিত, অস্তে
অবিতরিত একমাত্র সর্বাশক্তিমন্তার নিদর্শন।

ইংরেজ জাতি, আমাদের দেশের বর্তমান রাজা। রাজ-রাজা, রাজপাট, প্রথম্য বীর্য্য প্রভৃতি ঠাট, কথন কাহারও চিরকাল সমভাবে থাকে না। যে ইংরেজ জাতি আজি সমগ্র পৃথিবীর রাজা, তাঁহাদের অবস্থা শতালী মধ্যে কিরপ পরিবর্ত্তিত হইতে পারে, তাহা পরমেখর,— বিনি অন্তর্যামী, ভূত ভবিষ্যৎদর্শী, তিনিই জানেন। নিশ্চরই এখনকার অবস্থার পরিবর্ত্তন হইতে পারে, হয় ইহা অপেকা উন্নতি, না হয় কিছু অধোগতি, কেননা কোন পরিবর্ত্তন ঘটিবেই ঘটিবে। জবস্থা চিরকাল

একই ভাবে স্থায়ী হয় না। হয়ত সহস্র বর্ষের মধ্যে এমন হইতে পারে, ভারতের সামাজ্য ইংরেজ জাতির হস্ত-খালিত, অধিকার-বিচ্তে। পর-মেখর না করেন, তেমন হয়। আমরা তাঁহাদের স্থায়িত্বই কার্মনোঃপ্রাণে কামনা করি।

আমরা ইংরেজ-রাজ্যে কি অস্থথে আছি যে, তাহার লোপ কামনা করিব ? যদি কোন অস্থুখ, অস্থুবিধা আমরা ভোগ করি, সে অধীনতারই ফল। अधीनতা, यে জাতিরই अधीन इউক,—দে বজাতিরই কি,— বিশ্বাতিরই বা কি.—স্বধূমীর কি, বিধূমীরই বা কি, অধীনতা চিরকাণই অধীনতা। তাহাতে স্বাধীনতার স্থুখ, স্বেচ্ছাচারিতার আনন্দ আশা করা विषयना । ८म ८क बन हेरदब बाजित अधीन अधीन जात दमाय नम् । जत्व कथा এই, अधीनजात लाख यनि आमता मिल वानिका जूनिया निज्ञा नमछ বিষয় ব্যাপারে পরের মুখাপেকা হই, তবেই তাহার দোষ। কিন্ত ইংরেজ জাতি সাক্ষাৎ সহজে শিল্প বাণিজ্যের কোন বাধা বিদ্ন জন্মান না। তবে দোষ এই যে, তাঁহারা নিজের দেশের বাণিজ্যাদির উন্নতির জন্ত বড়ই ব্যস্ত। সেইজ্ঞ অন্ত দেশীয়দিগের প্রতি ষেন সে বিষয়ে তাঁহাদের সহারুভৃতির অভাব, এমনই আপাততঃ বোধ হয়। এমন কি, অভ দেশীয়দিগের বাণিজ্য ব্যবসায় শিল্পকারুকার্য্য প্রভৃতির অন্তগতি ঘটবার উপক্রম হইলেও দেদিকে যেন তাঁহাদের তেমন লক্ষ্য নাই বলিয়াই त्वाथ क्या । कांकारमञ्ज वावनायी मच्चामाय निरक्ररमत्र छेन्नकि गरेबारे वाख. অন্ত জাতির ভাহাতে কি ক্ষতি বৃদ্ধি হর, না হয়. সে বিষয় তাঁহারা তেমন আমলে আনেন না। বাস্তবিক যদি যুগযুগান্ত পরেও অদৃইচক্রের चार्वकत्न हेश्दबच्दक व त्रात्मत्र माग्ना छा। कतिया गारेट वय वदः ভাঁহাদের অধীন অধীনতার ফলে ভারতবাদী শিল্প বাণিক্য একেবারে

ভূলিয়া গিয়া ইংলণ্ডের 'ষ্টোন্এজ' ভাব প্রাপ্ত হয়, তবে তাঁহাদের দশা কি হইবে, এ কথাটা একবার ভাবিয়া দেখা উচিত।

একজন বঙ্গীয় কবি সেই দশাটার অতি স্থলর চিত্র আঁকিয়াছেন। তাঁহার কোন এক প্রসিদ্ধ গাঁতিতে সে ভাবটা দ্বীবস্ত, ফুটস্ত। তাঁহার সেই গান্টীর অংশবিশেষ এইরূপ:—

তাঁতি কর্মকার, করে হাহাকার,
হতা জাঁতা টেনে অর মিলা ভার,—
দেশী বস্ত্র অন্ত বিকার নাকো ভার,
হলো দেশের কি ছর্দিন।
আজ যদি এ রাজ্য ছাড়ে তুঙ্গরাজ,
কলের বসন বিনা কিসে রবে লাজ।
ধর্মেক কি লোক তবে দিগম্বরের সাজ,—
বাকল টেনা ডোর কপীন।
ছুই হতো পর্যান্ত আনে পোতে,
প্রদীপটী জালিতে, থেতে, শুতে, যেতে,

কিছুতেই লোক নয় খাধীন ॥" (মনোমোহন বস্থা)
সভ্য বলিতে কি, জগতে পরমুথাপেক্ষার ন্তায় বিড়ম্বনা বিতীর নাই।
গৃথিবীতে, সংসারে, বলি আহার, বিহার শয়ন, ভোজন ব্যাপারে প্রভ্যেক
বিষয়েই পরের মুখ তাকাইতে হয়, তবে তার অধিক অধীনতা আর কি ?
এই কারণে নানা দিক চিস্তা করিয়া হিন্দু বিজ্ঞা, দ্রদর্শী, শিক্ষিত এ
দেশীয় নেতাগণ, ভারতের ভাবী মঙ্গলের জন্ত এই খাদেশী আন্দোলনের
প্রতিষ্ঠা করিয়াছেন। ইহাতে যে কেবল হিন্দুরই উন্নতি হয়, অঞ্চ

কাহারও নয়, সেই সমস্ত উদার-চেতা মহাম্মাদিগের উদ্দেশ্য সেরূপ: নয়। তাঁহাদের স্বভাবে সেরূপ জব্ম সংকীর্ণতা অসম্ভব।

মুদলমান জাতি একবার জেদ করিয়া ইংরেজের ভাষা শিখিতে বিরক্তি প্রকাশ করিয়া ষতদূর শিক্ষাক্ষেত্রে অধোগন্তি প্রাপ্ত ইইবার, হইয়াছেন। এবার যদি তাঁহারা **এ ক্ষেত্রেও** দেইরূপ পিছাইয়া **পড়েন**, তবে কিছতেই তাহাদের উন্নতির খাশা কোনকালেই নাই। "বাবচ্চন্দ্র দিবাকরো", 'যাবৎ গঙ্গা মহীতলে"—- ঠাহারা আর ভারত তলে কোন-কালে মাথা জাগাইয়া উঠিতে পারিবেন না। তাই বলি, হিলুগণ মুদলমান-দিগের প্রতিবেশী। তাঁহাদের যদি উর্নাত হয়, তবে আমাদের তাহাতে অমুথ কি ? বরং দে স্থাথের কথা। লোকে বলে,—"পাড়া পড়শীর হ'ক ভাত, কুড়ায়ে খাব এঁটো পাত"। কথাটা বড়ই সভা। যদি পাড়া-পড়্দী সুখে থাকে, তবে দীন হংখা কাঙ্গাল অন্ত গ্রামবাদীর তাহাতেও অনেক স্থুখ আছে। এমন পাষ্ড-হৃদয় লোক হিন্দুর মধ্যে নাই বে, তাঁহার। হাঁক ছাড়িলে, হাত পাতিলে কালাল দরিত হঃথীকে প্রত্যাখ্যান করিবেন, কি আশায় নিরাশ করিয়া শৃন্ত হত্তে বিদার দিবেন। এ **(मर्ग्य हिन्द्रमिर्श्य व्यवद्या, मुमनमान माधात्र्यमिर्श्य व्यवद्या व्यर्थका** সচ্চল। তাঁহারা অনেক সময়ে মুদলমান পাড়া প্রতিবেশীকে, অর্থ দিয়া, थान्न निम्ना कि **अन्न (एक्ट) र उक्त अर्थ है** नाहाया कतिमा शांदकन। এরূপ সাহায্য কোথার না হয় ? তবে হিলুর উন্নতিতে মুসলমানের লাভের আশা ভিন্ন ক্ষতি কি ? তাঁহারা যাহা জাতীয় উন্নতি বলিয়া মনে করেন, ভাহাতেই বা মুসলমান বাধা দিবেন কেন ? সকলেই আপনার ভাল আপনি ভাল বুঝে। যাহার যাহাতে ভাল হয়, সে তাহা করুক, অঞ্চের ভাহাতে মাথা ব্যথা কেন ?

আমরা তাঁহাদের এরপে ব্যবহারের কারণ ব্ঝিতে পারি না। তবে সমস্ত জেলার মুসলমানেরা (সাধারণ সম্প্রদায়) হিন্তুর সহিত এ বিষয়ে অস্থ্যবহার করেন নাই, ইহাই স্থের বিষয়।

সাধারণ মুস্বমানদিগের যদি স্বদেশী আন্দোলনে কোন ফল আছে বলিয়া ধারণা না হয়, তবে তাঁহারা তাহা হটতে তফাৎ থাকিতে পারেন। किस हिन्दिशत मश्रदक रम विषय वांधा पिवात कान कातन आहि १ আমরা সেরূপ কোন কারণ দেখি না, বরং সে কেবল প্রতিবেশীর সহিত **অকারণ** বিবাদের প্রবৃত্তি! এরণ প্রবৃত্তি নিতান্ত অসায় ধর্মবিক্লম. এবং প্রতিবেশীর অমুচিত অমুষ্ঠান। আমরা মুসলমান সাধারণকে শেরপ বাবহার হইতে নিবৃত্ত হইবার জন্ত অনুরোধ করি। বরং প্রতি-বেশী হিন্দুগণের সহিত বিনা গোলে তাহাতে যোগ দিতে পারিলে ভবি-ষাতে মঙ্গলের আশা আছে। অনেক মুসলমানই অশিকিত, শতকরা ছইবনও তাহাদের মধ্যে শিক্ষিত নামের যোগ্য কি না সন্দেহ। প্রায় সকলেই নিরক্ষর। এরপ অবস্থায় তাঁহাদের শিক্ষান্তল ও ভবিষাৎ িচিকা থাকিতে পারে না। তাঁহারা বর্ত্তমান লইয়াই চিন্তিত,--- দেই গণ্ডির মধ্যেই মাত্র ভাষাদের চিস্তার সন্ধীর্ণ অধিকার। সেই সীমার বাহিরে চিন্তা-শক্তি ধাবিত করিবার ক্ষমতাও তেমন তাহাদের নাই। সেটা শিক্ষা-সহস্কাত। অশিক্ষিতের পক্ষে পৃথিবীর অতীতক।বের সন্ধান প্রহণ করা ও অসম্ভব আছেই, এমন কি বর্তমানেও সে সন্ধানে তাহাদের প্রবৃত্তি আছে বলিয়া বিশ্বাস হয় না। কয়জন অশিক্ষিত লোক দেশের সংবাদ রাখেন ? ক্রম্মনই বা পৃথিবীর অস্থান্ত দেশের সন্ধান লইতে াকাণ্ড ইয়া খাকেন গ বরং দে সব কথা হইলে তাহারা ত্রকুটি করিয়া হাসিয়া উদ্ধাইরা দেন.—ভাবভঙ্গিতে বোধ হয় না বে, তাহারা সে সব কিছু বৃঝিতে পারে বা বৃঝিবার ক্ষমতা আছে। হিলুগণ অধিকাংল শিক্ষিত, তাঁহারা সমাজের মঙ্গল অমঙ্গলের প্রতি দৃষ্টি রাথেন। ভবিষ্যৎ চিন্তা বলিয়া যে পদার্থ টী, তাহা তাঁহাদেরই আছে। অধিকাংল অর্থাৎ পনর আনা মুসলমানের তাহা নাই,—তাঁহারা দিন-কাণা-পাথী, কেবল ত্নিয়ার ফাঁকিতে পড়িয়া স্ত্রী পুত্র পরিবারের বর্তমান স্থুও তঃথ কইবাই ব্যস্ত। কিন্তু তাহাতেই বা তাঁহাদের কি প্যার? দেখিয়া ভূনিয়া দিন-পাত না করিতে জানিলে সুথের আশা বিভূমনা। শুদ্ধ হাল ঠেলিয়া পাল টানাইয়া রৌদ্র বৃষ্টি শীত আতপ শরীরে সহাইতে পারিলেই কিছ বডমাত্র্য হওয়া বার না। পাগলা কানাই বে গাহিয়াছে. 'কে ও ভিমরে বীর, কে ও ঘরে বসে তের' সেকথা সাধারণ মুসলমান অনেকেই জানেন। কিন্ত জানিলেও তাহার মর্মা গ্রহণ করিতে ক্যজন পারিয়াছেন। (बाक्रशाद्वत कन्ती कानित्न चरत वित्रा शास्त्र वृष्ठे नाशाहत्रा वान्ती मात्री খাটাইয়া নয়কুল ছয়কুল উদ্ধার করা যায়। কিন্তু তাহা না স্থানিলে काल चारिया हान (ठेनित्नहें वा कन कि ? आत शाफ़ी हाकिया चुफ़ि চডিরা পরের গোলামী করিলেই বা কি লাভের আশা দ দিন মন্ত্রি করু-মারি করিয়াই ত অনেক মুসলমানের দিন গোলরাণ কলবোগে চলে !! এই ত মুসলমানের অবস্থা ৷ এ অবস্থার ব্যবস্থা আছে কি ? ব্যবস্থা चाह्य-त्म निका, मोका, निज्ञ वानित्कात श्री व बरनारवाम ।

বে সমস্ত বালালী শিক্ষিত খনেশ-দেবক মহান্তা খনেশী আন্দোলনে প্রাণ মন ধন যৌবন সমর্পণ করিয়া নানা প্রকার লাহনা গলনা প্রেলা করিতেছেন, তাঁহান্তা কি নিজেদের জ্বাচিস্তার চিক্তিত ? না তাঁহাদের কোন অভাব আছে ? পরমেশ্বরের জ্বাশিক্ষণে তাঁহাদের এক একজনের গৃহে (হিন্দুর ক্থান্ত) লক্ষ্মী চির্বাধা, ঘোড়াশালে খোড়া, হাতীশালে বোড়শ হলকাহাজী, পাইক পেয়াদা নারেব গোমন্তা কারকুন লোক, জন, চেলা চোপদার, মোসাহেব, পাত্র মিত্র, দাস দাসী, আহত, অনাহ্ত, রবাহ্ত প্রভৃতি তাঁহাদের কিসের অভাব ? তাঁহারা নিজের চিন্তার চিন্তিত নন। কেবল পরের চিন্তা ঘাড়ে করিরাই আছেন। তাঁহারা ইচ্ছা করিলে উইল্ননের 'গ্রেট ইষ্টার্ণ হোষ্টেলে' তেলে ঝোলে ইলিশ মাছের কোলে মুর্গী মটন চপ্ ক্যাটলেট্ প্রভৃতি বোড়শোপচারে নিতান্ত আরেসের সহিত অপূর্ব্ব থানা থাইয়া স্বচ্ছন্দে চলিয়া বাইতে পারেন। জমিদারী, তালুক, মেলেক, গাতি, জাতি, মান, মর্যাদা কিছুরই তাঁহাদের অভাব নাই। অথচ তাঁহারা কিদের জন্ম এত থাটিতেছেন? সে কেবল স্থদেশী হতত্বা লম্বা শরীর চেকা স্থুলবৃদ্ধি সাধারণ লোকের অবস্থার উন্নতির জন্ম বই জন্ম কিছু নিজ স্বার্থ উদ্ধারের জন্ম নয়। তাঁহাদের দশা হইয়াছে,—"টেকি পড়ে এক গায়, মাথা ব্যথা অন্তন্তর"।

প্রান্তমনা বাঙ্গালী, মোহাবেশে এতদিন বিভার ছিল। প্রকৃত উন্নতি কিলে হয়, চিস্তা করিতে জানিত না। ইংরেজজাতির শিক্ষাগুণে ভঙ্কশংশ্রবকলে তাঁহাদের বহু যুগ যুগাস্ত পরে শিল্প বাণিজ্যের উন্নতি বিষয়ক চৈতন্ত জন্মিতে পারিয়াছে। ইহা বয়ং ইংরেজ জাতির পক্ষে গৌরবেরই বিষয়। তাহাতে তাঁহারা দস্ত করিতে পারেন, "আমাদের শাসনগুণে, পাশ্চাত্য শিক্ষার সাম্যবাদ শিক্ষাফলে বাঙ্গালী আজি মুখে তিয়তি উন্নতি' রব তুলিয়াছে।" ইংরেজ জাতিই বা কেন তজ্জন্য বাঙ্গালীর প্রতি অসন্তেই হইবেন ?

তবে কথা এই, আমাদের মতে ইংরেজ রাজপুরুষদিগের সহিত বাহাতে সংঘর্ষ উপস্থিত না হর, আমরা সেইরূপ সতর্ক হইরা কার্য্য করিব। রাজভক্তি, এ দেশীরদিগের পক্ষে অতি প্রাচীনকাল হইতে এক মাত্র গৌরবের বিষয়। রাজা कি রাজপুরুষগণের বিরক্তিভাজন হওরা বালালী হিন্দুদিগের পক্ষে গৌরবের লঘুতাজনক। মেকলে (Macaulay) প্রভৃতি নিতান্ত এ দেশীর গুণ-বিরুদ্ধ-বাদী ইংরেজ ক্লতিবিল্ল ব্যক্তিগণও বালালা জাতিকে 'Loyal' অৰ্থাৎ বাজভক্ত বলিয়া মুক্তকণ্ঠে প্রশংসা করিরাছেন। আমাদের অমুরোধ,বাঙ্গালী হিন্দুগণ সেই প্রতিষ্ঠা, সেই গৌরব নিজেদের দোষে না হারাইয়া বসেন। জাতীয় গৌরব হানির ন্যায় 'pervading calamity' আর কিছুই থাকিতে পারে না। হিন্দু-গণ সে विষয়ে সতর্ক হইবেনা। यदि आমাদের এ দেশবাসী हिल মুস্লমান সাধারণের রাজ রাজ্য-শাসন সংক্রান্ত বিষয়ে কোন ভার্য্য অধিকার থাকে এবং আমরা এতদিনে শিক্ষা দীকা অনাগুণে তাহার যোগা বলিরা বিবেচিত হই. তাহা হইলে সহাদয় ইংরেজ গভণ্মেন্ট আমাদিগকে কোনক্রমেই সে ন্যায্য অধিকার হইতে বঞ্চিত করিবেন না। ইংরেছ জাতির শাসননীতি জগতে অতি উদার বিলয়াই প্রাণিদ্ধ। সে গৌরবের नाचर পক्षে छांशात्रा कान जनाम जबूबान कतिरवन ना, देशके जामारमुक দুঢ় বিখাস, ধ্রুব ধারণা। কিন্তু সেই অভাব, অভিযোগ, অসন্তোষ, অমুযোগ হিন্দু মুগলমানে একযোগে যত দিন না করিবেন, তত দিন তাহাতে তাঁহারা কান দিতে বাধ্য নন। শাসিতদিগের এক পক্ষ যদি অভিযোগ অসন্তোষের চীৎকারে আকাশ তুমুল করেন, তাহা হইলেও কোন क्ल इटेर्स्ट ना । अनाशक स्मृद्धन आछात्र ना निर्देश, अका नांधावरणव পক্ষে তাহা বে দেৱাপ, এমন কোন উপদান্ধি রাজপুরুষদিগের জিমিতে পারে না এবং পারাও সম্ভব নয়। রাজ্য-সংক্রান্ত-অধিকার-সংক্রাচ-व्यवहार्यः व्यामात्तव वित्वहनात्रः देश्त्वक्तश्वर्वात्रके त्कान व्यवहारी नन ।

ষষ্ঠ পরিচ্ছেদ

উপসংহার।

এই পুস্তকের উপদংহারে আমাদের আরও কিঞ্চিৎ বক্তব্য আছে। সেই বক্তব্য অতি প্রয়োজনীয় এবং ভাহা কোন বিশেষ সম্প্রদায়ের পক্ষে নয় বরং উভয় পক্ষেরই। প্রথমতঃ আমরা নিজ সম্প্রদায়েরই তংঘটিত কথা আলোচনা করিব। সত্য বটে, আমরা খদেশী শিল্প বাণিজ্যের পক্ষপাতী। কিন্তু ভাই বলিয়া আমাদের এরপ ইচ্ছা নয় বা আমরা িসেরূপ পরামর্শদাভা নহি যে, সেই উপলক্ষে ইংরেজ গভর্ণমেন্টের সহিত বিবাদ করিতে হইবে। অবশ্র যেরূপ কাল পড়িরাছে এবং আমরা পুর্বে তাহার যেরূপ আভাদ দিয়াছি, তাহাতে শিল্প-বাণিজ্যের উন্নতি হওয়া ভারতবাদীর পক্ষে অশেষ মঙ্গল-জনক। কিন্তু সাবধান, আমরা সেরপ ৰঙ্গল কামনায় অন্য কোন গুরুতর অয়ঙ্গল টানিয়া না আনি। যদি মুসলমানদিগের পক্ষে একাস্তই সেরপ কোন অনুষ্ঠান কর্তব্যের মধ্যে গণ্য হয়, তাহা হইলে তাহা এরপ করণীয় নয় যে, কোনরপ গোলঘোগ 'ঘটিতে পারে। বিশেষতঃ ভারত-গভর্ণমেণ্টের সহিত সম্ভাব রাখিয়াই ভাষা অমুঠেয়। যে কোনরপ গোলযোগ বা হজুকে কখন কোন কার্য্য हम् ना । তবে ফলের মধ্যে দশ জনের গঞ্জনা-ভাগী হওয়া মাতে। বিশে-वेठः छाहारेछ क्विंग अनर्थक मानहानि, সমন্ত্रের अপवात, অর্থের অব্ধা ব্যবহার। এরপ হজুকের পক্ষপাতী হওয়া দূরে থাকুক, আমরা তাহার मन्त्र्र्ण विकक्ष वामी।

সদাশর ইংরেজ-রাজ, এ দেশীর মুসলমানদিগের প্রতি যথেষ্ট অমুপ্রত প্রদর্শন করিয়া থাকেন। এ দেশীয় ইংরেজ বাজপুরুষ্ণাণ, অধঃ-পত্তিত মুদলমান সমাজের উন্নতি পক্ষে যত্ন চেষ্টার ক্রটি করেন না। ভবে কথা এই, মুদলমান সমাজে কালের চক্রে নিভান্ত কড়তা ও অবসালের খোর প্রাহর্ভাব। সে অবসাদ সহজে ঘুচিবার নয় এবং চৈতক্তের উদ্রেক হইতেও এখনও বহুকাল বিশন্ধ। তবে তাঁহারা যাহা করিয়াছেন ও করিয়া भारकन, जाहा सर्थष्टेहे विनार्क इटेरव । जाहारमब स्मृत्रभ रहेश थ यक ना থাকিলে, অবশ্রই অধঃপতিত মুদ্রমান দমান্তকে ত্রিত বেগে এত দিনে অবনতির চরমে পৌছিতে হইত। আমরা যাহাতে কোনরূপে সেই অনুগ্রহ इट्रेंट विकास ना इट्रे. त्रिनिट्य आमारतत जीक्षपष्टि त्राधिया ह्या निजास কর্ত্তব্য। একে আমরা সব হারাইরা পথের কালাল হইয়া পড়িয়াছি। ভাহাতে আবার যদি রাজপুরুষগণের কোপ দৃষ্টিতে পতিত হই. ভাছা ছইলে আমাদের আর হুর্গতির দীমা থাকিবে না। যে শিকা জাতীর উন্নতির একমাত্র কারণ, তৎপক্ষে মুসলমানদিগের জন্ম ইংরেজ গ্রন্থনিট সাধাপকে ষথেষ্টই করিয়াছেন এবং করিতেছেন। শিকা সম্বন্ধে দরিদ্র অধঃপতিত মুস্লমান সমাব্দের বস্তু সহানয় গভর্ণমেন্ট অনেক সহায়তা করিয়া থাকেন।

আমরা বিশ্বস্ত-স্ত্রে জানি, ইংরেজ জাতির উরতির মূল কারণ শির বাণিজ্যের প্রদার। তাঁহারা বর্তমান শতাক্ষীতে সভাজগতের নীর্ধ-স্থানীর। তাঁহাদের সহিত কি জ্ঞান-বিজ্ঞানালোকে, কি বিলাস সম্জিতে, আন্ত কোন জাতিই তুলনীর নয়। তাঁহারা যে উরতির প্রধান হেতু বাণিজ্যের বিক্লমে, কথনও দগুরমান হইবেন, আমাদের এরপ ধারণা আদৌ নাই। বরং তাঁহারা তাহার নিতান্তই পক্ষপাতী। তবে কথার মধ্যে কথা, তাঁহারা তৎপক্ষে কোন অশান্তি বা গোলঘোগের স্চনা দেখিলে অবশুই তাহার প্রতিরোধ চেষ্টায় উজোগী হইবেন, ইহা কথনই অক্সায় বা ক্সায়-বিগর্ভিত নয়। এমন কি, যে লর্ড কুর্জ্জন বঙ্গবাবচেছদ-কর্তা বলিয়া অনেকের নিকট অপরাধী হইয়াছেন, তিনিও ভারতের নানা স্থানে শিল্প প্রদর্শনী স্থাপন করিয়া তৎপক্ষে ভারতবাসীদিগকে যথেষ্ট উৎসাহিত করিয়াছেন।

আমরা পূর্বেই বলিরাছি, তন্ধ হুজুক কি বাগাড়স্বরে, কথনই কোন সিদ্ধিসাধন হয় না। যে কোন অফুণ্ঠানই হউক, তাহা অল বিস্তর সময়-সাপেক। কোন গুরুতর অফুণ্ঠানের ত কথাই নাই। ইংরেজীতে একটা সার-গর্ভ প্রবচন আছে,—"Rome was never built in a day."

অর্থাৎ মহানগরী রোম কথনও এক দিনে প্রতিষ্ঠিত হয় নাই। এক দিনে কাঁপিয়া উঠিবার সংকরও অস্তায় এবং উহা বিড়ম্বনারই হেতু। কেননা, তাহাতে কোন স্ফল না ফলিয়া বরং কুফলই উৎপাদন করে এবং শুরুতর অনিষ্টের মধ্যে অনিষ্ট এই হয় য়ে, অপরিণামদর্শিতার জন্ত অস্তাস্ত জগৎ-বাসীর নিকট লজ্জিত হইতে হয়। এতদধিক বিড়ম্বনা, এতদধিক গঞ্জনা আর কি হইতে পারে ? লোকের নিকট মুখ দেখান ভার হয় এবং অধোবদনে গা ঢাকা দিয়া লুকান ভিয়, লজ্জা নিবারণের অন্য কোন উপায় থাকে না!

হিন্দুদিগের মধ্যে ঘাঁহারা অপরিপক-বৃদ্ধি, বয়সে তরুণ, জ্ঞানে প্রবীণ, হিতাহিত বিবেচনায় নিতান্ত অপরিণামদলী, তাঁহারাই অগ্রপশ্চাৎ বিবেচনা না করিয়া শান্তিমন্ধী ভারত-ভূমিতে এক অভিনব অরাজকতা আনয়ন করিয়াছেন। এই সমস্ত লোকের মধ্যে অনেকেই বয়সে হাঝা, নিভান্ত ছেলেয়ালুষের দল। ভাহা না হইলে এরপ ঘটনা কথনই হইতে পারিত

না। এরপ করা তাঁহাদের পক্ষে নিজান্তই অন্তায় হইয়াছে। উদ্দেশ্তকে ধ্ব-নক্ষত্রের ন্যায় ঠিক রাখিয়া, কোনরপ ছজুকে 'হভোগজ' না করিয়া শনৈ: শনৈ: কর্ত্তব্যের পথে অগ্রসর হইতে পারিলে, আজ দেশে অশান্তি দেখা দিত না এবং ব্যাপার তিলে তাল হইয়া চরমে এতদ্র কখনই গড়াইতে পারিত না। এই শুভ দিনে আজ এই ভারত বক্ষে কোন পক্ষেরই কোন আশঙ্কার সন্তাবনা ছিল না। সব দিকই নির্গোলে চুকিয়া গিয়া, আজ অপূর্ব্ব বিভাষিকায় কাহারও এন্ত বিত্তত হইবার কোন কথা ছিল কি? না, সেরপ হইবার কোনই কথা ছিল না। কতকগুলি ছয়পোষ্য লোক 'বঙ্গব্যচ্ছেদ'কে তথা কথিত 'য়দেশী আলোলনে'র স্ত্রপাত করিয়া, দেশে আজি এই মহা অরাজকতার ছিলন আনয়ন করিয়াছেন। তাঁহাদিগকে আময়া নিলামন্দের ভাগী না করিয়া পারিলাম না।

এই কারণে ইংরেজ গভর্ণমেন্টকেও নিভান্ত নানাদিকে নানা বিল্রাটে পড়িতে হইরাছে। দেশে বর্ত্তমানে একটা মহা ছঃসময়ই বটে! কভক-ভানি অপরিণামদশীর হিভাহিত বিবেচনার অভাবেই, আজি এই ছার্দ্ধনে ভারতে খদেশী বিদেশী কাহারও মনে তিলার্দ্ধ পরিমাণও শান্তি নাই! ভদ্ধ যে ইংরেজদিগেরই আতঙ্ক, ভাহা নয়। এ আতঙ্ক হইতে এ দেশীর কাহারই বা অব্যাহতি কোথায়? ভাই বলি, মুসলমান সম্প্রদার শিল্প বাণিজ্যের কোন অফ্রভান করিতে হইলে, এরপ ক্প্রথায় ভাহা না করেন। বাস্তবিক যদি এই 'বদেশী-আন্দোলন', বলব্যবছেদের সমসায়নিক না হইয়া অন্যরূপ হইত, ভাহা হইলে আর সমপ্র দেশ-বাাপী এই অভিনক অশান্তির কোন্ কারণ থাকিত? আমাদের বিবেচনার, ভাহায় কোনই সম্ভাবনা ছিল না। নিভান্ত সেই একমাত্র কারণেই, রাজনৈতিক

নানা অনর্থপাতও সঙ্গে সঙ্গে ঘটিতে পারিয়াছে। আমাদের ন্যায় মূর্বের মতেও বঙ্গব্যবচ্ছেদের সঙ্তি সম্পর্ক রাথিয়া এই আন্দোলন করা নিতান্ত একটা মহা ভূপ হইয়াছে।

We must not here hesitate to say that the so-called 'Swadeshi Movement' has been carried on a wrong line. Surely it might be safe, if it had no connection with the Partition of Bengal. Since the 'Move-ment' has been some-how or other identified with it, the leaders or authors of the Move-ment must have committed a mistake,—a mistake, which is a gross one, and which admits of no remedy, for which it is too late.

It is surely the concern of the Rulers, who should know, what measure or measures, would suit best the administration of justice in the province. The high responsibility in this respect rests with them, and as it is a political convention or expediency, the Ruler must not interfere with it. The Hindus of this country should do well to remember that for this reason and this alone, their Mahammedan brethren have no practical sympathy, which they would otherwise have expected of them. Truly, the Move-ment is a highly beneficial epoch in the history of our country, and a step, out of which both the communities might have reaped immense profit.

ভাই বলি, একটা মহা ভূলই হইরাছে। অক্তপক্ষে আমরা জানি, ইংরেজ গভর্ণবেক্টের শাসনে কি উচ্চ, কি মহৎ, কি ক্ষুদ্র, কি ইতর, সর্ব্ব-প্রাণীর সম্বল লোকেই নিরাভক্ষে শান্তির ক্রোড়ে সাংসার্যাত্রা নির্ব্বাহ করিতে আছেন। এরপ স্থশান্তি ভোগ, ভারতীয় প্রকৃতিপুঞ্জের ভাগ্যে কোন যুগেই ঘটে নাই, তা কি মুসলমান রাজত্বে, কি হিন্দু যুগে, কোন কালেই নয়। তবে আর ইংরেজের প্রতি ভারতবাসীর বিরাগের কোন্ কারণ ?

Surely, the British rule in India is a blessing, the parallel of which has never fallen to the lot of Indian people either in ancient or in modern age. It is a blessing accessible to all classes of people, high or low, rich or poor, lords or peasant, gentry or laity. The mass of the people are in enjoyment of perfect peace and tranquility. Their rights, their possessions, their property are in entire security. Even the haughty sons of aristocracy would not dare dispute the rights of the rudest peasants. Justice is administered, equity is observed everywhere, without any distinction of caste, creed, and colour. The Western civilization, the fruits of which are equally reaped by all, is in wide diffusions in India, throughout its whole length and breadth. The strong hold it has taken in the minds of all people is not to be easily shaken off. On the other hand, education has made a rapid progress through all communities, and placed men on an equal footing. It has laid axe at the root of all distinction, either social or religious, spiritual or secular. The scientific inventions of the present age are daily adding to the comforts of life, which are equally shared by kings and peasants. Science in its present form is a thing peculiar to the Western World and is working miracles and wonders in every phase of life. In short, we have, under the British rule in India, a golden age, of which there is no record in the past annals of our country.

আমাদের শরণ হয়, এই পুস্তকের প্রথম পরিচ্ছেদে আমরা ইংরেজ ঐতিহাসিকগণের বিরুদ্ধে প্রসঙ্গক্রমে কিছু অপ্রীতিকর আলোচনা করিতে বাধ্য হইরাছি। সত্য বটে, তাঁহাদের মধ্যে কেহ কেহ মুসলমান রাজত্বের শেষ বুগের ইতিহাস অনেকটাই কলচ্চিত করিয়াছেন। আমরা তাহার সেরূপ প্রমাণও পাইয়াছি। কিন্তু তাই বলিয়া, ইংরেজ গভর্ণনেন্টের বিরুদ্ধে আমাদের এখনও তেমন কোন অভিযোগ অমুযোগের কারণ হয় নাই। ইংরেজ রাজপুরুষদিগের ব্যবহারের কথা, আমরা পূর্কেই আভাসে বলিয়াছি। ইংরেজ জাতির মুসলমানগণের প্রতি যদি কোন বিষেষভাব থাকে, তাহা সম্পূর্ণ ধর্মমূলাত্মক। তাহার সহিত অভ্য কোন সম্বন্ধ নাই। ইংরেজরা গ্রীষ্টান। গ্রীষ্টান ও মুসলমানদিগের মধ্যে ধর্মসন্ধ্যে অবশ্র অনৈক্য রহিয়াছে।

The Hindu readers should try to understand something more in this connection. It is this. If the English and the Mahammedans have any difference, this difference is quite of a religious character. Every one knows, the English are Christians. Their Christianity and our 'Islam' are two forms of religion, which are in spirit and essence the one and same thing. The spirit of two faiths is purely monotheistic. They have not in them the least drug of impure idolatory,—both of them strictly enjoining the worship of one true God. We can safely say that true 'Christianity' and 'Islam' are as twin brothers.

They have both their source in one Supreme Being on high. The votaries of two faiths equally claim for their respective creed, a divine origin. The Bible of the Christians and the Holy Koran of the Mahammedans are two Scriptures revealed through a holy sipiritual medium. So far there is no difference. But, there is difference in one material thing, which we believe in firm faith, to be due to the gross and utter misconceptions of the Christian Sect. The Christians have, in certain respects, whims and caprices, which are not to be over-ruled by any reasoning, proofs or argument, however strong and sweeping.

While the Mahammedans revere and declare Jesus, their Lord, as a true prophet, and make no doubt of his miraculous birth, the Christians, on the other hand, would not do equal justice to their prophet. As Mahammedans, our firm belief is, that Mahammad is the last prophet and the expounder of true Christianity. But the Christians, proof against all protests and exhortations, would not admit the founder of 'Islam' to such special honours on earth. They have a Mission, which is world wide, to proclaim Jesus as the true born son of the Almighty, which relation, we believe, Messiah never claimed for himself during his holy mission on earth. But strange it is, that Mahammed, who claim no such affinity with the Supreme Being, should not be admitted to the honour of a prophet by the Christians.

Whatever the differences may be, it has no political bearing on the administration of justice, which is con-

ducted on a line strictly constitutional. The constitutional policy of England is founded on a sound basis which has nothing to do with the difference of religion, caste, or any thing else. So far on this topic, the English government is a strict advocate of religious toleration, and the rulers never interfere with the religion of any sect or community under their control.

It is true, India has been, for the last few years, a scene of unprecedented trouble and horror. The political horizon of India is rather gloomy and over-cast with the clouds of disturbance. But, we hope, tranquility and order will be restored again in no time. Perfect peace will reign again in its bosom, and anarchy will no more vex the interior.

বিশেষতঃ ভারতার মুসলমানদিগের একটা বিশেষ বিবেচনার বিষয় আছে। সে বিষয়, তাহাদের পূর্ব অবস্থা ও বর্ত্তমান অবস্থা। মুসলমান জাতি সর্ব্বত্তই পূর্ব্বাপেকা নিতান্ত হীনাবস্থায় পতিত হইয়াছে। তাহাদের সে পূর্ব গোরব, পূর্ব সমৃদ্ধি কিছুই আর নাই। এককালে মুসলমান জাতির স্থায় উন্নতি-শীল-জাতি, জগতে দ্বিতীয় ছিল না। মুসলমান-দিগের কি না ছিল ? এই ভারতবর্ষেও তাহাদিগের কিছুর কমী ছিল না। এককালে এদেশে তাহাদের দোর্দিগু প্রতাপ ছিল, তথন সমগ্র ভারতবর্ষ তাহাদের একছুত্রাধীন। তাহাদের রাজ্য ছিল, ঐশ্বর্যা ছিল, স্থ ছিল, সমৃদ্ধি ছিল, বিলাসিতার চরম ছিল। মোটের উপর, পৃথিবীতে মান্থ্যে যাহা কিছু আকাজ্যা করে, তাহার কোন কিছুরই অভাব ছিল না। সেই স্থথের দিন, সেই সোভাগোর যুগ, এথন আর নাই; তাহা

হইয়া বহিয়া শেষ হইয়া গিয়াছে। এমন কি, সেই পূর্ব-গোরব-সমৃদ্ধির
স্মৃতি পর্যান্ত বিলুপ্ত হইবার উপক্রম। পৃথিবীর মধ্যে প্রাচীন, জগংবিথাত, দে 'অটোম্যান' রাজ্যের আর দে প্রভাব নাই। ভারতের
মোগল-সাম্রাজ্য, যাহা তথনকার বুগে পৃথিবীর মধ্যে অতি বিস্তৃত, অতি
সমৃদ্ধ, অতি অপূর্ব্ব বিলয়া পরিচিত ছিল, কালের চক্রে দে মোগল
সাম্রাজ্যও নি:শেষে ধ্বংসপ্রাপ্ত হইয়াছে। আর কিছু দিন পরে সে
রাজ্যের নাম পর্যান্তও থাকিবে না। কিন্তু এই জাতীয় অবনতির কারণ
কি ? সে কারণ অন্ত কিছু নয়, অদৃষ্টলিপি। আমরা মুসলমান জাতি।
আমরা ঘোর অদৃষ্টবাদা। আমাদের বিশ্বাদ, পরমেশ্বর, যিনি মঙ্গলময়,
যিনি সর্ব্বনিয়ন্তা, যিনি ইচ্ছাময়, তাঁহার ইক্ষিত ভিন্ন জগতের কোন
ব্যাপারই হয় না। সেই লীলাময়ের ইচ্ছা বাতীত, বুক্লের পত্রচী পড়ে
না, শাথাটী নড়ে না, অন্ধকারে শস্তের কণিকা-অন্ধুরিত হয় না.
বাযুর মন্দমন্দ শ্বাস বয় না; এমন কি, মন্থব্যের চক্ষের পলক পর্যাস্ত
তাঁহারই ইচ্ছাধীন।

মান্থবের নিজের কোনই ক্ষমতা নাই। মান্থব অদৃষ্টের দাস, নির্নতির ক্রীড়া-পুত্তনি, হর্মল ক্ষমতাহীন জীব। তাহার আবার কর্ত্ত্ব কি ? তাই আমরা বলি, মুসলমান জাতি যে এ দেশীয় রাজ্য-ঐশ্বর্য-হারা হইয়া আজি পণ্ণের কালাল হইয়াছে, তাহা সেই সর্মনিয়ন্তারই ইঙ্গিতঘটিত। তাহার অন্য কোন কারণ নাই। স্মৃতরাং যথন অদৃষ্ট টলিয়াছে, কপাল ভাঙ্গিয়াছে, স্থখের বাতাস বিপরীত বহিয়াছে, তথন আর অকারণ বিবাদ বিসম্বাদ করিয়া সর্মানান্ত হওয়া কেন ? সর্মান্ত হইতে একে কিছু বাকী নাই। তাহাতে আবার আরও অবনতির দিকে অগ্রসর হইবার হেতৃ কি ? মুসলমান জাতির ঘরে পরে কাহারও সহিত গোলধােগ করিবার

সময় নাই। রাজার সহিত বিবাদ করা ধর্মবিরুদ্ধ। প্রতিবেশীর সহিত অসম্ভাব বিষয়েও ধর্ম্মে কোনই বিধান নাই। আমরা হিন্দু কি ইংরেজ সকলের সহিতই সন্তাব ভিন্ন অসন্তাব করিব না। ইহাই মধ্যপথ, এবং এই পথই নিরাভক্ষ, বিপদ-শূন্য। এপথে হাটিলে কিছুতেই মঙ্গল ভিন্ন অষক্ষলের কোন আশঙ্কা নাই। যদি আমাদের কথার কিঞ্চিৎও সার थाक. তবে মুসনমানমাত্রই আমাদের প্রস্তাবিত মধ্যপথের পথিক इहेरवन। दमिश्रतन, ऋरथ श्रष्ट्रान, विना शानरवार्श, नव मिक् वकांक्र থাকিয়া, সাংসারিক জীবন অতি শান্তিময় হইয়া উঠিবে ৷ তঃখ, দারিদ্রা, বিপদ, আপদ, কিছুই সংগারের ত্রিসীমানার পদার্পণ করিতে পারিবে না। দকলের দহিত ঐক্যভাব যেমন স্থাখের, পৃথিবীতে তেমন স্থাখের আর কিছুই নাই। এই জীবন অতি নশ্ব,—এই আছে, এই নাই। ইহার জন্য কেন অকারণ মারামারি কাটাকাটি ? পরিপাটী বিধিমতে শান্তিতে বাস করাই সর্বাপা বাঞ্চনীয়। বিবাদ-প্রিয়তা, অতি সাংঘাতিক পদার্থ ইহাতে সংসাবে স্থের আশা আদৌ নাই। দ্বেষ, হিংসা, অস্যা, মাৎস্যা অতি ৰুঘন্য মানব-প্রকৃতি। কুবুত্তির অধীন হওয়া মামুষ নামের যোগ্য-জীবের কথনই উচিত নয়, হিলুর সহিত বিবাদ করা মুসলমানদিগের কর্ত্তব্য নয় এবং হিন্দুগণও তাহাদের সহিত, ন্যায় ও ধর্মের অমুরোধে, বিবাদে প্রবৃত্ত হইতে পারেন না। উভয় সম্প্রদায়ই উভয়ের প্রতিবেশী। এ সম্বন্ধে প্রদক্ষক্রমে পূর্ব্বে আমরা অনেক কথাই আলোচনা করিয়াছি। তাহার পুনরালোচোনার এখানে কোনই আবশ্বকতা নাই।

হিন্দু সম্প্রদায়ের প্রতি বিশেষভাবে আমাদের কিছু নিবেদন করিবার আছে। আমরা হিন্দুগণের আচাব ব্যবহারে 'স্পর্শ-দোষ' ঘটিত বিষয়ই অতি সাংঘাতিক, মারাত্মক বলিয়া বিবেচনা করি। এ কথার অনেক হিন্দুই আমাদিগকে লক্ষ্য করিয়া উপহাস করিতে পারেন। সেই উপহাদের প্রতি আমরা ক্রক্ষেপ না করিয়া. দে সম্বন্ধে আমাদের অভি-মতের বিষয় এখানে কিঞ্চিৎ আলোচনা করিতে হচ্ছা রাখি। হি.র 'ম্পর্ণদোষে' যে কতদূর মারাত্মক কুফল ফালখাছে ও ফলিতেছে, তাহা অনেকেই হয়ত ভাবিয়া দেখিতে অবদর পান নাই। ইয়া যে एफ আমাদের ব্যক্তিগত মত, এমন কেহ মনে কারবেন না। আমাদের মুদলমান সম্প্রদারের মধ্যেও গাঁধারা নিভাস্ত বিজ্ঞ এবং বছদশী, তাহারাও বলিয়াথাকেন, হিন্দুর সহিত ।মগনের আশা বিড়ধনা। কেন সেরুপ বলিয়া থাকেন, ওাহার অবশু একটা হেতুবাদ না স্বাছে কি ? স্বশু প্রত্যেক কার্য্যের কারণ আছে। কারণ অভাবে কায্যোৎপত্তি হয় না। তবে কল্পনা রাজ্যের কাবা এয় 'বিভাবনা'র গহিত প্রস্কৃত স্থুল জগতের সুত্তম কিছুই নাই। তাহা থাকিলে, করেণ অভারেও কায্য কল্পনা করা ছঃসাধ্য হইত না। সেই কারণ হিন্দ্র "ম্পর্ণদোষ'। এই "ম্পর্ণ দোষ" ৰস্তুটি কি, আমরা বহু চেষ্টায়ও তাহার প্রকৃত্তত্ব অমুদ্দান করিতে পারিলাম না। প্রত্যেক স্মোজক, বৈধারক, রাজনৈতিক, আধ্যান্মিক বিধি বিধানের কোনও না কোন যুক্তিবাদ আছে। যুক্তি ভিন্ন কাৰ্য্য, কুদংস্কার মাত্র। কিন্তু এই 'স্পর্শদোধে'র তেমন কোন থুক্তি বা ভিত্তি আছে কিনা, তাহা আমাণের বুদ্ধি শক্তির অতাত বিষয় বালয়াই বোধ হয়। কেননা, আমরা বহিরঞ্চে তাহার বেরূপ প্রভাব দেখিতে পাই, স্থুল দৃষ্টিতে তাহার কোন যুক্তির সন্ধান করিয়া উঠিতে পারি না। তবে যুক্তির মধ্যে যুক্তি, মুদলমানের প্রতি বিজাতীয় বিদেষ। অথবা তাঁহারা কি মুদলমান-দিগকে কদাচার, কুনীতিপরায়ণ, 'যথন' 'ল্লেচ্ছ' বলিয়াই মনে .করেন ঈ তাঁহাদেব সে ধারণা যে নিভান্ত অমৃলক, নিভান্তই কুসংস্থার মাত্র, এ সহস্কে আমরা পূর্ব্বে গণাগপ আলোচনা করিমছি। আমরা দেখিতে পাই. একই নদীতে একই পৃছরিণীতে, একই জলাশয়ে ব্রাহ্মণ, শূদ্র, মৃচি, বাগদী, তিলী, তাম্ণী, ছুঁতার, কামার, কুমার প্রভৃতি হিন্দুর ছত্রিশ জাতি ও সেই সঙ্গে মুসলমানের। স্নান করিয়া থাকে, সেই সমস্ত:জলাশয়ের জল, কি হিন্দু, কি মুসলমান, সকলেই পানীয়রমণে ব্যবহার করিয়া থাকেন। জলাশয়ের জল, কোন অবস্থাতেই সম্পূর্ণ পবিত্র, নিভান্ত বিশুদ্ধ, দোষ-বর্জ্জিত হইতে পারে না, তাহাতে নানা অপবিত্রতা অল্লাধিক মিশ্রিত থাকিবেই থাকিবে। কিন্তু তাহাতে হিন্দুর বিধিমতে সে জলের তেমন দোষ ব্যাখ্যা নাই। কিন্তু সেই জল যথন সন্ধাণ-কল্মী কিন্তা অন্ত জল পাত্রে স্থান পার, তথনই অন্ত জাতির সংস্পর্শে তাহার নানা দোষ ব্যাখ্যা হইতে থাকে। এ কিরূপ ব্যবস্থা? এ ব্যবস্থার যুক্তি কি ?

হিল্ব কোন জল-পূর্ণ-কলসী মুসগমানের অপবিত্র গাত্র স্পর্শে কল্বিত হইলে, সেই পাত্রের পর্যন্ত বাটীর আন্তাকুঁড়ে কি অস্ত গর্ত্তে সমাধি-প্রাপ্তির ব্যবস্থা পর্যান্ত হয় না কি ? এ বিসর্জন কেন ? শুদ্ধ স্পর্শ-দোষে কোন পদার্থ এমন কলঙ্ক-দ্বিত, অপবিত্র, অব্যবহার্য্য হইতে পারে, ইহা মুসলমান ও খ্রীষ্টানদিগের নিকট অতি আশ্চর্য্য ব্যাপারই বটে!! আমাদের সামাস্ত ঘটে এতটুকু বৃদ্ধি নাই যে, আমরা আপনা হইতে তাহার সঙ্গতি-বিশিষ্ট কোন যুক্তির সন্ধান করিয়া উঠিতে পারি । অথচ আমরা দেখি, হিন্দুগণ মুসলমানের বিক্রীত গোহ্য অকাতরে ব্যবহার করিয়া থাকেন। অনেক স্থানের ইতর মুসলমানেরা, অধিক লাভের আশায়, সিকি কি অর্দ্ধ, কি তদ্ধি বন্দোবন্তে হুগ্মে জল মিশ্রিত করিয়া থাকে। কিন্তু হুগ্মের সন্থিত মিশ্রণে জলের নিজ্ঞণ স্বভাব কি পরিবর্ত্তিত হইয়' থাকে ? না,

श्रुप्तनी जारमालत छूटे कारि।

